ঢ়াইশত শেকেল ও সুগন্ধি বচ আড়াইশত শে
কেল [২৪] ও সূক্ষ্ম দারুচিনি পাঁচশত শেকেল
এবং জিতৈল এক হিন্। [২৫] তাহাতে তুমি
মর্দ্দনার্থক পবিত্র তৈল করিবা অর্থাৎ বৈদ্যক্রি
য়াতে কৃত তৈল তাহা অভিষেকার্থক পবিত্র
তৈল হইবে। [২৬] এবং তাহাতে তুমি মণ্ডলীর
আবাস ও সাক্ষ্যের সিন্দুক অভিষেক করিবা।
[২৭] এবং মেজ ও তাহার সকল পাত্র ও দীপ
গাছা ও তাহার সকল পাত্র [২৮] ও ধূপবেদি
এবং যজ্ঞবেদি ও তাহার সকল পাত্র ও প্রক্ষা
লনপাত্র ও তাহার পায়া অভিষেক করিবা [২৯]
এবং তাহা পবিত্র করিবা যে সে সকল অতিপ
বিত্র হয় যে কোন বস্তু তাহা স্পর্শ করে তাহাই
পবিত্র হইবে। [৩০] এবং তুমি আহরোণকে ও
তাহার পুত্রেরদিগকে অভিষেক করিয়া পবিত্র
করিবা যে তাহারা আমার কাছে যাজনকার্য্য
করে। [৩১] এবং তুমি য়িশ্রাএলের সন্তানের
দিগকে কহিবা যে তোমারদের পুরুষানুক্রমে আ
মার নিমিত্তে তাহা অভিষেকার্থক পবিত্র তৈল
হইবে। [৩২] মনুষ্যের শরীরের উপরে তাহা
ঢালা যাইবে না ও তত্তুল্য তন্নির্ম্মাণ ব্যবস্থানুসা
রে করিবা না তাহাই পবিত্র এবং তোমারদের
প্রতি তাহা পবিত্র হইবে। [৩৩] যে কেহ তাহার
মত করে ও যে কেহ তাহাহইতে কিছু লইয়া বি
দেশির উপরে দেয় সে আপন লোকেরদিগহই
তে উচ্ছিন্ন হইবে।

[৩৪] অপর য়িহুহ মোশহকে কহিলেন তুমি
আপন নিকটে সুগন্ধি মসলা লইবা গুগ্গুলু ও
নখী ও লবান ও নির্ম্মল কুন্দুরু এই প্রত্যেক মসলা
সমান তৌল লইবা। [৩৫] এবং তদ্দ্বারা বৈদ্য
কর্ম্মেতে কৃত ও মিশ্রিত এক নির্ম্মল পবিত্র সুগন্ধি
করিবা। [৩৬] তাহার কিঞ্চিৎ অতিচূর্ণ করিয়া
যেস্থানে আমি তোমার সহিত মিলিব সেস্থানে
মণ্ডলীর আবাসেতে সাক্ষ্যের সম্মুখে তাহার কি
ঞ্চিৎ রাখিবা তাহাই তোমারদের প্রতি অতিপবি
ত্র হইবে। [৩৭] এবং যে সুগন্ধি তুমি করিবা ত
ন্নির্ম্মাণব্যবস্থানুসারে আপনারদের কারণ করি
বা না তাহা য়িহুহের নিমিত্তে তোমারদের প্রতি
পবিত্র হইবে। [৩৮] যে মনুষ্য আপন ঘ্রাণের
কারণ তাহার মত নির্ম্মাণ করে সে আপন লো
কেরদিগহইতে উচ্ছিন্ন হইবে।

৩১ পর্ব্ব।

[১] অনন্তর এ কথা কহিয়া য়িহুহ মোশহকে
কহিলেন [২] দেখ আমি খূরের পুত্র উরির পুত্র
অথচ য়িহুদাহ্বংশেতে জাত বিসলিএলকে
নাম ধরিয়া ডাকিয়াছি [৩] এবং জ্ঞানেতে ও বু
দ্ধিতে ও বিদ্যাতে [৪] এবং সকল প্রকার শিল্প
কর্ম্মকল্পনা করিতে ও স্বর্ণেতে ও রূপ্যেতে ও
পিত্তলেতে কারিগরি করিতে [৫] এবং খচনা
র্থক মণি কাটিতে এবং কাষ্ঠখোদকারী কার্য্যেতে
সকল শিল্পকর্ম্মকরণের কারণ আমি তাহাকে ঈ
শ্বরাত্মাতে পরিপূর্ণ করিয়াছি। [৬] এবং আমি
দেখ আমিই তাহার সহিত দানবংশেতে জাত
আখীসামাকের পুত্র আহোলিআবকে দিয়াছি
ও সকল জ্ঞানি লোকেরদের হৃদয়ে আমি জ্ঞান
দিয়াছি যে আমি যাহা তোমাকে আজ্ঞা করিয়া
ছি সে সকল তাহারা নির্ম্মাণ করে। [৭] বিশে
ষতঃ মণ্ডলীর আবাস ও সাক্ষ্যরূপ সিন্দুক ও তা
হার উপরিস্থিত আবরণ ও আবাসের সমস্ত
পাত্র [৮] ও মেজ ও তাহার সকল পাত্র ও প
বিত্র দীপগাছা ও তাহার সকল পাত্র ও ধূপবে
দি [৯] এবং যজ্ঞবেদি ও তাহার সকল পাত্র
এবং প্রক্ষালনপাত্র ও তাহার পায়া। [১০]
এবং সেবনার্থ বস্ত্র ও যাজনকার্য্যে সেবা করি
বার কারণ আহরোণ যাজকের পবিত্র বস্ত্র ও তা
হার পুত্রেরদের বস্ত্র [১১] এবং অভিষেকার্থক
তৈল ও পবিত্র স্থান নিমিত্তে সুগন্ধি যে সকল আ
মি তোমাকে আজ্ঞা করিয়াছি তাহারা তদনুসা
রে করিবে।

[১২] অপর য়িহুহ মোশহকে কহিলেন।
[১৩] তুমি য়িশ্রাএলের সন্তানেরদিগকে কহ
যে তোমরা আমার শাবত অবশ্য পালন করি
বা কেননা আমিই তোমারদের পবিত্রকারক য়ি
হুহ ইহা জানিবার কারণ তাহা তোমারদের
পুরুষানুক্রমে আমার ও তোমারদের মধ্যে এক
চিহ্ন হইবে। [১৪] অতএব তোমরা শাবতপা
লন করিবা যেহেতুক তাহাই তোমারদের প্রতি
পবিত্র যে প্রত্যেক জন তাহা অপবিত্র করে সে
নিতান্ত মারা যাবে কেননা যে কোন প্রাণী সে দি
নে কর্ম্ম করে সে আপন লোকেরদের মধ্যহই
তে উচ্ছিন্ন হইবে। [১৫] ছয় দিন কর্ম্ম করিতে
পার কিন্তু সপ্তম দিন য়িহুহের উদ্দেশে বিশ্রামা
র্থক পবিত্র শাবত শাবতদিনে কর্ম্মকারি জন নি
তান্ত মারা যাবে। [১৬] য়িশ্রাএলের সন্তানে
রা তাহারদের পুরুষানুক্রমে নিত্য নিয়মের নি
মিত্তে শাবতপালনার্থে বিশ্রাম করিবে। [১৭]
তাহাও য়িশ্রাএলের সন্তানেরদের মধ্যে এক
নিত্য চিহ্ন হইবে কেননা য়িহুহ ছয় দিনে স্বর্গের
ও পৃথিবীর সৃষ্টি করিলেন ও সপ্তম দিনেতে বি
শ্রাম করিয়া আপ্যায়িত হইলেন।

[১৮] অপর সীনাঈ পর্ব্বতে তিনি তাহার স
হিত কথোপকথন সাঙ্গ করিয়া সাক্ষ্যের দুই
তক্তা অর্থাৎ ঈশ্বরের অঙ্গুলিতে লিখিত পাথ
রের দুই তক্তা মোশহকে দিলেন।

## ৩২ পর্ব্ব।

[১] অপর যখন লোকেরা দেখিল যে মোশহ্
পর্ব্বতহইতে নামিতে বিলম্ব করিল তখন লোকে
রা আহরোণের নিকটে একত্র হইল ও তাহাকে
কহিল উঠ ও যাহারা আমারদের অগ্রে২ যাইবে
এমন দেবতারদিগকে আমারদের কারণ নির্ম্মাণ
কর কেননা এ যে মানুষ মোশহ্ আমারদিগকে
মিসরদেশহইতে বাহির করিয়া আনিয়াছে আ
মরা জানি না যে তাহার কি ঘটিয়াছে। [২] তা
হাতে আহরোণ তাহারদিগকে কহিল তোমার
দের ভার্য্যারদের ও তোমারদের পুত্রেরদের ও
তোমারদের কন্যারদের কর্ণের সুবর্ণকুণ্ডল ভাঙ্গি
য়া লইয়া আমার নিকটে আন। [৩] পরে সকল
লোকেরা কর্ণস্থ স্বর্ণ কুণ্ডল ভাঙ্গিয়া আহরোণের
নিকটে আনিল। [৪] তাহাতে সে তাহারদের
হাতহইতে তাহা লইল ও তাহাতে এক ছাঁচুয়া
বাছুর নির্ম্মাণ করিলে পর খোদকারী কার্য্যাস্ত্রে
তে তাহা খুদিয়া সাবয়ব করিল পরে তাহারা
কহিল হে য়িশ্রাএল তোমার যে দেবতারা মি
সরদেশহইতে তোমাকে বাহির করিয়া আনিয়া
ছে তাহারা এই। [৫] অপর আহরোণ তাহা
দেখিয়া তাহার সম্মুখে এক বেদি নির্ম্মাণ করিল
পরে আহরোণ ঘোষণা করিয়া কহিল কল্য য়ি
হুহের উদ্দেশে উৎসব হইবে। [৬] তাহাতে
তাহারা পরদিনে উদ্যোগ করিল ও হোমীয় দ্রব্য
হোমরূপে নিবেদন করিল ও স্বস্ত্যয়নদ্রব্য আ
নিল এবং লোকেরা ভোজন পান করিতে বসিল
পরে খেলিতে উঠিল।

[৭] অপর য়িহুহ মোশহকে কহিলেন নামি
য়া যাও কেননা তোমার যে লোকেরদিগকে তুমি
মিসরহইতে আনিয়াছ তাহারা অপরাধ করিয়া
ছে। [৮] আমি যে পথ তাহারদিগকে আজ্ঞা
করিলাম তাহাহইতে তাহারা শীঘ্র বহির্ভূত হই
য়াছে তাহারা আপনারদের কারণ ছাঁচুয়া এক
বাছুর করিয়াছে ও তাহার পূজা করিয়াছে ও
তাহার নিকটে বলিদান করিয়া কহিয়াছে যে হে
য়িশ্রাএল তোমার যে দেবেরা তোমাকে মিসর
দেশহইতে বাহির করিয়া আনিয়াছে তাহারা
এই। [৯] এবং য়িহুহ মোশহকে কহিলেন এ
লোকেরদিগকে আমি দেখিয়াছি এবং দেখ এ
লোক ঠেঁটা লোক [১০] অতএব এখন আমাকে
ক্ষমা কর যে তাহারদের প্রতিকূলে আমার
ক্রোধ প্রজ্বলিত হয় ও আমি তাহারদিগকে সং
হার করি পরে তোমাকে বড় জাতি করিব। [১১]
তাহাতে মোশহ্ আপন ঈশ্বর য়িহুহের নিকটে
মিনতি করিয়া কহিল হে য়িহুহ তোমার যে লো
কেরদিগকে তুমি মহাবলেতে ও পরাক্রমি হস্তে
তে মিসরদেশহ্ইতে বাহির করিয়াছ তাহারদের
প্রতিকূলে তোমার ক্রোধ কেন প্রজ্বলিত হয়
[১২] মিসরীয়েরা কেন এ কথা বলিবে যে অশু
ভের নিমিত্তে পর্ব্বতেতে তাহারদিগকে মারিয়া
ফেলিতে ও পৃথিবীর মুখহইতে তাহারদিগকে
সংহার করিতে তিনি তাহারদিগকে বাহির করি
য়া আনিয়াছেন আপন প্রচণ্ড ক্রোধহইতে ফির
ও আপন লোকেরদের প্রতিকূলে এ দুর্গতির বি
ষয়ে পরামনন কর [১৩] আপন দাস অবরা
হামের ও য়িস্খাকের ও য়িশ্রাএলের বিষয়ে
তুমি আপনার নাম লইয়া যে দিব্য করিয়াছ ও
তাহারদিগকে কহিয়াছ যে আমি তোমারদের
বংশ আকাশের তারার মত বাড়াইব ও এ যে
সকল দেশের বিষয়ে কহিয়াছি যে তাহা তো
মার বংশকে দিব ও তাহারা সর্ব্বদা তাহা অধি
কার করিবে এমন আপন দাসেরদিগকে স্মরণ
কর [১৪] তাহাতে য়িহুহ আপন লোকেরদের
প্রতি যাহা করিতে মনে করিয়াছিলেন সে দুর্গ
তিবিষয়ে পরামনন করিলেন।

[১৫] অপর মোশহ্ ফিরিয়া পর্ব্বতহইতে না
মিল ও সাক্ষ্যের দুই তক্তা তাহার হাতে ছিল সে
তক্তা দুই পৃষ্ঠেতে লিখিত এপৃষ্ঠে এবং ওপৃষ্ঠে
লিখিত ছিল। [১৬] এবং সে দুই তক্তা ঈশ্বর
কৃত এবং সে তক্তার উপরে লিখিত লিখন ঈশ্ব
রের লিখন। [১৭] পরে যখন য়িহোশুআ লো
কেরদের ধ্বনি শুনিল তখন সে মোশহকে কহিল
ছাউনিতে যুদ্ধের শব্দ হইতেছে [১৮] তাহাতে
সে কহিল জয়প্রযুক্ত ধ্বনি নয় ও পরাজয়প্রযুক্ত
রোদন নয় কিন্তু গানের শব্দ আমি শুনিতেছি।

[১৯] পরে এমত হইল যখন সে ছাউনির নি
কটে উপস্থিত হইল তখন বাছুর ও নৃত্য দেখিল
তাহাতে মোশহের ক্রোধ অতিশয় প্রজ্বলিত হ
ইল এবং সে আপন হস্তহইতে সে তক্তা ফেলি
য়া দিয়া পর্ব্বতের নীচে তাহা ভাঙ্গিল। [২০]
পরে তাহারা যে বাছুর নির্ম্মাণ করিয়াছিল তা
হা সে লইয়া অগ্নিতে পোড়াইল এবং তাহা
ধূলিরূপ পিষিল এবং জলের উপরে ছড়াইয়া
য়িশ্রাএলের সন্তানেরদিগকে তাহা পান করা
ইল।

[২১] পরে মোশহ্ আহরোণকে কহিল এ
লোকেরা তোমার প্রতি কি করিল যে তুমি ইহার
দের উপরে এত মহাপাপ আনাইলা। [২২]
তাহাতে আহরোণ কহিল আমার প্রভুর ক্রোধ
প্রজ্বলিত না হউক তুমি জ্ঞাত আছ যে এ লো
কেরা দুষ্টতাপরায়ণ। [২৩] যেহেতুক তাহারা
আমাকে কহিল আমারদের অগ্রে২ গমনার্থে
দেবেরদিগকে আমারদের কারণ নির্ম্মাণ কর কে

ননা এ যে মনুষ্য মোশহ্ আমারদিগকে মিসর
দেশহইতে বাহির করিয়া আনিয়াছে আমরা জা
নি না যে তাহার কি ঘটিয়াছে। [২৪] তাহাতে
আমি তাহারদিগকে কহিলাম যাহার২ কিছু স্বর্ণ
থাকে সে তাহা ভাঙ্গুক অতএব তাহারা তাহা
আমাকে দিল তখন আমি তাহা লইয়া অগ্নিতে
ফেলিয়া দিলাম তাহাতে এ বাছুর নির্গত হইল।
[২৫] অপর যখন মোশহ্ দেখিল যে লোকে
রা নগ্ন হইল কেননা আহরোণ তাহারদের অপ
মানের জন্যে তাহারদের শত্রুরদের মধ্যে তাহার
দিগকে নগ্ন করিয়াছিল [২৬] তখন মোশহ্ ছা
উনির দ্বারে দাঁড়াইয়া কহিল য়িহুহের পক্ষে
কে সে আমার নিকটে আইসুক তাহাতে লে
বির সন্তানসকলে তাহার নিকটে একত্র হইল।
[২৭] পরে সে তাহারদিগকে কহিল য়িশ্রাএ
লের ঈশ্বর য়িহুহ এ কথা কহেন তোমরা প্রত্যেক
লোক আপন২ উরুতে আপন২ তলোয়ার বাঁধ
এবং ছাউনির সর্ব্বত্র দ্বারে২ বাহিরে ভিতরে
গতায়াত কর ও প্রতিজন আপন২ ভ্রাতাকে ও
প্রতিজন আপন২ মিত্রকে ও প্রতিজন আপন২
প্রতিবাসিকে মারিয়া ফেল। [২৮] তাহাতে লে
বির সন্তানেরা মোশহের কথানুসারে করিল
এবং সে দিনে লোকেরদের ন্যূনাধিক তিন হা
জার মানুষ পড়িল। [২৯] কেননা মোশহ্ কহি
য়াছিল তোমরা আজি প্রতিজন আপন২ পু
ত্রের উপরে ও আপন২ ভ্রাতার উপরে য়িহুহের
প্রতি আপনারদিগকে পবিত্র কর যে তিনি আজি
তোমারদিগকে আশীর্ব্বাদ দেন।
[৩০] পর দিনে এমত হইল মোশহ্ লোকে
রদিগকে কহিল যে তোমরা মহাপাপ করিয়াছ
এখন আমি য়িহুহের নিকটে যাই হইতে পারে
যে আমি তোমারদের পাপের প্রায়শ্চিত্ত করি।
[৩১] পরে মোশহ্ য়িহুহের নিকটে ফিরিয়া
যাইয়া নিবেদন করিল যে হায় এ লোকেরা মহা
পাপ করিয়াছে ও আপনারদের কারণ স্বর্ণের
দেবতা নির্ম্মাণ করিয়াছে। [৩২] এখন যদি তো
মার ইচ্ছা হয় তবে তাহারদের পাপ ক্ষমা কর
কিন্তু যদি না কর তবে আমি বিনতি করি তুমি যে
পুস্তকে লিখিয়াছ তাহাহইতে আমার নাম কা
টিয়া ফেল। [৩৩] তাহাতে য়িহুহ মোশহ্কে
কহিলেন যে জন আমার প্রতিকূলে পাপ করিয়া
ছে তাহাকে আমি আপন পুস্তকহইতে উচ্ছিন্ন
করিব। [৩৪] অতএব এখন যাও যে স্থানবিষয়ে
আমি তোমাকে কহিয়াছিলাম সেস্থানে লো
কেরদিগকে লইয়া যাও দেখ আমার দূত তো
মার অগ্রে২ যাইবে কিন্তু আমি যে দিনে দণ্ড
করি সে দিনে তাহারদের উপর তাহারদের পা
পের প্রতিফলই দিব। [৩৫] এবং য়িহুহ লো
কেরদের ব্যাঘাত জন্মাইলেন কেননা তাহারা আ
হরোণেতে নির্ম্মিত বাছুরকে নির্ম্মাণ করাইল।

## ৩৩ পর্ব্ব।

[১] অনন্তর য়িহুহ মোশহ্কে কহিলেন প্র
স্থান কর যে দেশের বিষয়ে আমি অবরাহামের
ও য়িস্খাকের ও য়অ্যাকুবের প্রতি দিব্য করিয়া
ছি যে আমি তোমার বংশকে সে দেশ দিব যে
লোকেরদিগকে তুমি মিসরদেশহইতে আনিয়াছ
তাহারদের সহিত এখানহইতে সে দেশে অর্থাৎ
দুগ্ধমধুপ্রবাহি এক দেশেতে যাও। [২] এবং
আমি তোমার অগ্রে এক দূত প্রেরণ করিয়া কন
অানীয়েরদিগকে ও আমোরীয়েরদিগকে ও পি
রিজীয়েরদিগকে ও খিত্তীয়েরদিগকে ও খিবী
য়েরদিগকে ও য়িবূসীয়েরদিগকে দূর করিব [৩]
কেননা আমি তোমার মধ্যে গমন করিব না যে
হেতুক তুমি ঠেঁটা লোক পাছে তোমাকে পথে
সংহার করি।
[৪] অপর যখন লোকেরা এই দুর্বাক্য শুনিল
তখন তাহারা বিলাপ করিল তাহাতে কেহ আ
পন শরীরে অলঙ্কার পরিধান করিল না। [৫]
যেহেতুক য়িহুহ মোশহ্কে কহিয়াছিলেন যে য়ি
শ্রাএলের সন্তানেরদিগকে কহ যে তোমরা
ঠেঁটা লোক আমি এক নিমিষে তোমার মধ্যে
উপস্থিত হইয়া তোমাকে সংহার করিব অতএব
তুমি এখন আপন শরীরহইতে আপন অল
ঙ্কার ত্যাগ কর যে তোমার প্রতি যাহা কর্ত্তব্য
তাহা আমি জানি।
[৬] অপর য়িশ্রাএলের সন্তানেরা খোর
পর্ব্বতের নিকটে আপনারদের অলঙ্কার ত্যাগ
করিল।
[৭] এবং মোশহ্ আবাস লইয়া ছাউনির
বাহিরে ছাউনিহইতে অতিদূর স্থানে খাড়া করি
ল ও তাহার নাম মণ্ডল্যাবাস রাখিল তাহাতে
এমত হইল য়িহুহান্বেষক প্রত্যেক জন ছাউনির
বাহিরে মণ্ডল্যাবাসের নিকটে গেল। [৮] পরে
এমত হইল যখন মোশহ্ বাহির হইয়া আবা
সের নিকটে গেল তখন সকল লোকেরা উঠিয়া
প্রতিজন আপন২ তাম্বুর দ্বারে দাঁড়াইল ও আ
বাসে মোশহের প্রবেশ না হওয়াপর্য্যন্ত তাহার
প্রতি দৃষ্টি করিয়া রহিল।
[৯] অপর এমত হইল মোশহ্ আবাসেতে
প্রবেশকরণসময়ে মেঘস্তম্ভ উত্তীর্ণ হইয়া আ
বাসের দ্বারে অবস্থিতি করিল এবং তিনি মোশ
হের সহিত কথা কহিলেন। [১০] অপর স
কল লোক আবাসদ্বারে অবস্থিত মেঘস্তম্ভ দে
খিল তাহাতে সকল লোক উঠিয়া প্রত্যেক জন

আপন২ তাম্বুর দ্বারে থাকিয়া প্রণাম করিল।
[১১] এবং মনুষ্য যেমন আপন মিত্রের সহিত
কথা কহে য়িহুহ তেমন সম্মুখাসম্মুখি মোশ
হের সহিত কথা কহিলেন পরে সে ছাউনিতে
ফিরিয়া গেল কিন্তু নূনের পুত্র তাহার সেবক
য়িহোশুআ এক যুবা পুরুষ আবাসের মধ্যহই
তে বাহির হইল না।

[১২] পরে মোশহ্ য়িহুহকে বলিল দেখ তুমি
আমাকে কহিতেছ যে এ লোকেরদিগকে লইয়া
যাও কিন্তু তুমি আমার সহিত যাহাকে পাঠাইবা
ইহা আমাকে অবগত করাও নাই তথাপি তুমি
বলিয়াছ যে তোমাকে আমি নামেতে জানি ও
আমার দৃষ্টিতে তুমি অনুগ্রহ পাইয়াছ। [১৩]
অতএব এখন আমি প্রার্থনা করি যে যদি তো
মার দৃষ্টিতে আমি অনুগ্রহ পাইয়া থাকি তবে
এখন তোমার পথ আমাকে জানাও যে আমি
তোমাকে জানি এবং তোমার দৃষ্টিতে অনুগ্রহ
পাই এবং স্মরণ কর যে এ জাতিই তোমার
লোক। [১৪] অপর তিনি কহিলেন তোমার
সহিত আমার সাক্ষাৎকারিত্ব গমন করিবে ও
তোমাকে আমি বিশ্রাম দিব। [১৫] তাহাতে
সে তাঁহাকে কহিল যদি তোমার সাক্ষাৎকারিত্ব
আমারদের সহিত না যায় তবে এখানহইতে
আমারদিগকে লইয়া যাইও না [১৬] কেননা এ
স্থানে কিসেতে জানা যাবে যে আমি ও তো
মার লোকেরা তোমার দৃষ্টিতে অনুগ্রহ পাইয়া
ছি তাহা কি আমারদের সহিত তোমার গমনে
তে নয় তাহা হইলে আমরা অর্থাৎ আমি ও
তোমার লোকেরা পৃথিবীর উপরিস্থ সকল লোক
হইতে ভিন্ন হইব। [১৭] পরে য়িহুহ মোশহ্কে
কহিলেন তুমি যাহা কহিয়াছ আমি সে বাক্যের
মত করিব কেননা আমার দৃষ্টিতে তুমি অনুগ্রহ
পাইয়াছ ও আমি তোমাকে নামেতে জানি।

[১৮] তাহাতে সে কহিল তোমার মাহাত্ম্য এ
খন আমাকে দেখাও [১৯] তাহাতে তিনি কহি
লেন তোমার সম্মুখে আমি আপন সকল ভদ্র
তা গতি করাইব এবং তোমার সম্মুখে য়িহুহের
নাম ঘোষণা করিব ও যাহাকে অনুগ্রহ করিব
তাহাকে অনুগ্রহ করিব ও যাহাকে দয়া করিব
তাহাকে দয়া করিব। [২০] এবং তিনি কহি
লেন তুমি আমার মুখ দেখিতে পাইবা না কে
ননা কেহ আমার মুখ দেখিয়া বাঁচিবে না।
[২১] পরে য়িহুহ কহিলেন দেখ এক স্থান আ
ছে এবং তুমি পর্ব্বতের উপরে আমার নিকটে
দাঁড়াইবা। [২২] এবং এমত হইবে যখন আ
মার মাহাত্ম্য তোমার নিকট হইয়া যায় তখন
তোমাকে পর্ব্বতের গহ্বরেতে রাখিব ও আমার
গমনের শেষপর্য্যন্ত আমি হাত দিয়া তোমাকে
আচ্ছন্ন করিব। [২৩] পরে আমি আপন হাত
উঠাইব তাহাতে তুমি আমার পশ্চাদ্ভাগ দেখি
বা কিন্তু আমার মুখ দেখা যাইবে না।

## ৩৪ পর্ব্ব।

[১] অনন্তর য়িহুহ মোশহ্কে কহিলেন প্রথম
তক্তার মত পাথরের দুই তক্তা খোদ এবং যে
দুই তক্তা তুমি ভাঙ্গিয়াছিলা তাহার উপর যে২
বাক্য ছিল সে বাক্য আমি এই দুই তক্তার উপ
রে লিখিব। [২] এবং প্রাতঃকালে প্রস্তুত হও
প্রাতঃকালে সীনাঈপর্ব্বতে উঠিয়া আসিয়া সে
স্থানে পর্ব্বতের শৃঙ্গে আমার সহিত সাক্ষাৎ
কর। [৩] এবং তোমার সহিত কেহ উপরে
আসিবে না এবং সমুদায় পর্ব্বতে কেহ দৃশ্য না
হউক এবং গরুমেষাদিপাল এ পর্ব্বতের সম্মুখে
না চরুক।

[৪] অপর সে প্রথম তক্তার মত পাথরের
দুই তক্তা খুদিল পরে মোশহ্ প্রাতঃকালে উ
দ্যোগ করিয়া যেমত য়িহুহ তাহাকে আজ্ঞা করি
য়াছিলেন সেমত সে সীনাঈপর্ব্বতের উপরে
গেল ও হাতে করিয়া পাথরের সে দুই তক্তা ল
ইল। [৫] অপর য়িহুহ মেঘেতে উত্তীর্ণ হই
লেন ও সে স্থানে তাহার সহিত দাঁড়াইয়া য়িহু
হের নাম ঘোষণা করিলেন। [৬] এবং য়িহুহ
তাহার সম্মুখ দিয়া গমন করিয়া ঘোষণা করি
লেন যে য়িহুহ পরমেশ্বর দয়ালু ও কৃপাবান্
চিরসহিষ্ণু এবং দয়াতে ও সত্যতাতে বহুল [৭]
সহস্র২ লোকেরদের প্রতি দয়াকারী এবং অ
ধর্ম্ম ও আজ্ঞালঙ্ঘন ও পাপক্ষমকারী এবং
সর্ব্বথা অপরাধামোচক তৃতীয় ও চতুর্থ পুরুষ
পর্য্যন্ত পুত্র ও পৌত্রেরদের প্রতি পিতারদের
অধর্ম্মের ফলদাতা।

[৮] তাহাতে মোশহ্ ত্বরা করিয়া ভূমিপতিত
হইয়া প্রণাম করিয়া পূজা করিল। [৯] এবং
কহিল যে হে প্রভু এখন যদি তোমার দৃষ্টিতে
আমি অনুগ্রহ পাইয়া থাকি তবে এখন আমার
প্রভু আমারদের মধ্যে যাউন কেননা এ লোকে
রা ঠেঁটা এবং আমারদের অধর্ম্ম ও পাপমো
চন করিয়া আমারদিগকে আপন অধিকার নি
মিত্তে গ্রহণ করুন।

[১০] পরে তিনি কহিলেন দেখ আমি এক
নিয়ম করি তোমার সকল লোকেরদের সম্মুখে
আমি এমত আশ্চর্য্য করিব যে সকল পৃথিবীতে
এবং কোন জাতিতে করা যায় নাই তাহাতে যা
হারদের মধ্যে তুমি আছ সে সকল লোক য়িহু
হের কর্ম্ম দেখিবে কেননা আমি তোমার সহিত
যাহা করিব তাহাই ভয়ঙ্কর। [১১] আমি তো

মাকে আজ্ঞি যাহা আজ্ঞা করি তাহাতে তুমি ম
নোনিবেশ কর ও দেখ আমি আমোরীয়েরদিগ
কে ও কনআনীয়েরদিগকে ও খিত্তীয়েরদিগকে
ও পিরিজীয়েরদিগকে ও খিবীয়েরদিগকে ও য়ি
বুসীয়েরদিগকে তোমার সম্মুখহইতে দূর করিব।
[১২] তুমি সাবধান হও পাছে যে দেশে তুমি
যাইতেছ সে দেশবাসিরদের সহিত নিয়ম কর
পাছে তোমার মধ্যে সে এক ফাঁদস্বরূপ হয়
[১৩] কিন্তু তুমি তাহারদের বেদিনাশ করিবা ও
তাহারদের প্রতিমা ভাঙ্গিয়া ফেলিবা ও চৈত্যবৃ
ক্ষ কাটিয়া ফেলিবা। [১৪] যেহেতুক তুমি অন্য
কোন দেবতাকে প্রণাম করিবা না কেননা জ্বলন
শীল নামেতে খ্যাত য়িহুহ জ্বলনশীল ঈশ্বরই।
[১৫] কি জানি পাছে তুমি সে দেশবাসিরদের
সহিত নিয়ম কর ও তাহারা আপনারদের দেব
তারদের পশ্চাৎ ব্যভিচার করে ও তাহারদের
দেবতারদের নিকটে বলি দেয় ও কেহ তোমাকে
ডাকে ও তুমি তাহার বলিদ্রব্য খাও। [১৬] এবং
তুমি আপন পুত্রেরদের কারণ তাহারদের
কন্যারদিগকে লও ও তোমারদের কন্যারা তা
হারদের দেবতারদের পশ্চাৎ ব্যভিচার করিয়া
যায় এবং তোমার পুত্রেরদিগকে তাহারদের দে
বতারদের পশ্চাৎ ব্যভিচার করায়। [১৭] তুমি
আপনার কারণ কোন ছাঁচুয়া দেবতা করিবা না।

[১৮] বেখমির রুটির উৎসব তুমি পালন
করিবা আবিবমাসের যে কালে যেমত আমি
তোমাকে আজ্ঞা করিয়াছিলাম সেমত তুমি সাত
দিন বেখমির রুটি খাইবা কেননা আবিবমা
সে তুমি মিসরহইতে বাহির হইয়া আইলা।
[১৯] জরায়ুমোচক সমস্ত ও তোমার পশুর মধ্যে
সকল প্রথমজাত গরু কিম্বা মেষ সকল আমার
[২০] কিন্তু গর্দ্দভের প্রথমজাতকে তুমি মেষের
বাচ্চা দিয়া মোচন করিবা এবং যদি মোচন না
কর তবে তাহার গলা ভাঙ্গিবা তোমার পুত্রের
দের সমস্ত প্রথমজাতকে তুমি মোচন করিবা এবং
কেহ আমার সম্মুখে শূন্যহস্তে দেখা দিবে না।

[২১] ছয় দিন তুমি কর্ম্মকার্য্য করিবা কিন্তু
সপ্তম দিনে তুমি বিশ্রাম করিবা চাশকালে ও
শস্যচ্ছেদনকালে তুমি বিশ্রাম করিবা।

[২২] এবং তুমি সপ্তাহের উৎসব ও গোম
সংগ্রহকরণের প্রথম ফলের উৎসব ও বৎসরের
শেষে সংগ্রহণের উৎসব করিবা।

[২৩] বৎসরে তিনবার তোমার সকল পুরু
ষেরা য়িশ্রাএলের ঈশ্বর য়িহুহ প্রভুর সম্মুখে
দেখা দিবে। [২৪] কেননা আমি অন্য জাতি
রদিগকে তোমার সম্মুখহইতে দূর করিব ও তো
মার সীমা বাড়াইব এবং যখন তুমি আপন
ঈশ্বর য়িহুহের সম্মুখে বৎসরে তিনবার দর্শন
করিতে যাইবা তখন কেহই তোমার দেশের আ
কাঙ্ক্ষা করিবে না।

[২৫] তুমি খমিরের সহিত আপন বলির রক্ত
নিবেদন করিবা না ও পেসাখের যজ্ঞ প্রাতঃকা
লপর্য্যন্ত থাকিবে না। [২৬] তোমার দেশের
প্রথম ফল তুমি আপন ঈশ্বর য়িহুহের ঘরে আ
নিবা ছাগলের বাচ্চাকে তুমি তাহার মাতার
দুগ্ধেতে পাক করিবা না। [২৭] অপর য়িহুহ
মোশহ্‌কে কহিলেন তুমি এ কথা লিখ যেহেতুক
এ বাক্যানুসারে আমি তোমার সহিত ও য়িশ্
রাএলের সহিত নিয়ম করিয়াছি। [২৮] এবং
সে সে স্থানে য়িহুহের সহিত চল্লিশ দিন ও চ
ল্লিশ রাত্রি ছিল সে অন্নভক্ষণ এবং জলপান
করিল না এবং তিনি সে তক্তার উপরে নিয়ম
বাক্য অর্থাৎ দশ আজ্ঞা লিখিলেন।

[২৯] পরে এমত হইল যখন মোশহ্ সীনাঈ
পর্ব্বতহইতে সাক্ষ্যের দুই তক্তা হাতে করিয়া না
মিল অর্থাৎ যখন মোশহ্ পর্ব্বতহইতে নামিল
তখন সে জানিল না যে তাঁহার সহিত কথা
কহনের সময়ে আপনার মুখের চর্ম্ম দীপ্তিমান
হইল। [৩০] পরে আহরোণ ও য়িশ্রাএলের
সকল সন্তানেরা মোশহ্‌কে দেখিলে দেখ তা
হার মুখের চর্ম্ম চক্‌চক্ করিল তাহাতে তাহারা
তাহার নিকটে যাওনে ভীত হইল। [৩১] পরে
মোশহ্ তাহারদিগকে ডাকিল তাহাতে আহ
রোণ ও মণ্ডলীর সকল অধ্যক্ষেরা তাহার স্থানে
ফিরিয়া আইল এবং মোশহ্ তাহারদের সহিত
কথা কহিল। [৩২] অনন্তর য়িশ্রাএলের স
কল সন্তানেরা নিকটে গেল এবং য়িহুহ সীনাঈ
পর্ব্বতে যে সকল তাহাকে কহিয়াছিলেন সে স
কল তাহারদিগকে আজ্ঞারূপে অর্পণ করিল।
[৩৩] এবং মোশহ্ তাহারদের সহিত কথোপ
কথন সাঙ্গ না হওয়াপর্য্যন্ত আপন মুখের উপ
রে বস্ত্র দিল [৩৪] কিন্তু যখন মোশহ্ য়িহুহের
সম্মুখে তাঁহার সহিত কথা কহিতে গেল তখন
বাহির না হওনপর্য্যন্ত বস্ত্র নামাইয়া রাখিল
পরে সে বাহির হইল ও যেমন আজ্ঞা পাইয়া
ছিল তেমন য়িশ্রাএলের সন্তানেরদিগকে ক
হিল। [৩৫] এবং য়িশ্রাএলের সন্তানেরা মো
শহের মুখ দেখিল যে মোশহের মুখের চর্ম্ম
উজ্জ্বল করিল তাহাতে মোশহ্ তাঁহার সহিত
কথা কহিবার জন্যে ভিতরে গমনপর্য্যন্ত আপন
মুখে পুনর্ব্বার ঘোমটা দিল।

## ৩৫ পর্ব্ব।

[১] অনন্তর মোশহ্ য়িশ্রাএলের সন্তানের
দের সকল মণ্ডলী একত্র করিয়া তাহারদিগকে

কহিল যে পালনার্থে য়িহুহ যেং বাক্য আজ্ঞা ক
রিয়াছেন সে এইং। [২] ছয় দিন কর্ম্ম করা যা
ইবে কিন্তু সপ্তম দিন য়িহুহের উদ্দেশে বিশ্রামা
র্থক শাবতের কারণ তোমারদের পবিত্র দিবস
হইবে তদ্দিনে যে কেহ কর্ম্ম করে সে মারা যাই
বে। [৩] শাবত দিনে তোমরা আপনারদের
সকল নিবাসেতে অগ্নি জ্বালাইবা না।

[৪] অপর মোশহ্ য়িশ্রাএলের সন্তানের
দের সকল মণ্ডলীকে কহিল যে য়িহুহেতে আ
দিষ্ট বাক্য এই। [৫] তোমরা আপনারদের
মধ্যহইতে য়িহুহের নিমিত্তে নৈবেদ্য লও যে
কেহ প্রবৃত্তমনা হয় সে য়িহুহের নিমিত্তে নৈবে
দ্য আনুক স্বর্ণ ও রূপা ও পিত্তল। [৬] ও
নীলবর্ণ ও ধূম্রবর্ণ ও রক্তবর্ণ ও সূক্ষ্ম কাপড় ও
ছাগলের লোম। [৭] ও রক্তীকৃত মেষ চর্ম্ম
ও তখশচর্ম্ম ও শিটীমকাষ্ঠ। [৮] ও দীপের
কারণ তৈল ও অভিষেকার্থক তৈলের কারণ
ও ধূপের কারণ সুগন্ধি দ্রব্য। [৯] ও হা
রৎমণি এবং এফোদের ও বুকপাটার কারণ
খচনার্থক মণি। [১০] এবং তোমারদের মধ্যে
প্রত্যেক বিজ্ঞ লোক আসিবে ও যাহা য়িহুহ
আজ্ঞা করিয়াছেন সে সকল নির্ম্মাণ করিবে।
[১১] আবাস ও তাহার তাম্বু ও তাহার আচ্ছা
দন ও তাহার ঘুণ্ডী ও তাহার তক্তা ও তাহার
বাতা ও তাহার থাম ও তাহার চুঙ্গি। [১২]
সিন্দুক ও তাহার সাইঙ্গ ও আবরণ ও আচ্ছা
দক পরদা। [১৩] মেজ ও তাহার সাইঙ্গ ও
তাহার সকল পাত্র ও দৃষ্টিভোগরুটি। [১৪]
দীপার্থক দীপগাছা ও তাহার পাত্র ও তাহার
দীপ ও জ্বালনার্থক তৈল। [১৫] এবং সুগন্ধির
বেদি ও তাহার সাইঙ্গ ও অভিষেকার্থক তৈল
ও সুগন্ধি দ্রব্য ও আবাসপ্রবেশদ্বারের পরদা
[১৬] ও যজ্ঞবেদি ও তাহার পিত্তলজাল ও তা
হার সাইঙ্গ ও তাহার সকল পাত্র ও প্রক্ষালন
পাত্র ও তাহার পায়া। [১৭] উঠানের পরদা
ও তাহার থাম ও তাহার চুঙ্গি ও উঠানের দ্বা
রের পরদা। [১৮] আবাসের গোঁজ ও উঠানের
গোজ ও তাহারদের রসী। [১৯] পবিত্র স্থানে
তে সেবনার্থ বস্ত্র ও আহরোণযাজকের কারণ
পবিত্র বস্ত্র ও যাজনকর্ম্ম করিবার কারণ তাহার
পুত্রেরদের বস্ত্র।

[২০] অপর য়িশ্রাএলের সন্তানেরদের সম
স্ত মণ্ডলী মোশহের সম্মুখহইতে প্রস্থান করিল।
[২১] এবং যে প্রতিজনের অন্তঃকরণ তাহার প্র
বৃত্তি জন্মাইল ও যে প্রতিজনের আত্মা তাহাকে
আকাঙ্ক্ষী করিল তাহারা আসিয়া মণ্ডল্যাবাসের
কর্ম্মের নিমিত্তে এবং তাঁহার সকল সেবার্থে ও
পবিত্র বস্ত্রার্থে য়িহুহের উদ্দেশে নৈবেদ্য আ
নিল। [২২] এবং প্রবৃত্তমনা প্রতিজন পুরুষ ও
স্ত্রী আসিয়া হার ও কুণ্ডল ও অঙ্গুরীয়ক ও চন্দ্র
হার আনিল সকল অলঙ্কারই স্বর্ণময় এবং যে
প্রত্যেক জন নৈবেদ্য নিবেদন করিল তাহারা স্ব
র্ণময় নৈবেদ্য য়িহুহের উদ্দেশে আনিল [২৩]
এবং যে প্রত্যেক লোকের নিকটে নীলবর্ণ ও ধূম্র
বর্ণ ও রক্তবর্ণ ও সূক্ষ্ম কাপড় ও ছাগলের লোম
ও মেষের রক্তীকৃত চর্ম্ম ও তখশচর্ম্ম পাওয়া
গেল তাহারা তাহা আনিল। [২৪] যে প্রত্যেক
জন রূপ্য ও পিত্তল নৈবেদ্য নিবেদন করিল
সে য়িহুহের উদ্দেশে নৈবেদ্য আনিল ও সেবার
কোন কর্ম্মের নিমিত্তে যাহারদের নিকটে শি
টীমকাষ্ঠ পাওয়া গেল তাহারা তাহা আনিল।
[২৫] এবং বুদ্ধিমতী সকল স্ত্রী আপনং হাত
দিয়া সূতা কাটিল ও যাহা কাটিয়াছিল তাহা
অর্থাৎ নীলবর্ণ ও ধূম্রবর্ণ ও রক্তবর্ণ সূত্র ও
সূক্ষ্ম বস্ত্র আনিল। [২৬] এবং যেং স্ত্রীরদের
অন্তঃকরণ বিদ্যাতে তাহারদিগের প্রবৃত্তি জন্মা
ইল তাহারা ছাগলের লোমের সূতা কাটিল।
[২৭] এবং অধ্যক্ষেরা এফোদের ও বুকপাটার
কারণ হারৎমণি ও খচনার্থক মণি [২৮] ও
সুগন্ধি দ্রব্য ও দীপার্থক তৈল ও অভিষেকার্থ
তৈল ও ধূপার্থক সুগন্ধি দ্রব্য আনিল। [২৯]
এবং য়িশ্রাএলের সন্তানেরা য়িহুহের উদ্দেশে
ইচ্ছাপূর্ব্বক নৈবেদ্য আনিল অর্থাৎ য়িহুহ মো
শহের দ্বারা যাহা করিতে আজ্ঞা করিয়াছিলেন
সকল কর্ম্মার্থে যে সকল পুরুষ ও স্ত্রীর অন্তঃক
রণ তাহারদিগের প্রবৃত্তি জন্মাইল তাহারা নৈবে
দ্য আনিল।

[৩০] অপর মোশহ্ য়িশ্রাএলের সন্তানের
দিগকে কহিল দেখ য়িহুহ য়িহুদাহ্বংশজাত খূ
রের পুত্র উরির পুত্র বিস্‌লিএলকে নাম ধরিয়া
ডাকিয়াছেন [৩১] এবং শিল্পেতে ও বুদ্ধিতে
ও বিদ্যাতে ও সকল প্রকার কর্ম্ম বিষয়ে [৩২] ও
বিচিত্র কর্ম্মকল্পনা করিতে ও সোণাতে ও রূপা
তে ও পিত্তলেতে খোদকারী করিতে ও খচনা
র্থক মণি খুদিতে [৩৩] ও কোন প্রকার শিল্প
কর্ম্মার্থে কাষ্ঠ খুদিতে তিনি ঈশ্বরাত্মাতে তাহা
কে পরিপূর্ণ করিয়াছেন। [৩৪] এবং এই স
কল শিক্ষা করাইতে তিনি তাহার ও দানবংশ
জাত অখীসামাকের পুত্র আহলিআবের অন্তঃ
করণে বাঞ্ছা দিয়াছেন। [৩৫] খোদকের ও
শিল্পকর্ম্মকারকের ও নীলবর্ণেতে ও ধূম্রবর্ণেতে
ও রক্তবর্ণেতে ও সূক্ষ্ম সূত্রেতে সূচিকর্ম্মকারকের
ও তাঁতির কর্ম্মকরণার্থে বিশেষতঃ অন্য কোন
কর্ম্মেতে ও শিল্পকর্ম্মকারিরদের কর্ম্মকরণার্থে

তিনি তাহারদের অন্তঃকরণ জ্ঞানেতে পরিপূর্ণ করিয়াছেন।

৩৬ পর্ব্ব।

[১] তখন য়িহুহ যেমন সর্ব্ব বিষয়ে আজ্ঞা করিয়াছিলেন তদনুসারে বিস্‌লিএল ও আহোলিআব এবং পবিত্রস্থানের সেবার নিমিত্তে সকল প্রকার কর্ম্ম করিতে যাহারদিগকে য়িহুহ জ্ঞান ও বুদ্ধি দিয়াছিলেন সে সমস্ত সদ্বিবেচক মনুষ্যেরা কর্ম্ম করিতে লাগিল। [২] পরে মোশহ্ বিস্‌লিএলকে ও আহোলিআবকে ও যাহারদের অন্তঃকরণে য়িহুহ জ্ঞান দিয়াছিলেন সে সকলকে এবং সে কর্ম্মকরণার্থে আসিতে যাহারদের অন্তঃকরণ তাহারদিগের প্রবৃত্তি জন্মাইল তাহারদিগকে ডাকিল। [৩] এবং পবিত্রস্থানের সেবাকর্ম্মের নিমিত্তে তাহা নির্ম্মাণ করিতে যে সকল নৈবেদ্য য়িশ্‌রাএলের সন্তানেরা আনিয়াছিল সে সকল তাহারা মোশহ্‌হইতে লইল তথাপি তাহারা প্রতিপ্রাতঃকালে তাহার নিকটে আরো নৈবেদ্য আনিল।

[৪] অপর পবিত্রস্থানের সমস্ত কর্ম্মকারি সকল বিজ্ঞ লোকেরা প্রতিজন আপন২ কৃত কর্ম্মহইতে আইল। [৫] এবং তাহারা মোশহ্‌কে কহিল য়িহুহ যাহা করিতে আজ্ঞা করিয়াছেন সে সেবাকর্ম্মার্থে প্রচুরহইতেও লোকেরা অধিক আনে। [৬] তাহাতে মোশহ্ আজ্ঞা করিল ও তাহারা ছাউনির সর্ব্বত্র এ কথা ঘোষণা করিল যে পুরুষ কিম্বা স্ত্রী পবিত্রস্থানার্থ নৈবেদ্যের জন্য আর কর্ম্ম না করুক অতএব লোকেরা আনয়নে নিবৃত্ত হইল [৭] কেননা সকল কর্ম্ম সিদ্ধ্যর্থে তাহারদের দ্রব্য প্রচুর এবং অধিকও ছিল।

[৮] অপর আবাসের কর্ম্মকারি সকল বিজ্ঞ লোক পাকান সূক্ষ্ম সূতাতে ও নীলবর্ণেতে ও ধূম্রবর্ণেতে ও রক্তবর্ণেতে শিল্পকর্ম্মবিশিষ্ট দশ পরদা নির্ম্মাণ করিল শিল্পকর্ম্মেতে কিরুববিশিষ্ট তাহারা তাহা নির্ম্মাণ করিল। [৯] এক২ পরদা দীর্ঘে আটাইশ হাত ও এক২ পরদা প্রস্থে চারি হাত সকল পরদার একই পরিমাণ। [১০] পরে সে পাঁচ পরদা একত্র যোড়া দিল এবং অন্য পাঁচ পরদা একত্র যোড়া দিল। [১১] এবং এক পরদার কিনারায় যোড়ের মুখে সে নীল বর্ণ ঘুণ্ডীঘরা করিল এবং অন্য পরদার দূরস্থ কিনারায় দ্বিতীয় পরদার যোড়ের মুখে সেইরূপ করিল। [১২] এক পরদাতে সে পঞ্চাশ ঘুণ্ডীঘরা করিল ও আর এক পরদার কিনারায় দ্বিতীয় পরদার যোড়ের মুখে পঞ্চাশ ঘুণ্ডীঘরা করিল ঐ ঘুণ্ডীঘরাতে এক অন্যের সহিত সংযুক্ত হইল। [১৩] পরে সে সোণার পঞ্চাশ ঘুণ্ডী নির্ম্মাণ করিল ও ঘুণ্ডীতে এক পরদা অন্যের সহিত যোড়া দিল তাহাতে তাহা এক আবাস হইল।

[১৪] অপর আবাসের উপরিস্থিত তাম্বুর কারণ সে ছাগলের লোমের পরদা নির্ম্মাণ করিল অর্থাৎ একাদশ পরদা করিল। [১৫] এক২ পরদা দীর্ঘে ত্রিশ হাত ও এক২ পরদা প্রস্থে চারি হাত একাদশ পরদার একই পরিমাণ। [১৬] পরে সে পাঁচ পরদা পৃথক্‌রূপে ও ছয় পরদা পৃথক্‌রূপে যোড়া দিল। [১৭] পরে পরদার দূরস্থ কিনারার উপরে যোড়ের মুখে সে পঞ্চাশ ঘুণ্ডীঘরা করিল ও যে কিনারাতে দ্বিতীয় পরদা সংযুক্ত হয় সে কিনারাতে পঞ্চাশ ঘুণ্ডীঘরা করিল। [১৮] এবং এক হওনের কারণ তাম্বুর যোড়াদেওনার্থে সে পঞ্চাশটা পিত্তলের ঘুণ্ডী করিল।

[১৯] পরে মেষের রক্তীকৃত চর্ম্মেতে সে তাম্বুর এক আচ্ছাদন এবং তাহার উপরে তখশ চর্ম্মের এক আচ্ছাদন নির্ম্মাণ করিল। [২০] এবং আবাসের নিমিত্তে সে শিটীমকাষ্ঠেতে খাড়া তক্তা নির্ম্মাণ করিল। [২১] এক২ তক্তা দীর্ঘে দশ হাত ও এক২ তক্তা প্রস্থে দেড় হাত [২২] প্রত্যেক তক্তার পরস্পর সমভাগে দুই২ আলি ছিল এতদ্রূপ সে আবাসের সকল তক্তার কারণ নির্ম্মাণ করিল। [২৩] পরে আবাসের কারণ সে তক্তা নির্ম্মাণ করিল দক্ষিণ দিগের দক্ষিণপার্শ্বার্থে বিংশতি তক্তা। [২৪] ও সে বিংশতি তক্তার নীচে সে চল্লিশ রূপার চুঙ্গি করিল এক২ তক্তার নীচে তাহার দুই আলির কারণ দুই২ চুঙ্গি এবং অন্য এক২ তক্তার নীচে দুই২ চুঙ্গি তাহার দুই আলির কারণ করিল। [২৫] পরে আবাসের অন্য পার্শ্বের কারণ অর্থাৎ উত্তরপার্শ্বের কারণ সে বিংশতি তক্তা নির্ম্মাণ করিল। [২৬] এবং তাহারদের চল্লিশ রূপার চুঙ্গি এক২ তক্তার নীচে দুই২ চুঙ্গি ও অন্য এক২ তক্তার নীচে দুই২ চুঙ্গি করিল। [২৭] এবং আবাসের পশ্চিমদিগের পার্শ্বের কারণ সে ছয় তক্তা নির্ম্মাণ করিল। [২৮] এবং আবাসের দুই দিগের কোণের কারণ পার্শ্বেতে সে দুই তক্তা নির্ম্মাণ করিল। [২৯] এবং তাহারা নীচে ও ঊর্দ্ধেতে এক কড়াতে বদ্ধ হইল এতদ্রূপে সে সেই দুয়ের কারণ কোণেতে করিল। [৩০] এবং আট তক্তা ছিল ও তাহারদের ষোলটা রূপার চুঙ্গি এক২ তক্তার নীচে দুই২ চুঙ্গি।

[৩১] এবং সে শিটীমকাষ্ঠের বাতা করিল আবাসের এক দিগের তক্তার কারণ পাঁচ বাতা।

[৩২] ও আবাসের অন্য দিগের তক্তার কারণ
পাঁচ বাতা ও আবাসের পশ্চিমদিগের পশ্চিম
তক্তার কারণ পাঁচ বাতা [৩৩] এবং মধ্যবর্ত্তি বা
তা এক দিগের তক্তার এক মুড়াহইতে অন্য মুড়া
পর্য্যন্ত প্রবেশ করিল। [৩৪] অপর, সে সকল
তক্তা সোণাতে মড়াইল এবং বাতার স্থানার্থে
সোণার কড়া নির্ম্মাণ করিল ও সে বাতা সোণা
তে মড়াইল।

[৩৫] এবং নীলবর্ণেতে ও ধূম্রবর্ণেতে ও রক্ত
বর্ণেতে ও পাকান সূক্ষ্ম সূতাতে সে এক আব
রণ করিল কিরূববিশিষ্ট ও শিল্পক্রিয়াতে সে
তাহা নির্ম্মাণ করিল। [৩৬] এবং তাহার কারণ
সে শিটীমকাষ্ঠের চারি থাম করিল ও তাহা সো
ণাতে মড়াইল তাহারদের আঁকডা সোণার ছিল
এবং তাহারদের কারণ সে রূপার চারি চুঙ্গি ঢা
লিল।

[৩৭] অপর আবাসের দ্বারের নিমিত্তে নীল
বর্ণেতে ও ধূম্রবর্ণেতে ও রক্তবর্ণেত ও পাকান
সূক্ষ্ম সূতাতে সে সূচিক্রিয়াতে এক পরদা নি
র্ম্মাণ করিল। [৩৮] ও তাহার পাঁচ থাম ও
তাহারদের আঁকড়া করিল পরে সে তাহারদের
মাথলা ও তাহারদের শলাকা সোণাতে মড়িল
কিন্তু তাহারদের পাঁচ চুঙ্গি পিত্তলের ছিল।

## ৩৭ পর্ব্ব।

[১] অনন্তর বিসলিএল শিটীমকাষ্ঠেতে সি
ন্দুক নির্ম্মাণ করিল তাহার দীর্ঘতা আড়াই হাত
ও তাহার প্রস্থতা দেড় হাত ও তাহার উর্দ্ধতা
দেড় হাত। [২] এবং সে তাহা ভিতরে ও বা
হিরে নির্ম্মল স্বর্ণেতে মড়াইল ও তাহার কারণ
চারি দিগে সোণার এক চূড়া নির্ম্মাণ করিল।
[৩] ও তাহার কারণ তাহার চারি কোণেতে
স্থাপনার্থে সে চারি সোণার কড়া ঢালিল তা
হার এক২ পার্শ্বোপরি দুই২ কড়া। [৪] এবং
সে শিটীমকাষ্ঠের সাইঙ্গ নির্ম্মাণ করিল ও তাহা
স্বর্ণেতে মড়াইল। [৫] এবং সিন্দুক বহিবার
কারণ সে ঐ সিন্দুকের পার্শ্বোপরিস্থিত কড়াতে
ঐ সাইঙ্গ প্রবেশ করাইল।

[৬] অপর সে নির্ম্মল সোণাতে আবরণ নি
র্ম্মাণ করিল তাহার দীর্ঘতা আড়াই হাত ও তা
হার প্রস্থতা দেড় হাত। [৭] এবং এক থান সো
ণাতে পিটানক্রিয়াতে আবরণের দুই মুড়ায় সে
দুই কিরূব নির্ম্মাণ করিল। [৮] এক কিরূব এদি
গের এক মুড়ায় ও আর এক কিরূব ওদিগের
এক মুড়ায় আবরণহইতেই তাহার দুই কিনারে
তে দুই কিরূব নির্ম্মাণ করিল। [৯] ঐ কিরূব
উর্দ্ধেতে ডেনা বিস্তার করিল ও সম্মুখাসম্মুখি
হইয়া ডেনাদ্বারা আবরণোপরি আচ্ছাদন করি
য়া রহিল আবরণের প্রতিই সে দুই কিরূবের
মুখ ছিল।

[১০] অপর শিটীমকাষ্ঠের এক মেজ সে নি
র্ম্মাণ করিল তাহার দীর্ঘতা দুই হাত ও তাহার
প্রস্থতা এক হাত ও তাহার উর্দ্ধতা দেড় হাত।
[১১] এবং সে তাহা নির্ম্মল স্বর্ণেতে মড়াইল ও
তাহার কারণ চারিদিগে স্বর্ণময় চূড়া করিল।
[১২] তদ্ভিন্ন সে তাহার কারণ চারিঅঙ্গুলিপরি
মিত চতুর্দ্দিগে এক প্রান্তস্থ তক্তা করিল এবং সে
প্রান্তস্থ তক্তার কারণ চতুর্দ্দিগে সোণার চূড়া নি
র্ম্মাণ করিল। [১৩] এবং সে তাহার কারণ সো
ণার চারি কড়া ঢালিল ও তাহার চারি পায়ার
উপরিস্থিত চারি কোণের উপরে সে কড়া বদ্ধ
করিল। [১৪] সাইঙ্গেতে মেজ বহিবার কারণ
প্রান্তস্থিত তক্তার সম্মুখে সে কড়া ছিল [১৫]
পরে মেজ বহিবার কারণ সে শিটীমকাষ্ঠের
সাইঙ্গ করিল ও সোণাতে তাহা মড়াইল। [১৬]
এবং মেজের উপরিস্থ পাত্র নির্ম্মাণ করিল তা
হার থাল ও তাহার চমস ও ঢাকিবার কারণ
তাহার শরা নির্ম্মল স্বর্ণেতে নির্ম্মাণ করিল।

[১৭] অপর সে পিটানক্রিয়াতে নির্ম্মল স্বর্ণে
তে দীপগাছা নির্ম্মাণ করিল অর্থাৎ তাহার
প্রকাণ্ড ও তাহার ডাল ও তাহার কলিকা ও তা
হার ফল ও তাহার পুষ্প তাহাহইতেই হইল।
[১৮] তাহার পার্শ্বহইতে ছয় ডাল বাহির হইল
দীপগাছার এক দিগহইতে তিন ডাল ও দীপ
গাছার অন্য দিগহইতে তিন ডাল। [১৯] এবং
এক ডালেতে বাদামের মত তিন কলিকা ও এক
ফল ও এক পুষ্প এবং আর এক ডালেতে বা
দামের মত তিন কলিকা ও এক ফল ও এক
পুষ্প দীপগাছানির্গত ছয় ডাল সেই রূপে হ
ইল। [২০] এবং দীপগাছাতে বাদামের মত
চারি কলিকা ও তাহার ফল ও তাহার পুষ্প
ছিল। [২১] তাহাহইতে যে ছয় ডাল নির্গত হ
ইল তদনুসারে তাহার দুই২ ডালের নীচে এক২
[২২] তাহারদের ফল ও তাহারদের ডাল তাহা
হইতেই হইল সে সকল নির্ম্মল স্বর্ণেতে পিটান
ক্রিয়াতে হইয়াছিল। [২৩] এবং সে তাহার সা
তটা প্রদীপ ও তাহার গুলত্রাস ও তাহার গুল
দান নির্ম্মল স্বর্ণেতে নির্ম্মাণ করিল। [২৪] এক
কিকারপরিমিত নির্ম্মল স্বর্ণেতে তাহা ও তাহার
সকল পাত্র সে নির্ম্মাণ করিল।

[২৫] অপর সে ধূপবেদি শিটীমকাষ্ঠেতে নি
র্ম্মাণ করিল তাহার দীর্ঘতা এক হাত ও তাহার
প্রস্থতা এক হাত তাহা চতুষ্কোণা ছিল এবং তা
হার উর্দ্ধতা দুই হাত তাহাহইতেই তাহার শৃঙ্গ
হইল। [২৬] পরে সে তাহা ও তাহার উর্দ্ধ ভূমি

ও তাহার চতুর্দ্দিক্স্থ পার্শ্ব ও তাহার শৃঙ্গ নির্ম্মল
স্বর্ণেতে মড়াইল এবং সে তাহার কারণ চতুর্দ্দি
গে সোণার এক চূড়া করিল। [২৭] এবং তাহা
বহিবার কারণ সাইঙ্গের স্থানার্থে তাহার চূড়ার
নীচে তাহার দুই পার্শ্বের উপরে অর্থাৎ তাহার
দুই কোণের উপরে তাহার কারণ সে দুইটা সো
ণার কড়া নির্ম্মাণ করিল। [২৮] এবং সে শি
টীমকাষ্ঠেতে সাইঙ্গ করিল ও তাহা সোণাতে
মড়াইল।
[২৯] পরে সে অভিষেকার্থক পবিত্র তৈল ও
বৈদ্যকর্ম্মেতে দাহার্থক সুগন্ধি দ্রব্য প্রস্তুত করিল।

৩৮ পর্ব্ব।

[১] অনন্তর সে শিটীমকাষ্ঠেতে যজ্ঞবেদি নি
র্ম্মাণ করিল তাহার দীর্ঘতা পাঁচ হাত ও তাহার
প্রস্থতা পাঁচ হাত তাহা চতুরস্র ছিল ও তাহার উ
র্দ্ধতা তিন হাত। [২] এবং তাহার চারি কোণের
পরে সে তাহার শৃঙ্গ নির্ম্মাণ করিল তাহাহইতেই
তাহার শৃঙ্গ হইল এবং পিত্তলেতে তাহা মড়া
ইল। [৩] পরে বেদির সকল পাত্র সে নির্ম্মাণ
করিল বিশেষতঃ কড়াই ও হাতা ও বাটি ও ত্রিশূ
ল ও কুণ্ড তাহার সকল পাত্র সে পিত্তলেতে নি
র্ম্মাণ করিল। [৪] পরে বেদির কারণ তাহার বে
ড়ের নীচেতে তলহইতে মধ্যপর্য্যন্ত জালবৎ ক
র্ম্মেতে পিত্তলের জাল নির্ম্মাণ করিল। [৫] এবং
সাইঙ্গের স্থানার্থে পিত্তলের জালের চারি কো
ণের জন্যে সে চারি কড়া করিল। [৬] পরে সে
সাইঙ্গ শিটীমকাষ্ঠেতে নির্ম্মাণ করিয়া তাহা পিত্ত
লেতে মড়াইল। [৭] পরে বেদি বহিবার কারণ
তাহার পার্শ্বের উপরে সে ঐ সাইঙ্গ কড়াতে
পরাইল এবং সে বেদি তক্তাতে ফাঁপা করিল।
[৮] অপর যে স্ত্রীরা মণ্ডল্যাবাসের দ্বারের নি
কটে সঙ্গত হইল তাহারদের দর্পণেতে প্রক্ষা
লনপাত্র করিল ও তাহার পায়া পিত্তলেতে নি
র্ম্মাণ করিল।
[৯] অপর উঠান নির্ম্মাণ করিল দক্ষিণ দিগে
উঠানের দক্ষিণ পরদা পাকান সূক্ষ্ম সূতাতে এক
শত হাত। [১০] তাহারদের থাম বিংশতি ও
তাহারদের পিত্তলের চুঙ্গি বিংশতি এবং থামের
আঁকড়া ও তাহার শলাকা রূপার ছিল। [১১]
পরে উত্তরদিগের নিমিত্তে একশত হাত তাহার
দের থাম বিংশতি ও তাহারদের পিত্তলের চুঙ্গি
বিংশতি থামের আঁকড়া ও তাহার শলাকা
রূপার ছিল। [১২] পরে পশ্চিম পার্শ্বের জন্যে
পরদা পঞ্চাশ হাত তাহারদের থাম দশ ও তা
হারদের চুঙ্গি দশ থামের আঁকড়া ও তাহার
শলাকা রূপার ছিল। [১৩] এবং পূর্ব্ব দিগে পূ
র্ব্ব পার্শ্বের জন্যে পঞ্চাশ হাত। [১৪] এক পা
র্শ্বের কারণ পনের পরদা তাহারদের থাম তিন
ও তাহারদের চুঙ্গি তিন। [১৫] এবং উঠানের
দ্বারের অন্য পার্শ্বের কারণ এদিগে এবং ওদিগে
পনের হাত পরদা ছিল তাহারদের থাম তিন ও
তাহারদের চুঙ্গি তিন। [১৬] উঠানের চতুর্দ্দিগের
সকল পরদা পাকান সূক্ষ্ম সূত্রেতে ছিল। [১৭]
এবং থামের চুঙ্গি পিত্তলের ছিল ও থামের আঁ
কড়া ও তাহার শলাকা রূপার ছিল ও তাহার
মাথলা রূপ্যেতে কৃত এবং উঠানের সকল থাম
রূপার শলাকাতে সংযুক্ত ছিল। [১৮] এবং
উঠানের দ্বারের পরদা নীলবর্ণের ও ধূম্রবর্ণের
ও রক্তবর্ণের ও পাকান সূক্ষ্ম সূতার সূচিকর্ম্মেতে
নির্ম্মিত ছিল এবং উঠানের পরদার মত তাহার
দীর্ঘতা বিশ হাত ও প্রস্থে তাহার উর্দ্ধতা পাঁচ
হাত। [১৯] এবং তাহারদের থাম চারি ও
তাহারদের পিত্তলের চুঙ্গি চারি ও তাহারদের
আঁকড়া রূপার ও তাহারদের মাথলা ও তাহার
দের শলাকা রূপার ছিল। [২০] এবং আবা
সের ও উঠানের চারি দিগের সকল গোঁজ পিত্ত
লের ছিল।
[২১] লেবেরদের সেবার কারণ আহরোণ
যাজকের পুত্র ইতামারকর্ত্তৃক মোশহের প্রমুখাৎ
যেমন গণা-গিয়াছিল সে আবাসের অর্থাৎ সা
ক্ষ্যের আবাসের গণনা এই। [২২] এবং য়ি
হুহ মোশহ্কে যাহা আজ্ঞা করিয়াছিলেন য়িহু
দাহ্বংশজাত খূরের পুত্র উরির পুত্র বিসলি
এল সে সকল নির্ম্মাণ করিল। [২৩] এবং
খোদকারী কর্ম্মেতে ও নীলবর্ণেতে ও ধূম্রবর্ণেতে
ও রক্তবর্ণেতে ও পাকান সূক্ষ্ম সূতাতে বিজ্ঞ শি
ল্পকারি দানবংশজাত আখীসামকের পুত্র আ
হোলিআব তাহার সহিত ছিল। [২৪] অপর
পবিত্রাবাসের সকল বিষয়ের সকল কর্ম্মেতে
যে সকল স্বর্ণ লাগিল অর্থাৎ সে নৈবেদ্যের স
মস্ত সোণা পবিত্রাবাসের শেকেলানুসারে উন
ত্রিশ কিকার ও সাতশত ত্রিশ শেকেল ছিল।
[২৫] এবং মণ্ডলীর গণিত জনেরদের রূপা প
বিত্রাবাসের শেকেলানুসারে এক শত কিকার
ও এক হাজার সাতশত পঁচাত্তর শেকেল ছিল।
[২৬] প্রতিজনের এক২ বেকঅ্যা অর্থাৎ বিংশতি
বৎসরাধিকবয়স্ক যাহারা গণিত হওনার্থে গিয়া
ছিল এমত ছয়লক্ষ তিন হাজার সাড়ে পাঁচশত
লোকেরদের কারণ পবিত্রাবাসের শেকেলানুসা
রে অর্দ্ধ২ শেকেল। [২৭] অপর সেই এক শত
কিকার রূপাতে পবিত্রাবাসের ও পরদার চুঙ্গি
ঢালা গেল একশত চুঙ্গির কারণ একশত কিকার
এক২ চুঙ্গির এক২ কিকার। [২৮] এবং ঐ এক
হাজার সাতশত পঁচাত্তর শেকেল রূপাতে সে

থামের কারণ আঁকড়া নির্ম্মাণ করিল ও তাহার
মাথলা মড়াইল ও তাহা শলাকাতে সংযুক্ত
করিল। [২৯] এবং নৈবেদ্যের পিত্তল সত্তরি
কিকার ও দুই হাজার চারিশত শেকেল ছিল।
[৩০] এবং তাহা দিয়া সে মণ্ডল্যাবাসের দ্বারের
চুঙ্গি ও তাহার পিত্তলময় বেদি ও তাহার পিত্তল
ময় জাল ও বেদির সকল পাত্র নির্ম্মাণ করিল।
[৩১] এবং উঠানের চতুর্দ্দিগে চুঙ্গি ও উঠানের
দ্বারের চুঙ্গি ও আবাসের সকল গোঁজ ও উঠা
নের চতুর্দ্দিগের সকল গোঁজ নির্ম্মাণ করিল।

৩৯ পর্ব্ব।

[১] অপর ঐ নীলবর্ণেতে ও ধূম্রবর্ণেতে ও
রক্তবর্ণেতে তাহারা পবিত্রস্থানে সেবার কারণ
সেবার্থক বস্ত্র নির্ম্মাণ করিল এবং য়িহুহ মোশহ্
কে যেমন আজ্ঞা করিয়াছিলেন তেমন আহরো
ণের কারণ পবিত্র বস্ত্র নির্ম্মাণ করিল। [২]
এবং সে সোণাতে ও নীলবর্ণেতে ও ধূম্রবর্ণেতে
ও রক্তবর্ণেতে ও পাকান সূক্ষ্ম সূতাতে এফোদ
নির্ম্মাণ করিল। [৩] এবং তাহারা সোণা
পিটিয়া পাতলা পাত করিল এবং শিল্পক্রিয়া
তে নীলবর্ণ ও ধূম্রবর্ণ ও রক্তবর্ণ ও পাকান সূক্ষ্ম
সূতার মধ্যে বুনিবার কারণ তাহা কাটিয়া তার
করিল। [৪] এবং যোড়াদেওনের কারণ তা
হারা তাহার নিমিত্তে স্কন্ধপটি করিল দুই কিনা
রাতে তাহা পরস্পর যোড়া দেওয়া গেল। [৫]
এবং য়িহুহ মোশহ্কে যেমন আজ্ঞা দিয়াছি
লেন তেমন এফোদোপরিস্থিত বিচিত্র দামন তা
হাতেই তৎকর্ম্মানুসারে স্বর্ণেতে ও নীলবর্ণেতে
ও ধূম্রবর্ণেতে ও রক্তবর্ণেতে ও পাকান সূক্ষ্ম সূ
তাতে নির্ম্মিত হইল।

[৬] এবং তাহারা মোহরখোদার মত য়িশ্
রাএলের সন্তানেরদের নামেতে খোদা স্বর্ণময়
স্থালীতে খচিত সংহারৎ খুদিল। [৭] এবং
সে সকলকে এফোদের স্কন্ধদেশের উপরে বসা
ইল যে য়িহুহ যেমন মোশহ্কে আজ্ঞা করিয়া
ছিলেন তেমন সে সকল য়িশ্রাএলের সন্তানের
দের স্মারক পাথর হয়।

[৮] অপর এফোদের কর্ম্মানুসারে স্বর্ণেতে
ও নীলবর্ণেতে ও ধূম্রবর্ণেতে ও রক্তবর্ণেতে ও
পাকান সূক্ষ্ম সূতাদ্বারা শিল্পকর্ম্মেতে সে বুকপা
টা নির্ম্মাণ করিল। [৯] তাহা চতুরস্র হইল তা
হারা বুকপাটা দোহারা করিয়া নির্ম্মাণ করিল
তাহার দীর্ঘতা এক বিঘত ও তাহার প্রস্থতা এক
বিঘত ছিল। [১০] এবং তাহা তাহারা চারি
পংক্তি মণিতে খচিত করিল প্রথম পংক্তি মা
কিক ও পদ্মরাগ ও তাম্র এই প্রথম পংক্তি [১১]
এবং দ্বিতীয় পংক্তি মরকত ও নীলমণি ও হী
রক [১২] এবং তৃতীয় পংক্তি লশ্বনীয় ও যিস্ম
ও কটাহেলা [১৩] এবং চতুর্থ পংক্তি বে
রুজ ও হারৎ ও যাস্পিন সে সকল আপনার
দের খচনেতে সোণার স্থালীতে বেষ্টিত হইল।
[১৪] এবং সে মণি য়িশ্রাএলের সন্তানেরদের
নামানুসারে দ্বাদশ ছিল অর্থাৎ প্রত্যেকেই তা
হারদের নামানুসারে মোহরখোদার ন্যায় দ্বা
দশবংশানুসারে তত্তন্নামের সহিত হইল। [১৫]
এবং বুকপাটার উপরে কিনারাতে তাহারা নি
র্ম্মল স্বর্ণেতে পাকানকর্ম্মবিশিষ্ট জিঞ্জির নির্ম্মাণ
করিল। [১৬] এবং তাহারা স্বর্ণের দুই স্থালী ও
স্বর্ণের দুই কড়া নির্ম্মাণ করিল এবং সোণার সে
দুই কড়া বুকপাটার কিনারার উপরে বদ্ধ ক
রিল। [১৭] এবং তাহারা বুকপাটার অগ্রস্থিত
দুই কড়ার মধ্যে সে দুই সোণার পাকান জিঞ্জির
দিল [১৮] এবং সে পাকান জিঞ্জিরের দুই অন্ত
স্থালীতে বদ্ধ করিয়া তৎসম্মুখস্থিত এফোদের
স্কন্ধদেশের উপরে তাহা বসাইল। [১৯] এবং
তাহারা দুই সোণার কড়া নির্ম্মাণ করিয়া এফো
দের অন্তঃপার্শ্বস্থিত বুকপাটার কিনারায় তা
হার অগ্রে বদ্ধ করিল। [২০] পরে সোণার অন্য
দুই কড়া নির্ম্মাণ করিয়া তাহা এফোদের অধো
দিগে তাহা দুই পার্শ্বোপরি তদগ্রভাগে তাহার
সংযোগের স্থানের সম্মুখে এফোদের বিচিত্র দা
মনের উপর বদ্ধ করিল। [২১] তাহাতে তাহারা
কড়াদ্বারা সে বুকপাটাকে এফোদের কড়ার স
হিত নীলফিতা দিয়া বদ্ধ করিয়া রাখিল যে যে
মত য়িহুহ মোশহ্কে আজ্ঞা করিয়াছিলেন সে
মত তাহা এফোদের বিচিত্র দামনের উপরে
থাকে এবং এফোদহইতে বুকপাটা খসিয়া না
পড়ে।

[২২] অপর এফোদের জামা সে বুনানক্রিয়া
তে নির্ম্মাণ করিল সকলই নীলবর্ণ। [২৩] এবং
সে জামার মধ্যে এক ছিদ্র ঘাঘরার মুখের মত
ছিল এবং সে ছিদ্রের চারিদিগে ফিতা ছিল যে
তাহা না ছিঁড়ে। [২৪] এবং যেমন য়িহুহ মো
শহ্কে আজ্ঞা করিয়াছিলেন তেমন তাহারা সে
বস্ত্রের কিনারার উপরে নীলবর্ণেতে ও ধূম্রব
র্ণেতে ও রক্তবর্ণেতে ও পাকান সূত্রেতে দাড়িম
করিল। [২৫] পরে তাহারা নির্ম্মল স্বর্ণেতে
ঘণ্টিকা করিল ও সে ঘণ্টিকা দাড়িমের মধ্যে২
সঞ্চাবের উপরে চারিদিগে দাড়িমের মধ্যে২
দিল [২৬] অর্থাৎ সেবার্থক বস্ত্রের সঞ্চাবের চা
রিদিগে এক ঘণ্টিকা তাহার পরে এক দাড়িম
পরে এক ঘণ্টিকা তাহার পর এক দাড়িম।

[২৭] অপর যেমন য়িহুহ মোশহ্কে আজ্ঞা
করিয়াছিলেন তেমন তাহারা আহরোণের ও

তাহার পুত্রেরদের কারণ সূতার বুনানক্রিয়ার
আঙ্গরাখা [২৮] এবং সূক্ষ্ম বস্ত্রের কিরীট ও
সূক্ষ্ম সূতাতে নির্ম্মিত উত্তম পাগড়ি ও পাকান
সূক্ষ্ম সূত্রেতে কাপড়ের ইজার করিল। [২৯]
এবং নীলবর্ণেতে ও ধূম্রবর্ণেতে ও রক্তবর্ণেতে
ও পাকান সূক্ষ্ম সূতাতে সূচিকর্ম্মদ্বারা এক দামন
করিল।

[৩০] অপর পবিত্র মুকুটের পাত নির্ম্মল স্বর্ণ
দিয়া তাহারা নির্ম্মাণ করিল ও মোহর খোদকা
রী কার্য্যের মত তাহার উপরে য়িহুহের পবিত্র
তা ইহা লিখিল। [৩১] পরে য়িহুহ যেমন
মোশহ্‌কে আজ্ঞা করিয়াছিলেন তেমন ঊর্দ্ধেতে
বান্ধিবার কারণ তাহারা তাহার উপরে অর্থাৎ
মুকুটের উপরে তাহা নীল ফীতাতে বাঁধিল।

[৩২] এ প্রকারে মণ্ডল্যাবাসের তাম্বুর সকল
কর্ম্ম সমাপ্ত হইল এবং য়িহুহ যাহা মোশহ্‌কে
আজ্ঞা করিয়াছিলেন তদনুসারে য়িশ্‌রাএলের
সন্তানেরা করিল।

[৩৩] পরে তাহারা মোশহের নিকটে সে আ
বাস আনিল বিশেষতঃ তাম্বু ও তাহার সকল
পাত্র ও তাহার ঘুণ্ডী ও তাহার তক্তা ও তাহার
বাতা ও তাহার থাম ও তাহার চুঙ্গি [৩৪] ও
রক্তীকৃত মেষচর্ম্মাচ্ছাদক ও তখশচর্ম্মময় আ
চ্ছাদক ও আচ্ছাদকের পরদা [৩৫] এবং সাক্ষ্য
রূপ সিন্দুক ও তাহার সাইঙ্গ ও আবরণ [৩৬]
এবং মেজ ও তাহার সকল পাত্র ও দৃষ্টিভোগ
রুটি [৩৭] ও নির্ম্মল দীপগাছা ও তাহার দীপ
অর্থাৎ নিয়ম্য দীপ ও তাহার সকল পাত্র ও দী
পার্থক তৈল [৩৮] এবং স্বর্ণময় বেদি ও অভি
ষেকার্থক তৈল ও ধূপার্থক সুগন্ধি দ্রব্য ও আবা
সের দ্বারের পরদা [৩৯] এবং পিত্তলের বেদি
ও তাহার পিত্তলময় জাল ও তাহার সাইঙ্গ ও
তাহার সকল পাত্র ও প্রক্ষালনপাত্র ও তাহার
পায়া। [৪০] এবং উঠানের পরদা ও তাহার
থাম ও তাহার চুঙ্গি এবং উঠানের দ্বারের পর
দা ও তাহার রসী ও তাহার গোঁজ এবং মণ্ডলীর
তাম্বুর জন্যে আবাসের সেবার্থক সকল পাত্র।
[৪১] পবিত্র স্থানেতে সেবার কারণ সেবার্থক
বস্ত্র ও আহরোণযাজকের পবিত্র বস্ত্র ও তাহার
পুত্রেরদের যাজনার্থ বস্ত্র। [৪২] যাহা২ য়িহুহ
মোশহ্‌কে আজ্ঞা করিয়াছিলেন তদনুসারে য়িশ্‌
রাএলের সন্তানেরা সকল কর্ম্ম নিষ্পন্ন করিল।
[৪৩] পরে মোশহ্‌ সে সকল ক্রিয়া দৃষ্টি করিল
তাহাতে দেখ য়িহুহ যেমন আজ্ঞা করিয়াছিলেন
তেমনই তাহারা তাহা করিয়াছে তদ্রূপেই করি
য়াছে পরে মোশহ্‌ তাহারদিগকে আশীর্ব্বাদ
করিল।

৪০ পর্ব্ব।

[১] অপর য়িহুহ মোশহকে কহিলেন [২] প্র
থম মাসের প্রথম দিবসে তুমি মণ্ডল্যাবাসের তাম্বু
খাড়া করিবা [৩] এবং তাহার মধ্যে তুমি সাক্ষ্যের
সিন্দুক থুইবা ও পরদা দিয়া সিন্দুক ঢাকিবা [৪]
পরে তুমি মেজ ভিতরে আনিবা ও তাহার উ
পর তন্নিরূপণীয় নিরূপণ করিবা এবং তুমি দীপ
গাছা ভিতরে আনিয়া তাহার প্রদীপ জবালি
বা। [৫] এবং তুমি ধূপার্থক স্বর্ণের বেদি সা
ক্ষ্যসিন্দুকের সম্মুখে রাখিবা এবং দ্বারের পরদা
আবাসে রাখিবা। [৬] এবং মণ্ডলীর তাম্বুর আ
বাসের দ্বারের সম্মুখে তুমি যজ্ঞবেদি রাখিবা
[৭] এবং মণ্ডলীর তাম্বুর এবং বেদির মধ্যে তুমি
প্রক্ষালনপাত্র রাখিবা ও তাহাতে জল দিবা। [৮]
এবং চারিদিগে তুমি উঠানের বেড় খাড়া করিবা
ও পরদা উঠানের দ্বারে লট্‌কাইবা। [৯] অপর
তুমি অভিষেকার্থ তৈল লইয়া আবাস ও তাহার
মধ্যস্থিত সকল বস্তু অভিষেক করিবা ও তাহা
ও তাহার সমুদায় পাত্র পবিত্র করিবা তাহাতে
তাহা পবিত্র হইবে। [১০] এবং তুমি যজ্ঞবেদি
ও তাহার সকল পাত্রের অভিষেক করিবা এবং
বেদি পবিত্র করিবা তাহাতে তাহা অতিপবিত্র
বেদি হইবে। [১১] এবং তুমি প্রক্ষালনপাত্র
ও তাহার পায়া অভিষেক করিয়া তাহা পবিত্র
করিবা।

[১২] অপর তুমি আহরোণকে ও তাহার পু
ত্রেরদিগকে মণ্ডল্যাবাসের দ্বারের নিকটে আনি
য়া জলেতে তাহারদিগকে স্নান করাইবা। [১৩]
পরে তুমি আহরোণকে পবিত্রবস্ত্রান্বিত করিয়া
তাহাকে অভিষেক করিয়া তাহাকে পবিত্র করি
বা যে সে আমার উদ্দেশে যাজকের কর্ম্ম করে।
[১৪] পরে তাহার পুত্রেরদিগকে আনিয়া তা
হারদিগকে আঙ্গরাখা পরাইবা। [১৫] এবং
তাহারদের পিতাকে যেমন অভিষেক করিয়া
ছিলা তেমন তাহারদিগকে অভিষেক করিবা যে
তাহারা আমার উদ্দেশে যাজনকর্ম্মেতে সেবা
করে যেহেতুক তাহারদের সে অভিষেক পুরু
ষানুক্রমে নিশ্চয় তাহারদের নিত্যযাজকতাই হই
বে। [১৬] এতদ্রূপে মোশহ্‌ করিল যেমন য়ি
হুহ তাহাকে আজ্ঞা করিয়াছিলেন তেমনই সে
করিল।

[১৭] অপর এমত হইল দ্বিতীয় বৎসরের প্রথম
মাসের প্রথম দিবসে আবাস খাড়া করা গেল
[১৮] এবং মোশহ্‌ আবাস খাড়া করিল ও তা
হার চুঙ্গি বদ্ধ করিয়া তাহার তক্তা খাড়া করিল
এবং তাহার সাইঙ্গ প্রবেশ করাইয়া তাহার
থাম খাড়া করিল। [১৯] পরে সে ঐ আবা

সের উপরে তাম্বু বিস্তার করিল এবং যেমন য়ি
হুহ মোশহ্কে আজ্ঞা করিয়াছিলেন তেমন
ঊর্দ্ধে তাহার তাম্বুর আচ্ছাদন রাখিল।
[২০] পরে সে সাক্ষ্য পুস্তক লইয়া সিন্দুকেতে
থুইল এবং সিন্দুকের উপরে সাইঙ্গ রাখিয়া
ঊর্দ্ধে সিন্দুকের উপরে আবরণ রাখিল। [২১]
পরে যেমন য়িহুহ মোশহ্কে আজ্ঞা করিয়াছি
লেন তেমন সে সিন্দুক আবাসেতে আনিল এবং
আবরণার্থে পরদা খাড়া করিয়া সাক্ষ্যের সিন্দুক
আচ্ছাদন করিল।
[২২] পরে আবাসের পার্শ্বে উত্তরদিগে সে
পরদার বাহিরে মণ্ডলীর তাম্বুতে মেজ রাখিল।
[২৩] এবং য়িহুহ মোশহ্কে যেমত আজ্ঞা করি
য়াছিলেন সেমত সে রুটি য়িহুহের সম্মুখে তা
হার উপরে ব্যবস্থাপূর্ব্বক রাখিল।
[২৪] পরে মেজের সম্মুখে আবাসপার্শ্বে
দক্ষিণদিগে মণ্ডলীর তাম্বুতে সে দীপগাছা রা
খিল। [২৫] এবং য়িহুহ মোশহ্কে যেমন
আজ্ঞা করিয়াছিলেন তেমন সে য়িহুহের সম্মুখে
প্রদীপ জ্বালিল।
[২৬] পরে মণ্ডলীর তাম্বুতে পরদার সম্মুখে
সে ঐ স্বর্ণের বেদি রাখিল। [২৭] এবং য়িহুহ
মোশহ্কে যেমন আজ্ঞা করিয়াছিলেন তেমন
সে তাহার উপরে সুগন্ধি ধূপ পোড়াইল।
[২৮] এবং আবাসের দ্বারে সে ঐ পরদা
খাড়া করিল। [২৯] পরে যেমন য়িহুহ মো
শহ্কে আজ্ঞা করিয়াছিলেন তেমন মণ্ডলীর তা
ম্বুর আবাসদ্বারনিকটে সে যজ্ঞবেদি রাখিয়া
তাহার উপরে হব্য ও উপকরণ নিবেদন করিল।
[৩০] এবং মণ্ডলীর তাম্বুর ও বেদির মধ্যস্থানে
সে ঐ স্নানপাত্র রাখিল ও প্রক্ষালনার্থক জল তা
হাতে রাখিল। [৩১] তাহাতে মোশহ্ ও আ
হরোণ ও তাহার পুত্রেরা আপন২ হাত ও আ
পন২ পা প্রক্ষালন করিল। [৩২] যখন তাহারা
মণ্ডলীর তাম্বুতে প্রবিষ্ট হইল ও যখন তাহারা
বেদির নিকটবর্ত্তী হইল তখন যেমন য়িহুহ মো
শহ্কে আজ্ঞা করিয়াছিলেন তেমন তাহারা
গাত্র ধুইল। [৩৩] অপর আবাসের ও বেদির
চারি দিগে সে উঠানের বেড় খাড়া করিল ও উঠা
নের দ্বারের পরদা খাড়া করিল এতদ্রূপে মো
শহ্ ঐ কার্য্য সমাপ্ত করিল
[৩৪] অপর এক মেঘ মণ্ডলীর তাম্বু আচ্ছা
দন করিল ও য়িহুহের মহিমা আবাস পরিপূর্ণ
করিল। [৩৫] এবং মোশহ্ মণ্ডলীর তাম্বুতে প্র
বেশ করিতে পারিল না যেহেতুক মেঘ তাহার
উপরে অবস্থিতি করিল এবং য়িহুহের মহিমা
আবাস পরিপূর্ণ করিল। [৩৬] পরে যখন মেঘ
আবাসের উপরহইতে নীত হইল তখন য়িশ্রা
এলের সন্তানেরা আপনারদের প্রত্যেক যাত্রা
তে অগ্রসর হইল। [৩৭] কিন্তু যদি মেঘ ঊর্দ্ধে
নীত না হইত তবে যাবৎ ঊর্দ্ধে নীত না হইত
তাবৎ তাহারা যাত্রা করিত না।
[৩৮] যেহেতুক য়িশ্রাএলের সকল বংশের
গোচরে তাহারদের সকল যাত্রাতে দিবসে য়িহু
হের মেঘ এবং রাত্রিতে অগ্নি আবাসের উপরে
অবস্থিতি করিল।

---

# লৈবব্যবস্থাখ্য মোশহের তৃতীয় পুস্তক।

## ১ প্রথম পর্ব্ব।

[১] অপর য়িহুহ মোশহ্কে ডাকিলেন ও ম
ণ্ডল্যাবাসে থাকিয়া তাহাকে এ কথা কহিলেন।
[২] য়িশ্রাএলের সন্তানেরদিগকে কহ ও তা
হারদিগকে বল তোমারদের মধ্যে যদি কোন ম
নুষ্য য়িহুহের নিকটে নৈবেদ্য আনে তবে তো
মরা পশুপালহইতে অর্থাৎ গরু এবং মেষাদি
পালহইতে তোমারদের নৈবেদ্য আনিবা। [৩]
যদি তাহার নৈবেদ্য পালহইতে হোমার্থ হয়
তবে সে নিখুঁত এক পুরুষ হোমরূপে নিবেদন
করিবে সে স্বেচ্ছাপূর্ব্বক য়িহুহের সম্মুখে মণ্ডল্যা
বাসদ্বারের নিকটে তাহা নিবেদন করিবে। [৪]
এবং সে আপন হাত হব্যের মাথার উপরে রা
খিবে তাহাতে তাহার কারণ প্রায়শ্চিত্তার্থে তাহা
গৃহীত হইবে। [৫] পরে সে য়িহুহের সম্মুখে
ঐ বাছুরকে মারিবে এবং আহরোণের সন্তান
যাজকেরা সে রক্ত আনিয়া মণ্ডল্যাবাসদ্বারের

নিকটস্থিত বেদির উপরে চতুর্দ্দিগে ছিটাইবে।
[৬] পরে সে হব্যের চর্ম্ম উখাড়িয়া তাহা খণ্ড২
করিবে। [৭] এবং আহরোণযাজকের পুত্রেরা
বেদির উপরে আগুন দিয়া আগুনের উপরে
কাষ্ঠ সাজাইবে। [৮] এবং আহরোণের পুত্র
যাজকেরা সে খণ্ড বিশেষতঃ মাথা ও চরবি বে
দ্যুপরিস্থ অগ্ন্যুপরিস্থিত কাষ্ঠের উপরেতে সা
জাইয়া রাখিবে। [৯] কিন্তু তাহার নাড়ী ও
তাহার পা সে জলেতে ধুইবে পরে যাজক য়িহু
হের উদ্দেশে হব্যার্থে অর্থাৎ অগ্নিকৃত সুগন্ধি নৈ
বেদ্যার্থে বেদিতে সকল পোড়াইয়া ফেলিবে।
[১০] অপর হোমার্থে তাহার নৈবেদ্য যদি
পালহইতে অর্থাৎ মেষপালহইতে কিম্বা ছাগল
পালহইতে হয় তবে সে তাহা নিখুঁত পুরুষ আ
নিবে। [১১] এবং বেদির পার্শ্বে উত্তরদিগে সে
য়িহুহের সম্মুখে তাহাকে মারিবে এবং আহ
রোণের পুত্রযাজকেরা বেদির উপরে চারিদিগে
তাহার রক্ত ছিটাইবে। [১২] পরে সে তাহাকে
তাহার মাথার ও তাহার চরবির সহিত খণ্ড২
করিবে এবং যাজক বেদ্যুপরিস্থ অগ্ন্যুপরিস্থিত
কাষ্ঠের উপরে তাহা সাজাইয়া রাখিবে। [১৩]
কিন্তু সে নাড়ী ও পা জলেতে ধুইবে এবং যা
জক সে সকল আনিয়া বেদির উপরে পোড়াই
বে তাহাই হব্য অর্থাৎ য়িহুহের উদ্দেশে সুগন্ধি
অগ্নিকৃত নৈবেদ্য।
[১৪] অপর য়িহুহের উদ্দেশে নিবেদনার্থে
যদি তাহার হব্য পক্ষিহইতে হয় তবে সে ঘুঘু
হইতে কিম্বা কবুতরের বাচ্চাহইতে আপনার
নৈবেদ্য আনিবে। [১৫] পরে যাজক তাহা
বেদির নিকটে আনিয়া তাহার মস্তক মোচড়িয়া
ফেলিয়া বেদির উপরে তাহা পোড়াইবে এবং
তাহার রক্ত বেদির পার্শ্বে নিংড়ান যাবে।
[১৬] পরে সে তাহার পাখার সহিত তাহার গল
পিণ্ড ছিঁড়িয়া বেদিসমীপে পূর্ব্বদিগে ভস্মস্থানের
নিকটে ফেলিয়া দিবে। [১৭] পরে সে তাহার
ডেনার সহিত তাহাকে ছেদন করিবে কিন্তু তাহা
দুই ভাগ করিবে না এবং যাজক বেদ্যুপরিস্থ অ
গ্ন্যুপরিস্থিত কাষ্ঠের উপরে তাহা পোড়াইবে
তাহাই হব্য অর্থাৎ য়িহুহের উদ্দেশে সুগন্ধিকর
অগ্নিকৃত হোমরূপ নৈবেদ্য।

২ পর্ব্ব।

[১] অপর যখন কোন কেহ য়িহুহের উদ্দে
শে উপকরণ নিবেদন করে তখন তাহার নৈবে
দ্য সূক্ষ্ম সুজিতে হইবে এবং সে তাহার উপরে
তৈল ঢালিবে ও তাহার উপরে কুন্দুরু রাখিবে।
[২] পরে সে আহরোণের পুত্র যাজকেরদের
নিকটে তাহা আনিবে এবং সে তাহাহইতে
সূক্ষ্ম সুজির এক মুষ্টি ও তৈলের কিঞ্চিৎ এবং
সমস্ত কুন্দুরু লইবে য়িহুহের উদ্দেশে সুগন্ধিকর
অগ্নিকৃত হোমরূপ নৈবেদ্যার্থে যাজক তৎস্মার
কাংশ বেদির উপরে পোড়াইবে। [৩] এবং
সে উপকরণের অবশিষ্টাংশ আহরোণের ও তা
হার পুত্রেরদের হইবে য়িহুহের উদ্দেশে অগ্নি
কৃত হোমরূপ নৈবেদ্যের মধ্যে তাহাই অতিপ
বিত্র দ্রব্য।
[৪] অপর যদি তুমি তন্দুরে পাককরা উপ
করণের নৈবেদ্য আন তবে তাহা তৈলমিশ্রিত
সূক্ষ্ম সুজির বেখমির পিষ্টক কিম্বা তৈলমিশ্রিত
বেখমির সূক্ষ্ম পিষ্টক হইবে।
[৫] এবং যদি তোমার নৈবেদ্য তাওআতে
ভাজা উপকরণ হয় তবে তাহা তৈলমিশ্রিত বেখ
মির সুজির হইবে। [৬] তুমি তাহা খণ্ড২ করি
বা এবং তাহার উপরে তৈল ঢালিবা তাহাই উ
পকরণ।
[৭] এবং যদি তোমার নৈবেদ্য তাওআতে
ভাজা উপকরণ হয় তবে তাহা তৈলমিশ্রিত সু
জিতে হইবে। [৮] পরে সেই২ দ্রব্যেতে কৃত
উপকরণ তুমি য়িহুহের নিকটে আনিবা। এবং
তাহা যাজকের নিকটে দেওয়া গেলে পর সে তা
হা বেদির নিকটে আনিবে। [৯] এবং যাজক
তৎস্মারকাংশার্থে ঐ উপকরণের কিছু লইয়া
বেদিতে পোড়াইবে তাহাই য়িহুহের উদ্দেশে সু
গন্ধিকর অগ্নিকৃত হোমরূপ নৈবেদ্য। [১০]
এবং উপকরণের অবশিষ্টাংশ আহরোণের ও
তাহার পুত্রেরদের হইবে সে য়িহুহের উদ্দেশে
অগ্নিকৃত হোমরূপ নৈবেদ্যের মধ্যে অতিপবিত্র
দ্রব্য। [১১] য়িহুহের উদ্দেশে আনীত কোন
উপকরণ খমিরযুক্ত হইবে না যেহেতুক তোম
রা য়িহুহের উদ্দেশে অগ্নিকৃত হোমরূপ নৈবে
দ্যেতে কোন খমির কিম্বা মধু জ্বালিবা না।
[১২] কিন্তু প্রথম ফলের নৈবেদ্যের এই বিধি
তোমরা য়িহুহের উদ্দেশে তাহা নিবেদন করিবা
কিন্তু সুগন্ধার্থে বেদিতে তাহা জ্বালান যাইবে
না।
[১৩] অপর তোমার উপকরণের প্রত্যেক নৈ
বেদ্য তুমি লবণাক্ত করিবা এবং তোমার উপকর
ণেতে তোমার ঈশ্বরের নিয়মিত লবণ ন্যূন করি
বা না তোমার সকল নৈবেদ্যের সহিত তুমি
লবণ নিবেদন করিবা। [১৪] এবং যদি তো
মার প্রথম ফলের উপকরণ য়িহুহের উদ্দেশে
নিবেদন কর তবে কোমল ও অগ্নিতে শুষ্কীভূত
সম্পূর্ণ শীষহইতে মর্দ্দিত শস্য তোমার প্রথম ফ
লের উপকরণার্থে নিবেদন করিবা। [১৫]
এবং তুমি তাহার উপরে তৈল দিবা এবং তা

হার উপরে কুন্দুরু রাখিবা তাহাই এক উপকরণ। [১৬] এবং যাজক তৎস্মারকাংশ অর্থাৎ তাহার মাড়া শস্যের কিছু ও তাহার তৈলের কিছু এবং তাহার সকল কুন্দুরু পোড়াইবে তাহাই য়িহুহের উদ্দেশে দহ্য নিবেদন।

৩ পর্ব্ব।

[১] অপর যদি তাহার নৈবেদ্য স্বস্ত্যয়নীয় হয় যদি সে গোমেষাদি পালহইতে নিবেদন করে তবে পুরুষ কিম্বা স্ত্রী হউক সে য়িহুহের সম্মুখে তাহা নিখুঁত নিবেদন করিবে। [২] পরে সে আপন নৈবেদ্যের মাথার উপরে আপন হাত রাখিয়া মণ্ডল্যাবাসদ্বারে তাহা মারিবে এবং আহরোণের পুত্রযাজকেরা রক্ত লইয়া বেদির উপরে চারিদিগে ছিটাইবে। [৩] পরে সে স্বস্ত্যয়নীয়হইতে য়িহুহের উদ্দেশে দহ্য হোমরূপ নিবেদন হব্য করিবে অর্থাৎ নাড়ীঢাকা চরবি ও আঁতোপরিস্থিত সকল চরবি। [৪] এবং দুই মেটিয়া ও তদুপরিস্থিত পার্শ্বস্থ চরবি ও যকৃদুপরিস্থিত অন্ত্রাপ্লাবক মেটিয়ার সহিত সে ছড়িয়া লইবে। [৫] পরে আহরোণের পুত্রেরা বেদিতে অগ্ন্যপরিস্থ কাষ্ঠোপরিস্থিত হব্যোপরি তাহা পোড়াইবে তাহাই য়িহুহের উদ্দেশে সুগন্ধিকর দহ্য নিবেদন।

[৬] অপর য়িহুহের উদ্দেশে যদি তাহার স্বস্ত্যয়নীয় হব্যার্থক নৈবেদ্য মেষাদিপালহইতে হয় তবে পুরুষ কিম্বা স্ত্রী হউক সে তাহা নিখুঁত নিবেদন করিবে। [৭] যদি সে আপনার নিবেদনার্থে মেষের বাচ্চা নৈবেদ্য করে তবে সে তাহা য়িহুহের উদ্দেশে নিবেদন করিবে। [৮] এবং সে আপন নৈবেদ্যের মস্তকের উপরে আপন হাত রাখিয়া মণ্ডল্যাবাসের সম্মুখে তাহা মারিবে এবং আহরোণের পুত্রেরা চারিদিগে বেদির উপরে তাহার রক্ত ছিটাইবে। [৯] এবং স্বস্ত্যয়নীয় হব্যহইতে সে য়িহুহের উদ্দেশে দহনীয় নৈবেদ্য নিবেদন করিবে অর্থাৎ তাহার চরবি ও তাহার সমস্ত পাছা সে দাঁড়ার নিকট হইয়া ছড়িয়া লইবে ও নাড়ীঢাকা চরবি ও নাড্যুপরিস্থিত সমস্ত চরবি। [১০] ও দুই মেটিয়া ও তদুপরিস্থিত পার্শ্বস্থ চরবি ও যকৃদুপরিস্থিত অন্ত্রাপ্লাবক মেটিয়ার সহিত তাহা ছড়িয়া লইবে। [১১] এবং যাজক তাহা বেদিতে পোড়াইবে তাহাই য়িহুহের উদ্দেশে অগ্নিকৃত হোমরূপ ভক্ষ্য।

[১২] অপর যদি তাহার নৈবেদ্য ছাগল হয় তবে সে তাহা য়িহুহের উদ্দেশে নিবেদন করিবে। [১৩] এবং সে তাহার মাথার উপরে আপন হাত রাখিবে ও মণ্ডল্যাবাসের সম্মুখে তাহাকে মারিবে এবং আহরোণের পুত্রেরা বেদির উপরে চারি দিগে তাহার রক্ত ছিটাইবে।

[১৪] পরে সে তাহাহইতে আপনার নৈবেদ্য অর্থাৎ দহনীয় নৈবেদ্য য়িহুহের উদ্দেশে নিবেদন করিবে অর্থাৎ নাড়ীঢাকা চরবি ও নাড্যুপরিস্থিত সমস্ত চরবি ও দুই মেটিয়া ও তদুপরিস্থিত পার্শ্বস্থ চরবি ও যকৃদুপরিস্থিত চরবি দুই মেটিয়ার সহিত তাহা ছড়িয়া লইবে। [১৫] এবং যাজক সে সকল বেদিতে পোড়াইবে তাহাই সুগন্ধ্যর্থক অগ্নিতে কৃত হোমরূপ ভক্ষ্য সমস্ত চরবি য়িহুহের। [১৬] তোমারদের পুরুষানুক্রমে তোমারদের সকল নিবাসেতে এই এক নিত্য বিধি যে তোমরা কিছু চরবি কিম্বা রক্ত খাইবা না।

৪ পর্ব্ব।

[১] অনন্তর য়িহুহ মোশহ্‌কে কহিলেন [২] য়িশ্রাএলের সন্তানেরদিগকে কহ যদি কোন প্রাণী অজ্ঞানতো নিষেধবিষয়ক য়িহুহের কোন আজ্ঞার বিপরীতে পাপ করে এবং তাহার মধ্যে একেরও বিপরীতাচরণ করে। [৩] অভিষিক্ত যাজক যদি লোকেরদের পাপের মত পাপ করে তবে সে আপনার কৃত পাপপ্রযুক্ত নিখুঁত এক গোবৎস পাপনাশার্থে য়িহুহের উদ্দেশে আনিবে। [৪] পরে সে ঐ বাছুরকে মণ্ডল্যাবাসের দ্বারনিকটে য়িহুহের সম্মুখে আনিবে এবং সে বাছুরের মাথার উপরে আপন হাত দিয়া য়িহুহের সম্মুখে বাছুরকে মারিবে। [৫] পরে অভিষিক্ত যাজক ঐ বাছুরের রক্তহইতে কিছু লইয়া মণ্ডল্যাবাসের নিকটে আনিবে। [৬] এবং যাজক আপনার অঙ্গুলি সে রক্তেতে ডুবাইয়া য়িহুহের সম্মুখে পবিত্র স্থানের পরদার সম্মুখে সাতবার সে রক্তের কিছু ছিটাইবে। [৭] পরে যাজক সে রক্তহইতে কিছু লইয়া মণ্ডল্যাবাসের মধ্যস্থিত যজ্ঞবেদির শৃঙ্গের উপরে য়িহুহের সম্মুখে দিবে এবং বাছুরের সমস্ত রক্ত লইয়া মণ্ডল্যাবাসের দ্বারস্থিত হোমবেদির মূলে ঢালিবে। [৮] অপর স্বস্ত্যয়ন যজ্ঞের গরুহইতে যেমন ছড়িয়া লওয়া গিয়াছিল তেমন সে পাপঘ্ন বাছুরের সমস্ত চরবি ছড়িয়া লইবে অর্থাৎ নাড়ীঢাকা চরবি ও আঁতোপরিস্থিত সকল চরবি [৯] ও দুই মেটিয়া ও তদুপরিস্থিত পার্শ্বস্থ চরবি ও যকৃদুপরিস্থিত অন্ত্রাপ্লাবক মেটিয়ার সহিত তাহা ছড়িয়া লইবে। [১০] এবংযাজক যজ্ঞবেদির উপরে তাহা পোড়াইবে। [১১] পরে বাছুরের চর্ম্ম ও তাহার সকল মাংস ও তাহার মাথা ও তাহার পা ও তাহার আঁত ও তাহার গোময় [১২] বিশেষতঃ সকল বাছুরকে সে ছাউনির বাহিরে এক পবিত্র স্থানে অর্থাৎ ভস্মক্ষেপস্থানে আনিয়া কাষ্ঠের উপ

রে তাহা অগ্নি দিয়া পোড়াইবে অর্থাৎ যে স্থা
নে ভস্ম ক্ষিপ্ত হয় সে স্থানে তাহা পোড়ান যাই
বে।

[১৩] অপর যদি য়িশ্রাএলের সমস্ত মণ্ডলী
অজ্ঞানতঃ পাপ করে ও সে ক্রিয়া মণ্ডলীর দৃ
ষ্টির অগোচর হয় এবং যাহা কর্ত্তব্য নয় য়িহু
হের কোন আজ্ঞার প্রতিকূলে এমত কোন কর্ম্ম
করিয়া তাহারা যদি দোষী হয় [১৪] তদাজ্ঞাবি
রুদ্ধে তাহারদের কৃত পাপ যখন জ্ঞাত হয় তখ
ন সে পাপপ্রযুক্ত মণ্ডলী এক বৎস নিবেদন
করিবে ও তাহাকে মণ্ডল্যাবাসের সম্মুখে আনি
বে। [১৫] এবং মণ্ডলীর প্রাচীনেরা য়িহুহের
সম্মুখে আপন২ হাত সে বাছুরের মাথার উপ
রে দিবে এবং সে বাছুর য়িহুহের সম্মুখে মারা
যাইবে। [১৬] পরে অভিষিক্ত যাজক সে বা
ছুরের রক্ত লইয়া মণ্ডল্যাবাসের নিকটে আনি
বে। [১৭] এবং যাজক আপন অঙ্গুলি সে
রক্তেতে ডুবাইয়া য়িহুহের সম্মুখে অর্থাৎ পর
দার সম্মুখে সাতবার ছিটাইবে। [১৮] পরে
সে রক্তের কিঞ্চিৎ লইয়া সে য়িহুহের সম্মুখে ম
ণ্ডল্যাবাসের মধ্যস্থিত বেদির শৃঙ্গের উপরে দিবে
এবং মণ্ডল্যাবাসের দ্বারনিকটস্থিত যজ্ঞবেদির
মূলসমীপে সমস্ত রক্ত ঢালিয়া দিবে। [১৯] এবং
তাহার সমস্ত চরবি সে তাহাহইতে ছড়িয়া লই
য়া বেদির উপরে পোড়াইবে। [২০] এবং পা
পঘ্ন বাছুরকে লইয়া সে যেমন করিয়াছে তেমন
সে এই বাছুরকে লইয়া করিবে ইহা লইয়া সে
তেমনি করিবে এবং যাজক তাহারদের জন্যে
প্রায়শ্চিত্ত করিবে তাহাতে তাহারদের দোষ
ক্ষমা করা যাইবে। [২১] পরে ছাউনির বাহি
রে সে ঐ বাছুরকে বহিয়া ফেলিবে ও যেমন প্র
থম বাছুরকে পোড়াইয়াছে তেমন সে তাহা
পোড়াইবে তাহাই মণ্ডলীর পাপঘ্ন নিবেদন।

[২২] অপর যখন কোন অধ্যক্ষ পাপ করে
এবং যাহা কর্ত্তব্য নয় আপন ঈশ্বর য়িহুহের
কোন আজ্ঞার প্রতিকূলে অজ্ঞানতঃ এমন কিছু
করে ও দোষী হয়। [২৩] কিম্বা যদ্বিষয়ে সে
পাপ করিয়াছে তাহা যখন তাহার জ্ঞানে আই
সে তখন সে আপন নৈবেদ্যার্থে নিখুঁত এক
পাঁঠা ছাগল আনিবে। [২৪] পরে সে আপন
হাত ঐ ছাগলের মাথার উপরে রাখিবে ও যে
স্থানে হব্য মারে সে স্থানে য়িহুহের সম্মুখে তা
হা মারিবে তাহাই পাপঘ্ন নিবেদন। [২৫]
পরে যাজক সে পাপঘ্নের রক্ত কিছু লইয়া আ
পন অঙ্গুলি দিয়া যজ্ঞবেদির শৃঙ্গের উপরে দিবে
এবং তাহার রক্ত যজ্ঞবেদির মূলসমীপে ঢালিয়া
দিবে। [২৬] এবং স্বস্ত্যয়নীয় বলির চরবি যে
মত সেমত তাহার সকল চরবি বেদিতে পোড়া
ইবে এবং যাজক তাহার পাপবিষয়ে প্রায়শ্চিত্ত
করিবে তাহাতে সে পাপ তাহার প্রতি ক্ষমা করা
যাইবে।

[২৭] অপর সামান্য লোকেরদের মধ্যে যদি
কোন কেহ য়িহুহের কোন আজ্ঞার বিপরীতে
অজ্ঞানতো অকর্ত্তব্যবিষয়ক পাপ করিয়া দোষী
হয়। [২৮] কিম্বা তাহার কৃত পাপ যদি তা
হার জ্ঞানগম্য হয় তবে সে আত্মকৃত পাপপ্র
যুক্ত ছাগলেরদের মধ্যহইতে নিখুঁত এক ছাগী
আপনার নৈবেদ্য আনিবে। [২৯] পরে সে
ঐ পাপঘ্নের মাথার উপরে আপন হাত রাখি
য়া হোমস্থানে তাহাকে মারিবে। [৩০] এবং
যাজক আপন অঙ্গুলি দিয়া তাহার রক্তহইতে
কিছু লইয়া যজ্ঞবেদির শৃঙ্গের উপরে দিবে ও তা
হার সকল রক্ত যজ্ঞবেদিমূলে ঢালিয়া দিবে।
[৩১] এবং স্বস্ত্যয়নবলিহইতে চরবি যেমত ছড়া
যায় সেমত তাহার সকল চরবি সে ছড়িয়া লই
বে। এবং যাজক য়িহুহের উদ্দেশে সুগন্ধির
কারণ বেদির উপরে তাহা পোড়াইবে এবং যা
জক তাহার কারণ প্রায়শ্চিত্ত করিবে তাহাতে তা
হা তাহার প্রতি ক্ষমা করা যাইবে। [৩২] অ
পর যদি সে পাপঘ্ন নৈবেদ্যার্থে মেষের বাচ্চা
আনে তবে সে নিখুঁত মেষীকে আনিবে। [৩৩]
পরে সে ঐ পাপঘ্নের মাথার উপরে আপন
হাত রাখিবে ও যে স্থানে হব্য মারে সেস্থানে
পাপনাশক নৈবেদ্যের কারণ তাহাকে মারিবে।
[৩৪] এবং যাজক আপন অঙ্গুলি দিয়া সে পা
পঘ্নের রক্তহইতে কিছু লইয়া যজ্ঞবেদির শৃঙ্গের
উপরে দিবে ও তাহার সকল রক্ত বেদিমূলসমী
পে ঢালিয়া দিবে। [৩৫] পরে যেমন স্বস্ত্যয়
নীয় বলিহইতে মেষের বাচ্চার চরবি ছড়িয়া
লওয়া গিয়াছিল তেমন তাহার সকল চরবি সে
ছড়িয়া লইবে ও বেদিতে দহনীয়ানুসারে যাজক
সে সকল য়িহুহের উদ্দেশে পোড়াইবে এবং যা
জক তাহার কৃত পাপবিষয়ে প্রায়শ্চিত্ত করিবে
তাহাতে সে তাহাহইতে মুক্ত হইবে।

৫ পর্ব্ব।

[১] অপর যদি কোন প্রাণী পাপ করে অ
র্থাৎ অভিশাপের কথা শুনে ও সাক্ষী হয় যে
তাহা দেখিয়াছে কিম্বা শুনিয়াছে যদি তাহা না
জানায় তবে সে আপন পাপভোগ করিবে।
[২] কিম্বা যদি কোন প্রাণী কোন অপবিত্র দ্রব্য
অর্থাৎ অপবিত্র পশুর শব কিম্বা অপবিত্র গো
মেষাদির শব কিম্বা অপবিত্র উরগের শব স্পর্শ
করে ও তদ্বিষয়ে অজ্ঞাত হয় তবে সে অপবিত্র
ও অপরাধী হইবে। [৩] কিম্বা যদি সে মনু

ষ্যের অপবিত্রতা বিশেষতঃ যে কোন অপবিত্র
তারদ্বারা মনুষ্য অপবিত্র হইতে পারে তাহা যদি
স্পর্শ করে ও তদ্বিষয়ে অজ্ঞাত হয় তবে সে তদ্বি
ষয়জ্ঞ হইয়া অপরাধী হইবে। [৪] অথবা
সুক্রিয়া করিব কিম্বা কুক্রিয়া করিব এই কথা ক
হিয়া যদি কোন প্রাণী আপন মুখেতে দিব্য করে
এবং তাহাহইতে তাহা গুপ্ত হয় তবে সে তাহা
জ্ঞাত হইয়া ইহার মধ্যে এক বিষয়ে অপরা
ধী হইবে। [৫] এবং ইহার মধ্যে সে এক
বিষয়ে অপরাধী হইয়া সে যে তদ্বিষয়ে পাপ
করিয়াছে ইহা স্বীকার করিবে। [৬] তাহাতে
সে অজ্ঞানকৃত পাপপ্রযুক্ত আপন অপরাধঘ্ন
নৈবেদ্য য়িহুহের নিকটে আনিবে পালহইতে
এক স্ত্রী অর্থাৎ পাপনাশার্থে মেষের কিম্বা ছা
গলের এক বাচ্চা আনিবে তাহাতে যাজক তা
হার পাপবিষয়ে তাহার প্রায়শ্চিত্ত করিবে।
[৭] অপর সে যদি মেষের বাচ্চা আনিতে না
পারে তবে অজ্ঞানকৃত অপরাধহেতুক সে দুই
ঘুঘু কিম্বা দুই কবুতরের বাচ্চা য়িহুহের নিকটে
আনিবে তাহার একটা পাপনাশের কারণ ও
একটা হোমের কারণ। [৮] পরে সে তাহার
দিগকে যাজকের নিকটে আনিবে ও সে ঐ পা
পঘ্ন নৈবেদ্য প্রথমে নিবেদন করিবে ও তাহার
গলাহইতে তাহার মুণ্ড মোচড়াইয়া ফেলিবে
কিন্তু তাহা দুই ভাগ করিবে না। [৯] এবং সে
ঐ পাপঘ্নের রক্তের কিঞ্চিৎ লইয়া বেদির পা
র্শ্বেতে ছিটাইবে ও অবশিষ্ট রক্ত বেদির মূলনি
কটে নিংড়াইয়া ফেলিবে তাহাই পাপঘ্ন নিবে
দন। [১০] পরে বিধ্যনুসারে সে ঐ দ্বিতীয়কে
হোমস্বরূপ নিবেদন করিবে এবং যাজক তৎকৃত
পাপপ্রযুক্ত তাহার নিমিত্তে প্রায়শ্চিত্ত করিবে
তাহাতে তাহা তাহার প্রতি ক্ষমা করা যাইবে।
[১১] কিন্তু যদি সে দুই ঘুঘু কিম্বা দুই কবুত
রের বাচ্চা না আনিতে পারে তবে সে আপন
পাপের কারণ পাপনাশার্থে এফাহের দশমাংশ
সুজি আপন নৈবেদ্যার্থে আনিবে সে তাহার উ
পরে তৈল দিবে না ও তাহার উপরে কিছু কু
ন্দুরু দিবে না কেননা তাহাই পাপঘ্ন নৈবেদ্য।
[১২] পরে সে তাহা যাজকের নিকটে আনিবে
এবং যাজক তাহাহইতে এক মুষ্টি অর্থাৎ তৎ
স্মারকাংশ লইবে এবং য়িহুহের উদ্দেশে কৃত
দহ্য নিবেদনব্যবস্থানুসারে বেদিতে তাহা পোড়া
ইবে তাহাই পাপঘ্ন। [১৩] এবং যাজক তাহার
কৃত পাপবিষয়ে তাহার নিমিত্তে ইহার মধ্যে
এক বিষয়ে প্রায়শ্চিত্ত করিবে তাহাতে সে তদ্বিষ
য়ে মুক্ত হইবে এবং অবশিষ্ট দ্রব্য উপকরণানু
সারে যাজকেরদের হইবে



[১৪] য়িহুহ মোশহ্‌কে কহিলেন [১৫] যদি
কোন প্রাণী লঙ্ঘনাপরাধ করিয়া অজ্ঞানতঃ য়ি
হুহের পবিত্র বস্তুবিষয়ে পাপ করে তবে সে আ
পন অপরাধের কারণ য়িহুহের উদ্দেশে পবিত্র
শেকেলানুসারে রূপাশেকেলেতে তোমার নিরূ
পিত মূল্যের সহিত অপরাধনাশের কারণ পাল
হইতে নিখুঁত এক মেষ আনিবে। [১৬] এবং
পবিত্র বস্তুবিষয়ে যে ক্ষতি করিয়াছে তদ্বিষয়ে
সে নিশা করিবে। পরে তাহাতে পঞ্চমাংশ
অধিক দিয়া তাহা যাজককে দিবে এবং যাজক
অপরাধঘ্ন মেষদ্বারা তাহার নিমিত্তে প্রায়শ্চিত্ত
করিবে তাহাতে সে তাহাহইতে মুক্ত হইবে।
[১৭] অপর য়িহুহের সকল আজ্ঞার মধ্যে
একের প্রতিকূলে যদি কোন প্রাণী অকর্ত্তব্যবিষ
য়ক পাপ করে তাহা না জানিলেও সে অপরা
ধী হইবে ও আপন পাপভোগ করিবে। [১৮]
এবং সে তোমার বিচারিত মূল্যেতে পালহইতে
নিখুঁত এক মেষ অপরাধনাশের কারণ যাজ
কের নিকটে আনিবে এবং সে অজ্ঞানতো যে
দোষ করিয়াছে তাহার সে অজ্ঞানকৃত পাপপ্র
যুক্ত যাজক প্রায়শ্চিত্ত করিবে তাহাতে তাহা
তাহার প্রতি ক্ষমা করা যাইবে। [১৯] তাহাই
অপরাধঘ্ন সে য়িহুহের বিপরীতে নিতান্ত অপ
রাধ করিয়াছে।

৬ পর্ব্ব।

[১] অনন্তর য়িহুহ মোশহ্‌কে কহিলেন যদি
কোন প্রাণী পাপ করিয়া থাকে ও য়িহুহের বিপ
রীতে লঙ্ঘনাপরাধ করে। [২] এবং আপন
প্রতিবাসির নিকটে ন্যাসেতে কিম্বা অংশেতে
কিম্বা অপহারেতে মিথ্যা কথা কহে কিম্বা আ
পন প্রতিবাসিকে বঞ্চনা করে। [৩] কিম্বা হারাণ
দ্রব্য পাইয়া তদ্বিষয়ে মিথ্যা কথা কহে ও মিথ্যা
দিব্য করে ইহার মধ্যে যে কোন বিষয়ে কোন ম
নুষ্য পাপী হয় [৪] তবে এমত হইবে পাপ করি
য়া অপরাধীহওয়াপ্রযুক্ত সে যাহা বল করিয়া
লইয়াছে কিম্বা যে বস্তু কপটেতে পাইয়াছে
কিম্বা তাহার নিকট যাহা গছান গিয়াছে কি
ম্বা যে হারাণ বস্তু পাইয়াছে [৫] কিম্বা যে বি
ষয়ে মিথ্যা দিব্য করিয়াছে সে সকল বস্তু সে ফি
রিয়া দিবে অর্থাৎ তাহার আসল ও তাহাতে
পঞ্চমাংশ অধিক করিয়া তাহার অপরাধঘ্ন নৈ
বেদ্যের দিনে দ্রব্যস্বামিকে দিবে। [৬] এবং
সে য়িহুহের উদ্দেশে তোমার বিচারিত মূল্যের
সহিত পালহইতে অপরাধঘ্ন নিখুঁত এক মেষ
অপরাধনাশের কারণ যাজকের নিকটে আনি
বে। [৭] পরে যাজক য়িহুহের সম্মুখে তা
হার নিমিত্তে প্রায়শ্চিত্ত করিবে তাহাতে সে যে

কোন বিষয়ে অপরাধ করিয়াছে সে তাহহই
তে মুক্ত হইবে।
[৮] অপর য়িহুহ মোশহ্কে কহিলেন আহ
রোণকে ও তাহার পুত্রেরদিগকে আজ্ঞা কর [৯]
যে এই হোমের বিধি সমস্ত রাত্রি প্রাতঃকালপ
র্য্যন্ত বেদির উপরে দহ্যমানহওয়াপ্রযুক্ত তাহাই
হোম এবং তাহাতে বেদির আগুন প্রজ্বলিত থা
কিবে। [১০] এবং যাজক আপন মসিনাবস্ত্র
পরিধান করিবে ও শরীরে আপন মসিনাপা
জামা পরিয়া বেদির উপরিস্থিত অগ্নিকৃত হো
মের ভস্ম তুলিয়া বেদির পার্শ্বে রাখিবে। [১১]
পরে সে আপন বস্ত্রত্যাগ করিবে এবং অন্য
বস্ত্রপরিধান করিয়া ছাউনির বাহিরে পবিত্র স্থা
নে ভস্ম লইয়া যাইবে। [১২] এবং বেদির উপ
রিস্থ অগ্নি তাহাতে প্রজ্বলিতরূপে থাকিবে তাহা
নিবান যাইবে না এবং প্রতিপ্রাতঃকালে যাজক
তাহার উপরে কাষ্ঠ পোড়াইবে ও তাহার উপ
রে হব্যনিরূপণ করিবে ও তাহার উপরে স্বস্ত্যয়
নের চরবি পোড়াইবে। [১৩] বেদিতে অগ্নি সর্ব্ব
দা জ্বলিবে তাহা নির্ব্বাণ কখনো হইবে না।
[১৪] অপর উপকরণের বিধি এই আহ
রোণের পুত্রেরা য়িহুহের সম্মুখে বেদির অগ্রে
তাহা নিবেদন করিবে। [১৫] এবং সে তাহা
হইতে আপন মুষ্টি পূর্ণ করিয়া অর্থাৎ উপকর
ণের সুজিহইতে কিছু ও তাহার তৈলহইতে কিছু
ও উপকরণের উপরিস্থিত সমস্ত কুন্দুরু লইয়া
য়িহুহের উদ্দেশে সুগন্ধ্যর্থে অর্থাৎ তৎস্মারকা
র্থে বেদিতে তাহা পোড়াইবে। [১৬] এবং আ
হরোণ ও তাহার পুত্রেরা তাহার অবশিষ্টাংশ
খাইবে পবিত্র স্থানে বেখমির রুটির সহিত তা
হা খাওয়া যাইবে মণ্ডল্যাবাসের উঠানে তাহা
খাইবে। [১৭] তাহা খমিরেতে পাক করা
যাইবে না অগ্নিতে কৃত আমার নৈবেদ্যহইতে
আমি তাহারদের অংশের কারণ তাহা দিয়াছি
পাপঘ্নের এবং অপরাধঘ্নের ন্যায় তাহা অতি
পবিত্র। [১৮] আহরোণের পুত্রেরদের মধ্যে
সকল পুরুষ তাহা ভোজন করিবে তোমারদের
পুরুষানুক্রমে য়িহুহের অগ্নিকৃত নৈবেদ্যবিষ
য়ে এই এক নিত্য ব্যবস্থা যে কোন লোক তাহা
স্পর্শ করে সে পবিত্র হইবে।
[১৯] অপর য়িহুহ মোশহ্কে কহিলেন
[২০] আহরোণ ও তাহার পুত্রেরা তাহার অভি
ষেকদিনে য়িহুহের উদ্দেশে যে নৈবেদ্য নিবে
দন করিবে তাহা এই উপকরণার্থে এফাহের দশ
মাংশ সূক্ষ্ম সুজি নিত্য প্রাতঃকালে তাহার অর্দ্ধ
ও সন্ধ্যাকালে তাহার অর্দ্ধ। [২১] তাহা তাও
আতে তৈল দিয়া ভাজা যাইবে ভাজা হইলে তা
হা তুমি ভিতরে আনিবা ভাজা উপকরণের খণ্ড
তুমি সুগন্ধ্যর্থে য়িহুহের উদ্দেশে নিবেদন করি
বা। [২২] পরে তাহার পুত্রেরদের মধ্যে যে
জন তাহার স্থানে অভিষিক্ত যাজক হয় সে তাহা
নিবেদন করিবে তাহাই য়িহুহের উদ্দেশে নিত্য
বিধি তাহা সমস্ত পোড়ান যাইবে। [২৩] যেহে
তুক যাজকের নিমিত্তে সকল উপকরণ সমুদায়
পোড়ান যাইবে তাহা খাওয়া যাইবে না।
[২৪] অপর য়িহুহ মোশহ্কে কহিলেন
[২৫] আহরোণকে ও তাহার পুত্রেরদিগকে কহ
যে পাপঘ্ন নিবেদনের এই ব্যবস্থা যে স্থানে হব্য
মারা যায় সে স্থানে য়িহুহের সম্মুখে পাপঘ্ন
মারা যাইবে তাহাই অতিপবিত্র। [২৬] যে যা
জক তাহা পাপনাশার্থে নিবেদন করে সে তাহা
খাইবে তাহা পবিত্র স্থানে মণ্ডল্যাবাসের উঠা
নেতে খাওয়া যাইবে। [২৭] যে কেহ তাহার
মাংসস্পর্শ করে সে পবিত্র হইবে ও যখন তা
হার কিছু রক্ত কোন বস্ত্রের উপরে প্রক্ষিপ্ত হয়
তখন তুমি সে বস্ত্র পবিত্র স্থানে ধুইবা। [২৮]
কিন্তু যে হাঁড়িতে তাহা পাক করা গিয়াছিল
তাহা ভাঙ্গা যাইবে এবং যদি পিত্তলের পাত্রে
তাহার পাক হইয়া থাকে তবে সে মাজা যাইবে
ও জলে পরিষ্কার করা যাইবে। [২৯] যাজ
কেরদের মধ্যে সমস্ত পুরুষ তাহা খাইবে তাহাই
অতিপবিত্র। [৩০] এবং মণ্ডল্যাবাসের পবিত্র
স্থানে প্রায়শ্চিত্ত করিতে যে কোন পাপঘ্নের
রক্ত আনীত হয় তাহা খাওয়া যাইবে না তাহা
অগ্নিতে পোড়ান যাইবে।

৭ পর্ব্ব।

[১] অপর অপরাধঘ্নের বিধি এই তাহাই
অতিপবিত্র [২] যে স্থানে তাহারা হব্য মারে
সেই স্থানে অপরাধঘ্নকে মারিবে ও বেদির উ
পরে চারিদিগে তাহার রক্ত প্রক্ষেপ করিবে [৩]
এবং তাহার সকল চরবি সে নিবেদন করিবে
বিশেষতঃ পাছা ও নাড়ীঢাকা চরবি [৪] ও দুই
মেটিয়া এবং তদুপরিস্থিত পার্শ্বস্থ চরবি ও যকৃদু
পরিস্থিত অন্ত্রাপ্লাবক দুই মেটিয়ার সহিত সে
ছড়িয়া লইবে। [৫] এবং যাজক তাহা বেদিতে
পোড়াইবে তাহা য়িহুহের উদ্দেশে হোমার্থে অ
পরাধঘ্ন নিবেদন। [৬] যাজকেরদের মধ্যে স
কল পুরুষ তাহা খাইবে পবিত্র স্থানে তাহা খা
ওয়া যাবে তাহাই অতিপবিত্র। [৭] যেমন পা
পঘ্ন তেমন অপরাধঘ্ন তাহারদের এক ব্যবস্থা
যে যাজক তাহাতে প্রায়শ্চিত্ত করে তাহা তাহার
হইবে [৮] এবং যে যাজক কাহারো হব্য
নিবেদন করে সে যাজক সে হব্যের চর্ম্ম আপ
নার নিমিত্তে গ্রহণ করিবে। [৯] এবং তন্দুরে

পাককরা ও ভাজিবার কড়াইতে ও তাওআতে
পাককরা সর্ব্বপ্রকার উপকরণ তন্নিবেদনকারি
যাজকের হইবে। [১০] এবং তৈলেতে মি
শ্রিত কিম্বা শুষ্ক সমস্ত উপকরণ আহরোণের
সকল পুত্রেরা পাইবে যেমন এক তেমন অন্য।
[১১] অপর যে স্বস্ত্যয়নবলি কেহ য়িহুহের
উদ্দেশে নিবেদন করে তাহার বিধি এই [১২]
যদি সে ঐ স্বস্ত্যয়ননৈবেদ্য প্রাপ্তোপকারস্বীকারা
র্থে আনে তবে সে ঐ প্রাপ্তোপকারস্বীকারার্থক
নৈবেদ্যের সহিত তৈলেতে মিশ্রিত বেখমির
পিষ্টক এবং তৈলাক্ত সুজির সূক্ষ্ম পিষ্টক ও তৈ
লেতে মিশ্রত সূক্ষ্ম সুজিতে কৃত ভাজা পিষ্টক নি
বেদন করিবে। [১৩] ঐ পিষ্টকভিন্ন সে তাহার
স্বস্ত্যয়ননৈবেদ্যের প্রাপ্তোপকারস্বীকারার্থক নি
বেদনের সহিত খমিরযুক্ত রুটি নিবেদন করিবে।
[১৪] পরে তাহাহইতে উত্তোলনীয় নিবেদনার্থে
সমস্ত নৈবেদ্যহইতে সে একটা য়িহুহের উদ্দেশে
নিবেদন করিবে ও যে যাজক স্বস্ত্যয়ননৈবেদ্যের
রক্ত প্রক্ষেপ করে তাহা তাহার হইবে। [১৫] এ
বং প্রাপ্তোপকারস্বীকারার্থক তাহার স্বস্ত্যয়নের
মাংস নিবেদনদিনে খাওয়া যাইবে তাহাহইতে
সে কিছুই প্রাতঃকালপর্য্যন্ত রাখিবে না [১৬]
কিন্তু তাহার নিবেদনের নৈবেদ্য যদি মানত হয়
কিম্বা স্বেচ্ছাকৃত নৈবেদ্য হয় তবে নিবেদনদিবসে
তাহার সে নৈবেদ্য খাওয়া যাইবে এবং পর
দিবসে তাহার অবশিষ্ট খাওয়া যাইবে। [১৭]
কিন্তু তৃতীয় দিবসে বলির মাংসের অবশিষ্টাংশ
অগ্নিতে পোড়ান যাইবে। [১৮] এবং তাহার স্ব
স্ত্যয়ননৈবেদ্যের মাংসহইতে কিঞ্চিৎ যদি কোন
প্রকারে তৃতীয় দিনে খাওয়া যায় তবে তাহা গৃ
হীত হইবে না ও যে জন তাহা নিবেদন করে তা
হা তাহার প্রতি গণ্য হইবে না তাহা গর্হণীয়
এবং তদ্ভক্ষণকারি প্রাণী আপনার অপরাধ
ভোগ করিবে।

[১৯] এবং যে মাংস কোন অপবিত্র বস্তু
স্পর্শ করে তাহা খাওয়া যাইবে না তাহা আগু
নেতে পোড়ান যাইবে এবং সে মাংস সকল
পবিত্র লোকে খাইবে। [২০] কিন্তু যে প্রাণী
অপবিত্র থাকিয়া য়িহুহের স্বস্ত্যয়নীয় নৈবেদ্যের
মাংস খায় সে প্রাণী আপন লোকেরদের মধ্য
হইতে উচ্ছিন্ন হইবে। [২১] তদ্ভিন্ন যে প্রাণী
কোন অপবিত্রতা বিশেষতঃ মনুষ্যের অপবিত্র
তা কিম্বা পশুর অপবিত্রতা কিম্বা কোন ঘৃণার্হ
বস্তু স্পর্শ করে পরে য়িহুহের স্বস্ত্যয়নীয় নৈবে
দ্যের মাংসহইতে কিছু খায় সেই প্রাণী আপন
লোকহইতে উচ্ছিন্ন হইবে।

[২২] অপর য়িহুহ মোশহ্কে কহিলেন [২৩]
য়িশ্রাএলের সন্তানেরদিগকে কহ তোমরা গ
রুর কিম্বা মেষের কিম্বা ছাগলের চরবি খাইবা
না [২৪] এবং স্বয়ং মৃত পশুর চরবি ও পশুতে
মারা জন্তুর চরবি অন্য কোন কর্ম্মেতে লাগিতে
পারে কিন্তু তোমরা কোন প্রকারে তাহা খাইবা
না। [২৫] যেহেতুক মনুষ্যকর্ত্তৃক য়িহুহের উদ্দে
শে হব্য নৈবেদ্যরূপ জন্তুর চরবি যে প্রাণী খায়
সে আপন লোকহইতে উচ্ছিন্ন হইবে। [২৬]
আরও তোমারদের সমস্ত নিবাসেতে পক্ষিপ
শ্বাদির কোন রক্ত খাইবা না। [২৭] যে কোন
প্রাণী কোন প্রকার রক্ত খায় সে আপন লোক
হইতে উচ্ছিন্ন হইবে।

[২৮] অপর য়িহুহ মোশহ্কে কহিলেন [২৯]
য়িশ্রাএলের সন্তানেরদিগকে কহ যে য়িহুহের
উদ্দেশে যে আপন স্বস্ত্যয়নীয় নৈবেদ্যের বলি
আনে সে স্বস্ত্যয়নহব্যহইতে য়িহুহের উদ্দেশে
আপন নৈবেদ্য আনিবে। [৩০] তাহার নিজ
হস্ত য়িহুহের নিকটে সে হব্য আনিবে বুকের
সহিত সে চরবি আনিবে যে ঐ বুক য়িহুহের স
ম্মুখে আন্দোলনার্থে আন্দোলিত হয়। [৩১]
এবং যাজক বেদির উপরে চরবি পোড়াইবে
কিন্তু সে বুক আহরোণের ও তাহার পুত্রের
দের হইবে। [৩২] এবং উত্তোলনীয় নিবেদনা
র্থে তোমরা আপনারদের স্বস্ত্যয়ননৈবেদ্যের
দক্ষিণ স্কন্ধ যাজককে দিবা। [৩৩] আহরোণের
পুত্রেরদের মধ্যে যে কেহ স্বস্ত্যয়নের রক্ত এবং
চরবি নিবেদন করে সে আপন অংশের কারণ
দক্ষিণ স্কন্ধ পাইবে। [৩৪] যেহেতুক আন্দো
লনীয় বুক ও উত্তোলনীয় স্কন্ধ আমি য়িশ্রাএ
লের সন্তানেরদের স্বস্ত্যয়নহব্যহইতে লইয়াছি
এবং য়িশ্রাএলের সন্তানেরদের মধ্যে নিত্য বি
ধির দ্বারা আহরোণযাজককে ও তাহার পুত্রের
দিগকে তাহা দিয়াছি।

[৩৫] য়িহুহের নিকটে যাজনার্থে যে দিনে
সে তাহারদিগকে আনিল সে দিনে য়িহুহের
দহ্যহইতে আহরোণের ও তাহার পুত্রেরদের
অভিষেকার্থকাংশ এই। [৩৬] অর্থাৎ তাহার
দের অভিষেক দিনে য়িহুহ য়িশ্রাএলের সন্তা
নেরদিগহইতে পুরুষানুক্রমে নিত্য বিধির দ্বারা যা
হা তাহারদিগকে দিতে আজ্ঞা করিলেন। [৩৭]
য়িহুহ যে দিনে য়িশ্রাএলের সন্তানেরদিগকে
সীনাই অরণ্যে আপন নৈবেদ্য আনিতে [৩৮]
বিশেষতঃ হোমের ও উপকরণের ও পাপঘ্নের
ও অপরাধঘ্নের ও পদার্পণনৈবেদ্যের ও স্বস্ত্য
য়নবলির আজ্ঞা করিলেন সে দিনে য়িহুহ সী
নাই পর্ব্বতে মোশহ্কে যাহা আজ্ঞা করিলেন
তাহার ব্যবস্থা এই।

## ৮ পৰ্ব্ব।

[১] অনন্তর য়িহুহ মোশহ্‌কে কহিলেন [২]
আহরোণকে ও তাহার সহিত তাহার পুত্ত্রেরদি
গকে ও বস্ত্র ও অভিষেকার্থক তৈল ও পাপঘ্ন
এক বাছুর ও দুই মেষ ও এক টুকরী বেখমির
রুটি লও। [৩] এবং মণ্ডল্যাবাসের দ্বারনিক
টে সমস্ত মণ্ডলীকে একত্র কর। [৪] তাহাতে
য়িহুহ যেমত তাহাকে আজ্ঞা করিয়াছিলেন মো
শহ্ সেমত করিল তাহাতে মণ্ডল্যাবাসের দ্বারনি
কটে মণ্ডলী একত্র হইল। [৫] পরে মোশহ্
মণ্ডলীকে কহিল য়িহুহ যাহা করিতে আজ্ঞা ক
রিলেন তাহা এই। [৬] পরে মোশহ্ আহরো
ণকে ও তাহার পুত্ত্রেরদিগকে আনিয়া যেমত
য়িহুহ মোশহ্‌কে আজ্ঞা করিয়াছিলেন সেমত
জলেতে তাহারদিগকে স্নান করাইল। [৭]
এবং তাহাকে আঙ্গরাখা পরাইল ও দামনেতে
তাহাকে বেষ্টিত করিল ও উড়নিতে তাহাকে
আবৃত করিল ও তাহার উপরে এফোদ দিল
ও এফোদের বিচিত্র দামনেতে তাহাকে বেষ্টিত
করিল ও তাহাতে তাহাকে বদ্ধ করিল। [৮]
এবং তাহার উপরে বুকপাটা দিল ও বুকপা
টাতে উরিম ও তমিম বদ্ধ করিল। [৯] ও তাহার
মস্তকোপরি কিরীট দিল ও তাহার কিরীটের
উপরে অর্থাৎ তাহার কপালে সোণার পাত
অর্থাৎ পবিত্র মুকুট দিল। [১০] পরে মোশহ্
অভিষেকার্থক তৈল লইয়া যেমন য়িহুহ মোশহ্
কে আজ্ঞা করিয়াছিলেন তেমন আবাস ও তা
হাতে যে২ বস্তু ছিল সে সকল অভিষেক করিয়া
পবিত্র করিল। [১১] এবং তাহাহইতে কিছু
লইয়া সে বেদির উপরে সাতবার প্রক্ষেপ করিল
ও পবিত্র করিবার কারণ বেদি ও তাহার সকল
পাত্র ও প্রক্ষালনপাত্র ও তাহার পায়া অভিষেক
করিল। [১২] এবং সে তৈলের কিঞ্চিৎ লইয়া
আহরোণের মস্তকোপরি ঢালিল ও তাহাকে
পবিত্রকরণার্থে অভিষেক করিল। [১৩] পরে
মোশহ্ আহরোণের পুত্ত্রেরদিগকে আনিয়া তা
হারদিগকে আঙ্গরাখা পরাইল ও তাহারদিগকে
দামনেতে বেষ্টিত করিল ও তাহারদিগকে পাগ
ড়ীতে ভূষিত করিল। [১৪] পরে যেমন য়িহুহ
মোশহ্‌কে আজ্ঞা করিয়াছিলেন তেমন সে পাপ
নাশার্থক বাছুর আনিল এবং আহরোণ ও তা
হার পুত্ত্রেরা আপনারদের হাত সে পাপনা
শক বাছুরের মস্তকোপরি রাখিল [১৫] এবং
সে তাহাকে মারিল এবং মোশহ্ তাহার রক্ত
লইয়া বেদির উপরে চারি দিগে আপন অঙ্গুলিতে
করিয়া দিয়া বেদি পবিত্র করিল এবং বেদির মূল
সমীপে রক্ত ঢালিল এবং তদুপরি প্রায়শ্চিত্ত
করণার্থে তাহা পবিত্র করিল। [১৬] পরে
আঁতোপরিস্থিত সমস্ত চরবি ও যকৃদুপরিস্থিত
অন্ত্রাপ্লাবক ও দুই মেটিয়া ও তাহার চরবি
লইয়া মোশহ্ বেদিতে পোড়াইল। [১৭] পরে
ঐ বাছুর ও তাহার চর্ম্ম ও তাহার মাংস ও তা
হার গোময় সে ছাউনির বাহিরে অগ্নিতে পো
ড়াইল।

[১৮] অপর যেমন য়িহুহ মোশহ্‌কে আজ্ঞা
করিয়াছিলেন তেমন মোশহ্ হোমার্থক মেষ
আনিল ও আহরোণ ও তাহার পুত্ত্রেরা মেষের
মস্তকোপরি আপন২ হাত রাখিল। [১৯] পরে
সে তাহাকে মারিল ও মোশহ্ বেদির উপরে চা
রি দিগে তাহার রক্ত প্রক্ষেপ করিল। [২০]
পরে সে ঐ মেষকে খণ্ড২ করিয়া ছেদন করিল
ও মোশহ্ তাহার মস্তক ও খণ্ড ও চরবি পোড়া
ইল। [২১] এবং আঁত ও পা সে জলেতে ধুইল
ও মোশহ্ সকল মেষ বেদিতে পোড়াইল তাহা
সুগন্ধার্থক হোম অর্থাৎ য়িহুহের উদ্দেশে দহ
নীয় নৈবেদ্য।

[২২] পরে যেমন য়িহুহ মোশহ্‌কে আজ্ঞা
করিয়াছিলেন তেমন সে অন্য মেষকে আনিল
অর্থাৎ পদার্পণার্থক মেষকে এবং আহরোণ
ও তাহার পুত্ত্রেরা আপন২ হাত মেষের মস্তকো
পরি অর্পণ করিল। [২৩] এবং তাহাকে মা
রিল ও মোশহ্ তাহার রক্তহইতে কিছু লইয়া
আহরোণের দক্ষিণ কর্ণের অগ্রোপরি ও তাহার
দক্ষিণ অঙ্গুষ্ঠোপরি ও তাহার দক্ষিণ পাদাঙ্গু
ষ্ঠোপরি দিল। [২৪] পরে সে আহরোণের পু
ত্ত্রেরদিগকে আনিল এবং মোশহ্ সে রক্তের
কিছু লইয়া তাহারদের দক্ষিণ কর্ণাগ্রোপরি ও
তাহারদের দক্ষিণ হস্তাঙ্গুষ্ঠোপরি ও তাহার
দের দক্ষিণ পাদাঙ্গুষ্ঠোপরি দিল এবং মোশহ্
বেদির উপরে চারিদিগে রক্ত প্রক্ষেপ করিল।
[২৫] পরে সে চরবি ও পাছা ও আঁতোপরি
স্থিত সকল চরবি ও যকৃদুপরিস্থিত অন্ত্রাপ্লাবক
ও দুই মেটিয়া ও তাহার চরবি ও দক্ষিণ স্কন্ধ ল
ইল। [২৬] এবং য়িহুহের সম্মুখস্থিত বেখ
মির রুটির টুকরিহইতে সে এক বেখমির রুটি
ও তৈলমিশ্রিত এক রুটি ও এক সূক্ষ্ম পিষ্টক
লইয়া চরবির উপরে এবং দক্ষিণ স্কন্ধের উপরে
রাখিল। [২৭] পরে আহরোণের হাতের
উপরে ও তাহার পুত্ত্রেরদের হাতের উপরে সে
সকল রাখিয়া য়িহুহের সম্মুখে আন্দোলনার্থে
আন্দোলিত করিল। [২৮] পরে মোশহ্ তাহার
দের হাতের উপরহইতে সে সকল লইয়া বেদিতে
হব্যের উপরে পোড়াইল সে সকল সুগন্ধিরূপ প
দার্পণার্থক নৈবেদ্য তাহা য়িহুহের নিকটে দহ

নীয় নিবেদন। [২৯] পরে মোশহ্ বুক লইয়া
য়িহুহের সম্মুখে আন্দোলন নৈবেদ্যার্থে তাহা
দোলাইল পদার্পণার্থক মেষহইতে মোশহের
অংশই তাহা। [৩০] পরে মোশহ্ অভিষেকা
র্থক তৈলহইতে ও বেদির উপরিস্থিত রক্তহইতে
কিছু লইয়া আহরোণের উপরে ও তাহার ব
স্ত্রের উপরে ও তাহার সহিত তাহার পুত্ত্রেরদের
উপরে ও তাহারদের বস্ত্রের উপরে তাহা প্রক্ষেপ
করিল। এবং আহরোণকে ও তাহার বস্ত্র ও
তাহার সহিত তাহার পুত্ত্রেরদিগকে ও তাহার
-দের বস্ত্র পবিত্র করিল।

[৩১] অপর মোশহ্ আহরোণকে ও তাহার
পুত্ত্রেরদিগকে কহিল মণ্ডল্যাবাসের দ্বারে মাংস
পাক কর এবং আহরোণ ও তাহার পুত্ত্রেরা
তাহা খাইবে আমি এ কথা কহিয়া যেমন
আজ্ঞা করিয়াছিলাম তেমন সে স্থানে পদা
র্পণের কারণ টুকরিতে স্থিত রুটির সহিত তাহা
ভোজন কর। [৩২] পরে অবশিষ্ট মাংস ও
রুটি তোমরা অগ্নিতে পোড়াইবা। [৩৩] এবং
সাত দিনপর্য্যন্ত অর্থাৎ তোমারদের পদার্পণের
সমাপ্ত দিনপর্য্যন্ত তোমরা মণ্ডল্যাবাসের দ্বার
হইতে বাহির হইবা না যেহেতুক সে তোমারদি
গকে সাত দিন পবিত্র করিবে। [৩৪] সে আজি
যদ্রূপ করিয়াছে তদ্রূপ য়িহুহ তোমারদের কা
রণ প্রায়শ্চিত্ত করিতে আজ্ঞা করিয়াছেন। [৩৫]
অতএব তোমরা মণ্ডল্যাবাসের দ্বারে দিবারাত্রি
সাত দিবসপর্য্যন্ত থাকিবা ও তোমারদের না
মরণের কারণ য়িহুহের পালনীয় পালন করিবা
যেহেতুক তদ্রূপ আমি আজ্ঞাপ্রাপ্ত হইয়াছি
[৩৬] অতএব য়িহুহ মোশহ্দ্বারা যেমন আজ্ঞা
করিলেন আহরোণ ও তাহার পুত্ত্রেরা তেমন
সমস্ত কার্য্য করিল।

৯ পৰ্ব্ব।

[১] অনন্তর অষ্টম দিবসে এমত হইল মো
শহ্ আহরোণকে ও তাহার পুত্ত্রেরদিগকে ও
য়িশ্রাএলের প্রাচীনেরদিগকে ডাকিল। [২]
পরে সে আহরোণকে কহিল পাপনাশার্থে নি
খুঁত এক বাছুর ও হোমের কারণ নিখুঁত এক
মেষ লইয়া য়িহুহের সম্মুখে নিবেদন কর। [৩]
এবং য়িশ্রাএলের সন্তানেরদিগকে কহিবা তো
মরা পাপনাশার্থে এক ছাগল ও হোমের কারণ
এক বৎসরের নিখুঁত এক বাছুর ও এক মেষের
বাচ্চা [৪] ও য়িহুহের উদ্দেশে নিবেদনার্থে
স্বস্ত্যয়ন বলিদানের জন্যে এক বৃষ ও এক মেষ
এবং তৈলেতে মৰ্দ্দিত এক উপকরণ লইবা যেহে
তুক আজি তোমারদের নিকটে য়িহুহ দর্শন
দিবেন।

[৫] তাহাতে মোশহ্ যে দ্রব্য আজ্ঞা করিল
তাহা তাহারা মণ্ডল্যাবাসের সম্মুখে আনিল
এবং সমস্ত মণ্ডলী নিকটবৰ্ত্তী হইয়া য়িহুহের
সম্মুখে দাঁড়াইল। [৬] পরে মোশহ্ কহিল য়ি
হুহ তোমারদের করণের কারণ যাহা আজ্ঞা ক
রিলেন তাহা এই তাহাতে য়িহুহের মাহাত্ম্য
তোমারদের প্রতি প্রকাশিত হইবে। [৭] পরে
মোশহ্ আহরোণকে কহিল তুমি বেদির নিকটে
যাও ও যেমন য়িহুহ আজ্ঞা করিয়াছেন তেমন
আপনার পাপঘ্ন ও আপনার হব্য নিবেদন
করিয়া আপনার ও লোকেরদের কারণ প্রায়
শ্চিত্ত কর এবং লোকেরদের নৈবেদ্য নিবেদন
করিয়া তাহারদের কারণ প্রায়শ্চিত্ত কর।

[৮] তাহাতে আহরোণ বেদির নিকটে যাই
য়া আপনার পাপঘ্ন বাছুরকে মারিল। [৯]
পরে যেমন য়িহুহ মোশহ্কে আজ্ঞা করিয়াছি
লেন তেমন আহরোণের পুত্ত্রেরা তাহার নিক
কটে রক্ত আনিল তাহাতে সে আপন অঙ্গুলি
ঐ রক্তেতে ডুবাইয়া বেদির শৃঙ্গের উপর দিল ও
বেদিমূলসমীপে সে রক্ত ঢালিল। [১০] কিন্তু
পাপঘ্নের চরবি ও মেটিয়া ও যকৃদুপরিস্থিত
অন্ত্রাপলাবক সে বেদির উপরে পোড়াইল।
[১১] এবং মাংস ও চৰ্ম্ম সে ছাউনির বাহিরে
আগুনেতে দাহ করিল। [১২] পরে সে হব্য
মারিল এবং আহরোণের পুত্ত্রেরা তাহার নিক
টে রক্ত আনিল তাহাতে সে তাহা বেদির উপরে
চারি দিগে প্রক্ষেপ করিল। [১৩] পরে তাহারা
তাহার নিকটে তাহার খণ্ডের ও মস্তকের সহিত
হব্য আনিল তাহাতে সে সেই সকল বেদির উপ
রে পোড়াইল। [১৪] পরে সে তাহার আঁত
ও পা ধুইয়া বেদ্যুপরিস্থিত হব্যের উপরে পো
ড়াইল।

[১৫] অপর সে লোকেরদের নৈবেদ্য আ
নিল এবং লোকেরদের পাপনাশার্থক ছাগল
লইয়া তাহা মারিল ও তাহাতে প্রথমের মত
পাপপ্রযুক্ত হোম করিল। [১৬] পরে সে হব্য
আনিল ও বিধ্যনুসারে তাহাতে হোম করিল।
[১৭] পরে সে উপকরণ আনিয়া তাহার এক
মুষ্টি লইয়া প্রাতঃকালের হব্যাতিরিক্ত তাহা বে
দির উপরে পোড়াইল। [১৮] পরে সে লোকের
দের নৈবেদ্য স্বস্ত্যয়নার্থক বলির বৃষকে ও মেষ
কে মারিল এবং আহরোণের পুত্ত্রেরা তাহার
নিকটে রক্ত আনিলে সে বেদির উপরে চারি
দিগে তাহা প্রক্ষেপ করিল। [১৯] পরে বৃষের
ও মেষের চরবি ও পাছা ও আঁতের ও মেটি
য়ার উপরিস্থিত চরবি ও যকৃদুপরিস্থিত অন্ত্রাপলা
বক লইয়া [২০] তাহারা বুকের উপরে চরবি

রাখিল ও সে বেদিতে চরবি পোড়াইল। [২১]
এবং যেমন মোশহ্ আজ্ঞা করিয়াছিল তেমন
আহরোণ য়িহুহের উদ্দেশে আন্দোলনীয়ের
নিমিত্তে বুক ও দক্ষিণ স্কন্ধ দোলাইল। [২২]
অপর আহরোণ লোকেরদের প্রতি আপন হাত
বিস্তার করিয়া তাহারদিগকে আশীর্ব্বাদ করিল
পরে পাপঘ্ন ও হব্য ও স্বস্ত্যয়নীয় নিবেদনান
ন্তর নামিয়া আইল।

[২৩] অপর মোশহ্ ও আহরোণ মণ্ডল্যাবা
সে প্রবেশ করিল এবং বাহির হইয়া লোকের
দিগকে আশীর্ব্বাদ করিল পরে য়িহুহের মা
হাত্ম্য সকল লোকেরদের প্রতি দৃশ্য হইল।

[২৪] এবং য়িহুহের সম্মুখহইতে অগ্নি নি
র্গত হইয়া বেদির উপরিস্থ হোম ও চরবি ভস্ম
করিল তাহাতে সকল লোকেরা তাহা দেখিয়া
উচ্চৈঃস্বরে নিনাদ করিয়া উবুড় হইয়া পড়িল।

## ১০ পৰ্ব্ব।

[১] অনন্তর আহরোণের পুত্র নাদাব ও আ
বিহু আপন২ ধূপপাত্র লইয়া তাহাতে অগ্নি
দিল ও তাহার উপরে ধূপ রাখিল এবং য়িহুহ
যাহা তাহারদিগকে নিষেধ করিলেন এমন
অন্য আগুন তাঁহার সম্মুখে নিবেদন করিল।
[২] তাহাতে য়িহুহের সম্মুখহইতে অগ্নি নির্গত
হইয়া তাহারদিগকে খাইয়া ফেলিল এবং তাহা
রা য়িহুহের সম্মুখে মরিল। [৩] তখন মোশহ্
আহরোণকে কহিল য়িহুহ যে কথা কহিয়াছেন
তাহা এই আমি আপন নিকটগামিরদের মধ্যে
অবশ্য পবিত্ররূপে মান্য হইব ও সকল লোকের
সম্মুখে গৌরবপ্রাপ্ত হইব তাহাতে আহরোণ নী
রব হইল। [৪] পরে মোশহ্ আহরোণের পি
তৃব্য উজিএলের পুত্র মিশাএল ও এলসাফানকে
ডাকিয়া তাহারদিগকে কহিল নিকটে আইস প
বিত্র স্থানের সম্মুখহইতে তোমরা আপনারদের
ভ্রাতারদিগকে ছাউনির বাহিরে লইয়া যাও।
[৫] তাহাতে মোশহ্ যেমন আজ্ঞা করিয়াছিল
তদনুসারে তাহারা নিকটে যাইয়া আঙ্গরাখাতে
তাহারদিগকে ছাউনির বাহিরে লইয়া গেল।
[৬] পরে মোশহ্ আহরোণকে ও তাহার পুত্র
এলিএজেরকে ও ইতামারকে কহিল পাছে তো
মরাও মর এবং পাছে মণ্ডলীর উপরে ক্রোধ প্র
জ্বলিত হয় তোমরা আপনারদের মস্তক অনা
বৃত করিও না ও আপনারদের বস্ত্র ফাড়িও না
কিন্তু তোমারদের ভ্রাতা অর্থাৎ য়িশ্রাএলের তা
বদ্বংশ য়িহুহেতে কৃত দাহপ্রযুক্ত বিলাপ করুক।
[৭] এবং তোমরা মণ্ডল্যাবাসের দ্বারহইতে বা
হির হইবা না পাছে মর কেননা য়িহুহের অভি
ষেকার্থক তৈল তোমারদের উপরে আছে তা
হাতে তাহারা মোশহের বাক্যানুসারে করিল।

[৮] অপর য়িহুহ আহরোণকে কহিলেন
[৯] তুমি ও তোমার সহিত তোমার পুত্রেরা য
খন মণ্ডল্যাবাসেতে প্রবেশ কর তখন দ্রাক্ষারস
ও মদ্যপান করিবা না পাছে মর। [১০] পবি
ত্রের ও অপবিত্রের এবং শুচির ও অশুচির বি
শেষজ্ঞানার্থে [১১] এবং য়িহুহ মোশহের দ্বা
রা য়িশ্রাএলের সন্তানেরদিগকে যাহা কহিলেন
তাহা তাহারদিগকে শিক্ষাওনার্থে তোমারদের
পুরুষানুক্রমে নিত্য বিধি এই।

[১২] পরে মোশহ্ আহরোণকে ও তাহার
অবশিষ্ট দুই পুত্র এলিএজেরকে ও ইতামারকে
কহিল য়িহুহের দহনীয় নৈবেদ্যের অবশিষ্ট উ
পকরণ লইয়া বেদির নিকটে খমিরব্যতিরেকে তা
হা ভোজন কর কেননা তাহা অতিপবিত্র। [১৩]
এবং তোমরা তাহা পবিত্র স্থানে খাইবা কেননা
য়িহুহের অগ্নিকৃত হোমরূপ নৈবেদ্যহইতে তাহা
তোমার ও তোমার পুত্রেরদের প্রাপ্তব্যাংশ কে
ননা আমি সেইরূপ আজ্ঞাপ্রাপ্ত হইয়াছি।
[১৪] এবং তুমি ও তোমার সহিত তোমার পু
ত্রেরা ও তোমার কন্যারা আন্দোলনীয় বুক ও
উত্তোলনীয় স্কন্ধ পবিত্র স্থানে খাইবা কেননা
তাহা য়িশ্রাএলের সন্তানেরদের স্বস্ত্যয়নবলিহই
তে দত্ত তোমার ও তোমার পুত্রেরদের প্রাপ্ত
ব্যাংশ। [১৫] এবং উত্তোলনীয় স্কন্ধ ও আন্দো
লনীয় বক্ষ তাহারা আন্দোলনের জন্যে আন্দো
লনীয়ার্থক চরবির দহনীয় নৈবেদ্যের সহিত আ
নিবে এবং যেমন য়িহুহ আজ্ঞা করিলেন তেমন
তাহা নিত্য বিধিতে তোমার কারণ ও তোমার স
হিত তোমার পুত্রেরদের কারণ হইবে।

[১৬] পরে মোশহ্ পাপঘ্ন ছাগলের অন্বে
ষেণ করিল এবং দেখ তাহা দগ্ধ হইয়াছিল
তাহাতে সে আহরোণের অবশিষ্ট দুই পুত্র এ
লিএজেরের ও ইতামারের প্রতি ক্রুদ্ধ হইয়া ক
হিল [১৭] কেন তোমরা পবিত্র স্থানে পাপঘ্ন
বলি ভোজন করিলা না কেননা তাহাই অতি
পবিত্র এবং য়িহুহের সম্মুখে মণ্ডলীর দোষ
ভোগার্থক প্রায়শ্চিত্ত করিতে তাহারদের কারণ
তোমারদিগকে দত্ত হইয়াছে। [১৮] দেখ পবিত্র
স্থানের মধ্যে তাহার রক্ত আনা যায় নাই আমি
যেমন আজ্ঞা করিয়াছিলাম তেমন পবিত্র স্থানে
তাহা খাওয়া তোমারদিগের অবশ্য কর্ত্তব্য ছিল।
[১৯] পরে আহরোণ মোশহ্কে কহিল দেখ
আজি তাহারা য়িহুহের উদ্দেশে আপনারদের
পাপঘ্ন ও আপনারদের হোমরূপ নিবেদন ক
রিয়াছে আরো আমার প্রতি এমত বিষয় ঘটি
য়াছে এবং যদি আমি আজি পাপঘ্ন ভোজন

করিতাম তবে তাহা কি য়িহুহের দৃষ্টিতে গৃহীত হইত। [২০] পরে মোশহ্ তাহা শুনিয়া নিরস্ত হইল।

## ১১ পর্ব্ব।

[১] অনন্তর য়িহুহ মোশহ্কে ও আহরোণকে কহিলেন [২] তোমরা য়িশ্রাএলের সন্তানেরদিগকে কহ পৃথিব্যুপরিস্থিত সকল জন্তুরদের মধ্যে যাহারদিগকে তোমরা খাইবা সে এই২। [৩] পশুরদের মধ্যে যাহার খুর বিভক্ত হইয়া দ্বিখুর হয় ও যে জাওর কাটে তাহা তোমরা খাইবা। [৪] কিন্তু যাহারা যাওর কাটে ও যাহারদের খুর বিভক্ত হয় তাহারদের মধ্যে ইহারদিগকে খাইবা না বিশেষতঃ উট তোমারদের প্রতি অপবিত্র যেহেতুক সে জাওর কাটে বটে কিন্তু তাহার খুর অবিভক্ত [৫] এবং সফন তোমারদের প্রতি অপবিত্র যেহেতুক সে জাওর কাটে কিন্তু তাহার খুর অবিভক্ত [৬] এবং শশক তোমারদের প্রতি অপবিত্র যেহেতুক সে জাওর কাটে কিন্তু তাহার খুর অবিভক্ত। [৭] এবং শূকর তোমারদের প্রতি অপবিত্র যেহেতুক সে দ্বিখুর ও তাহার খুরমধ্যে বিচ্ছেদ কিন্তু জাওর কাটে না। [৮] তাহারদের মাংস তোমরা খাইবা না ও তাহার শব স্পর্শ করিবা না তাহারা তোমারদের প্রতি অপবিত্র।

[৯] জলচর সকল জীবির মধ্যে ইহারদিগকে তোমরা খাইবা জলেতে ও সমুদ্রেতে কিম্বা নদীতে যে সকলের ডেনা এবং আঁইষ থাকে তাহারদিগকে খাইবা। [১০] এবং সমুদ্রেতে কিম্বা নদীতে যে সকল জন্তু চরে ও জলজীবিরদের মধ্যে যে সকলের ডেনা ও আঁইষ নাই সে তোমারদের ঘৃণার্হ হইবে। [১১] সে সকল তোমারদেরই প্রতি ঘৃণার্হ হইবে তাহারদের মাংস তোমরা খাইবা না কিন্তু তাহারদের শব তোমারদের প্রতি ঘৃণার্হ হইবে। [১২] জলের মধ্যে যে সকলের ডেনা ও আঁইষ না থাকে সে তোমারদের প্রতি ঘৃণার্হ হইবে।

[১৩] অপর পক্ষিরদের মধ্যে ইহারদিগকে ঘৃণা করিবা তাহারা খাওয়া যাইবে না তাহারা ঘৃণার্হ [১৪] আপন২ জাত্যনুসারে গৃধ্র ও হাড়ভাঙ্গা ও কুরল ও শকুন ও চিল [১৫] আপন২ জাত্যনুসারে সকল কাক [১৬] ও আপন২ জাত্যনুসারে পেচা ও তখমাস ও কোকিল [১৭] ও শিকরা ও বড় চিল ও হাড়গিলা [১৮] ও ভূতমপেচা ও তনশেমেত ও পানিভেলা ও রাখাম। [১৯] ও সারস ও আপন২ জাত্যনুসারে কঙ্ক ও টিট্টিভ ও চামচিকা। [২০] চারিপায়েতে গতিকারি পক্ষবান জন্তু তোমারদের ঘৃণার্হ হইবে। [২১] কিন্তু সকল উড্ডীয়মান জন্তুরদের মধ্যে ইহারদিগকে খাইবা যাহারা চারি পায়ে গতি করে ও পৃথিবীর উপরে উল্লম্ফনের নিমিত্তে যাহারদের পাব্যতিরেকে লম্ফনার্থক বক্র পা থাকে [২২] তাহারদের মধ্যে ইহারদিগকে খাইতে পারিবা আপন২ জাত্যনুসারে পঙ্গপাল ফড়িঙ্গকে ও আপন২ জাত্যনুসারে বাঘাফড়িঙ্গকে ও আপন২ জাত্যনুসারে মালপোকাকে ও আপন২ জাত্যনুসারে ফড়িঙ্গকে। [২৩] কিন্তু অন্য যে সকল উড্ডীয়মান কীটের চারি পা তাহারা তোমারদের প্রতি ঘৃণার্হ। [২৪] এই২ সকল হেতুতে তোমরা অপবিত্র হইবা যে কেহ তাহারদের শব স্পর্শ করে সে সন্ধ্যাপর্য্যন্ত অপবিত্র হইবে।

[২৫] এবং যে কেহ তাহারদের শব বহে সে আপন বস্ত্র ধুইবে ও সন্ধ্যাপর্য্যন্ত অপবিত্র হইবে। [২৬] যে সকল জন্তুরদের খুর অন্তর২ কিন্তু দ্বিখুর নয় ও জাওর কাটে না সে তোমারদের প্রতি অপবিত্র যে প্রত্যেক জন তাহারদিগকে স্পার্শ করে সে অপবিত্র হইবে। [২৭] অপর চতুষপদ জন্তুরদের মধ্যে যে সকল পায়ে গতি করে সে তোমারদের প্রতি অপবিত্র যে কোন লোক তাহারদিগকে স্পার্শ করে সে সন্ধ্যাপর্য্যন্ত অপবিত্র হইবে। [২৮] এবং যে জন তাহারদের শব বহে সে আপন বস্ত্র ধুইবে ও সন্ধ্যাপর্য্যন্ত অপবিত্র হইবে তাহারা তোমারদের প্রতি অপবিত্র। [২৯] এবং পৃথিবীর উপরে গতিকারিরদের মধ্যে ইহারাও তোমারদের প্রতি অপবিত্র হইবে বিশেষতঃ আপন২ জাত্যনুসারে বেজি [৩০] ও উন্দুর ও কচ্ছপ ও ভন্দর ও কাঁকলাশ ও টিকটিকী ও শামুক ও তনশামেত। [৩১] সকল উরোগামিরদের মধ্যে ইহারাই তোমারদের প্রতি অপবিত্র যে কেহ তাহারদিগকে স্পর্শ করে সে সন্ধ্যাপর্য্যন্ত অপবিত্র হইবে।

[৩২] এবং যে দ্রব্যের উপরে তাহারদের কোন শব পড়ে সে অশুচি হইবে তাহা কাষ্ঠপাত্র কিম্বা বস্ত্র কিম্বা চর্ম্ম কিম্বা থলিয়া হউক কিম্বা যে কোন পাত্রে কর্ম্ম করা যায় তাহাও হউক সে সকল জলেতে দেওয়া যাইবে ও সন্ধ্যাপর্য্যন্ত অপবিত্র রহিবে পরে পবিত্র হইবে। [৩৩] এবং যে কোন মৃৎপাত্রের মধ্যে তাহারদের কোন শব পড়ে তাহার মধ্যস্থিত সকল দ্রব্য অপবিত্র হইবে ও তোমরা তাহা ভাঙ্গিয়া ফেলিবা। [৩৪] যে সকল ভক্ষণীয় দ্রব্য খাওয়া যায় তাহার উপরে ঐ জল পড়িলে তাহা অপবিত্র হইবে ও যে কোন পাত্রেতে কোন পানীয় দ্রব্য থাকে তাহাও অপবিত্র হইবে। [৩৫] এবং যে কোন দ্রব্যের উপরে তাহারদের শবের কিয়দংশ পড়ে

সে প্রত্যেক দ্রব্য অপবিত্র হইবে তনূর হউক
কিম্বা বাসন রাখিবার মঞ্চ হউক তাহা ভাঙ্গা যা
ইবে তাহাই অপবিত্র এবং তোমারদের প্রতি অ
পবিত্র হইবে। [৩৬] পরন্তু যে পুষ্করিণীতে
কিম্বা কূপে অনেক জল থাকে তাহা পবিত্র হইবে
কিন্তু যাহা তাহারদের শবস্পর্শ করে তাহা অপ
বিত্র হইবে। [৩৭] এবং তাহারদের শবের
কোন অংশ বপনীয় কোন বীজের উপরে পড়ি
লেও তাহা পবিত্র হইবে। [৩৮] কিন্তু যদি বী
জের উপরে জল দেওয়া যায় ও তাহারদের শ
বের কোন অংশ তাহার উপরে পড়ে তবে তাহা
তোমারদের প্রতি অপবিত্র হইবে। [৩৯] অপর
তোমারদের ভক্ষণীয় কোন জন্তু যদি মরে তবে
যে কেহ তাহার শবস্পর্শ করে সে সন্ধ্যাপর্য্যন্ত
অপবিত্র হইবে। [৪০] এবং যে জন তাহার
শব ভক্ষণ করে সে আপন বস্ত্র ধুইবে ও সন্ধ্যাপ
র্য্যন্ত অপবিত্র হইবে ও যে জন তাহার শব বহে
সে আপন বস্ত্র ধুইবে ও সন্ধ্যাপর্য্যন্ত অপবিত্র
হইবে।

[৪১] এবং ভূমির উপরে গতিকারি সমস্ত উ
রোগামি জীবী ঘৃণার্হ হইবে তাহা খাওয়া যাই
বে না। [৪২] উরোগামী ও ভূমির উপরে গতি
কারি সকল ক টের মধ্যে চারি পায়ে গতিকারী
কিম্বা চারিপায়ের অধিক পায়ে গতিকারী যে
সকল তাহারদিগকে খাইবা না কেননা তাহারা
ঘৃণার্হ। [৪৩] গতিকারি কোন কীটদ্বারা তো
মরা আপনারদিগকে ঘৃণার্হ করিবা না ও তাহা
তে আপনারদিগকে অপবিত্র করিবা না যে তা
হাতে তোমরা অপবিত্র হও। [৪৪] কেননা
আমি তোমারদের ঈশ্বর য়িহুহ অতএব তোম
রা আপনারদিগকে শুচি করিয়া পবিত্র হইবা
যেহেতুক আমি পবিত্র আরো পৃথিবীর উপরে
গতিকারি কোন কীটের দ্বারা তোমরা আপনার
দিগকে অপবিত্র করিবা না। [৪৫] কেননা
তোমারদের ঈশ্বর হইবার নিমিত্তে মিস্রদেশহই
তে তোমারদিগকে আনয়নকারি য়িহুহ আমি
অতএব তোমরা পবিত্র হইবা কেননা আমিই
পবিত্র। [৪৬] অপবিত্রের ও পবিত্রের ও খাদ্য
জন্তুর ও অখাদ্য জন্তুর প্রভেদজ্ঞানার্থে পশু ও
পক্ষী ও জলচর সকল জীবী ও পৃথিবীর উপরে
গতিকারি সকল প্রাণিবিষয়ক বিধি এই।

১২ পর্ব্ব।

[১] অনন্তর য়িহুহ মোশহ্কে কহিলেন য়িশ্
রাএলের সন্তানেরদিগকে কহ। [২] যদি কোন
স্ত্রী গর্ভধারণ করে ও পুরুষবালক প্রসবে ত
বে সে সাত দিবস অপবিত্রা হইবে অর্থাৎ তা
হার রজস্বলাশৌচপ্রযুক্ত পৃথক্হওনের দিনানুসা
রে সে অশুচি হইবে। [৩] এবং অষ্টম দিবসে
বালকের মেঢ্রত্বক্ ছিন্ন হইবে। [৪] পরে সে
স্ত্রী তেত্রিশ দিবস আপনার শৌচার্থে রক্তস্রাবা
বস্থাতে থাকিবে যাবৎ তাহার শৌচার্থে দিবস
পূর্ণ না হয় তাবৎ সে কোন পবিত্র বস্তু স্পর্শ
করিবে না ও পবিত্র স্থানে প্রবেশ করিবে না।
[৫] কিন্তু যদি কন্যা প্রসবে তবে সে আপনার
পার্থক্যের দিবসানুসারে দুই সপ্তাহ অপবিত্রা
হইবে পরে সে ছেষট্টি দিবস আপনার শুচিনি
মিত্তে রক্তস্রাবাবস্থাতে থাকিবে [৬] অপর পুত্র
প্রযুক্ত কিম্বা কন্যাপ্রযুক্ত শুচিকরণদিবস পূর্ণ হই
লে সে হব্যের কারণ প্রথম বর্ষীয় এক মেষের
বাচ্চা এবং পাপনাশার্থে কবুতরের অথবা ঘু
ঘুর এক বাচ্চা মণ্ডল্যাবাসের দ্বারে যাজকের নি
কটে আনিবে। [৭] সে তাহা য়িহুহের উদ্দে
শে নিবেদন করিয়া তাহার কারণ প্রায়শ্চিত্ত করি
বে তাহাতে সে আপন রক্তস্রাবহইতে পরিষ্কৃ
তা হইবে পুরুষ কিম্বা স্ত্রীপ্রসূতার ব্যবস্থা এই।
[৮] এবং মেষের বাচ্চা যদি সে না আনিতে
পারে তবে সে দুই ঘুঘু কিম্বা কবুতরের দুই বা
চ্চা তাহার একটা হব্যের নিমিত্তে এবং অন্য
পাপনাশের নিমিত্তে আনিবে এবং যাজক তা
হার নিমিত্তে প্রায়শ্চিত্ত করিবে তাহাতে সে পবি
ত্রা হইবে।

১৩ পর্ব্ব।

[১] অনন্তর য়িহুহ মোশহ্কে ও আহরোণকে
কহিলেন। [২] যখন কোন মনুষ্যের শরীরস্থ
চর্ম্মেতে স্ফীতি কিম্বা পামা কিম্বা চক্চকীয় ব্রণ
হয় এবং তাহার শরীরের চর্ম্মেতে তাহা কুষ্ঠ
ব্যাধির মত হয় তবে সে আহরোণযাজকের নি
কটে কিম্বা তাহার যাজকপুত্রেরদের মধ্যে এক
জনের নিকটে আনীত হইবে। [৩] পরে
যাজক শরীরের চর্ম্মস্থিত তাহার ব্যাধি দেখিবে
এবং সে ব্যাধিস্থ লোম যদি শুক্লবর্ণ হইয়া থাকে
ও দর্শনেতে ব্যাধি চর্ম্মহইতে নীচ হইয়া থাকে
তবে সেই কুষ্ঠরোগ তাহাতে যাজক তাহার উ
পরে দৃষ্টি করিয়া তাহাকে অপবিত্র কহিবে।
[৪] যদি তাহার শরীরের চর্ম্মেতে সে শুক্লবর্ণ চক্
চকীয় ব্রণ দর্শনেতে চর্ম্মহইতে নিম্ন হয় এবং
তাহার লোম শুক্লবর্ণ না হইয়া থাকে তবে যাজক
সে ব্যাধিবিশিষ্টকে সাত দিবস রুদ্ধ করিয়া রা
খিবে। [৫] পরে সপ্তম দিবসে যাজক তাহাকে
দেখিবে ও দেখ সে ব্রণ যদি তাহার দৃষ্টিতে সে
ইরূপে থাকে এবং সে ব্যাধি চর্ম্মেতে না ব্যাপি
য়া থাকে তবে যাজক তাহাকে আর সাত দিবস
রুদ্ধ করিয়া রাখিবে। [৬] এবং সপ্তম দিবসে
যাজক তাহাকে পুনর্ব্বার দেখিবে ও দেখ যদি

সে ব্যাধি কিছু মলিন হইয়া থাকে এবং চর্ম্মেতে ব্যাপিয়া না থাকে তবে যাজক তাহাকে শুদ্ধ বলিবে সেই পামা পরে সে আপন বস্ত্র ধুইয়া পবিত্র হইবে। [৭] কিন্তু তাহার শুদ্ধির নিমিত্তে যাজককর্ত্তৃক দৃষ্ট হইলে পর যদি সে পামা তাহার চর্ম্মেতে অনেক ব্যাপিয়া থাকে তবে সে পুনর্ব্বার যাজককর্ত্তৃক দৃষ্ট হইবে। [৮] এবং যদি যাজক দেখে যে দেখ সে পামা চর্ম্মেতে ব্যাপিয়াছে তবে যাজক তাহাকে অশুদ্ধ কহিবে তাহাই কুষ্ঠ।

[৯] যখন মনুষ্যেতে কুষ্ঠব্যাধি থাকে তখন সে যাজকের নিকটে আনীত হইবে। [১০] পরে যাজক তাহাকে দেখিবে তাহাতে দেখ যদি সে স্ফীতি চর্ম্মেতে শুক্লবর্ণ হয় এবং লোম তাহাতে শুক্লবর্ণ হইয়া থাকে ও স্ফীতিতে কাঁচা মাংস বৃদ্ধি পায় [১১] তবে সে তাহার শরীরের চর্ম্মস্থিত পুরাতন কুষ্ঠ এবং যাজক তাহাকে অপবিত্র কহিবে ও তাহাকে রুদ্ধ করিয়া রাখিবে না কেননা সেই অশুদ্ধ। [১২] এবং যদি চর্ম্মেতে কুষ্ঠরোগ বাহির হয় ও সে কুষ্ঠরোগির মস্তকাবধি পাদপর্য্যন্ত যে২ স্থানে যাজক দেখে সে২ স্থানে সকল চর্ম্ম ব্যাপে [১৩] তবে যাজক আলোচনা করিবে ও দেখ যদি সে কুষ্ঠরোগ তাহার সমস্ত চর্ম্ম ব্যাপিয়া থাকে তবে সে রোগিকে সে শুদ্ধ বলিবে সে সর্ব্বাঙ্গশুক্ল হইয়াছে সেই শুদ্ধ। [১৪] কিন্তু যখন সে লোকেতে কাঁচা মাংসবৃদ্ধি দেখা যায় তখন সে অশুদ্ধ হইবে। [১৫] পরে যাজক সে কাঁচা মাংস দেখিয়া তাহাকে অশুদ্ধ বলিবে সে কাঁচা মাংস অপবিত্র তাহাই কুষ্ঠ। [১৬] কিম্বা যদি সে কাঁচা মাংস পুনর্ব্বার শ্বেতবর্ণ হয় তবে সে যাজকের নিকটে যাইবে। [১৭] এবং যাজক তাহাকে দেখিবে ও যদি ব্যাধি শ্বেতবর্ণ হইয়া থাকে তবে ঐ রোগিকে সে শুদ্ধ বলিবে সেই শুদ্ধ।

[১৮] অপর শরীরের চর্ম্মেতে ফোড়া হইয়া ভালহওনানন্তর [১৯] সে ফোড়ার স্থানে যদি শ্বেতবর্ণ ফুস্কুড়ি কিম্বা শ্বেতবর্ণ অথচ কিঞ্চিদ্রক্তবর্ণ চক্চকীয় দাগ হয় এবং তাহা যাজককে দেখান যায়। [২০] এবং যাজক তাহা দেখিলে দেখ যদি তাহা তাহার দৃষ্টিতে চর্ম্মহইতে নিম্ন হয় ও তাহার লোম শ্বেতবর্ণ হইয়া থাকে তবে যাজক তাহাকে অপবিত্র বলিবে সে ফোড়াতে নির্গত কুষ্ঠ ব্যাধি। [২১] কিন্তু যদি যাজক তাহা দেখে ও দেখ তাহাতে শুক্লবর্ণ লোম নাই ও তাহা চর্ম্মহইতে নিম্ন নয় কিন্তু কিঞ্চিন্মলিন হয় তবে তাহাকে সাত দিবস রোধ করিয়া রাখিবে। [২২] পরে তাহা যদি চর্ম্মেতে অনেক ব্যাপিয়া থাকে তবে যাজক তাহাকে অশুচি বলিবে তাহাই ব্যাধি। [২৩] কিন্তু যদি সে চক্চকীয় দাগ স্বস্থানে থাকে এবং না বাড়ে তবে তাহাই বিস্ফোটক তাহাতে যাজক তাহাকে শুচি বলিবে।

[২৪] যদিবা জ্বলনযুক্ত চর্ম্মেতে কাঁচা মাংস উৎপন্ন হয় এবং জ্বালাযুক্ত ঐ কাঁচা মাংসেতে কিঞ্চিদ্রক্তবর্ণ কিম্বা শুক্লবর্ণ চক্চকীয় এক দাগ থাকে [২৫] তবে যাজক তাহা দেখিবে ও দেখ যদি সে চক্চকীয় দাগে স্থিত লোম শুক্লবর্ণ হয় এবং দর্শনেতে চর্ম্মহইতে নিম্ন হয় তবে তাহা জ্বালাযুক্ত কাঁচা মাংসহইতে নির্গত কুষ্ঠ অতএব যাজক তাহাকে অশুচি বলিবে তাহাই কুষ্ঠ রোগ। [২৬] কিন্তু যদি যাজক তাহা দেখে ও দেখ সে চক্চকীয় দাগেতে কোন শুক্লবর্ণ লোম নাই ও সে দাগ চর্ম্মাপেক্ষা নিম্ন নয় কিন্তু কিঞ্চিন্মলিন হয় তবে যাজক তাহাকে সাত দিন রুদ্ধ করিয়া রাখিবে। [২৭] পরে সপ্তম দিবসে যাজক তাহাকে দেখিবে যদি তাহা চর্ম্মেতে বহু ব্যাপিয়া থাকে তবে যাজক তাহাকে অশুচি কহিবে তাহাই কুষ্ঠব্যাধি। [২৮] এবং যদি সে চক্চকীয় দাগ সেইরূপে থাকে ও চর্ম্মেতে বৃদ্ধি না পায় কিন্তু কিঞ্চিন্মলিন বর্ণ হয় তবে তাহা জ্বালাযুক্ত কাঁচা মাংসের বৃদ্ধি তাহাতে যাজক তাহাকে পবিত্র বলিবে কেননা তাহা জ্বালাযুক্ত কাঁচা মাংসের জ্বলন।

[২৯] যদি পুরুষের কিম্বা স্ত্রীর মস্তকে কিম্বা দাড়িতে ব্যাধি হয়। [৩০] তবে যাজক সে ব্যাধি দেখিবে ও দেখ দর্শনেতে তাহা যদি চর্ম্মহইতে নিম্ন হয় ও তাহাতে হরিদ্বর্ণ সূক্ষ্ম লোম থাকে তবে যাজক তাহাকে অপবিত্র বলিবে তাহাই ছলি অর্থাৎ মস্তকস্থিত কিম্বা দাড়িমধ্যস্থিত কুষ্ঠ। [৩১] এবং যদি যাজক সে ছলিব্যাধি দেখে ও দেখ সে ব্যাধি যদি দর্শনেতে চর্ম্মহইতে নিম্ন না হয় ও তাহাতে কোন কৃষ্ণবর্ণ লোম না থাকে তবে যাজক সে ছলিগ্রস্তকে সাত দিবস রুদ্ধ করিয়া রাখিবে। [৩২] পরে সপ্তম দিবসে যাজক সে ব্যাধি দেখিবে ও দেখ সে ছলি যদি না বাড়িয়া থাকে ও তাহাতে হরিদ্বর্ণ লোম না হয় ও দর্শনেতে সে ছলি চর্ম্মহইতে নিম্ন না হয় [৩৩] তবে মুণ্ডিত হইবে কিন্তু ছলিস্থান মুণ্ডন করিবে না পরে যাজক সে ছলিরোগিকে আর সাত দিবস রুদ্ধ করিয়া রাখিবে [৩৪] পরে সপ্তম দিবসে যাজক সে ছলি দেখিবে ও দেখ সে ছলি যদি চর্ম্মেতে না বাড়িয়া থাকে কিম্বা দর্শনেতে চর্ম্মহইতে নিম্ন না হইয়া থাকে তবে যাজক তাহাকে শুচি বলিবে পরে সে আপন বস্ত্র ধুইয়া শুচি হইবে।

[৩৫] কিন্তু তাহার শুচিতার পর যদি চর্ম্মেতে

সে ছুলি অনেক বাড়ে। [৩৬] তবে যাজক তাহা
কে দেখিবে ও দেখ যদি সে ছুলি চর্ম্মেতে বাড়ি
য়া থাকে তবে যাজক হরিদ্বর্ণ লোম খুজিবে না
সেই অপবিত্র। [৩৭] কিন্তু যদি তাহার দৃষ্টিতে
সে ছুলির বৃদ্ধি স্থগিত হয় ও তাহাতে কৃষ্ণবর্ণ
লোম উৎপন্ন হইয়া থাকে তবে সে ছুলির উপ
শম হইয়াছে সেই পবিত্র হইয়াছে এবং যাজক
তাহাকে পবিত্র কহিবে।

[৩৮] যদি কোন পুরুষের কিম্বা স্ত্রীর শরীরের
চর্ম্মেতে চক্‌চকীয় দাগ অর্থাৎ শ্বেতবর্ণ চক্‌চকীয়
দাগ হয়। [৩৯] তবে যাজক দেখিবে ও দেখ তা
হারদের শরীরের চর্ম্মেতে স্থিত সে চক্‌চকীয় দাগ
যদি কিঞ্চিন্মলিন শ্বেতবর্ণ হয় তবে সে চর্ম্মেতে
উৎপন্ন চক্র বক্র দাগ সেই পবিত্র। [৪০] অপর
যে মনুষ্যের কেশ মস্তকহইতে খসিয়া পড়িয়াছে
সেই লেড়া অথচ পবিত্র। [৪১] এবং যে মনু
ষ্যের কেশ কপালের নিকটে তাহার মস্তকহই
তে খসিয়া পড়িয়াছে সেই লেড়াকপাল অথচ
পবিত্র।

[৪২] এবং যদি সে লেড়ামাথাতে কিম্বা সে
লেড়াকপালেতে শুক্ল অথচ কিঞ্চিল্লোহিতবর্ণ
ঘা হয় তবে তাহা তাহার লেড়ামস্তকে কিম্বা তা
হার লেড়াকপালেতে উৎপন্ন কুষ্ঠব্যাধি। [৪৩]
তাহাহইতে যাজক তাহা দেখিবে ও দেখ শরী
রের চর্ম্মস্থিত কুষ্ঠের ন্যায় যদি সে ঘায়ের প্রবৃ
দ্ধাংশ তাহার লেড়ামাথাতে কিম্বা তাহার লে
ড়াকপালেতে শুক্ললোহিতবর্ণ হয়। [৪৪] সেই
কুষ্ঠি মনুষ্য সেই অপবিত্র যাজক তাহাকে নি
শ্চয় অশুচি কহিবে তাহার ব্যাধি তাহার মস্তকে
তে আছে। [৪৫] অপর যে লোকেতে কুষ্ঠব্যা
ধি হয় তাহার বস্ত্র ফাড়া যাইবে ও তাহার মস্তক
অনাচ্ছাদিত হইবে এবং সে আপনার ওষ্ঠ বস্ত্র
দ্বারা ঢাকিয়া অপবিত্র২ এই নিনাদ করিবে।
[৪৬] যত দিবস তাহার মধ্যে ব্যাধি থাকে সে
সমস্ত দিবস সে অশুদ্ধ হইবে সেই অশুদ্ধ সে
একাকী বাস করিবে ছাউনির বাহিরে তাহার
বসতিস্থান হইবে।

[৪৭] আরও পশমী কিম্বা মসিনাবস্ত্র হউক
[৪৮] কিম্বা পশমী কি মসিনা বস্ত্রের তানাতে
কিম্বা পড়িয়ানেতে হউক চর্ম্মেতে বা হউক কিম্বা
চর্ম্মনির্ম্মিত কোন বস্তুতে বা হউক সে যদি কুষ্ঠ
ব্যাধি হয়। [৪৯] ও যদি সে কুষ্ঠব্যাধি বস্ত্রেতে
কিম্বা চর্ম্মেতে তানাতে কিম্বা পড়িয়ানেতে কিম্বা
চর্ম্মের কোন পাত্রেতে অল্প শ্যামবর্ণ কিম্বা
অল্প লোহিতবর্ণ হয় তবে তাহাই কুষ্ঠব্যাধি এবং
যাজকের নিকটে দেখান যাইবে। [৫০] পরে
যাজক সে ব্যাধি দেখিবে ও সে ব্যাধিবিশিষ্ট দ্রুব্য
সাত দিবস রুদ্ধ করিয়া রাখিবে। [৫১] এবং স
প্তম দিবসে সে ঐ ব্যাধি দেখিবে যদি বস্ত্রের তা
নাতে কিম্বা পড়িয়ানেতে কিম্বা চর্ম্মেতে কিম্বা
চর্ম্মনির্ম্মিত কোন বস্তুতে সে ব্যাধি বাড়িয়া থাকে
তবে সে বর্দ্ধিষ্ণু কুষ্ঠ তাহাই অপবিত্র। [৫২]
অতএব সে ঐ বস্ত্র পোড়াইবে অর্থাৎ তানাতে
কিম্বা পড়িয়ানেতে পশমী কিম্বা মসিনাকৃত বস্ত্র
কিম্বা চর্ম্মনির্ম্মিত যে কোন দ্রুব্যেতে সে ব্যাধি হয়
যেহেতুক তাহাই বর্দ্ধিষ্ণু কুষ্ঠ তাহা আগুনে পো
ড়ান যাইবে। [৫৩] এবং যদি যাজক দেখে ও
দেখ সে ব্যাধি পশমী কিম্বা মসিনা বস্ত্রের তানা
তে কিম্বা পড়িয়ানেতে কিম্বা চর্ম্মের কোন দ্রুব্যে
তে বর্দ্ধমান না হয়। [৫৪] তবে যাজক সে ব্যা
ধিবিশিষ্ট দ্রুব্য ধুইতে আজ্ঞা করিবে এবং আর
সাত দিবস তাহা রোধ করিয়া রাখিবে। [৫৫]
পরে ধোওনের পর যাজক সে ব্যাধি দেখিবে
ও দেখ সে ব্যাধি যদি অন্যবর্ণ না হইয়া থাকে
ও ব্যাধি না বাড়িয়া থাকে তবে তাহাই অপবিত্র
তুমি তাহা অগ্নিতে পোড়াইবা তাহা ভিতরে কি
ম্বা বাহিরে পশমরহিত হইলেও তদ্রোগ অন্তঃ
স্থিত হয়। [৫৬] এবং যদি যাজক দেখে ও দেখ
ধোওনের পর সে ব্যাধি কিঞ্চিৎ কৃষ্ণবর্ণ হয়
তবে সে ঐ বস্ত্রহইতে কিম্বা চর্ম্মহইতে তানাহই
তে কিম্বা পড়িয়ানহইতে তাহা ফাড়িয়া ফেলি
বে [৫৭] তথাপি যদি বস্ত্রের তানাতে কিম্বা প
ড়িয়ানাতে কিম্বা চর্ম্মে নির্ম্মিত কোন দ্রুব্যেতে তা
হা দেখা যায় তবে তাহাই বর্দ্ধমান ব্যাধি যাহা
তে সে ব্যাধি থাকে তাহা তুমি অগ্নিতে পোড়াই
বা। [৫৮] এবং যে বস্ত্রের তানা কিম্বা পড়িয়ান
কিম্বা চর্ম্মের যে কোন দ্রুব্য তুমি ধুইবা তাহা
হইতে যদি সে ব্যাধি উপশম হয় তবে তাহা দ্বি
তীয়বার ধোয়া যাইবে তাহাতে তাহা শুদ্ধ হই
বে। [৫৯] পশমী কিম্বা মসিনা বস্ত্রের তানার
কিম্বা পড়িয়ানের কিম্বা চর্ম্মের কোন পাত্রের শু
দ্ধাশুদ্ধতা কহনবিষয়ে কুষ্ঠব্যাধির ব্যবস্থা এই।

১৪ পর্ব্ব।

[১] অনন্তর য়িহুহ মোশহ্‌কে কহিলেন [২]
কুষ্ঠরোগির পবিত্রহওনদিবসে ইহা তাহার ব্যব
স্থা হইবে সে জন যাজকের নিকটে আনীত হই
বে। [৩] এবং যাজক ছাউনির বাহিরে যাইবে
এবং যাজক দেখিবে ও দেখ যদি কুষ্ঠিতে কুষ্ঠ
রোগের উপশম হইয়া থাকে। [৪] তবে যাজক
ঐ শুচ্যমান লোকের কারণ দুই জীবৎ পবিত্র
পক্ষী ও এরেজকাষ্ঠ ও রক্তবর্ণ লোম ও এজোব
লইতে আজ্ঞা করিবে [৫] এবং প্রবাহি জলের
উপরে মৃৎপাত্রে একপক্ষী মারিতে যাজক
আজ্ঞা করিবে। [৬] এবং সে জীবৎ পক্ষী ও

এরেজকাষ্ঠ ও রক্তবর্ণ লোম ও এজোব সে গ্রহণ
করিয়া তাহা এবং ঐ জীবৎ পক্ষিকে প্রবাহি
জলের উপরে হত পক্ষির রক্তেতে ডুবাইবে। [৭]
এবং কুষ্ঠপ্রযুক্ত শুচ্যমানের উপরে সাতবার
প্রক্ষেপ করিবে ও তাহাকে শুচি কহিয়া ঐ জীবৎ
পক্ষিকে মাঠে ছাড়িয়া দিবে। [৮] পরে শুচ্য
মান ব্যক্তি আপন বস্ত্র ধুইবে ও আপনার সকল
লোম মুণ্ডন করিবে ও জলে স্নান করিবে যে সে
শুদ্ধ হয় পরে সে ছাউনিতে প্রবেশ করিবে এবং
সাত দিবস আপন তাম্বুর বাহিরে বাস করিবে
[৯] কিন্তু সপ্তম দিবসে এমত হইবে সে আ
পনার মস্তকের কেশ ও আপন দাড়ি ও আপন
ভ্রূ বিশেষতঃ আপনার সকল লোম মুণ্ডন করি
বে পরে সে আপন বস্ত্র ধুইবে ও জলে আপন
শরীর ধুইবে তাহাতে শুদ্ধ হইবে। [১০] পরে
অষ্টম দিবসে উপকরণার্থে সে নিখুঁত দুই মে
ষের বাচ্চা ও নিখুঁত একবৎসরীয় মেষের এক
স্ত্রী বাচ্চা ও তৈলেতে মর্দ্দিত সুজির দশাংশের
অংশত্রয় ও এক শের তৈল লইবে। [১১]
এবং পবিত্রকারক যাজক ঐ শুচ্যমান মনুষ্যকে
ও ঐ২ বস্তু মণ্ডল্যাবাসের দ্বারনিকটে য়িহুহের
সম্মুখে স্থাপন করিবে। [১২] পরে যাজক মে
ষের এক পুরুষবাচ্চা গ্রহণ করিয়া তাহা এবং
ঐ এক শের তৈল অপরাধনাশের কারণ নিবে
দন করিবে ও আন্দোলনীয় নৈবেদ্যার্থে তাহা
য়িহুহের উদ্দেশে দোলাইবে। [১৩] পরে যে
স্থানে পাপঘ্ন ও হব্য মারে সে স্থানে অর্থাৎ
পবিত্র স্থানে ঐ মেষের বাচ্চাকে মারিবে কেননা
যেমন পাপঘ্ন নৈবেদ্য যাজকের তেমন অপরা
ধঘ্ন ও তাহাই অতিপবিত্র। [১৪] পরে যাজক
অপরাধঘ্নের কিঞ্চিদ্রক্ত গ্রহণ করিয়া শুচ্যমানের
দক্ষিণ কর্ণাগ্রোপরি ও তাহার দক্ষিণ হস্তাঙ্গুষ্ঠো
পরি ও তাহার দক্ষিণপাদাঙ্গুষ্ঠোপরি দিবে।
[১৫] পরে যাজক সে এক শের তৈলহইতে কি
ঞ্চিৎ লইয়া আপন বাম হস্তের তালুয়ায় ঢালি
বে। [১৬] এবং যাজক আপনার বাম হস্তের তা
লুয়াস্থিত তৈলে আপন দক্ষিণ হস্তাঙ্গুলি ডুবাই
য়া য়িহুহের সম্মুখে আপন অঙ্গুলি দিয়া সাত
বার ঐ তৈলহইতে কিঞ্চিৎ লইয়া প্রক্ষেপ করিবে।
[১৭] এবং তাহার হাতের তালুয়াস্থিত অবশিষ্ট
তৈল লইয়া যাজক অপরাধঘ্নের রক্তের উপরে
ঐ শুচ্যমানের দক্ষিণকর্ণাগ্রোপরি ও তাহার দ
ক্ষিণহস্তাঙ্গুষ্ঠোপরি ও তাহার দক্ষিণপাদাঙ্গুষ্ঠো
পরি দিবে। [১৮] এবং যাজকের হাতের তা
লুয়াস্থিত অবশিষ্ট তৈল সে ঐ শুচ্যমানের মস্ত
কোপরি ঢালিবে ও যাজক তাহার কারণ য়িহুহের
সম্মুখে প্রায়শ্চিত্ত করিবে। [১৯] এবং যাজক
পাপঘ্ন নিবেদন করিবে ও শুচ্যমানের অশৌচ
হইতে তাহার শুচিহওনার্থে প্রায়শ্চিত্ত করিবে
পরে সে হব্য মারিবে। [২০] অপর যাজক হব্য ও
উপকরণ বেদিতে নিবেদন করিবে এবং যাজক
তাহার কারণ প্রায়শ্চিত্ত করিবে তাহাতে সে প
বিত্র হইবে। [২১] এবং সে যদি দরিদ্র হয় ও
তত পাওনের যোত্র না থাকে তবে সে প্রায়শ্চিত্ত
করিতে অপরাধঘ্ন মেষের একটা বাচ্চা আন্দো
লনার্থে ও তৈলমিশ্রিত সুজির এক দশমাংশ উ
পকরণার্থে ও এক শের তৈল। [২২] এবং যে
মত পাইতে পারে সেমত দুই ঘুঘু কিম্বা দুই
কবুতরের বাচ্চা লইবে তাহার একটা পাপঘ্ন
এবং অন্য একটা হব্য হইবে। [২৩] এবং
অষ্টম দিনে সে আপনার শৌচার্থে মণ্ডল্যাবা
সের দ্বারনিকটে য়িহুহের সম্মুখে যাজকের কা
ছে তাহারদিগকে আনিবে। [২৪] পরে যাজক
সে অপরাধঘ্ন মেষের বাচ্চা ও সে এক শের
তৈল লইয়া য়িহুহের সম্মুখে আন্দোলনার্থে
তাহা দোলাইবে। [২৫] পরে সে ঐ অপরা
ধঘ্ন মেষের বাচ্চাকে মারিবে ও যাজক ঐ অপ
রাধঘ্নহইতে কিঞ্চিদ্রক্ত লইয়া শুচ্যমানের দক্ষিণ
কর্ণাগ্রোপরি ও তাহার দক্ষিণহস্তাঙ্গুষ্ঠোপরি
ও তাহার দক্ষিণ পাদাঙ্গুষ্ঠোপরি দিবে। [২৬]
পরে যাজক তৈলহইতে কিঞ্চিৎ লইয়া আপন
বাম হাতের তালুয়াতে ঢালিবে। [২৭] এবং
যাজক আপন দক্ষিণ হস্তাঙ্গুলি দিয়া আপন
বাম হস্তস্থিত তৈলের কিঞ্চিৎ য়িহুহের সম্মুখে
সাতবার প্রক্ষেপ করিবে। [২৮] এবং যাজক
আপন হস্তস্থিত তৈলহইতে কিঞ্চিৎ লইয়া শুচ্য
মানের দক্ষিণকর্ণাগ্রোপারি ও তাহার দক্ষিণ
হস্তাঙ্গুষ্ঠোপরি ও তাহার দক্ষিণপাদাঙ্গুষ্ঠোপরি
অপরাধঘ্ন রক্তের স্থানোপরি দিবে। [২৯]
এবং য়িহুহের সম্মুখে শুচ্যমানের কারণ প্রায়
শ্চিত্ত করিতে যাজক আপন হস্তস্থিত অবশিষ্ট
তৈল তাহার মস্তকোপরি দিবে। [৩০] পরে
ঘুঘুর কিম্বা কবুতরের বাচ্চা যাহা পাইতে পারে
তাহার একটা সে নিবেদন করিবে। [৩১] অ
র্থাৎ যেমন পাইতে পারে তেমন উপকরণের স
হিত তাহার একটা অপরাধঘ্ন ও আর একটা
হোমরূপ নিবেদন করিবে এবং যাজক য়িহুহের
সম্মুখে শুচ্যমানের কারণ প্রায়শ্চিত্ত করিবে।
[৩২] যে কুষ্ঠরোগির হস্তে স্বশুদ্ধিনিমিত্তে দ্রব্য
না থাকে তাহার এই ব্যবস্থা।

[৩৩] অপর য়িহুহ মোশহকে ও আহরোণকে
কহিলেন [৩৪] অধিকারার্থে তোমারদিগকে
আমি যে দেশ দি সে কনআনদেশে যখন তো
মরা প্রবিষ্ট হইবা এবং তোমারদের অধিকার

দেশের কোন ঘরে আমি কুষ্ঠব্যাধি দিলে [৩৫]
এবং আমার দৃষ্টিতে ঘরেতে ব্যাধির মত দেখা
যায় সে ঘরের স্বামী আসিয়া এ কথা কহিয়া যা
জককে জানাইলে। [৩৬] ঘরের সকল বস্তু অশুদ্ধ
না হয় এনিমিত্তে ব্যাধি দেখিবার জন্যে যাজকের
প্রবেশের পূর্ব্বে ঘর শূন্য করিতে যাজক আজ্ঞা
করিবে তৎপরে যাজক ঘর দেখিতে অভ্যন্তরে প্র
বেশ করিবে। [৩৭] এবং সে ব্যাধি দেখিবে ও
দেখ যদি ব্যাধি সে ঘরের দেওয়ালে কিয়দ্ধরি
দ্বর্ণ কিম্বা কিয়দ্রক্তবর্ণ নিম্নরেখাবৎ হইয়া দর্শ
নে দেওয়ালহইতে কিঞ্চিন্নিম্ন হয় [৩৮] তবে
যাজক ঘরহইতে ঘরদ্বারনিকটে বাহির হইয়া
সাত দিন সে ঘর বন্ধ করিয়া রাখিবে। [৩৯]
পরে যাজক সপ্তম দিবসে পুনর্ব্বার আসিয়া দৃ
ষ্টি করিয়া দেখিবে ও দেখ যদি সে ঘরের দেও
য়ালে সে ব্যাধি বাড়িয়া থাকে। [৪০] তবে
যাজক আজ্ঞা করিবে যে তাহারা ব্যাধিবিশিষ্ট
পাথর বাহির করিয়া শহরের বাহিরে অপবিত্র
স্থানে ফেলিয়া দেয়। [৪১] পরে সে ঐ ঘরের
ভিতরে চারি দিগ চাঁচাইবে ও তাহারা সে চাঁচা
ধূলা নগরের বাহিরে অপবিত্র স্থানে ফেলিয়া
দিবে। [৪২] এবং তাহারা অন্য পাথর লইয়া
সে পাথরের স্থানে বসাইবে এবং সে অন্য গা
রা লইয়া সে ঘর লেপন করিবে। [৪৩] পরে
পাথর বদলাইলে ও ঘর চাঁচাইলে ও লেপা
ইলে যদি সে ব্যাধি পুনর্ব্বার জন্মিয়া ঘরে বি
স্তৃত হয়। [৪৪] তবে যাজক আসিয়া দেখি
বে ও দেখ যদি সে ব্যাধি ঐ ঘরে বাড়িয়া থাকে
তবে তাহা ঘরে বর্দ্ধমান কুষ্ঠ তাহাই অপবিত্র।
[৪৫] তাহাতে সে ঐ ঘর ভাঙ্গিয়া ফেলিবে অ
র্থাৎ তাহার পাথর ও তাহার কাষ্ঠ ও তাহার
সকল ময়লা পরে শহরের বাহিরে অশুদ্ধ স্থা
নে তাহা বহিয়া লইয়া যাইবে। [৪৬] আরও ঐ
ঘর রুদ্ধহওয়ার তাবৎ কাল যে কেহ সে ঘরে
যায় সে সন্ধ্যাপর্য্যন্ত অপবিত্র থাকিবে। [৪৭]
ও সে ঘরে যে কেহ শয়ন করে সে আপন বস্ত্র
ধুইবে এবং সে ঘরে ভোজনকারী আপন বস্ত্র
ধুইবে।

[৪৮] অপর যদি যাজক প্রবিষ্ট হইয়া দেখে
ও দেখ সে ঘরলেপনের পর ব্যাধি ঘরে না
বাড়িয়া থাকে তবে যাজক সে ঘরকে পবিত্র
বলিবে কেননা সে ব্যাধির উপশম হইয়াছে।
[৪৯] পরে সে ঐ ঘর শুদ্ধ করিবার কারণ দুই
টা পক্ষী ও এরেজকাষ্ঠ ও রক্তবর্ণ লোম [৫০]
ও এজোব লইয়া মৃৎপাত্রে প্রবাহি জলোপরি এ
কটা পক্ষিকে মারিবে। [৫১] পরে সে ঐ এরেজ
কাষ্ঠ ও এজোব ও রক্তবর্ণ লোম ও জীবৎ পক্ষি
লইয়া হত পক্ষির রক্তে এবং প্রবাহি জলেতে
ডুবাইয়া ঘরে সাতবার প্রক্ষেপ করিবে। [৫২]
এবং সে ঐ পক্ষির রক্তেতে ও প্রবাহি জলেতে
ও জীবৎ পক্ষি ও এরেজকাষ্ঠ ও এজোব ও রক্ত
বর্ণ লোমদ্বারা সে ঘর শুদ্ধ করিবে। [৫৩] কিন্তু
শহরের বাহিরে মাঠে সে ঐ জীবৎ পক্ষিকে ছাড়ি
য়া দিবে ও ঘরের কারণ প্রায়শ্চিত্ত করিবে তাহা
তে তাহা পবিত্র হইবে। [৫৪] সর্ব্বপ্রকার কুষ্ঠ
ও ছলি। [৫৫] ও বস্ত্রস্থিত ও গৃহস্থিত কুষ্ঠ [৫৬]
ও স্ফীতি ও পামা ও চক্‌চকীয় ব্রুণ [৫৭] যখন
অপবিত্র ও যখন পবিত্র ইহা জানাইবার ব্যব
স্থা এই মহাব্যাধির এই ব্যবস্থা।

## ১৫ পর্ব্ব।

[১] অপর য়িহুহ মোশহ্‌কে ও আহরোণকে
কহিলেন [২] য়িশ্‌রাএলের সন্তানেরদিগকে কহ
ও তাহারদিগকে বল যখন মনুষ্যের শরীরে প্র
মেহ হয় তখন ঐ প্রমেহপ্রযুক্ত সে অশুচি হইবে।
[৩] এবং তাহার প্রমেহেতে ইহা তাহার অ
শৌচ হইবে বিশেষতঃ যদি তাহার শরীরহইতে
তাহার প্রমেহ ক্ষরে কিম্বা তাহার শরীরে তাহার
প্রমেহ বন্ধ হয় তাহাই তাহার অশৌচ। [৪] যে
কোন শয্যাতে প্রমেহী শয়ন করে সে প্রত্যেক
শয্যা অশুদ্ধা ও যাহার উপরে বসে সে প্রত্যেক
আসন অশুদ্ধ হইবে। [৫] এবং যে কেহ তাহার
শয্যাস্পর্শ করে সে আপন বস্ত্র ধুইবে ও জলেতে
স্নান করিবে ও সন্ধ্যাপর্য্যন্ত অপবিত্র রহিবে।
[৬] এবং যাহার উপরে প্রমেহী বসে এমত
কোন দ্রব্যের উপরে যে কেহ বসে সে আপন
বস্ত্র ধুইবে ও জলে স্নান করিবে ও সন্ধ্যাপর্য্যন্ত
অপবিত্র রহিবে। [৭] এবং যে জন প্রমেহির
শরীরস্পর্শ করে সে আপন বস্ত্র ধুইবে ও জলে
স্নান করিবে ও সন্ধ্যাপর্য্যন্ত অশুদ্ধ রহিবে [৮]
এবং যদি প্রমেহী শুচি ব্যক্তির উপরে থুতু ফেলে
তবে সে আপন বস্ত্র ধুইবে ও জলে স্নান করিবে
ও সন্ধ্যাপর্য্যন্ত অশুদ্ধ রহিবে। [৯] এবং
প্রমেহী যে জীনের উপরে আরোহণ করে তাহা
অশুদ্ধ হইবে। [১০] এবং যে জন তন্নীচস্থ
কোন বস্তু স্পর্শ করে সে সন্ধ্যাপর্য্যন্ত অশুদ্ধ থা
কিবে এবং যে জন তাহা বহে সে আপন বস্ত্র ধু
ইবে ও জলে স্নান করিবে ও সন্ধ্যাপর্য্যন্ত অশুদ্ধ
রহিবে। [১১] এবং প্রমেহী আপন হাত জলে
না ধুইয়া যাহাকে স্পর্শ করে সে আপন বস্ত্র
ধুইবে ও জলে স্নান করিবে ও সন্ধ্যাপর্য্যন্ত অ
পবিত্র থাকিবে। [১২] এবং প্রমেহী যে কোন
মৃৎপাত্রস্পর্শ করে তাহা ভাঙ্গা যাইবে ও সকল
কাষ্ঠপাত্র জলে ধোয়া যাইবে। [১৩] অপর
যখন প্রমেহী আপন প্রমেহহইতে পবিত্র হয়

তখন সে আপনার পবিত্রহওনের কারণ সাত
দিন গণনা করিবে এবং আপন বস্ত্র ধুইবে ও
প্রবাহি জলে আপনি স্নান করিবে পরে প
বিত্র হইবে। [১৪] পরে অষ্টম দিবসে সে
আপনার কারণ দুই ঘুঘু কিম্বা দুই কবুতরের
বাচ্চা লইয়া য়িহুহের সম্মুখে মণ্ডল্যাবাসের দ্বার
নিকটে আসিবে ও তাহারদিগকে যাজককে
দিবে। [১৫] এবং যাজক তাহারদের একটা
পাপনাশার্থে ও একটা হোমার্থে নিবেদন করি
বে এবং যাজক য়িহুহের উদ্দেশে তাহার প্রমেহ
প্রযুক্ত তাহার নিমিত্তে প্রায়শ্চিত্ত করিবে। [১৬]
অপর যদি কোন মনুষ্যের রেতঃপাত হয় তবে
সে আপন সকল শরীর জলে ধুইবে ও সন্ধ্যাপ
র্য্যন্ত অপবিত্র রহিবে। [১৭] এবং যে প্রত্যেক
বস্ত্রেতে ও চর্ম্মেতে রেতঃপাত হয় সে সকল
জলে ধোয়া যাইবে ও সন্ধ্যাপর্য্যন্ত অপবিত্র
থাকিবে। [১৮] এবং যে স্ত্রীর সহিত যে পুরুষ
রেতঃসুদ্ধ শয়ন করে তাহারা জলে স্নান করি
বে ও সন্ধ্যাপর্য্যন্ত অপবিত্র রহিবে।

[১৯] অপর যদি কোন স্ত্রীর প্রমেহ হয় ও তা
হার শরীরস্থ প্রমেহ রক্ত হয় তবে সে সাত দি
বস ভিন্না থাকিবে এবং যে কোন লোক তাহা
কে স্পর্শ করে সে সন্ধ্যাপর্য্যন্ত অপবিত্র রহিবে।
[২০] এবং তাহার ভিন্নাবস্থাতে সে যাহার উপ
রে শয়ন করে সে প্রত্যেক দ্রব্য অপবিত্র হইবে
এবং সে যাহার উপরে বসে সে প্রত্যেক দ্রব্যও
অশুদ্ধ হইবে। [২১] এবং যে কেহ তাহার
শয্যাস্পর্শ করে সে আপন বস্ত্র ধুইবে ও জলে
স্নান করিয়া সন্ধ্যাপর্য্যন্ত অশুদ্ধ রহিবে। [২২]
এবং সে যে দ্রব্যের উপরে বসে তৎস্পর্শকারি
জন আপন বস্ত্র ধুইবে ও জলে স্নান করিয়া
সন্ধ্যাপর্য্যন্ত অপবিত্র রহিবে। [২৩] এবং সে
বস্তু যদি তাহার শয্যার উপর হয় কিম্বা তাহার
বসিবার আসনের উপর হয় সে তাহা স্পর্শ
করিলে সন্ধ্যাপর্য্যন্ত অশুদ্ধ রহিবে। [২৪]
এবং যদি কোন পুরুষ সেই স্ত্রীর সহিত সংসর্গ
করে ও তাহার রজস্ তাহার গায়ে লাগে তবে
সে সাত দিবস অপবিত্র রহিবে ও যে২ শয্যাতে
সে শয়ন করে তাহা অপবিত্র হইবে। [২৫]
এবং ভিন্নাবস্থার পর বহুদিন যদি কোন স্ত্রীর
রক্তস্রাব হয় কিম্বা ভিন্নহওনকালের অধিক কা
ল রক্ত ক্ষরে তবে তাহার ভিন্নাবস্থার দিনের মত
তাহার রক্তস্রাবহেতুক অপবিত্রতার সমস্ত দিবস
সে অপবিত্রা হইবে। [২৬] তাহার রক্তস্রাবের
সমস্ত দিবস যে শয্যাতে শয়ন করে তাহা তাহার
ভিন্নাবস্থার শয্যার মত অপবিত্র হইবে এবং সে
যাহার উপরে বসে সে সকল দ্রব্য তাহার ভিন্না
বস্থাসময়ের অপবিত্রতার মত অপবিত্র হইবে
[২৭] এবং যে কেহ সে দ্রব্য স্পর্শ করে সে
অপবিত্র হইবে এবং আপন বস্ত্র ধুইবে ও জলে
স্নান করিয়া সন্ধ্যাপর্য্যন্ত অপবিত্র রহিবে।
[২৮] কিন্তু যদি সে আপনার রক্তস্রাবহইতে
শুদ্ধা হইয়া থাকে তবে সে আপনার কারণ সাত
দিবস গণনা করিবে পরে শুদ্ধা হইবে।

[২৯] এবং অষ্টম দিনে সে আপনার কারণ
দুই ঘুঘু কিম্বা দুই কবুতরের বাচ্চা লইবে ও তা
হারদিগকে মণ্ডল্যাবাসের দ্বারসমীপে যাজকের
নিকটে আনিবে। [৩০] পরে যাজক পাপনাশা
র্থে একটা ও হব্যার্থে একটা নিবেদন করিবে
এবং তাহার রক্তস্রাবের অপবিত্রতাপ্রযুক্ত য়ি
হুহের সম্মুখে তাহার কারণ যাজক প্রায়শ্চিত্ত
করিবে। [৩১] এতদ্রূপে তোমরা য়িশ্রাএলের
সন্তানেরদিগকে তাহারদের অপবিত্রতাহইতে
ভিন্ন করিবা যে তাহারা যখন আপনারদের মধ্য
বর্ত্তি আমার আবাস অপবিত্র করে তখন আ
পনারদের অপবিত্রতাতে না মরে। [৩২] প্র
মেহরোগির এবং যাহার রেতঃস্খলন হয় ও তৎ
প্রযুক্ত অশুচি হয় তাহার। [৩৩] ও রজস্বলা
স্ত্রীর ও প্রমেহবিশিষ্ট পুরুষের কিম্বা স্ত্রীর ও
অপবিত্রা স্ত্রীর সহিত যে পুরুষ সংসর্গ করে তা
হারও এই ব্যবস্থা।

## ১৬ পর্ব্ব।

[১] অনন্তর আহরোণের দুই পুত্র য়িহুহের
উদ্দেশে নিবেদন করিয়া মরিলে পর য়িহুহ মো
শহ্কে কহিলেন। [২] এবং য়িহুহ মোশহ্কে ক
হিলেন তুমি আপন ভ্রাতা আহরোণকে কহ যে
সে পরদার মধ্যবর্ত্তি সিন্দুকোপরিস্থিত আবর
ণের সম্মুখে পবিত্র স্থানে সর্ব্বদা প্রবেশ না করে
যে না মরে কেননা আমি মেঘে আবরণের উপ
রে দেখা দিব। [৩] আহরোণ পাপঘ্ন বা
ছুর ও হোমার্থক মেষ সঙ্গে লইয়া পবিত্র স্থানে
এতদ্রূপ প্রবেশ করিবে। [৪] সে মসিনার প
বিত্র আঙ্গরাখা পরিধান করিবে ও মসিনার
ইজার শরীরে পরিবে ও মসিনার দামনেতে
বদ্ধ হইবে ও মসিনার পাগড়িতে ভূষিত হইবে
এ সকল পবিত্র বস্তু অতএব সে জলেতে আপন
শরীর ধুইয়া সে সকল পরিধান করিবে। [৫]
পরে সে য়িশ্রাএলের সন্তানেরদের মণ্ডলীর
পাপনাশার্থে দুই ছাগল ও হোমের কারণ এক
মেষ গ্রহণ করিবে। [৬] এবং আহরোণ আপ
নার কারণ স্বপাপঘ্ন বাছুর হোম করিয়া আপ
নার কারণ ও আপন ঘরের কারণ প্রায়শ্চিত্ত
করিবে। [৭] পরে সে ঐ দুই ছাগল লইয়া
মণ্ডলীর তাম্বুদ্বারের নিকটে য়িহুহের সম্মুখে তা

হারদিগকে উপস্থিত করিবে। [৮] এবং আহ
রোণ ঐ দুই ছাগলের বিষয়ে গুলিবাঁট করিবে
ইহার এক বাঁট য়িহুহের কারণ ও অন্য বাঁট
ত্যাজ্য ছাগলের কারণ। [৯]পরে য়িহুহের কা
রণ যে ছাগলের উপরে বাঁট পড়ে আহরোণ
তাহা পাপনাশার্থে হোমরূপে নিবেদন করিবে।
[১০] কিন্তু ত্যাজ্য ছাগলহওনার্থে যাহার উপ
রে বাঁট পড়ে তদ্দ্বারা প্রায়শ্চিত্ত করিবার কারণ
এবং ত্যাজ্য ছাগলার্থে বনে ছাড়িয়া দেওনের
কারণ সে ছাগল য়িহুহের সম্মুখে জীবৎ উপ
স্থিত করা যাইবে।

[১১] অপর আহরোণ স্বপাপঘ্ন বাছুর আ
নিয়া আপনার কারণ ও আপন ঘরের কারণ
প্রায়শ্চিত্ত করিবে এবং আপন পাপঘ্ন বাছুর
মারিবে। [১২]পরে য়িহুহের সম্মুখস্থ বেদির
উপরহইতে সে জ্বলন্তাঙ্গারপূর্ণ ধূনচি লইবে
এবং চূর্ণীকৃত সুগন্ধি কুন্দুরুতে পূর্ণ মুষ্টি লইয়া
পরদার মধ্যে আনিবে। [১৩] এবং মেঘের
সাক্ষ্যোপরিস্থিত আবরণ ঢাকনার্থে সে য়িহুহের
সম্মুখে ঐ ধূপ দিবে যে সে না মরে। [১৪]
পরে সে ঐ বাছুরের রক্ত লইয়া আবরণের স
ম্মুখে পূর্ব্ব দিগে আপন অঙ্গুলি দিয়া প্রক্ষেপ
করিবে এবং আবরণের সম্মুখে আপন অঙ্গুলি
দিয়া ঐ রক্ত সাতবার প্রক্ষেপ করিবে।

[১৫] অপর সে লোকেরদের পাপঘ্ন ছাগল
মারিয়া তাহার রক্ত পরদাভ্যন্তরে আনিয়া বা
ছুরের রক্তেতে যেমত করিয়াছিল সেমত তা
হার রক্ত লইয়া করিবে এবং আবরণের সম্মু
খে ও আবরণের উপরে তাহা প্রক্ষেপ করিবে।
[১৬] এবং য়িশ্রাএলের সন্তানেরদের অপবি
ত্রতাপ্রযুক্ত ও তাহারদের সর্ব্বাপরাধেতে তাহার
দের আজ্ঞালঙ্ঘনদোষপ্রযুক্ত পবিত্র স্থানের
জন্যে সে প্রায়শ্চিত্ত করিবে এবং তাহারদের অ
পবিত্রতার মধ্যে তাহারদের সহবর্ত্তি মণ্ডল্যাবা
সের কারণও সে তদ্রূপ করিবে। [১৭] এবং
প্রায়শ্চিত্তকরণার্থে পবিত্র স্থানে প্রবেশাবধি তা
হার বাহির না হওন এবং আপনার কারণ ও
আপন ঘরের কারণ ও য়িশ্রাএলের সকল মণ্ড
লীর কারণ প্রায়শ্চিত্তকরণ সমাপ্তি না হওনপ
র্য্যন্ত মণ্ডল্যাবাসেতে কোন মনুষ্য রহিবে না।
[১৮] পরে সে বাহির হইয়া য়িহুহের সম্মুখবর্ত্তি
বেদির নিকটে যাইয়া তাহার কারণ প্রায়শ্চিত্ত
করিবে এবং ঐ বাছুরের এবং ছাগলের রক্ত ল
ইয়া বেদির শৃঙ্গোপরি চারিদিগে দিবে। [১৯]
এবং সে রক্তের কিঞ্চিৎ লইয়া সে আপন অঙ্গু
লি দিয়া সাতবার তাহার উপরে প্রক্ষেপ করিবে
ও তাহা পবিত্র করিবে এবং য়িশ্রাএলের সন্তা
নেরদের অপবিত্রতাহইতে তাহা শুদ্ধ করিবে।

[২০] অপর পবিত্র স্থানের ও মণ্ডল্যাবাসের
ও বেদির প্রায়শ্চিত্তকরণ সমাপ্ত করিলে সে সেই
জীবচ্ছাগলকে আনিবে। [২১] এবং আহ
রোণ আপনার দুই হস্ত ঐ জীবচ্ছাগলের মস্ত
কের উপরে অর্পণ করিবে এবং য়িশ্রাএলের
সন্তানেরদের সমস্ত পাপ এবং তাহারদের সর্ব্ব
পাপবিষয়ে সমস্ত আজ্ঞাতিক্রম তাহার উপরে
স্বীকার করিয়া সে সমস্ত ছাগলের মস্তকোপরি
অর্পণ করিবে তদনন্তর উপযুক্ত মনুষ্যের হস্তদ্বা
রা তাহাকে বনে ছাড়িয়া দিবে। [২২] এবং ঐ
ছাগল আপনার উপরে করিয়া তাহারদের স
মস্ত পাপ অবসতিদেশে বহিয়া ফেলিবে পরে
সে সেই ছাগলকে বনে ছাড়িয়া দিবে। [২৩]
পরে আহরোণ মণ্ডল্যাবাসেতে আসিয়া পবিত্র
স্থানে প্রবিষ্টহওনসময়ে যে মসিনাবস্ত্র পরিধান
করিয়াছিল তাহা ত্যাগ করিয়া সে স্থানে থুই
বে। [২৪] পরে সে আপন শরীর পবিত্র স্থা
নে জলেতে প্রক্ষালন করিয়া আপন বস্ত্র পরি
ধানানন্তর নির্গত হইয়া আপনার হোম ও লো
কেরদের হোম করিয়া আপনার ও লোকের
দের কারণ প্রায়শ্চিত্ত করিবে। [২৫] এবং ঐ
পাপনিমিত্তক বলির চরবি সে বেদিতে পোড়াই
বে। [২৬] এবং যে জন ত্যাজ্য ছাগল ছাড়িয়া
দিল সে আপন বস্ত্র ও আপন শরীর জলে প্র
ক্ষালন করিয়া ছাউনিতে আসিবে। [২৭] পরে
প্রায়শ্চিত্তার্থে পাপনাশার্থক যে বাছুরের ও
পাপনাশার্থক যে ছাগলের রক্ত পবিত্র স্থানে
আনীত হইয়াছিল তাহারদিগকে কেহ ছাউনির
বাহিরে লইয়া যাইবে এবং তাহারা অগ্নিতে তা
হারদের চর্ম্ম ও তাহারদের মাংস ও তাহারদের
বিষ্ঠা দাহ করিবে। [২৮] এবং যে জন তাহা
পোড়ায় সে আপন বস্ত্র ও আপন শরীর জলে
তে প্রক্ষালন করিবে পরে ছাউনিতে প্রবেশ ক
রিবে।

[২৯] অপর তোমারদের কারণ ইহা এক
নিত্য বিধি হইবে সপ্তম মাসের দশম দিবসে দে
শীয় কিম্বা তোমারদের মধ্যবাসি বিদেশীয় হ
উক তোমরা আপনারদের প্রাণেতে দুঃখ দিবা
ও কোন কর্ম্ম করিবা না [৩০] যেহেতুক সে দি
বসে তোমারদিগকে পবিত্রকরণার্থে তোমার
দের কারণ যাজক প্রায়শ্চিত্ত করিবে যে তোমরা
য়িহুহের সম্মুখে তোমারদের সমস্ত পাপহইতে
পবিত্র হও। [৩১] তাহাই তোমারদের কারণ বি
শ্রামার্থ শাবত এবং তোমরা নিত্য বিধিতে আপ
নারদের প্রাণকে দুঃখ দিবা। [৩২] এবং তা
হার পিতার স্থানে যাগ করিতে যাহাকে তোমরা

যাজকাভিষেক করিবা ও তাহার পরে পদার্পিত
করিবা সে প্রায়শ্চিত্ত করিবে এবং মসিনাবসন
অর্থাৎ পবিত্র বস্ত্র পরিধান করিবে। [৩৩]
এবং সে অতিপবিত্র স্থানের নিমিত্তে প্রায়শ্চিত্ত
করিবে ও মণ্ডল্যাবাসের এবং বেদির কারণ প্রায়
শ্চিত্ত করিবে এবং যাজকের এবং মণ্ডলীস্থ সকল
লোকের কারণ প্রায়শ্চিত্ত করিবে। [৩৪] এবং
য়িশ্রাএলের সন্তানেরদের কারণ তাহারদের স
মস্ত পাপপ্রযুক্ত বৎসরে একবার প্রায়শ্চিত্তকর
ণার্থে তোমারদের জন্য ইহাই নিত্যবিধি হইবে
পরে য়িহুহ যেমন মোশহ্কে আজ্ঞা করিয়াছি
লেন তেমন সে করিল।

১৭ পর্ব্ব।

[১] অনন্তর য়িহুহ মোশহ্কে কহিলেন [২]
আহরোণকে ও তাহার পুত্রেরদিগকে ও য়িশ্
রাএলের সমস্ত সন্তানেরদিগকে কহ যে য়িহুহ যা
হা আজ্ঞা করিয়াছেন তাহা এই। [৩] য়িশ্
রাএলের বংশজাত যে কেহ ছাউনিতে কিম্বা
ছাউনির বাহিরে গরু কিম্বা মেষ কিম্বা ছাগল
মারে। [৪] এবং য়িহুহের আবাসের সম্মুখে
য়িহুহের উদ্দেশে নিবেদনার্থে তাহা মণ্ডল্যাবা
সের দ্বারনিকটে না আনে সে মনুষ্যের উপরে
রক্তপাতাপরাধ হইবে সে রক্তপাত করিয়াছে
এবং সে মনুষ্য আপন লোকেরদের মধ্যহইতে
উচ্ছিন্ন হইবে। [৫] এ অভিপ্রায়ে যে য়িশ্রাএ
লের সন্তানেরা মাঠে কৃত আপনারদের বলি
অর্থাৎ তাহারা সে সকল বলি মণ্ডল্যাবাসের
দ্বারনিকটে যাজকের স্থানে য়িহুহের কারণ আ
নিয়া স্বস্ত্যয়নার্থে য়িহুহের উদ্দেশে বলি দেয়।
[৬] এবং যাজক মণ্ডল্যাবাসের দ্বারনিকটে য়িহু
হের বেদির উপরে সে রক্তপ্রক্ষেপ করিবে এবং
য়িহুহের উদ্দেশে সুগন্ধার্থে তাহাতে চরবি পো
ড়াইবে। [৭] তাহাতে তাহারা যে দেবেরদের
পশ্চাদ্বর্ত্তী হইয়া ব্যভিচার করিয়া ফিরিয়াছে তা
হারদের উদ্দেশে আর বলি দিবে না তাহারদের
পুরুষানুক্রমে তাহারদের কারণ এই এক নিত্য
বিধি হইবে।

[৮] অপর তুমি তাহারদিগকে কহিবা য়িশ্রা
এলের বংশজাতেরদের মধ্যে কিম্বা তোমারদের
মধ্যে প্রবাসকারি বিদেশীয়েরদের মধ্যে যে
কেহ হোম কিম্বা নৈবেদ্য নিবেদন করে। [৯]
এবং য়িহুহের উদ্দেশে নিবেদনার্থে তাহা মণ্ড
ল্যাবাসের দ্বারনিকটে না আনে সে মনুষ্য আ
পন লোকেরদের মধ্যহইতে উচ্ছিন্ন হইবে।

[১০] অপর য়িশ্রাএলবংশজাতেরদের ম
ধ্যে কিম্বা তোমারদের মধ্যে প্রবাসকারি বিদে
শীয়েরদের মধ্যে যে কেহ কোন প্রকার রক্ত
খায় সে রক্তখাদকের প্রতিকূলে আমি বিমুখ
হইব এবং তল্লোকমধ্যহইতে তাহাকে উচ্ছিন্ন
করিব। [১১] যেহেতুক মাংসের জীবন রক্তের
মধ্যেই এবং তোমারদের প্রাণের কারণ প্রায়
শ্চিত্ত করিতে আমি তাহা বেদির উপরে তোমার
দিগকে দিয়াছি প্রাণের কারণ রক্তই প্রায়শ্চিত্ত
করে [১২] অতএব য়িশ্রাএলের সন্তানেরদিগ
কে আমি কহিয়াছিলাম যে তোমারদের মধ্যে
কোন প্রাণী রক্ত খাইবে না এবং তোমারদের
মধ্যে বাসকারি কোন বিদেশীয়ও রক্ত খাইবে
না। [১৩] অপর য়িশ্রাএলের সন্তানেরদের
কিম্বা তোমারদের মধ্যে বাসকারি বিদেশীয়ের
দের মধ্যে যে কোন জন খাদ্য কোন পশুকে কি
ম্বা পক্ষিকে মৃগয়াতে ধরে সে তাহার রক্ত ঢালি
য়া ফেলিয়া ধূলাতে ঢাকিবে [১৪] কেননা রক্তই
সর্ব্ব প্রাণির জীবন অর্থাৎ তাহা তাহার জীব
নার্থেই অতএব আমি য়িশ্রাএলের সন্তানের
দিগকে কহিয়াছিলাম যে তোমরা কোন প্রাণির
রক্ত খাইবা না যেহেতুক রক্তই সকল প্রাণির
জীবন যে কেহ তাহা খায় সে উচ্ছিন্ন হইবে।

[১৫] অপর দেশীয়েরদের কিম্বা বিদেশী
য়েরদের মধ্যে যে কোন প্রাণী স্বয়ং মরা কিম্বা
পশুতে ছিঁড়া কিছু খায় সে আপন বস্ত্র ধুইবে
ও জলে স্নান করিবে এবং সন্ধ্যাপর্য্যন্ত অপ
বিত্র রহিবে। [১৬] কিন্তু যদি সে না ধোয় কিম্বা
স্নান না করে তবে সে আপন দোষভোগ ক
রিবে।

১৮ পর্ব্ব।

[১] অনন্তর য়িহুহ মোশহ্কে কহিলেন [২]
য়িশ্রাএলের সন্তানেরদিগকে কহ ও তাহারদি
গকে বল [৩] যে আমি তোমারদের ঈশ্বর য়ি
হুহ তোমরা যে দেশমধ্যে বাস করিলা এমত
যে মিসরদেশ তাহার ব্যবহারের মত করিও না
এবং যে দেশে আমি তোমারদিগকে আনিতেছি
এমত যে কনআনদেশ তাহারও ব্যবহারের মত
করিও না ও তাহারদের বিধিতে আচরণ করিও
না। [৪] তোমরা আমার বিচার ও বিধি আ
চরণার্থে তাহা পালন কর আমিই তোমারদের
ঈশ্বর য়িহুহ। [৫] অতএব তোমরা আমার
বিধি ও আমার বিচারপালন কর তাহা যদি
কোন মনুষ্য করে তবে সে তাহাতে বাঁচিবে আ
মিই য়িহুহ।

[৬] তোমারদের মধ্যে কোন কেহ আপন
কুটুম্বের আবরণীয় অনাবৃত করণার্থে তাহার নি
কটে যাইবে না আমিই য়িহুহ [৭]। তোমার
পিতার আবরণীয় কিম্বা তোমার মাতার আব
রণীয় তুমি অনাবৃত করিও না সে তোমার মাতা

তুমি তাহার আবরণীয় অনাবৃত করিও না। [৮]
তোমার পিতার ভার্য্যার আবরণীয় তুমি অনা
বৃত করিও না সে তোমার পিতার আবরণীয়।
[৯] তোমার ভগিনী অর্থাৎ তোমার পিতৃকন্যা
কিম্বা তোমার মাতৃকন্যা সে গৃহজাতা কিম্বা বা
হিরে জাতা হউক তাহারদের আবরণীয় তুমি
অনাবৃত করিও না। [১০] তোমার পৌত্রীর
কিম্বা তোমার দৌহীত্রীর আবরণীয় তুমি অনা
বৃত করিও না কেননা তাহাই তোমার আবরণীয়।
[১১] তোমার পিতৃভার্য্যার কন্যার আবরণীয়
তুমি অনাবৃত করিও না সে তোমার পিতাহইতে
জাতা অতএব তোমার ভগিনী তুমি তাহার আ
বরণীয় অনাবৃত করিও না। [১২] তোমার
পিতার ভগিনীর আবরণীয় তুমি অনাবৃত করিও
না সে তোমার পিতার গোত্রজা। [১৩] তোমার
মাতৃভগিনীর আবরণীয় তুমি অনাবৃত করিও না
কেননা সে তোমার মাতৃগোত্রজা। [১৪] তোমার
পিতৃব্যের আবরণীয় তুমি অনাবৃত করিও না তা
হার পত্নীতে উপগত হইও না সে তোমার পি
তৃব্যের পত্নী। [১৫] তোমার পুত্রবধূর আবর
ণীয় তুমি অনাবৃত করিও না সে তোমার পুত্রের
স্ত্রী তুমি তাহার আবরণীয় অনাবৃত করিও না।
[১৬] তোমার ভ্রাতৃপত্নীর আবরণীয় তুমি অনা
বৃত করিও না তাহাই তোমার ভ্রাতার আবর
ণীয়। [১৭] কোন স্ত্রীর ও তাহার কন্যার আবর
ণীয় তুমি অনাবৃত করিও না এবং তাহার আব
রণীয় অনাবৃত করিতে তুমি তাহার পৌত্রীকে
কিম্বা দৌহিত্রীকে লইও না সে তাহার গোত্রজা
তাহাই দুষ্টতা।

[১৮] এবং স্ত্রীকে ক্লেশদেওনার্থে তাহার
আবরণীয় অনাবৃত করিতে তুমি তাহার জীবৎ
কালে তদতিরিক্তে তাহার ভগিনীকে গ্রহণ ক
রিও না। [১৯] অপর ঋতুহেতুক পার্থক্যের তা
বৎ সময়ে কোন স্ত্রীর আবরণীয় অনাবৃত করি
তে তুমি তাহার নিকটে যাইও না। [২০] তো
মার প্রতিবাসির স্ত্রীর সহিত আপনাকে অপ
বিত্র করিতে তুমি তাহাতে অভিগমন করিও না।
[২১] এবং তুমি তোমার বংশজাত কাহাকেও
মোলেকের উদ্দেশে অগ্নি দিয়া গমন করিতে দিও
না এবং তোমার ঈশ্বরের নাম অপবিত্র করিও না
আমিই য়িহুহ। [২২] স্ত্রীর সহিত যেমত সেমত
পুরুষের সহিত শৃঙ্গার করিও না তাহাই ঘৃণার্হ।
[২৩] এবং আপনাকে অপবিত্র করিতে তুমি
কোন পশুর সহিত শৃঙ্গার করিও না এবং পশুর
সহিত কুক্রিয়া করিতে কোন স্ত্রী তাহার সম্মুখে
শয়ন না করুক তাহাই অনিয়ম। [২৪] এই২ স
কলের কোন এক বিষয়েতে তোমরা আপনারদি
গকে অপবিত্র করিও না কেননা আমি তোমার
দের সম্মুখহইতে যে জাতিরদিগকে বাহির করি
তাহারা এ সকলের দ্বারা অপবিত্র হইয়াছে
[২৫] এবং দেশ অপবিত্র হইয়াছে অতএব তা
হার পাপ আমি তদুপরি ভোগ করাইব এবং
দেশও আপন নিবাসিরদিগকে বমি করিয়া ফে
লিবে। [২৬] অতএব তোমরা আমার বিধি ও
আমার বিচার পালন কর এবং দেশীয় হউক
কিম্বা তোমারদের মধ্যে প্রবাসকারি বিদেশীয় বা
হউক তোমরা এ সকল ঘৃণার্হ ক্রিয়া করিও না
[২৭] কেননা তোমারদের পূর্ব্ববর্ত্তি এদেশের
মনুষ্যেরা এ সকল ঘৃণার্হ ক্রিয়া করিয়াছে তা
হাতে দেশ অপবিত্র হইয়াছে [২৮] যে সে
দেশ যেমন তোমারদের পূর্ব্ববর্ত্তি জাতিকে বমি
করিয়া ফেলিল তেমন তোমরা যখন তাহা অপ
বিত্র কর তখন সে তোমারদিগকেও বমি না
করে [২৯] যেহেতুক সকল ঘৃণার্হ ক্রিয়ার মধ্যে
যে কোন জন কোন ক্রিয়া করে তৎক্রিয়াকারি
প্রত্যেক জন আপন লোকহইতে উচ্ছিন্ন হইবে।
[৩০] অতএব যে সকল ঘৃণার্হ ব্যবহার তো
মারদের অগ্রে করা গিয়াছে তাহারদের মধ্যে
কোন ব্যবহার যে না কর এবং সে ব্যবহারেতে
আপনারদিগকে অপবিত্র না কর এনিমিত্তে তো
মরা আমার আজ্ঞাপালন কর আমিই তোমার
দের ঈশ্বর য়িহুহ।

## ১৯ পর্ব্ব।

[১] অনন্তর য়িহুহ মোশহ্কে কহিলেন য়িশ্
রাএলের সন্তানেরদের সমস্ত মণ্ডলীকে কহ [২]
ও তাহারদিগকে বল তোমরা পবিত্র হও কেননা
আমি তোমারদের ঈশ্বর য়িহুহই পবিত্র।

[৩] তোমরা প্রতিজন আপন২ মাতাকে ও
আপন২ পিতাকে ভয় কর ও আমার শাবত
পালন কর আমিই তোমারদের ঈশ্বর য়িহুহ।
[৪] তোমরা দেবেরদের অনুবর্ত্তী হইও না আ
পনারদের কারণ ছাঁচুয়া দেবতা প্রতিমা নির্ম্মাণ
করিও না আমিই তোমারদের ঈশ্বর য়িহুহ।

[৫] অপর যদি তোমরা য়িহুহের উদ্দেশে স্বস্ত্য
য়নবলি নিবেদন কর তবে তোমরা তাহা স্বেচ্ছা
পূর্ব্বক নিবেদন কর [৬] নিবেদনদিবসে ও তা
হার পর দিবসে তাহা খাওয়া যাউক এবং তৃতীয়
দিনপর্য্যন্ত যদি কিছু অবশিষ্ট থাকে তবে তাহা
আগুনে পোড়ান যাইবে। [৭] এবং যদি তৃতীয়
দিবসে তাহা খাওয়া যায় তবে তাহা ঘৃণার্হ তা
হা গ্রাহ্য নয়। [৮] অতএব তাহা যে জন খায়
সে আপন অধর্ম্মভোগ করিবে যেহেতুক সে
য়িহুহের পবিত্র বস্তু সাধারণ করিয়াছে তাহাতে
সে প্রাণী আপন লোকহইতে উচ্ছিন্ন হইবে।

[৯] অপর যখন তোমরা আপন ক্ষেত্রের শস্যচ্ছেদন কর তখন তোমারদের ক্ষেত্রের কোণ নিঃশেষরূপে কাটিও না ও তোমার ক্ষেত্রেতে পতিত শস্য কুড়াইও না। [১০] এবং তুমি আপন দ্রাক্ষাক্ষেত্রের পতিত দ্রাক্ষাফলও কুড়াইও না এবং তোমার দ্রাক্ষাক্ষেত্রের প্রত্যেক দ্রাক্ষাফল সংগ্রহ করিও না তাহা তুমি ক্লিষ্ট ও বিদেশীয় লোকের কারণ ত্যাগ কর আমিই তোমারদের ঈশ্বর য়িহুহ।

[১১] তোমরা চুরি করিও না ও প্রবঞ্চনা করিও না ও পরস্পর প্রতারণা করিও না।

[১২] এবং তোমরা আমার নামে মিথ্যা দিব্য করিও না এবং তোমার ঈশ্বরের নাম মা ধারণ করিও না আমিই য়িহুহ।

[১৩] তুমি আপন প্রতিবাসির অন্যায় করিও না চুরি করিও না মজুরের মজুরি রাত্র্যবধি প্রাতঃকালপর্য্যন্ত তোমার নিকটে থাকিবে না।

[১৪] বধিরকে তুমি শাপ দিও না ও অন্ধের সম্মুখে উচ্ছোটখাওয়ার দ্রব্য রাখিও না কিন্তু তোমার ঈশ্বরকে ভয় কর আমিই য়িহুহ।

[১৫] বিচারে তোমরা কোন প্রকার অন্যায় করিও না তুমি দরিদ্রের মুখাপেক্ষা করিও না ও ধনবানের মর্য্যাদা করিও না ধর্ম্মেতে তুমি আপন প্রতিবাসির বিচার কর।

[১৬] আপন লোকেরদের মধ্যে তুমি কর্ণেজপের ন্যায় ইতস্ততো বেড়াইও না ও তোমার প্রতিবাসির রক্তের প্রতিকূলে তুমি দাঁড়াইও না আমিই য়িহুহ।

[১৭] মনেতে তুমি আপন ভ্রাতাকে ঘৃণা করিও না কোন প্রকারে তুমি আপন প্রতিবাসিকে অনুযোগ কর এবং তাহার উপরে পাপ আসিতে দিও না।

[১৮] তুমি প্রতিহিংসা করিও না ও আপন লোকের সন্তানেরদিগকে দ্বেষ করিও না কিন্তু আপনার প্রতিবাসিকে আপন তুল্য প্রেম কর আমিই য়িহুহ।

[১৯] তোমরা আমার বিধিপালন কর তুমি অন্যজাতি পশুর সহিত আপন পশুরদিগকে শৃঙ্গার করিতে দিও না এবং নানাপ্রকার বীজেতে তোমার ক্ষেত্র বুনিও না এবং মসিনাসূত্র ও পশমীসূত্রমিশ্রিত বস্ত্র গায়ে দিও না।

[২০] অপর বাগ্দত্তা দাসী অথচ অমুক্তা কিম্বা মুক্ত্যপ্রাপ্তা কোন স্ত্রীর সহিত যদি কোন পুরুষ সংসর্গ করে তবে সে স্ত্রী প্রহারিতা হবে তাহার বধ হইবে না কেননা সে মুক্তা হয় নাই। [২১] পরে সে পুরুষ মণ্ডল্যাবাসের দ্বারনিকটে য়িহুহের উদ্দেশে আপন অপরাধঘ্ন নৈবেদ্য অর্থাৎ অপরাধনাশার্থক মেষ আনিবে। [২২] এবং যাজক অপরাধঘ্ন মেষদ্বারা তৎকৃত পাপ বিষয়ে তাহার কারণ য়িহুহের উদ্দেশে প্রায়শ্চিত্ত করিবে তাহাতে তৎকৃত পাপ ক্ষমা করা যাইবে।

[২৩] অপর যখন তোমরা দেশে প্রবিষ্ট হইবা ও ভক্ষণার্থে সর্ব্বপ্রকার বৃক্ষ রোপণ করিবা তখন তোমরা তাহার ফল অচ্ছিন্নত্বক্‌বৎ গণ্য কর তিন বৎসর তাহা তোমারদের প্রতি অচ্ছিন্নত্বক্‌স্বরূপ হইবে তাহা খাওয়া যাইবে না। [২৪] কিন্তু চতুর্থ বৎসরে তাহার সমস্ত ফল য়িহুহের প্রশংসার্থে পবিত্র হইবে [২৫] এবং তোমারদের প্রতি তাহার ফলবাহুল্যোৎপাদনের নিমিত্তে তোমরা পঞ্চম বৎসরে তাহার ফল খাইবা আমিই য়িহুহ তোমারদের ঈশ্বর।

[২৬] রক্তসুদ্ধ কোন বস্তু খাইও না এবং তোমরা জাদুগরি করিও না এবং শুভাশুভ কাল বিবেচনা করিও না।

[২৭] তোমরা আপনারদের মস্তকের কোণ মুণ্ডন করিও না ও আপনারদের দাড়ির কোণ মারিও না। [২৮] তোমরা আপনারদের শরীরে কোন প্রকার ছেদ করিও না ও তোমারদের শরীরেতে গোদানি দিও না আমি য়িহুহ।

[২৯] বেশ্যাহওনার্থে আপন কন্যাকে ব্যভিচারক্রিয়ায় পরামৃষ্ট করিও না পাছে দেশ ব্যভিচারী হয় এবং দেশ দুষ্কর্ম্মেতে পরিপূর্ণ হয়।

[৩০] তোমরা আমার শাবত পালন কর ও আমার পবিত্র স্থান আদর কর আমিই য়িহুহ।

[৩১] পৈশাচিকেরদিগকে মানিও না এবং মায়াবিরদের সহিত আপনারদিগকে অপবিত্র করিতে তাহারদের প্রতি চেষ্টা করিও না আমিই তোমারদের ঈশ্বর য়িহুহ।

[৩২] তুমি পাকাচুলগ্রস্তেরদের সম্মুখে উঠিয়া দাঁড়াও এবং বৃদ্ধ মনুষ্যের মুখকে সম্মান কর এবং আপন ঈশ্বরপ্রতি ভয় রাখ আমি য়িহুহ।

[৩৩] অপর বিদেশীয় যদি তোমারদের দেশে তোমারদের সহিত বাস করে তবে তোমরা তাহাকে ক্লেশ দিও না। [৩৪] তোমারদের মধ্যে স্বদেশজাত যেমন তেমন তোমারদের সহবাসকারি বিদেশীয়ও হইবে এবং তুমি তাহাকে আপন তুল্য প্রেম কর কেননা তোমরা মিস্রদেশে বিদেশীয় ছিলা আমি তোমারদের ঈশ্বর য়িহুহ।

[৩৫] বিচারে কিম্বা পরিমাণে কিম্বা তৌলে কিম্বা কাঠাতে তোমরা কোন অন্যায় করিও না। [৩৬] তোমারদের যথার্থ তরাজু ও যথার্থ বাটখা

রা ও যথার্থ এফাহ্ ও যথার্থ হীন হইবে মিসর দেশহইতে তোমারদিগকে বাহির করিয়া আনয়নকারি ঈশ্বর য়িহুহই আমি। [৩৭] অতএব তোমরা আমার সকল বিধি ও আমার সকল বিচার পালন কর ও তাহা কর আমিই য়িহুহ।

২০ পর্ব্ব।

[১] অনন্তর য়িহুহ মোশহ্কে কহিলেন [২] য়িশ্রাএলের সন্তানেরদিগকে তুমি পুনর্ব্বার কহ যে য়িশ্রাএলের সন্তানেরদের মধ্যে কিম্বা য়িশ্রাএলে প্রবাসকারি বিদেশীয়েরদের মধ্যে যে কেহ আপন বংশজ কাহাকেও মোলেকেরে দেয় সে নিতান্ত মারা যাইবে দেশস্থেরা তাহাকে পাথরেতে মারিবে। [৩] এবং আমি সে লোকের প্রতিকূলে আপন মুখ রাখিব ও তাহাকে আপন লোকেরদের মধ্যহইতে উচ্ছিন্ন করিব যেহেতুক সে আমার পবিত্র স্থান অপবিত্র করিতে এবং আমার পবিত্র নাম সাধারণ করিতে আপন বংশজাতকে মোলেককে দিয়াছে। [৪] এবং যখন সে লোক আপন বংশজাতকে মোলেককে দেয় তখন যদি দেশের লোকেরা কোন প্রকারে আপনারদের চক্ষু তাহার কর্ম্মহইতে গোপন করে ও তাহাকে না মারে [৫] তবে আমি সে লোকের প্রতিকূলে ও তাহার গোষ্ঠীজের প্রতিকূলে আপন মুখ রাখিব এবং তাহাকে ও মোলেকের সহিত ব্যভিচার করিবার কারণ তৎপশ্চাদ্ব্যভিচারি সকলকেও তাহারদের লোকেরদের মধ্যহইতে উচ্ছিন্ন করিব।

[৬] অপর যে প্রাণী পৈশাচিকের সহিত ও গণকের সহিত ব্যভিচার করিতে তাহারদের পশ্চাদ্গামী হয় আমি সে প্রাণির প্রতিকূলে আপন মুখ রাখিব এবং তাহার লোকের মধ্যহইতে তাহাকে উচ্ছিন্ন করিব।

[৭] অতএব তোমরা আপনারদিগকে পবিত্র কর কেননা আমিই তোমারদের ঈশ্বর য়িহুহ। [৮] তোমরা আমার বিধি পালন কর ও তাহা কর আমিই তোমারদের পবিত্রকারি য়িহুহ।

[৯] যেহেতুক যে কেহ আপন পিতাকে কিম্বা আপন মাতাকে শাপ দেয় সে নিতান্ত মারা যাইবে সে আপন পিতাকে কিম্বা আপন মাতাকে শাপ দিয়াছে তাহার উপরে তাহার বধাপরাধ হইবে।

[১০] এবং যে পুরুষ অন্য পুরুষের ভার্য্যার সহিত ব্যভিচার করে অর্থাৎ আপন প্রতিবাসির ভার্য্যার সহিত ব্যভিচার করে সে পরদারগামী ও সে উপপতিগামিনী নিতান্ত মারা যাইবে। [১১] এবং যে মনুষ্য আপন পিতৃভার্য্যাতে উপগত হয় সে আপন পিতার আবরণীয় অনাবৃত করিয়াছে সে দুই জন নিতান্ত মারা যাইবে তাহারদের উপরে তাহারদের বধাপরাধ হইবে। [১২] এবং যদি কোন মনুষ্য আপন পুত্রবধূতে উপগত হয় তবে সে দুই জন নিতান্ত মারা যাইবে তাহারা অব্যবস্থা করিয়াছে তাহারদের উপরে তাহারদের বধাপরাধ হইবে। [১৩] স্ত্রীতে যেমন তেমন যদি পুরুষ অন্য পুরুষেতে উপগত হয় তবে তাহারা দুই জনই ঘৃণার্হ ক্রিয়া করিয়াছে তাহারা নিতান্ত মারা যাইবে তাহারদের উপরে তাহারদের বধাপরাধ হইবে [১৪] এবং যদি পুরুষ কোন স্ত্রীকে এবং তাহার মাতাকে লয় তাহাই দুষ্কর্ম্ম তাহারা অর্থাৎ সে ও তাহারা আগুনে পোড়ান যাইবে যে তোমারদের মধ্যে দুষ্কর্ম্ম না হয়। [১৫] এবং যদি পুরুষ পশুতে উপগত হয় তবে সে নিতান্ত মারা যাইবে এবং তোমরা সে পশুকেও মারিয়া ফেলিবা [১৬]। কোন স্ত্রী যদি পশুর সহিত সংসর্গ করিতে তাহার নিকটে যায় ও তাহার সম্মুখে শয়ন করে তবে সে স্ত্রীকে ও সে পশুকে তোমরা মারিয়া ফেলিবা তাহারা নিতান্ত মারা যাইবে তাহারদের উপরে তাহারদের বধাপরাধ। [১৭] এবং যদি কোন পুরুষ আপন ভগিনীকে লয় সে আপন পিতার কন্যা কিম্বা আপন মাতার কন্যা হউক ও তাহার আবরণীয় দেখে ও সে তাহার আবরণীয় দেখে তাহাই দুষ্ক্রিয়া এবং তাহারা আপন লোকেরদের দৃষ্টিতে উচ্ছিন্ন হইবে সে আপনার ভগিনীর আবরণীয় অনাবৃত কয়িয়াছে সে আপনার অপরাধফল ভোগ করিবে। [১৮] এবং যদি কোন পুরুষ রজস্বলা স্ত্রীতে উপগত হয় ও তাহার আবরণীয় অনাবৃত করে সে তাহার রক্তাকর প্রকাশ করিয়াছে ও সে আপন রক্তাকর অনাবৃত করিয়াছে তাহাতে তাহারা দুই জন আপন লোকেরদের মধ্যহইতে উচ্ছিন্ন হইবে [১৯]। এবং তুমি আপন মাসীর কিম্বা আপন পিসীর আবরণীয় অনাবৃত করিও না কেননা যে জন আপন নিকটস্থ জ্ঞাতির আবরণীয় অনাবৃত করে তাহারা উভয়ে স্বাপরাধভোগ করিবে।

[২০] এবং যদি কেহ আপন মামীতে উপগত হয় তবে সে আপন মাতুলের আবরণীয় অনাবৃত করিয়াছে তাহারা আপন পাপ ভোগ করিবে তাহারা নিঃসন্তান হইয়া মরিবে। [২১] এবং যদি কোন জন আপন ভ্রাতৃপত্নীকে গ্রহণ করে তাহাই অশুদ্ধতা সে আপন ভ্রাতার আবরণীয় অনাবৃত করিয়াছে তাহারা নিঃসন্তান হইয়া মরিবে।

[২২] অতএব তোমরা আমার সকল বিধি ও আমার সকল বিচার পালন কর এবং সে সকল কর যে বাসার্থে আমি তোমারদিগকে যে দেশে আনি সে দেশ তোমারদিগকে বমি না করে [২৩] এবং তোমারদের সম্মুখহইতে আমি যে জাতিরদিগকে বাহির করিলাম তাহারদের ব্যবহারানুসারে তোমরা আচার করিও না কেননা তাহারা এই২ সকল ব্যবহার করিল অতএব আমি তাহারদিগকে ঘৃণা করিয়াছি। [২৪] কিন্তু আমি তোমারদিগকে কহিয়াছি যে তোমরা তাহারদের ভূম্যধিকার করিবা ও অধিকারার্থে আমি তাহা তোমারদিগকে দিব অর্থাৎ দুগ্ধমধুপ্রবাহি এক দেশ অন্য লোকহইতে তোমারদিগকে ভিন্নকারী তোমারদের ঈশ্বর য়িহুহ আমিই [২৫] অতএব তোমরা পবিত্রাপবিত্র পশুরদের ও পবিত্রাপবিত্র পক্ষিরদের ভেদ করিবা এবং অপবিত্র করিয়া আমি যে২ পশু কিম্বা পক্ষী কিম্বা ভূম্যপরিস্থ উরোগামি জন্তু তোমারদিগহইতে বিভিন্ন করিয়াছি তাহাতে তোমরা আপন প্রাণ ঘৃণার্হ করিও না। [২৬] এবং তোমরা আমার উদ্দেশে পবিত্র হও কেননা আমি য়িহুহই পবিত্র এবং আমার লোকহওনার্থে অন্য লোকহইতে তোমারদিগকে স্বতন্ত্র করিয়াছি।

[২৭] যে পুরুষ কিম্বা স্ত্রী পৈশাচিক কিম্বা মায়াবী হয় সে নিতান্ত মারা যাইবে তাহারা তাহারদিগকে পাথরেতে মারিবে তাহারদের বধাপরাধ তাহারদের উপরে হইবে।

২১ পর্ব্ব।

[১] অপর য়িহুহ মোশহ্‌কে কহিলেন আহরোণের পুত্র যাজকেরদিগকে কহ ও তাহারদিগকে বল আপন লোকেরদের মধ্যে তোমারদের কেহ মরাপ্রযুক্ত অপবিত্র হইবে না [২] কিন্তু আপন নিকটস্থ কুটুম্বপ্রযুক্ত বিশেষতঃ আপন মাতাপ্রযুক্ত ও আপন পিতাপ্রযুক্ত ও আপন পুত্রপ্রযুক্ত ও আপন কন্যাপ্রযুক্ত [৩] ও আপন ভ্রাতাপ্রযুক্ত ও অবিবাহিতা আপন নিকটস্থ কুমারী ভগিনীপ্রযুক্ত সে অপবিত্র হইবে। [৪] সে আপন লোকেরদের মধ্যে প্রধান হইয়া আপনাকে সাধারণ করিতে আপনাকে অশুদ্ধ করিবে না। [৫] তাহারা আপন মস্তক নিষ্কেশ করিবে না ও আপন দাড়ির কোণ মুণ্ডন করিবে না ও আপন শরীরেতে কোন প্রকার ছেদ করিবে না। [৬] তাহারা আপন ঈশ্বরের উদ্দেশে পবিত্র হইবে তাহারা আপন ঈশ্বরের নাম সাধারণ করিবে না কেননা তাহারা আপন ঈশ্বর য়িহুহের দহ্য নৈবেদ্য এবং রুটি নিবেদন করে অতএব তাহারা পবিত্র হইবে [৭] তাহারা বেশ্যা কিম্বা পরামৃষ্টা স্ত্রীকে ভার্য্যার্থে গ্রহণ করিবে না ও আপন স্বামিকর্ত্তৃক ত্যক্তা স্ত্রীকেও গ্রহণ করিবে না কেননা সেই আপন ঈশ্বরের উদ্দেশে পবিত্র [৮] অতএব তুমি তাহাকে পবিত্র কর যেহেতুক সে তোমার ঈশ্বরের রুটি নিবেদন করে সে তোমার প্রতি পবিত্র হইবে কেননা তোমারদিগকে পবিত্রকারি য়িহুহ আমিই পবিত্র।

[৯] এবং কোন যাজকের কন্যা যদি ব্যভিচারক্রিয়ার দ্বারা আপনাকে অপবিত্রা করে তবে সে আপন পিতাকে অপবিত্র করে সে অগ্নিতে জ্বালান যাইবে। [১০] এবং আপন ভ্রাতারদের মধ্যে নিযুক্ত যে প্রধান যাজকের মস্তকে অভিষেকার্থ তৈল ঢালা গিয়াছে এবং বস্ত্র পরিধানার্থে পদার্পিত হইয়াছে সে আপন মস্তক অনাবৃত করিবে না ও আপন বস্ত্র ফাড়িবে না। [১১] সে কোন মরার নিকটেও যাইবে না এবং আপন পিতা ও আপন মাতাপ্রযুক্ত আপনাকে অপবিত্র করিবে না। [১২] সে পবিত্র স্থানহইতেও নির্গত হইবে না এবং আপন ঈশ্বরের পবিত্র স্থান সাধারণ করিবে না কেননা তাহার ঈশ্বরের অভিষেকার্থ তৈলরূপ মুকুট তাহার উপরে অবস্থিতি করে আমিই য়িহুহ। [১৩] সে কৌমারাবস্থাতে ভার্য্যাগ্রহণ করিবে। [১৪] বিধবা কিম্বা ত্যক্তা কিম্বা পরামৃষ্টা কিম্বা বেশ্যা সে গ্রহণ করিবে না কিন্তু আপন লোকের মধ্যহইতে অপরামৃষ্টা স্ত্রী গ্রহণ করিবে। [১৫] সে আপন লোকের মধ্যে আপন বংশ অপবিত্র করিবে না কেননা আমিই য়িহুহ তৎপবিত্রকৃৎ।

[১৬] অপর য়িহুহ মোশহ্‌কে কহিলেন [১৭] আহরোণকে কহ পুরুষপরম্পরাতে তোমার বংশজ যে কোন কাহার গায়ে খুঁত থাকে সে আপন ঈশ্বরের রুটি নিবেদনার্থে নিকটবর্ত্তী না হউক। [১৮] যেহেতুক যে কোন মনুষ্যের খুঁত থাকে সে নিকটবর্ত্তী হইবে না বিশেষতঃ অন্ধ কিম্বা খোঁড়া কিম্বা খাঁদা কিম্বা অধিকাঙ্গ। [১৯] কিম্বা ভগ্নপদ কিম্বা ভগ্নহস্ত মানুষ। [২০] কিম্বা কুব্জ কিম্বা বামন কিম্বা চক্ষূরোগী কিম্বা ছুলি কিম্বা পাচড়াগ্রস্ত কিম্বা ভগ্নাণ্ডকোষ [২১] অর্থাৎ আহরোণ যাজকের বংশজ খুঁতবিশিষ্ট কোন পুরুষ য়িহুহের উদ্দেশে অগ্নিকৃত নৈবেদ্য নিবেদন করিতে নিকটবর্ত্তী হইবে না তাহার খুত আছে সে আপন ঈশ্বরের রুটি নিবেদনার্থে নিকটবর্ত্তী হইবে না। [২২] সে আপন ঈশ্বরের রুটি ভক্ষণ করিবে অর্থাৎ অতিপবিত্র ও পবিত্র রুটি। [২৩] কিন্তু সে পরদার নিকটে প্রবেশ করিবে না ও বেদির নিকটবর্ত্তী হইবে না কেননা তাহাতে খুঁত আছে যে সে আমার পবিত্র স্থান

অশুদ্ধ না করে যেহেতুক আমিই তৎপবিত্রকৃৎ
য়িহুহ। [২৪] এবং মোশহ্ আহরোণকে ও
তাহার পুত্ত্রেরদিগকে ও য়িশ্রাএলের সমস্ত স
ন্তানেরদিগকে কহিল।

২২ পর্ব্ব।

[১] অপর য়িহুহ মোশহ্কে কহিলেন [২] আ
হরোণকে ও তাহার পুত্ত্রেরদিগকে কহ যে তাহা
রা য়িশ্রাএলের সন্তানেরদের পবিত্র বস্তুহইতে
আপনারদিগকে ভিন্ন করে এবং আমার উদ্দেশে
তাহারা যাহা পবিত্র করে তাহাতে আমার পবি
ত্র নাম সাধারণ না করে আমিই য়িহুহ। [৩] তা
হারদিগকে কহ তোমারদের পুরুষপরম্পরাতে
তোমারদের বংশজাত যে কেহ অশুচি হইয়া
য়িশ্রাএলের সন্তানকর্ত্তৃক য়িহুহের উদ্দেশে
পবিত্রীকৃত পবিত্র বস্তুর নিকটে যায় সে প্রাণী
আমার সম্মুখহইতে উচ্ছিন্ন হইবে আমিই য়ি
হুহ। [৪] আহরোণের বংশজ যে কেহ কুষ্ঠী
কিম্বা প্রমেহী হয় তাহার পবিত্র না হওয়াপর্য্যন্ত
সে পবিত্র বস্তুভক্ষণ করিবে না। [৫] এবং
যে কেহ অপবিত্র বস্তু স্পর্শ করে বিশেষতঃ মরা
কিম্বা রেতঃপাতী কিম্বা অপবিত্রতাজনক উরো
গামি জন্তু কিম্বা যে অপবিত্রতা হউক। [৬] তদ
পবিত্রতাসঞ্চারক মনুষ্যকে যে কোন প্রাণী স্পর্শ
করে সে সন্ধ্যাপর্য্যন্ত অপবিত্র থাকিবে এবং
আপন শরীর জলেতে না ধুইলে পবিত্র বস্তু
ভক্ষণ করিবে না। [৭] পরে সূর্য্য অস্তগত
হইলে সে শুদ্ধ হইবে তৎপরে সে পবিত্র বস্তু খা
ইবে কেননা তাহাই তাহার ভক্ষ্য। [৮] আপ
নাকে অপবিত্রকরণার্থে স্বয়ংমরা কিম্বা ছেঁড়া
সে খাইবে না আমিই য়িহুহ। [৯] অতএব
তাহারা আমার পালনীয় পালন করিবে পাছে
তাহা সাধারণ করিয়া তাহারা তৎপ্রযুক্ত পাপ
ভোগ করে এবং মরে আমিই তৎপবিত্রকৃৎ য়ি
হুহ [১০] কোন বিদেশী পবিত্র বস্তু খাইবে না
যাজকের প্রবাসী কিম্বা বেতনজীবী পবিত্র বস্তু
খাইবে না। [১১] কিন্তু যাজক যদি রূপা দিয়া
কোন প্রাণিকে কিনিয়া থাকে তবে সে খাইতে
পারে এবং তাহার গৃহজাতেরা তাহার অন্ন
খাইবে। [১২] যাজকের কন্যাও যদি বিদেশির
সহিত বিবাহিতা হইয়া থাকে তবে সে পবিত্র
দ্রব্যের নৈবেদ্য খাইতে পারিবে না। [১৩]
কিন্তু যাজকের কন্যা যদি বিধবা হয় কিম্বা ত্যক্তা
হয় ও তাহার সন্তান না থাকে ও অনূঢ়াবস্থার
মত পিতার ঘরে পুনর্ব্বার আসিয়া থাকে তবে
সেই আপন পিতার অন্ন খাইতে পারে কিন্তু
কোন বিদেশীয় তাহা খাইবে না।

[১৪] অপর কোন মনুষ্য যদি অজ্ঞানতঃ
পবিত্র বস্তু খায় তবে সে তাহার পঞ্চমাংশ তা
হাতে দিয়া পবিত্র বস্তুর সহিত যাজককে দিবে।
[১৫] এবং য়িশ্রাএলের সন্তানেরা যে পবিত্র
বস্তু য়িহুহের উদ্দেশে নিবেদন করে তাহা তাহা
রা সাধারণ করিবে না। [১৬] কিম্বা আপন
পবিত্র বস্তু ভক্ষণকালে তাহারদিগকে আজ্ঞাতি
ক্রমাপরাধের দণ্ডভোগ করাইবে না যেহেতুক
আমিই তৎপবিত্রকারি য়িহুহ।

[১৭] অপর য়িহুহ মোশহ্কে কহিলেন।
[১৮] আহরোণকে ও তাহার পুত্ত্রেরদিগকে ও
য়িশ্রাএলের সমস্ত সন্তানেরদিগকে কহ ও তা
হারদিগকে বল য়িশ্রাএলের বংশজাত ও য়িশ্
রাএলে প্রবাসকারী যে কেহ য়িহুহের উদ্দেশে
যে সকল মানত এবং স্বেচ্ছাপূর্ব্বক নৈবেদ্য হো
মনিমিত্তে আনে তাহার মধ্যে যে কেহ আপন
নৈবেদ্য নিবেদন করে [১৯] সে গরুর মধ্য কিম্বা
মেষের মধ্য কিম্বা ছাগলের মধ্যহইতে স্বেচ্ছা
পূর্ব্বক নিখুঁত পুরুষ নিবেদন করিবে [২০] কিন্তু
খুঁতবিশিষ্ট কিছু নিবেদন করিও না কেননা তা
হাই তোমারদের জন্যে গ্রাহ্য হইবে না। [২১]
এবং কোন মনুষ্য মানতসিদ্ধ্যর্থে স্বস্ত্যয়ননৈবে
দ্য কিম্বা গরুহইতে কিম্বা মেষাদিহইতে স্বেচ্ছা
পূর্ব্বক নৈবেদ্য যদি নিবেদন করে তবে গ্রাহ্য
হওনার্থে তাহা নিখুঁত হইবে তাহাতে কোন খুঁত
থাকিবে না। [২২] অন্ধ কিম্বা ভগ্ন কিম্বা ছিন্ন
হইলে কিম্বা আব কিম্বা ছলি কিম্বা পামাবিশিষ্ট
হইলে তোমরা য়িহুহের উদ্দেশে নিবেদন করি
ও না এবং তদ্দ্বারা য়িহুহের উদ্দেশে বেদিতে
অগ্নিকৃত নিবেদন করিও না। [২৩] অধিকাঙ্গ
কিম্বা হীনাঙ্গ বৃষ কিম্বা মেষের বাচ্চা তুমি স্বেচ্ছা
পূর্ব্বক নৈবেদ্যের কারণ নিবেদন করিতে পার
কিন্তু মানতের কারণ তাহা গ্রাহ্য নয়। [২৪] থেঁ
তলা কিম্বা চেপটা কিম্বা ভগ্ন কিম্বা ক্ষত কোন
কিছু তোমরা য়িহুহের উদ্দেশে নিবেদন করিবা
না এবং তোমারদের দেশেও তাহা করিবা না
[২৫] বিদেশির হস্তহইতেও এ সকলের মধ্যে
কোন কিছুহইতে তোমরা ঈশ্বরের ভক্ষ্য নিবে
দন করিবা না কেননা তাহারদের অপবিত্রতা
তাহারদের মধ্যে আছে তাহারদের মধ্যে খুঁত
আছে তাহারা তোমারদের কারণ গৃহীত হইবে
না।

[২৬] অপর য়িহুহ মোশহ্কে কহিলেন [২৭]
যখন গরু কিম্বা মেষ কিম্বা ছাগল জন্মে তখন
তাহা সাত দিবস মাতার সহিত থাকিবে এবং
অষ্টম দিবসাবধি করিয়া তাহা য়িহুহের উদ্দেশে
অগ্নিকৃত হোমের কারণ গ্রাহ্য হইবে। [২৮]
এবং গরু কিম্বা মেষ হউক তাহাকে ও তাহার

বাচ্চাকে তোমরা এক দিনে মারিবা না [২৯]
এবং যখন তোমরা প্রাপ্তোপকারস্বীকারার্থ
বলি য়িহুহের উদ্দেশে নিবেদন কর [৩০] তখন
তাহা স্বেচ্ছাপূর্ব্বক নিবেদন কর সে দিনেই তাহা
খাওয়া যাইবে তাহার কিছু প্রাতঃকালপর্য্যন্ত
অবশিষ্ট রাখিবা না আমিই য়িহুহ। [৩১] এহে
তুক তোমরা আমার আজ্ঞাপালন কর ও তাহা
কর আমিই য়িহুহ। [৩২] এবং আমার পবিত্র
নাম সাধারণ করিও না কিন্তু আমি য়িশ্রাএ
লের সন্তানেরদের মধ্যে পবিত্ররূপমান্য হইব
তোমারদের পবিত্রকৃৎ য়িহুহ আমিই। [৩৩]
তোমারদের ঈশ্বর হইবার কারণ মিস্রদেশহই
তে তোমারদিগকে বহিঃকর্ত্তা আমিই য়িহুহ।

## ২৩ পর্ব্ব।

[১] অনন্তর য়িহুহ মোশহ্‌কে কহিলেন য়ি
শ্রাএলের সন্তানেরদিগকে কহ ও তাহারদিগকে
বল। [২] পবিত্র সমাহ্বান বলিয়া য়িহুহের
যে২ উৎসব তোমরা ঘোষণা করিবা সে আমার
সকল উৎসব এই২।

[৩] ছয় দিবস কর্ম্ম করা যাইবে কিন্তু সপ্তম
দিবস বিশ্রামার্থে শাবত অর্থাৎ পবিত্র সমাহ্বান
সে দিনে তোমরা কোন কর্ম্ম করিবা না তাহাই
তোমারদের সকল নিবাসেতে য়িহুহের শাবত।

[৪] য়িহুহের এই২ উৎসব বিশেষতঃ স্বস্বনি
রূপিত কালে তোমরা যে২ পবিত্র সমাহ্বান ঘো
ষণা করিবা। [৫] তাহাই প্রথম মাসের চতুর্দ্দশ
দিবসে সন্ধ্যাসময়ে য়িহুহের পেসাখ্‌পর্ব্ব। [৬]
এবং সেই মাসের পঞ্চদশ দিবসে য়িহুহের উ
দ্দেশে বেখমির রুটির উৎসব সাত দিবস তোমরা
বেখমির রুটি খাইবা [৭] প্রথম দিবসে তোমার
দের পবিত্র সমাহ্বান হইবে তাহাতে তোমরা
কোন মজুরি কর্ম্ম করিবা না। [৮] কিন্তু সাত দি
বস য়িহুহের উদ্দেশে তোমরা অগ্নিকৃত নৈবেদ্য
নিবেদন করিবা সপ্তম দিবসে পবিত্র সমাহ্বান
তাহাতে তোমরা কোন মজুরি কর্ম্ম করিবা না।

[৯] অপর য়িহুহ মোশহ্‌কে কহিলেন [১০]
য়িশ্রাএলের সন্তানেরদিগকে কহ ও তাহারদিগ
কে বল আমি যে দেশ তোমারদিগকে দি সে দে
শে যখন প্রবিষ্ট হইবা এবং তাহার শস্যচ্ছেদন
করিবা তখন তোমারদের প্রথম শস্যের এক আটি
তোমরা যাজকের নিকটে আনিবা। [১১] এবং
য়িহুহের সম্মুখে তোমারদের সুগ্রাহ্যহওনের নি
মিত্তে সে ঐ আটি দোলাইবে শাবতের পরদিব
সে যাজক তাহা দোলাইবে। [১২] এবং যে দিব
সে তোমরা ঐ আটি দোলাইবা সে দিনে তোম
রা য়িহুহের উদ্দেশে হব্যার্থে প্রথম বর্ষীয় নিখুঁত
মেষের এক পুরুষ বাচ্চা নিবেদন করিবা। [১৩]
এবং তাহার উপকরণ তৈলেতে মিশ্রিত দুই দশ
মাংশ সূক্ষ্ম সুজি হইবে তাহাই য়িহুহের উদ্দেশে
অগ্নিকৃত সুগন্ধিকর দহ্য নৈবেদ্য এবং তাহার
পানীয় নৈবেদ্য এক হিন দ্রাক্ষারসের চতুর্থাংশ।
[১৪] এবং যে দিবসপর্য্যন্ত তোমারদের ঈশ্বরের
উদ্দেশে তোমরা নৈবেদ্য না আন সে দিবসপ
র্য্যন্ত রুটি কিম্বা ভাজাশস্য কিম্বা অপরিপক্ক শীষ
খাইবা না তোমারদের পুরুষানুক্রমে তোমার
দের সকল নিবাসেতে এই নিত্য বিধি।

[১৫] অপর শাবতের পর দিবসাবধি অর্থাৎ
আন্দোলনীয় আটি আনয়নদিবসাবধি তোমরা
গণনা করিবা বিশেষতঃ সাত শাবত সম্পূর্ণ হই
বে। [১৬] অর্থাৎ সপ্তম শাবতের পরদিবস
পর্য্যন্ত তোমরা পঞ্চাশ দিবস গণনা করিয়া য়িহু
হের উদ্দেশে নূতন উপকরণ নিবেদন করিবা।
[১৭] তোমরা দুই দশমাংশের দুই আন্দোল
নীয় রুটি আপন নিবাসহইতে আনিবা তাহা সূ
ক্ষ্ম সুজিতে হইবে তাহা খমিরেতে পাক করা যা
ইবে তাহাই য়িহুহের উদ্দেশে প্রথম ফল। [১৮]
এবং তোমরা সে দুই রুটির সহিত প্রথমবর্ষীয়
নিখুঁত সাত মেষের বাচ্চা ও এক আঁড়িয়া বা
ছুর ও দুই মেষ নিবেদন করিবা তাহারদের উপ
করণ ও তাহারদের পানীয় নৈবেদ্যের সহিত সে
সকল য়িহুহের উদ্দেশে হোমার্থে হইবে অর্থাৎ
য়িহুহের উদ্দেশে সুগন্ধিকর অগ্নিকৃত নৈবে
দ্য। [১৯] তার পর তোমরা পাপনাশার্থে এক
ছাগলের বাচ্চা ও স্বস্ত্যয়নবল্যর্থে প্রথমবর্ষীয়
দুই মেষের বাচ্চা বলিদান করিবা। [২০] এবং
যাজক প্রথমফলরূপ রুটির সহিত ও সে দুই মে
ষের বাচ্চার সহিত সে সকল আন্দোলনীয়ার্থে
য়িহুহের উদ্দেশে দোলাইবে সে সকল যাজকের
নিমিত্তে য়িহুহের উদ্দেশে পবিত্র হইবে। [২১]
এবং সেই দিনেই তোমরা ঘোষণা করিবা যে
তাহা তোমারদের কারণ পবিত্র সমাহ্বান হয়
তোমরা কোন মজুরি কর্ম্ম করিবা না তোমার
দের পুরুষানুক্রমে তোমারদের সকল নিবাসে
তে তাহাই নিত্য বিধি।

[২২] এবং তোমারদের ভূমির শস্যচ্ছেদন
কাল উপস্থিত হইলে তুমি আপন ক্ষেত্রের কোণ
নিঃশেষরূপে কাটিবা না এবং আপন ক্ষেত্রের
ছড়ান শস্যসংগ্রহ করিবা না তাহা দীনহীনের ও
বিদেশির কারণ ত্যাগ করিবা আমিই তোমার
দের ঈশ্বর য়িহুহ।

[২৩] অপর য়িহুহ মোশহ্‌কে কহিলেন [২৪]
য়িশ্রাএলের সন্তানেরদিগকে কহ সপ্তম মাসে
অর্থাৎ মাসের প্রথমে তোমারদের শাবত হই
বে অর্থাৎ তূরীর বাদ্যবিশিষ্ট স্মারক দিবস এতা

বতা পবিত্র সমাহ্বান। [২৫] তাহাতে তোমরা
কোন মজুরি কর্ম্ম করিবা না কিন্তু য়িহুহের উদ্দে
শে অগ্নিকৃত এক হোম নৈবেদ্য করিবা।

[২৬] অপর য়িহুহ মোশহ্‌কে কহিলেন [২৭]
আরো ঐ সপ্তম মাসের দশম দিন প্রায়শ্চিত্ত দি
বস তাহা তোমারদের প্রতি পবিত্র সমাহ্বান হই
বে এবং তোমরা আপনারদের প্রাণকে দুঃখ দিবা
এবং য়িহুহের উদ্দেশে অগ্নিকৃত হব্য নিবেদন
করিবা [২৮] এবং সে দিবসে তোমরা কোন
কর্ম্ম করিবা না কেননা তোমারদের ঈশ্বর য়িহু
হের উদ্দেশে তোমারদের কারণ প্রায়শ্চিত্ত কর
ণার্থে তাহাই প্রায়শ্চিত্তের দিবস। [২৯] যেহে
তুক যে প্রাণী সে দিবসে দুঃখী না হয় সে আ
পন লোকহইতে উচ্ছিন্ন হইবে। [৩০] এবং যে
প্রাণী সে দিবসে কোন কর্ম্ম করে সে প্রাণিকে
আমি তাহার লোকেরদের মধ্যহইতে উচ্ছিন্ন ক
রিব। [৩১] তোমরা কোন প্রকার কর্ম্ম করিবা না
তোমারদের পুরুষানুক্রমে তোমারদের সকল
নিবাসেতে তাহাই নিত্য বিধি। [৩২] তাহা তো
মারদের প্রতি বিশ্রামের নিমিত্তে শাবত এবং তো
মরা আপনারদের প্রাণেতে দুঃখ দিবা মাসের
নবম দিনে সন্ধ্যাকালে এক সন্ধ্যাবধি পরসন্ধ্যা
পর্য্যন্ত তোমরা তোমারদের শাবত পালন করি
বা [৩৩] অপর য়িহুহ মোশহ্‌কে কহিলেন
[৩৪] য়িশ্‌রাএলের সন্তানেরদিগকে কহ সপ্তম
মাসের ঐপঞ্চদশ দিবসাবধি করিয়া সাত দিবস
য়িহুহের উদ্দেশে আবাসোৎসব। [৩৫] প্রথম
দিবসে পবিত্র সমাহ্বান তাহাতে তোমরা কোন
মজুরি কর্ম্ম করিবা না। [৩৬] সাত দিবস ধরি
য়া তোমরা য়িহুহের উদ্দেশে অগ্নিহব্য এক নৈ
বেদ্য নিবেদন করিবা অষ্টম দিবসে তোমারদের
পবিত্র সমাহ্বান হইবে তাহাতে তোমরা য়িহু
হের উদ্দেশে অগ্নি হব্য নিবেদন করিবা তাহাই
বহুমান্য সমারোহ তাহাতে তোমরা কোন মজু
রি কর্ম্ম করিবা না। [৩৭] য়িহুহের শাবত অতি
রিক্তও য়িহুহের উদ্দেশে তোমারদের দানীয় দা
নাতিরিক্ত ও তোমারদের সকল মানতাতিরিক্ত ও
তোমারদের সকল ইচ্ছাপূর্ব্বক নৈবেদ্যাতিরিক্ত
তোমরা য়িহুহের উদ্দেশে অগ্নিহব্য নিবেদনার্থে
[৩৮] অর্থাৎ যাহার যে দিবসে কর্ত্তব্য হোম ও উ
পকরণ ও বলিও পানীয় নৈবেদ্যার্থে য়িহুহের
এই২ উৎসব তোমরা পবিত্র সমাহ্বান করিয়া ঘো
ষণা করিবা। [৩৯] আরো সপ্তম মাসের পঞ্চদশ
দিবসে ভূমির শস্যসংগ্রহ করিলে পর তোমরা
য়িহুহের উদ্দেশে সাত দিবস উৎসবপালন ক
রিবা তাহার মধ্যে প্রথম দিবসে শাবতও অষ্টম
দিবস শাবত। [৪০] এবং প্রথম দিবসে তোমরা
শোভা কর বৃক্ষের শাখা বিশেষতঃ তালপত্র ও
ঘন বৃক্ষের শাখা ও নদীতীরস্থ বসুলেম বৃক্ষ ল
ইয়া তোমারদের ঈশ্বর য়িহুহের সম্মুখে সাত দি
বস আহ্লাদামোদ করিবা। [৪১] এবং সে উৎ
সব তোমরা বৎসরমধ্যে সাত দিবস করিয়া য়িহু
হের উদ্দেশে পালন করিবা তাহাই তোমারদের
পুরুষানুক্রমে নিত্যবিধি সপ্তম মাসেতে তোমরা
সে উৎসবপালন করিবা। [৪২] তোমরা সাতদি
বস ধরিয়া কুড়িয়াতে বাস করিবা য়িশ্‌রাএল
সকলে কুড়িয়াতে বাস করিবে। [৪৩] যে তো
মারদের ভাবি পুরুষেরা জানে যে আমি যখন
য়িশ্‌রাএলের সন্তানেরদিগকে মিস্‌রদেশহইতে
বাহির করিয়াছিলাম তখন তাহারদিগকে কুড়ি
য়াতে বাস করাইয়াছিলাম আমিই তোমার
দের ঈশ্বর য়িহুহ। [৪৪] এবং মোশহ্ য়িহুহের
সকল উৎসব য়িশ্‌রাএলের সন্তানেরদের নিকটে
প্রকাশ করিল।

## ২৪ পর্ব্ব।

[১] অনন্তর য়িহুহ মোশহ্‌কে কহিলেন য়ি
শ্‌রাএলের সন্তানেরদিগকে আজ্ঞা কর [২] যে
তাহারা দীপ নিত্য জ্বালার্থে তোমার নিকটে
আলোড়িত নির্ম্মল জিত তৈল দীপার্থে আনে।
[৩] আহরোণ মণ্ডল্যাবাসেতে সাক্ষ্যের পর
দার বাহিরে সন্ধ্যাবধি প্রাতঃকালপর্য্যন্ত য়িহু
হের সম্মুখে তাহা নিত্য প্রস্তুত করিবে তাহাই
তোমারদের পুরুষানুক্রমে নিত্য বিধি। [৪]
য়িহুহের সম্মুখে নির্ম্মল দীপগাছার উপরে সে
দীপের ব্যবস্থা নিত্য করিবে।

[৫] পরে তুমি সূক্ষ্ম সুজি লইয়া তাহাতে দ্বা
দশ পিষ্টক ভাজিবা দুই দশমাংস এক পিষ্টকে
তে হইবে। [৬] এবং তুমি তাহা দুই পংক্তি
করিয়া এক২ পংক্তিতে ছয়২ করিয়া য়িহুহের
সম্মুখে নির্ম্মল মেজের উপরে রাখিবা। [৭]
এবং তুমি এক২ পংক্তির উপরে কুন্দুরু দিবা যে
তাহা রুটির উপরে স্মারকার্থে অর্থাৎ য়িহুহের
উদ্দেশে অগ্নিহব্য নৈবেদ্যার্থে হয়। [৮] প্রতি
শাবতে সে তাহা য়িহুহের সম্মুখে নিত্য নিরু
পণ করিবে তাহা য়িশ্‌রাএলের সন্তানেরদের
হইতে নিত্য নিয়মেতে গ্রাহ্য। [৯] এবং তাহা
আহরোণের ও তাহার পুত্রেরদের হইবে এবং
তাহারা পবিত্র স্থানে তাহা খাইবে যেহেতুক নি
ত্য বিধিতে য়িহুহের উদ্দেশে অগ্নিহব্য নৈবে
দ্যের মধ্যে তাহা তাহার প্রতি অতিপবিত্র।

[১০] অপর য়িশ্‌রাএলের এক স্ত্রীর অথচ
মিস্‌রীয় এক পুরুষের পুত্র য়িশ্‌রাএলের সন্তা
নেরদের মধ্যে বাহিরে গেল এবং ঐ য়িশ্‌রাএ
লীয় স্ত্রীর পুত্র ও য়িশ্‌রাএলীয় এক পুরুষ ছাউ

নিতে বিরোধ করিল। [১১] এবং ঐ য়িশ্রাএ
লীয় স্ত্রীর পুত্র য়িহুহের নামনিন্দা করিল ও শাপ
দিল তাহাতে তাহারা তাহাকে মোশহের নিক
টে আনিল তাহার মাতার নাম শিলোমীত সে
দান বংশজাত দিব্রির কন্যা। [১২] এবং তাহার
বিষয়ে য়িহুহের মানস তাহারদের প্রতি জ্ঞাপনা
র্থে তাহারা তাহাকে কারাশালায় রাখিল।
[১৩] পরে য়িহুহ মোশহকে কহিলেন শাপ
দায়িকে ছাউনির বাহিরে আন [১৪] এবং শ্র
বণকারি সকলে তাহার মস্তকেতে আপন২ হস্ত
রাখুক এবং সমস্ত মণ্ডলী তাহাকে পাথরেতে
মারুক। [১৫] এবং তুমি য়িশ্রাএলের সন্তা
নেরদিগকে কহিবা যে কেহ আপন ঈশ্বরকে
শাপ দেয় সে আপন পাপভোগ করিবে।[১৬]
এবং য়িহুহের নামনিন্দাকারী নিতান্ত মারা যা
ইবে সমস্ত মণ্ডলী তাহাকে পাথরেতে অবশ্যই
মারিবে য়িহুহনামনিন্দাকারী বিদেশী যেমন তে
মনি দেশজাত মারা যাবে।
[১৭] অপর যে কেহ কোন মানুষ বধ করে
সে নিতান্ত মারা যাবে।
[১৮] এবং যে কেহ জন্তুহনন করে সে তা
হার নিশা করিবে জন্তুর বদলে জন্তু। [১৯]
এবং যদি কেহ আপন প্রতিবাসিতে ক্ষতচিহ্ন
করে তবে সে যেমন তাহার প্রতি করিয়াছে তে
মন তাহার প্রতি করা যাবে। [২০] ক্ষতের বদ
লে ক্ষত চক্ষুর বদলে চক্ষু দন্তের বদলে দন্ত সে
যেমন মনুষ্যেতে ক্ষত করিল তেমন তাহার প্র
তিও করা যাবে। [২১] এবং যে জন পশুবধ
করে সে তাহার নিশা করিবে এবং যে জন মনু
ষ্য বধ করে সে মারা যাইবে। [২২] তোমার
দের একই বিধি হইবে যেমন বিদেশীয়ের কা
রণ তেমন সদেশীয়ের কারণ যেহেতুক আমিই
য়িহুহ তোমারদের ঈশ্বর।
[২৩] অপর সে শাপদায়িকে ছাউনির বা
হিরে আনিয়া তাহাকে পাথরেতে মারিতে মো
শহ য়িশ্রাএলের সন্তানেরদিগকে কহিল তাহা
তে য়িহুহ মোশহকে যেমন আজ্ঞা করিলেন তে
মন য়িশ্রাএলের সন্তানেরা করিল।

## ২৫ পর্ব্ব।

[১] অনন্তর য়িহুহ সীনাইপর্ব্বতে মোশহ
কে কহিলেন। [২] য়িশ্রাএলের সন্তানেরদিগ
কে কহ ও তাহারদিগকে বল আমি যে দেশ তো
মারদিগকে দি সে দেশে যখন তোমরা প্রবেশ
করিবা [৩] তখন সে দেশ য়িহুহের উদ্দেশে
শাবতপালন করিবে ছয় বৎসর তুমি আপন
ক্ষেত্র বুনিবা এবং ছয় বৎসর আপন দ্রাক্ষালতা
কাটিবা এবং তাহার ফলসংগ্রহ করিবা। [৪]
কিন্তু সপ্তম বৎসরে বিশ্রামার্থে দেশের শাবত
হইবে অর্থাৎ য়িহুহের উদ্দেশে শাবত তুমি আ
পন ক্ষেত্র বুনিবা না ও আপন দ্রাক্ষালতা ঝুড়ি
বা না। [৫] স্বয়ং বর্দ্ধমান তোমার ক্ষেত্রের শ
স্য তুমি ছেদন করিবা না এবং তোমার আঝো
ড়া দ্রা৹াক্ষেত্রের ফল চয়ন করিবা না দেশের
নিমিত্তে তাহাই বিশ্রামার্থক বৎসর। [৬] এবং
দেশের শাবত তোমারদের ভক্ষ্য হইবে অর্থাৎ
তোমার ও তোমার দাসের ও তোমার দাসীর ও
তোমার বেতনজীবি ভৃত্যের [৭] ও তোমার সহ
বাসি বিদেশির জন্যে এবং তোমার পশুর ও
তোমার দেশস্থ জন্তুর ভক্ষ্যের নিমিত্তে দেশের
সমস্ত উৎপন্ন হইবে।
[৮] অপর তুমি আপনার জন্যে বৎসরের
সাত শাবত গণনা করিবা অর্থাৎ সাতগুণ সাত
বৎসর এবং তোমারদের সাত বৎসরের সাত
শাবতের কাল ঊনপঞ্চাশ বৎসর হইবে। [৯]
তখন সপ্তম মাসের দশম দিনে তুমি মহোৎসরের
তূরী বাজাইবা অর্থাৎ প্রায়শ্চিত্তদিবসে তোমার
দের সমস্ত দেশে তূরী বাজাইবা। [১০] এবং
তোমরা পঞ্চাশত্তম বৎসর পবিত্র করিবা এবং
তাবদ্দেশে তাহার সমস্ত নিবাসিরদের প্রতি তুমি
মুক্তি ঘোষণা করিবা তাহাই তোমারদের কা
রণ মহোৎসব হইবে এবং তোমরা প্রতিজন আ
পন২ অধিকারে ফিরিয়া যাইবা এবং প্রতিজন
আপন২ জ্ঞাতির নিকটে ফিরিয়া যাইবা। [১১]
সে পঞ্চাশত্তম বৎসরই তোমারদের প্রতি মহোৎ
সব হইবে তোমরা বীজ বুনিবা না ও তাহাতে স্ব
য়ংবর্দ্ধমান শস্যচ্ছেদন করিবা না ও তাহাতে আ
ঝোড়া দ্রাক্ষালতার ফলসংগ্রহ করিবা না। [১২]
যেহেতুক তাহাই মহোৎসব তাহা তোমারদের
প্রতি পবিত্র হইবে তাহাতে উৎপন্ন তোমরা ক্ষেত্র
হইতেই ভক্ষণ করিবা। [১৩] ঐ মহোৎসব বৎ
সরেতে তোমরা প্রতিজন আপন২ অধিকারে
ফিরিয়া যাইবা।
[১৪] এবং যদি তুমি আপন প্রতিবাসির নি
কটে কোন বিক্রেয় বিক্রয় কর কিম্বা আপন প্র
তিবাসির হস্তহইতে ক্রয় কর তবে তোমরা পর
স্পর অন্যায় করিবা না। [১৫] মহোৎসবের পর
বৎসরের সঙ্খ্যানুসারে তুমি আপন প্রতিবাসি
হইতে ক্রয় করিবা এবং ফলোৎপত্তির বৎসরের
সঙ্খ্যানুসারে তোমার স্থানে সে বিক্রয় করিবে।
[১৬] বৎসরের বাহুল্যানুসারে তুমি তাহার
মূল্য বাড়াইবা এবং বৎসরের ন্যূনতানুসারে
তুমি তাহার মূল্য ন্যূন করিবা যেহেতুক উৎপ
ত্তির বাহুল্যানুসারে সে তোমার স্থানে বিক্রয়
করে। [১৭] অতএব তোমরা পরস্পর অন্যায়

করিবা না কিন্তু আপন ঈশ্বরকে ভয় করিবা যেহেতুক আমি তোমারদের ঈশ্বর য়িহুহ।

[১৮] অতএব তোমরা আমার ব্যবস্থানুসারে চলিবা এবং আমার বিচার পালন করিরা এবং তাহা করিবা তাহাতে তোমরা দেশে নিষ্কণ্টকে বাস করিরা। [১৯] এবং দেশ আপন ফল উৎপন্ন করিরে ও তোমরা তৃপ্ত না হওয়াপর্য্যন্ত ভোজন করিরা ও তাহাতে নিষ্কণ্টকে বাস করিরা। [২০] এবং তোমরা যদি বল আমরা সপ্তম বৎসরে কি খাইব দেখ আমরা শস্য বুনিব না ও তদুৎপন্ন সংগ্রহ করিব না। [২১] তখন আমি ষষ্ঠ বৎসরে তোমারদিগকে আশীর্ব্বাদ দিব তাহাতে তাহা তিন বৎসরের শস্য উৎপন্ন করিবে। [২২] এবং তোমরা অষ্টম বৎসরে বুনিবা এবং নবম বৎসরপর্য্যন্ত পুরাতন শস্য খাইবা যাবৎ তাহার ফল উৎপন্ন না হয় তাবৎ পুরাতন ভোজন করিরা।

[২৩] দেশ কোন কালে বিক্রীত হইবে না যেহেতুক দেশ আমার কেননা তোমরা আমার সহিত প্রবাসী ও বিদেশীয়। [২৪] এবং আপনারদের অধিকৃত দেশের সর্ব্বত্র তোমরা ভূমির উদ্ধার দিবা।

[২৫] যদি তোমার ভ্রাতা দরিদ্র হইয়া আপন অধিকারের কিঞ্চিৎ বিক্রয় করে এবং তাহা উদ্ধার করিতে তাহার কোন জ্ঞাতি আইসে তবে সে আপন ভ্রাতাতে বিক্রীত ভূমি উদ্ধার করিবে [২৬] এবং যদি তাহা উদ্ধার করিতে সে লোকের কোন কেহ না থাকে ও আপনি উদ্ধার করিতে পারে [২৭] তবে সে তাহার বিক্রয়ের বৎসর গণনা করিয়া যে মনুষ্যের নিকটে তাহা বিক্রয় করিয়াছিল তাহাকে তাহার উপরি লাভ ফিরিয়া দেউক যে সে আপন অধিকারে ফিরিয়া যায়। [২৮] কিন্তু যদি সে তাহার প্রতি ফিরিয়া দিতে না পারে তবে সে বিক্রীত অধিকার মহোৎসববৎসরপর্য্যন্ত ক্রেতার হস্তে থাকিবে এবং মহোৎসববৎসরে তাহার উদ্ধার হইবে এবং সে আপন অধিকারে ফিরিয়া আসিবে।

[২৯] অপর যদি কেহ প্রাচীরবেষ্টিত নগরস্থ বাসঘর রিক্রয় করে তবে সে তাহা বিক্রয় করণানন্তর এক রৎসরমধ্যে তাহার উদ্ধার করিতে পারে অর্থাৎ এক সম্পূর্ণ বৎসরমধ্যে সে তাহার উদ্ধার করিতে পারে। [৩০] এবং এক সম্পূর্ণ বৎসরমধ্যে যদি তাহা উদ্ধৃত না হয় তবে প্রাচীর বেষ্টিত নগরস্থিত সে ঘর পুরুষপরম্পরাতে ক্রয়কর্ত্তার অধিকাররূপ স্থিরীকৃত হইবে তাহা মহোৎসবে বাহির হইবে না। [৩১] কিন্তু প্রাচীর বেষ্টিত গ্রামস্থ ঘর দেশের ভূমিস্বরূপ গণ্য হইবে তাহার উদ্ধার হইতে পারে এবং মহোৎসবে সে সকল বাহিরে যাইবে। [৩২] কিন্তু লৈবেরদের শহর ও তাহারদের অধিকারস্থ শহরের ঘর লৈবেরা কোন সময়ে উদ্ধার করিতে পারে। [৩৩] এবং যদি কেহ লৈবেরদেরহইতে ক্রয় করে তবে সে বিক্রীত ঘর ও তাহার অধিকারস্থ শহর মহোৎসবে বাহিরে যাইবে যেহেতুক য়িশ্রাএলের সন্তানেরদের মধ্যে লৈবেরদের নগরস্থ ঘরই তাহারদের অধিকার। [৩৪] কিন্তু তাহারদের শহরের উপনগরস্থ ভূমি রিক্রয় করা যাইবে না কেননা তাহাই তাহারদের নিত্যাধিকার।

[৩৫] অপর যদি তোমার ভ্রাতা দরিদ্র হয় ও তোমার প্রতি ক্ষীণধন হয় তবে সে বিদেশীয় কিম্বা প্রবাসী হইলেও তুমি তাহার উপকার করিবা যে সে তোমার সহিত বাস করে। [৩৬] তুমি তাহাহইতে সুদ কিম্বা বৃদ্ধি লইবা না কিন্তু আপন ঈশ্বরকে ভয় কর যে তোমার ভ্রাতা তোমার সহিত বাস করিতে পারে। [৩৭] সুদার্থে তুমি আপন টাকা তাহাকে দিবা না ও বৃদ্ধিনিমিত্তে আপন অন্ন তাহাকে ধার দিবা না। [৩৮] তোমারদিগকে কনআনদেশ দিবার কারণ ও তোমারদের ঈশ্বর হইবার কারণ তোমারদিগকে মিসরদেশহইতে বাহির করিয়া আনয়নকারি তোমারদের ঈশ্বর য়িহুহ আমিই।

[৩৯] অপর তোমার ভ্রাতা যদি দরিদ্র হইয়া তোমার নিকটে বিক্রীত হয় তবে তুমি তাহাকে দাসের মত খাটাইবা না [৪০] বেতনজীবি ভৃত্যের মত কিম্বা সহবাসির মত সে মহোৎবসবৎসরপর্য্যন্ত তোমার সঙ্গে বাস করিবে ও তোমার সেবা করিবে। [৪১] পরে সে ও তাহার সহিত তাহার পুত্রেরা তোমার নিকটহইতে যাইয়া আপন পরিজনের স্থানে ফিরিয়া যাইবে এবং আপন পৈতৃকাধিকারেতে ফিরিয়া যাইবে। [৪২] কেননা তাহারা মিসরদেশহইতে আমাকর্ত্তৃক বহিষ্কৃত আমার দাস তাহারা দাসের মত বিক্রীত হইবে না। [৪৩] তুমি তাহার উপরে কঠিন প্রভুত্ব করিবা না কিন্তু আপন ঈশ্বরকে ভয় করিবা। [৪৪] তোমারদের চতুর্দ্দিক্স্থ অন্যদেশীয়েরদেরহইতে তোমারদের দাস ও তোমারদের দাসী হইবে তোমরা তাহারদের স্থানে দাস ও দাসী ক্রয় করিবা। [৪৫] অপর তোমারদের মধ্যে বাসকারি বিদেশীয়েরদের সন্তানেরদেরহইতে এবং তোমারদের দেশে তোমারদের সহবর্ত্তি যাহারদিগকে তাহারা জন্মাইল তাহারদের পরিজনেরদেরহইতে ক্রয় করিবা এবং তাহারা তোমার অধিকার হইবে। [৪৬] এবং তোমারদের পরে তোমারদের সন্তা

নেরদের অধিকারের কারণ তোমরা তাহারদিগ
কে অধিকার করিবা তাহারা তোমারদের নিত্য
দাস হইবে কিন্তু তোমারদের ভ্রাতা য়িশ্রাএ
লের সন্তানেরদের উপরে তোমরা পরস্পর ক
ঠিন প্রভুত্ব করিবা না।
[৪৭] অপর যদি প্রবাসী কিম্বা বিদেশীয়
তোমার সম্মুখে সম্পদবিশিষ্ট হয় এবং তন্নিকট
বর্ত্তি তোমার ভ্রাতা দরিদ্র হইয়া সে প্রবাসির
নিকটে কিম্বা বিদেশীয়ের নিকটে কিম্বা বিদেশী
য়ের কোন সন্তানেরদের নিকটে আপনাকে বি
ক্রয় করে। [৪৮] তাহার বিক্রয়ের পরে তাহার
উদ্ধার হইতে পারে তাহারি ভ্রাতারদের মধ্যে
এক জন তাহাকে মুক্ত করিতে পারে। [৪৯]
অর্থাৎ তাহার খুড়া কিম্বা তাহার খুড়ার পুত্র
তাহাকে মুক্ত করিতে পারে কিম্বা তাহার বংশজ
নিকট জ্ঞাতি কেহ তাহাকে মুক্ত করিতে পারে
কিম্বা যদি আপনি সমর্থ হয় তবে সে আপনা
কে মুক্ত করিতে পারে। [৫০] পরে সে আপন
বিক্রয়বৎসরাবধি মহোৎসববৎসরপর্য্যন্ত ক্রয়
কর্ত্তার সহিত হিসাব করিবে এবং বিক্রয়বৎসরে
র সঙ্খ্যানুসারে তাহার মূল্য হইবে বেতনজীবি
ভৃত্যের দিনানুসারে তাহা তাহার প্রতি হইবে।
[৫১] যদি অনেক বৎসর অবশিষ্ট থাকে তবে
তদনুসারে তাহার ক্রয়মূল্যহইতে সে আপনার
উদ্ধারের মূল্য পুনর্ব্বার দিবে। [৫২] এবং যদি
মহোৎসববৎসরপর্য্যন্ত অল্পবৎসরঅবশিষ্ট থা
কে তবে সে তাহার সহিত হিসাব করিয়া তত্তদ্বৎ
সরানুসারে আপনার উদ্ধারের মূল্য তাহাকে
পুনর্ব্বার দিবে। [৫৩] বৎসরবেতনি ভৃত্যের মত
সে তাহার সহিত থাকিবে তোমার দৃষ্টিতে তা
হার উপর কেহ কঠিন প্রভুত্ব করিবে না। [৫৪]
এবং ঐ সকল বৎসরেতে যদি সে মুক্ত না হয়
তবে সে ও তাহার সহিত তাহার সন্তানেরা ম
হোৎসববৎসরেতে বাহির হইয়া যাইবে। [৫৫]
কেননা য়িশ্রাএলের সন্তানেরা আমার দাসই
তাহারা মিসরদেশহইতে আমাকর্ত্তৃক বহিষ্কৃত
আমার দাস আমিই তোমারদের ঈশ্বর য়িহুহ।

## ২৬ পৰ্ব্ব।

[১] তোমরা আপনারদের কারণ কোন দে
বতা কিম্বা খোদা প্রতিমা করিও না এবং কোন
দণ্ডায়মান প্রতিমা খাড়া করিও না কিম্বা তাহার
সাক্ষাৎ প্রণাম করিতে প্রস্তরের প্রতিমা তোমার
দের দেশে স্থাপন করিও না যেহেতুক আমিই
তোমারদের ঈশ্বর য়িহুহ। [২] তোমরা আমার
শাবতপালন কর ও আমার পবিত্রস্থানের মর্য্যা
দা কর আমিই য়িহুহ।
[৩] তোমরা যদি আমার বিধ্যনুসারে চল ও
আমার আজ্ঞাপালন কর ও তাহা কর। [৪]
তবে আমি উচিত কালে তোমারদিগকে বৃষ্টি দি
ব এবং ভূমি আপনার উৎপাদ্য ফল উৎপন্ন
করিবে এবং মাঠের বৃক্ষ আপন ফল উৎপন্ন
করিবে। [৫] এবং তোমারদের শস্যমর্দ্দনকাল
দ্রাক্ষাচয়নকালপর্য্যন্ত রহিবে ও দ্রাক্ষাচয়নকাল
বীজবপনকালপর্য্যন্ত থাকিবে ও তোমরা তৃপ্ত না
হওয়াপর্য্যন্ত অন্নভোজন করিবা এবং দেশে নি
ষ্কণ্টকে বাস করিবা। [৬] এবং আমি দেশে
তে শান্তি দিব এবং তোমরা শয়ন করিবা এবং
কেহই তোমারদের ভয় জন্মাইবে না এবং তো
মারদের দেশহইতে আমি দুষ্ট জন্তুরদিগকে দূর
করিব ও তলোয়ার তোমারদের দেশ হইয়া ভ্র
মণ করিবে না। [৭] এবং তোমরা আপনারদের
শত্রুরদিগকে তাড়াইয়া দূর করিবা এবং তাহারা
তোমারদের সম্মুখে তলোয়ারেতে পড়িবে [৮]
এবং তোমারদের পাঁচ জন একশতকে তাড়াই
য়া লইয়া যাইবে ও তোমারদের একশত জন
দশসহস্রকে তাড়াইয়া দিবে এবং তোমারদের
শত্রুরা তোমারদের সম্মুখে তলোয়ারেতে পড়ি
বে। [৯] যেহেতুক আমি তোমারদের প্রতি
মর্য্যাদা করিব এবং তোমারদিগকে বাড়াইয়া
বহুপ্রজ করিব এবং তোমারদের সহিত আমি
আপন নিয়ম স্থির করিব। [১০] এবং তোমরা
সঞ্চিত পুরাতন ভক্ষ্য ভোজন করিবা ও নূতন
প্রযুক্ত পুরাতন বাহির করিয়া আনিবা। [১১]
এবং আমি তোমারদের মধ্যে আপন আবাস
রাখিব ও আমার প্রাণ তোমারদিগকে ঘৃণা করি
বে না। [১২] এবং আমি তোমারদের মধ্যে
ভ্রমণ করিব এবং তোমারদের ঈশ্বর হইব ও
তোমরা আমার লোক হইবা। [১৩] তোমরা
তাহারদের দাস যে না হও এতন্নিমিত্তে তোমার
দিগকে মিসরদেশহইতে বাহির করিয়া আনয়
নকারি তোমারদের ঈশ্বর য়িহুহ আমিই আমি
তোমারদের যোঁয়ালিবন্ধন ভাঙ্গিয়া তোমারদি
গকে ঋজুরূপে গতি করাইয়াছি।
[১৪] কিন্তু যদি তোমরা আমার কথায় অব
ধান না কর এবং আমার এ সকল আজ্ঞাপালন
না কর [১৫] এবং যদি তোমরা আমার বিধির
অবজ্ঞা কর এবং যদি তোমারদের প্রাণ আমার
বিচার এমত তুচ্ছ করে যে তোমরা আমার স
কল আজ্ঞাপালন না কর কিন্তু আমার নিয়মল
ঙ্ঘন কর। [১৬] তবে আমিও তোমারদের প্রতি
ইহা করিব আমি নেত্রক্ষয়ি ও হৃৎপীড়াজনক
আশঙ্কা ও যক্ষ্মা ও কম্পজ্বর তোমারদের জন্যে
নিরূপণ করিব এবং তোমরা বৃথা বীজবপন
করিবা কেননা তোমারদের শত্রুরা তাহা খাই

বে। [১৭] এবং আমি তোমারদের প্রতিকূলে
আপন মুখ রাখিব তাহাতে তোমরা আপনার
দের শত্রুরদের অগ্রে২ মারা পড়িবা তোমার
দের দ্বেষ্টারা তোমারদের উপরে প্রভুত্ব করিবে
এবং কেহ তোমারদিগকে না তাড়াইলেও তো
মরা পলায়ন করিবা। [১৮] এবং যদি তোমরা
ইহাতেও আমার কথায় অবধান না কর তবে
তোমারদের পাপপ্রযুক্ত আমি তোমারদিগকে
সপ্তগুণাধিক পীড়া দিব। [১৯] এবং আমি
তোমারদের বলের অহঙ্কার ভাঙ্গিব এবং তো
মারদের আকাশ লৌহের মত ও তোমারদের
ভূমি পিত্তলের মত করিব। [২০] এবং তোমার
দের সামর্থ্য বৃথা ব্যয় হইবে কেননা তোমারদের
ভূমি আপনার উৎপাদ্য শস্য উৎপন্ন করিবে
না ও ভূমির বৃক্ষ আপন ফল ফলিবে না।
[২১] এবং যদি তোমরা আমার বিপরীতা
চরণ কর ও আমার কথায় অবধান না কর তবে
তোমারদের পাপানুসারে আমি তোমারদের
উপরে আর সপ্তগুণ আঘাত আনাইব। [২২]
আমি তোমারদের প্রতিকূলে বন্য জন্তুও প্রেরণ
করিব তাহারা তোমারদিগকে সন্তানহীন করিবে
ও তোমারদের পশুনাশ করিবে ও তোমারদিগ
কে অল্পসংখ্যক করিবে এবং তোমারদের
পথ অরণ্য হইবে। [২৩] এবং যদি ইহাতেও
তোমরা আমাকর্ত্তৃক উপদিষ্ট না হও ও আমার
বিপরীতাচরণ কর। [২৪] তবে আমি তোমা
রদের বিপরীতাচার করিব এবং তোমারদের
পাপপ্রযুক্ত তোমারদিগকে আর সপ্তগুণ শাস্তি
দিব। [২৫] এবং আমার নিয়মলঙ্ঘনের প্রতি
ফলদায়ি তলোয়ার তোমারদের উপরে আনিব
এবং যখন তোমরা আপনারদের নগরমধ্যে এ
কত্র হইবা তখন আমি তোমারদের মধ্যে মারী
পাঠাইব এবং তোমরা শত্রুহস্তে অর্পিত হইবা।
[২৬] আমি তোমারদের অন্নরূপ অবলম্বন
ভাঙ্গিলে দশ স্ত্রী এক তনুরে তোমারদের রুটি
পাক করিবে ও তৌল করিয়া তোমারদিগকে
ফিরিয়া দিবে এবং তোমরা খাইবা কিন্তু পরি
তুষ্ট হইবা না। [২৭] এবং এ সকলেতেও যদি
তোমরা আমার কথায় অবধান না কর কিন্তু
আমার বিপরীতাচার কর [২৮] তবে আমি
ক্রোধেতে তোমারদের বিপরীতে আচরণ করিব
এবং আমি আমিই তোমারদের পাপপ্রযুক্ত তো
মারদিগকে সপ্তগুণ শাস্তি দিব। [২৯] এবং তো
মরা আপনারদের পুত্রেরদের ও আপনারদের
কন্যারদের মাংসভক্ষণ করিবা। [৩০] এবং
আমি তোমারদের দেবপীঠ নষ্ট করিব ও তো
মারদের প্রতিমা বিচ্ছিন্ন করিব ও তোমারদের
দেবের শবের উপরে তোমারদের শব ফেলিব
এবং আমার প্রাণ তোমারদিগকে ঘৃণা করিবে।
[৩১] এবং আমি তোমারদের নগর শূন্য করি
ব ও তোমারদের পবিত্র স্থান অরণ্য করিব ও
তোমারদের সুগন্ধির গন্ধ গ্রহণ করিব না। [৩২]
এবং আমি তোমারদের দেশ অরণ্য করিব ও
তদ্দেশবাসী তোমারদের শত্রুরা তদ্বিষয়ে মুগ্ধ
হইবে। [৩৩] এবং আমি জাতিরদের মধ্যে
তোমারদিগকে ছড়াইয়া ফেলিব ও তোমারদের
পাছে২ তলোয়ার বাহির করাইব এবং তোমার
দের দেশ অরণ্যই এবং তোমারদের নগর শূন্যা
কারই হইবে। [৩৪] তখন তোমরা আপনার
দের শত্রুরদের দেশে যত দিন থাক এবং দেশ
অরণ্য হইয়া থাকে তত দিন দেশ আপন শাবত
ভোগ করিবে অর্থাৎ তখনি সে দেশ বিশ্রাম করি
বে ও আপন শাবত পরিভোগ করিবে। [৩৫]
যত কাল তাহা অরণ্য হইয়া থাকে তত কাল বি
শ্রাম করিবে যেহেতুক যত দিন তোমরা সে দেশে
বাস করিলা তত দিন তাহা তোমারদের শাবতে
বিশ্রাম করে নাই। [৩৬] এবং তোমারদের মধ্যে
যাহারা অবশিষ্ট থাকে তাহারদের শত্রুরদের
দেশে তাহারদের অন্তঃকরণে আমি দুর্ব্বলত্ব
প্রেরণ করিব এবং স্পন্দনকারি পাতার শব্দ তা
হারদিগকে তাড়াইয়া লইয়া যাইবে এবং তাহা
রা তলোয়ারের সম্মুখহইতে পলায়নের ন্যায়
পলাইবে এবং কেহ তাহারদিগকে না তাড়াই
য়া গেলেও তাহারা পড়িবে। [৩৭] এবং যে
মত তলোয়ারের সম্মুখে লোক পড়ে সে মত
তাহারদিগকে কেহ না তাড়াইলেও তাহারা এক
অন্যের উপরে পড়িবে এবং আপনারদের
শত্রুসম্মুখে দাঁড়াইবার তোমারদের শক্তি হইবে
না। [৩৮] এবং তোমরা জাতিরদের মধ্যে বি
নষ্ট হইবা এবং তোমারদের শত্রুরদের দেশ
তোমারদিগকে গ্রাস করিবে। [৩৯] এবং তো
মারদের মধ্যে অবশিষ্ট যাহারা তাহারা শত্রুর
দের দেশে আপনারদের অধর্ম্মপ্রযুক্ত ক্ষয় পা
ইবে এবং আপনারদের পিতারদের অধর্ম্মপ্র
যুক্তও তাহারদের সহিত তাহারা ক্ষয় পাইবে।
[৪০] তাহারা আমার বিরুদ্ধে যে২ আজ্ঞা
লঙ্ঘনাপরাধ করিয়াছে এবং আমার বিরুদ্ধে
যে বিরুদ্ধাচরণ করিয়াছে ইহা [৪১] এবং আমি
যে তাহারদের প্রতিকূলাচরণ করিয়াছি ও তাহার
দিগকে তাহারদের শত্রুরদের দেশে আনিয়াছি
ইহার সহিত যদি তাহারা আপনারদের অধর্ম্ম
ও আপন পিতারদের অধর্ম্মও স্বীকার করে
তখন তাহারদের অচ্ছিন্নত্বক্ অন্তঃকরণ যদি
নম্র হয় ও তাহারা আপন অধর্ম্মের দণ্ড স্বী

কার করে। [৪২] তবে য়াকুবের সহিত
আমার যে নিয়ম তাহা আমি মনে করিব এবং
য়িস্‌খাকের সহিত আমার যে নিয়ম ও অবরা
হামের সহিত আমার যে নিয়ম তাহাই আমি
মনে করিয়া দেশস্মরণ করিব। [৪৩] দেশও
তাহারদেরকর্ত্তৃক ত্যক্ত হইবে এবং দেশ যত
কাল তাহারদের রহিত হইয়া অরণ্য হইয়া থা
কে তত কাল তাহা আপন শাবতভোগ করিবে
এবং তাহারা আপন অধর্ম্মের দণ্ড স্বীকার করি
বে যেহেতুক অর্থাৎ যেহেতুক তাহারা আমার
বিচার তুচ্ছ করিয়াছে এবং যেহেতুক তাহার
দের মন আমার ব্যবস্থা ঘৃণা করিয়াছে। [৪৪]
অপর তাহারা তাহা করিলেও যখন তাহারা
আপনারদের শত্রুরদের দেশে থাকে তখন আ
মি তাহারদের নিঃশেষরূপে নাশার্থে ও তাহার
দের সহিত আমার নিয়মভঞ্জনার্থে তাহারদিগ
কে অবজ্ঞা করিব না ও তাহারদিগকে ঘৃণা করি
ব না কেননা আমিই তাহারদের ঈশ্বর য়িহুহ।
[৪৫] কিন্তু আমি তাহারদের ঈশ্বরহওনার্থে জা
তিরদের দৃষ্টিগোচরে যাহারদিগকে মিসরদেশ
হইতে বাহির কয়িয়া আনিয়াছি এমত যে তা
হারদের পূর্ব্বপুরুষেরা তাহারদের সহিত আ
মার নিয়ম আমি তাহারদের কারণ স্মরণ করিব
আমিই য়িহুহ। [৪৬] য়িহুহ সীনাইপর্ব্বতে
মোশহের দ্বারা আপনার ও য়িশ্রাএলের স
ন্তানেরদের সহিত যে২ ব্যবস্থা ও বিচার ও বিধি
করিয়াছিলেন তাহা এই।

২৭ পর্ব্ব।

[১] অপর য়িহুহ মোশহ্‌কে কহিলেন য়িশ্
রাএলের সন্তানেরদিগকে কহ [২] ও তাহারদিগ
কে বল যখন কোন মনুষ্য কোন বিশেষ মা
নত করে তখন তোমার নিরূপিত মূল্যেতে সে
মনুষ্য য়িহুহের হইবে। [৩] এবং বিংশতি
বৎসরবয়স্কাবধি ষাটিবৎসরবয়স্কপর্য্যন্ত পুরুষ
বিষয়ে তোমার নিরূপিত মূল্য অর্থাৎ তোমারি
নিরূপিত মূল্য পবিত্র শেকেলানুসারে পঞ্চাশ
শেকেল রূপা হইবে। [৪] এবং যদি সে স্ত্রী
হয় তবে তোমার নিরূপিত মূল্য ত্রিংশৎ শে
কেল হইবে [৫] এবং যদি পাঁচ বৎসরবয়
স্কাবধি বিংশতিবৎসরবয়স্কপর্য্যন্ত হয় তবে তো
মার নিরূপিত মূল্য পুরুষের বিংশতি শেকেল
ও স্ত্রীর দশ শেকেল হইবে। [৬] এবং যদি
এক মাসবয়স্কাবধি পাঁচবৎসরবয়স্কপর্য্যন্ত হয়
তবে তোমার নিরূপিত মূল্য পুরুষের পাঁচ শেকে
ল ও স্ত্রীর তিন শেকেল রূপা হইবে। [৭] এবং
যদি ষাটি বৎসর কিম্বা তদধিকবয়স্ক হয় তবে
তোমার নিরূপিত মূল্য পুরুষের পোনর শেকেল
ও স্ত্রীর দশ শেকেল হইবে। [৮] কিন্তু যদি সে
তোমার নিরূপিত মূল্যহইতে অধিক দরিদ্র হয়
তবে সে আপনাকে যাজকের নিকটে উপস্থিত
করিবে এবং যাজক তাহার মূল্য করিবে মানত
কারি ব্যক্তির সংস্থানানুসারে যাজক তাহার
মূল্যনিরূপণ করিবে। [৯] এবং লোকেরা যাহা
য়িহুহের নিকটে নিবেদন করে এমত কোন পশু
যদি তাহা হয় তবে য়িহুহের উদ্দেশে তদ্রূপ
দত্ত সকল পশু পবিত্র হইবে [১০] সে তাহা
অন্যথা কিম্বা বদল করিবে না অর্থাৎ মন্দের
পরিবর্ত্তে ভাল কিম্বা ভালর পরিবর্ত্তে মন্দ দিবে
না এবং যদি সে কোন প্রকারে পশুর বদলে
অন্য পশু আনে তবে সে এবং তাহার বদ
লি উভয়ই পবিত্র হইবে। [১১] অপর যাহা
মধ্যহইতে য়িহুহের উদ্দেশে নৈবেদ্য না আনে
এমন কোন অপবিত্র পশু যদি হয় তবে সে ঐ
পশুকে যাজকের সম্মুখে উপস্থিত করিবে।
[১২] এবং তাহা ভাল হউক কিম্বা মন্দ হউক
যাজক তাহার মূল্যনিরূপণ করিবে যাজকপদা
ভিষিক্ত তুমি যেমত তাহার মূল্য নিরূপণ কর
তেমনি হইবে। [১৩] কিন্তু যদি সে তাহা কোন
প্রকারে মুক্ত করিতে চাহে তবে সে তোমার নি
রূপিত মূল্যের উপরে আরও পঞ্চমাংশ বাড়া
ইবে।

[১৪] অপর যদি কোন মনুষ্য য়িহুহের উদ্দে
শে আপন ঘর পবিত্র করে তবে তাহা ভাল
কিম্বা মন্দ হউক যাজক তাহার মূল্য করিবে যা
জক যেমন তাহার মূল্য করে তাহা তেমনি স্থির
হইবে। [১৫] পরে গৃহপবিত্রকারি জন যদি আ
পনার ঘর মুক্ত করিতে চাহে তবে সে তোমার নি
রূপিত মূল্যাধিক পঞ্চমাংশ দিবে তাহাতে তাহা
তাহার হইবে। [১৬] অপর যদি কোন কেহ
য়িহুহের উদ্দেশে আপন অধিকারভূমির কোন
অংশ পবিত্র করে তবে তাহার বীজোৎপন্নানু
সারে তোমার মূল্য নিরূপিত হইবে বিশেষতঃ
এক খোমের যবের মূল্য পঞ্চাশ শেকেল রূপা।
[১৭] যদি সে মহোৎসববৎসরাবধি আপন
ভূমি পবিত্র করে তবে তোমার নিরূপিত মূল্যা
নুসারে তাহা স্থির হইবে। [১৮] কিন্তু মহোৎ
সববৎসরের পরে যদি সে আপন ভূমি প
বিত্র করে তবে যাজক অবশিষ্ট বৎসরানুসারে
অর্থাৎ মহোৎসববৎসরপর্য্যন্ত তাহার সহিত হি
সাব করিবে এবং তাহা তোমার নিরূপিত মূল্যহ
ইতে ন্যূন করা যাইবে। [১৯] এবং তদ্ভূমিপবিত্র
কারি জন যদি কোন প্রকারে তাহা মুক্ত করিতে
চাহে তবে সে তোমার নিরূপিত রূপাহইতে অ
ধিক পঞ্চমাংশ লইয়া তাহাতে দিবে তাহাতে

তাহা তাহার নিকটে স্থিরীকৃত হইবে। [২০] কিন্তু যদি সে আপন ভূমি মুক্ত না করে কিম্বা অন্য কাহারও নিকটে বিক্রয় করিয়া থাকে তবে তাহা আর কখন মুক্ত হইবে না। [২১] কিন্তু সে ভূমি যখন মহোৎসবে বাহির হয় তখন নিবেদিত ভূমির মত তাহা য়িহুহের উদ্দেশে পবিত্র হইবে তদধিকার যাজকের হইবে। [২২] অপর যদি কোন কেহ আপন অধিকার ভূমিব্যতিরিক্ত আপনার ক্রীত ভূমি য়িহুহের উদ্দেশে পবিত্র করে। [২৩] তবে যাজক তোমার নিরূপিত মূল্যানুসারে মহোৎসববৎসরপর্যন্ত তাহার সহিত হিসাব করিয়া তোমার নিরূপিত মূল্য পবিত্র দ্রব্যের ন্যায় সে দিবসে য়িহুহের উদ্দেশে নিবেদন করিবে। [২৪] মহোৎসববৎসরেতে বিক্রয়কর্ত্তার স্থানে অর্থাৎ ভূম্যধিকারির স্থানে তাহা পুনর্দত্ত হইবে। [২৫] এবং তোমার নিরূপিত মূল্যসমস্ত পবিত্র শেকেলানুসারে হইবে বিংশতি গেরাহ্‌ই এক শেকেল হইবে।

[২৬] কেবল জন্তুর প্রথম জাতেরদের মধ্যে যেং প্রথমজাত য়িহুহকে দাতব্য তাহা কেহই পবিত্র করিতে পারিবে না গরু হউক কিম্বা মেষ হউক তাহাই য়িহুহের। [২৭] এবং যদি তাহা অপবিত্র জন্তুর মধ্যহইতে হয় তবে সে তোমার নিরূপিত মূল্যানুসারে তাহা মুক্ত করিবে এবং তাহাতে আরও পঞ্চমাংশ অধিক করিয়া দিবে কিন্তু যদি মুক্ত না হইয়া থাকে তবে তাহা তোমার নিরূপিত মূল্যেতে বিক্রীত হইবে।

[২৮] কিন্তু আপন সর্ব্বস্বহইতে মনুষ্য যে কিছু য়িহুহের উদ্দেশে নিবেদন করে অর্থাৎ মনুষ্যহইতে কিম্বা পশুহইতে কিম্বা আপন অধিকারভূমিহইতে যে কিছু হউক তাহা বিক্রীত কিম্বা মুক্ত হইবে না প্রত্যেক নিবেদিত বস্তু য়িহুহের উদ্দেশে অতিপবিত্র। [২৯] মনুষ্যকর্ত্তৃক নিবেদিত কোন নৈবেদ্যবস্তু মুক্ত করা যাইবে না তাহা নিতান্ত মারা যাইবে। [৩০] অপর ভূমির বীজের কিম্বা বৃক্ষের ফলের হউক দেশের সমস্ত দশমাংশ য়িহুহের হইবে তাহাই য়িহুহের উদ্দেশে পবিত্র। [৩১] এবং কোন কেহ যদি আপন দশমাংশহইতে কিঞ্চিন্মুক্ত করিতে চাহে তবে সে তাহাতে আরো পঞ্চমাংশ ভরিয়া দিবে।

[৩২] অপর গরু কিম্বা পশুপালের দশমাংশ অর্থাৎ পাঁচনির নীচে দিয়া যাহা যায় তাহার দশমাংশ য়িহুহের উদ্দেশে পবিত্র হইবে। [৩৩] তাহা ভাল কি মন্দ সে ইহার অনুসন্ধান করিবে না ও তাহা বদল করিবে না কিন্তু যদি সে কোন প্রকারে তাহা বদল করে তবে তাহা ও তাহার বদলি উভয় পবিত্র হইবে তাহা মুক্ত করা যাইবে না। [৩৪] য়িশ্রাএলের সন্তানেরদের কারণ সীনাই পর্ব্বতে য়িহুহ মোশহকে যেং আজ্ঞা করিলেন সে এইং।

---

# মোশহের গণনাখ্য চতুর্থ পুস্তক।

## ১ প্রথম পর্ব্ব।

[১] অপর মিসরদেশহইতে তাহারদিগের বাহির হইয়া আইসনানন্তর দ্বিতীয় বৎসরের দ্বিতীয় মাসের প্রথম দিনে সীনাই অরণ্যে মণ্ডল্যাবাসে য়িহুহ মোশহকে কহিলেন। [২] তোমরা য়িশ্রাএলের সন্তানেরদের কুলানুসারে তাহারদের পিতৃবংশানুসারে তাহারদের নামসংখ্যানুসারে সমস্ত মণ্ডলীর সংখ্যা লও [৩] অর্থাৎ তাহারদের মস্তকানুসারে প্রত্যেক পুরুষের সংখ্যা বিংশতি বর্ষ ও ততোধিকবয়স্ক য়িশ্রাএলে যুদ্ধার্থে গমনসমর্থ সকলের তুমি ও আহরোণ তাহারদের সৈন্যানুসারে তাহারদিগের সংখ্যা করিবা। [৪] এবং প্রত্যেক বংশহইতে একং জন তোমারদের সহবর্ত্তী হইবে সে প্রত্যেক জন আপনং পিতৃবংশের প্রধান হইবে।

[৫] অপর তোমারদের সহবর্ত্তী হইয়া দণ্ডায়মান লোকেরদের নাম এইং রিউবেণের বংশজ শিদেউরের পুত্র এলীসুর। [৬] শিমিওনের সূরীশাদাঈর পুত্র শিলুমীএল। [৭] য়িহুদাহের অমীনাদাবের পুত্র নখশোন। [৮] য়িশ্শাকরের সূআরের পুত্র নতনিএল। [৯] জিবূলুনের খেলোনের পুত্র এলীআব। [১০] য়ুসফের পুত্রেরদের মধ্যে এফরায়িমের অমীহূদের পুত্র

এলীশামঞ্জা। মনশেহের পিদাহ্সূরের পুত্র
গমলীএল। [১১] বেন্যামিনের গিদিওনির পুত্র
অবীদান। [১২] দানের অম্মীশদাঈর পুত্র অখি
এজের। [১৩] আশেরের ওঁকরাণের পুত্র পগ্‌ঈ
এল। [১৪] গাদের দিউএলের পুত্র এলিয়া
সাফ। [১৫] নপ্তালির এনোনের পুত্র আখীরা।
[১৬] আপন২ পিতৃবংশেরদের প্রধান য়িশ্‌রা
এলের সহস্রেরদের অধ্যক্ষ মণ্ডলীতে খ্যাতাপন্ন
ইহারা।

[১৭] পরে আপনারদের নামেতে প্রসিদ্ধ ঐ
লোকেরদিগকে মোশহ্‌ ও আহরোণ লইল।
[১৮] এবং তাহারা দ্বিতীয় মাসের প্রথমে সমস্ত
মণ্ডলীকে একত্র করিল এবং তাহারা আপন২
বংশানুসারে স্বস্বকুলানুসারে স্বস্বপিতৃবংশানু
যায়ি স্বস্বনামসংখ্যানুসারে বিংশতিবৎসরবয়
স্কাবধি করিয়া মস্তকগণনাতে আপন২ বংশাব
লি জানাইল। [১৯] য়িহুহ মোশহ্‌কে যেমন
আজ্ঞা করিয়াছিলেন তেমন সে তাহারদিগকে
সীনাইঅরণ্যে গণনা করিল। [২০] তাহাতে য়িশ্‌
রাএলের জ্যেষ্ঠ পুত্র রিউবেণের সন্তানেরা আ
পন২ বংশানুসারে স্বস্বকুলানুসারে আপন২
পিতৃবংশানুযায়ি স্বস্বনামসংখ্যানুযায়ি মস্তক
গণনাতে বিংশতিবৎসরবয়স্কাবধি করিয়া যুদ্ধা
র্থে গমনসমর্থ সমস্ত পুরুষ। [২১] তাহার
দের অর্থাৎ রিউবেণের বংশেতে গণিত লো
কেরদের সংখ্যা ছেচল্লিশ হাজার পাঁচ শত জন
ছিল।

[২২] শিমিওনের সন্তানেরা আপন২ বংশা
নুসারে আপন২ কুলানুসারে আপন২ পিতৃবং
শানুসারে স্বস্বনামসংখ্যাতে আপন২ মস্তকগণ
নাতে যাহারা গণিত ছিল বিংশতি বৎসরবয়স্কা
বধি করিয়া যুদ্ধার্থে গমনসমর্থ সমস্ত পুরুষ
[২৩] তাহারদের অর্থাৎ শিমিওনের বংশের
গণিত লোকেরদের সংখ্যা উনষাটি সহস্র তিন
শত ছিল।

[২৪] গাদের সন্তানেরা স্বস্ববংশানুসারে ও
স্বস্বকুলানুসারে ও স্বস্বপিতৃবংশানুসারে স্বস্বনাম
সংখ্যাতে বিংশতিবৎসরবয়স্কাবধি করিয়া যা
হারা যুদ্ধার্থে গমনসমর্থ [২৫] তাহারদের
অর্থাৎ গাদবংশের গণিত লোকেরদের সংখ্যা
পঁয়তাল্লিশ হাজার ছয় শত পঞ্চাশ ছিল।

[২৬] য়িহুদাহের সন্তানেরা স্বস্ববংশানুসারে
স্বস্বকুলানুসারে স্বস্বপিতৃবংশানুসারে স্বস্বনাম
সংখ্যাতে বিংশতিবৎসরবয়স্কাবধি করিয়া যু
দ্ধার্থে গমনসমর্থ যাহারা [২৭] তাহারদের অ
র্থাৎ য়িহুদাহ্‌বংশেতে গণিত লোকেরদের সং
খ্যা চৌহত্তরি হাজার ছয় শত ছিল।

[২৮] য়িশ্শাকরের সন্তানেরা আপনারদের
বংশানুসারে আপনারদের কুলানুসারে আপ
নারদের পিতৃবংশানুসারে স্বস্বনামসংখ্যাতে
বিংশতিবৎসরবয়স্কাবধি করিয়া যুদ্ধার্থে গমন
সমর্থ যাহারা [২৯] তাহারদের অর্থাৎ য়িশ্শা
করবংশে গণিত লোকেরদের সংখ্যা চৌয়ান্ন
হাজার চারি শত ছিল।

[৩০] জিবূলুনের সন্তানেরা স্বস্ববংশানুসারে
স্বস্বকুলানুসারে স্বস্বপিতৃবংশানুসারে স্বস্বনাম
সংখ্যাতে বিংশতিবৎসরবয়স্কাবধি করিয়া যা
হারা যুদ্ধার্থে গমনসমর্থ। [৩১] তাহারদের
অর্থাৎ জিবূলুনের বংশেতে গণিত লোকেরদের
সংখ্যা সাতান্ন হাজার চারি শত ছিল।

[৩২] যুসফের পুত্রেরা অর্থাৎ এফরয়িমের
সন্তানেরা আপনারদের বংশানুসারে আপ
নারদের কুলানুসারে আপনারদের পিতৃবংশা
নুসারে স্বস্বনামসংখ্যাতে বিংশতিবৎসরবয়স্কা
বধি করিয়া যাহারা যুদ্ধার্থে গমনসমর্থ [৩৩]
তাহারদের অর্থাৎ এফরয়িমের বংশেতে গণিত
লোকেরদের সংখ্যা চল্লিশ হাজার পাঁচ শত
ছিল।

[৩৪] মনশেহের সন্তানেরা আপনারদের
বংশানুসারে আপনারদের কুলানুসারে আপ
নারদের পিতৃবংশানুসারে স্বস্বনামসংখ্যাতে
বিংশতিবৎসরবয়স্কাবধি করিয়া যুদ্ধার্থে গমন
সমর্থ যাহারা [৩৫] তাহারদের অর্থাৎ মনশে
হের বংশেতে গণিত লোকেরদের সংখ্যা বত্রি
শ হাজার দুই শত ছিল।

[৩৬] বেন্যামিনের সন্তানেরা আপনারদের
বংশানুসারে আপনারদের কুলানুসারে আপ
নারদের পিতৃবংশানুসারে স্বস্বনামসংখ্যাতে
বিংশতিবৎসরবয়স্কাবধি করিয়া যাহারা যুদ্ধা
র্থে গমনসমর্থ [৩৭] তাহারদের অর্থাৎ বেন্যামি
নের বংশেতে গণিত লোকেরদের সংখ্যা পঁয়
ত্রিশ হাজার চারি শত ছিল।

[৩৮] দানের সন্তানেরা আপনারদের বংশা
নুসারে আপনারদের কুলানুসারে আপনার
দের পিতৃবংশানুসারে স্বস্বনামসংখ্যাতে বিং
শতিবৎসরবয়স্কাবধি করিয়া যাহারা যুদ্ধার্থে
গমনসমর্থ [৩৯] তাহারদের অর্থাৎ দানবং
শেতে গণিত লোকেরদের সংখ্যা বাষট্টি হাজার
সাত শত ছিল।

[৪০] আশেরের সন্তানেরা আপনারদের
বংশানুসারে আপনারদের কুলানুসারে আপ
নারদের পিতৃবংশানুসারে স্বস্বনামসংখ্যাতে
বিংশতিবৎসরবয়স্কাবধি করিয়া যাহারা যুদ্ধা
র্থে গমনোপযুক্ত [৪১] তাহারদের অর্থাৎ আ

শেরের বংশেতে গণিত লোকেরদের সংখ্যা এক
চল্লিশ হাজার পাঁচ শত ছিল।

[৪২] নপ্তালির সন্তানেরা অপনারদের বংশা
নুসারে আপনারদের কুলানুসারে আপনার
দের পিতৃবংশানুসারে স্বস্বনামসংখ্যাতে বিং
শতিবৎসরবয়স্কাবধি করিয়া যাহারা যুদ্ধার্থে গ
মনসমর্থ [৪৩] তাহারদের অর্থাৎ নপ্তালির বং
শেতে গণিত লোকেরদের সংখ্যা তিপ্পান্ন হাজা
র চারি শত ছিল।

[৪৪] মোশহ্ ও আহরোণ যাহারদিগের গণ
না করিল তাহারা এই২ এবং য়িশ্রাএলের অ
ধ্যক্ষেরা বারো জন বিশেষতঃ প্রতিজন আপ
ন২ পিতৃবংশের কারণ ছিল। [৪৫] এতদ্রূপে
আপন২ পিতৃবংশানুসারে যাহারা বিংশতিবৎ
সরবয়স্কাবধি করিয়া য়িশ্রাএলেতে যুদ্ধার্থেগম
নে সমর্থ [৪৬] অর্থাৎ য়িশ্রাএলের সন্তানের
দের মধ্যে যাহারা গণিত হইল তাহারদের সং
খ্যা ছয় লক্ষ তিন হাজার পাঁচ শত পঞ্চাশ ছিল।

[৪৭] কিন্তু লৈবেরা আপন২ পিতৃবংশানু
সারে তাহারদের মধ্যে গণিত হইল না। [৪৮]
যেহেতুক য়িহুহ মোশহ্কে কহিয়াছিলেন।
[৪৯] তুমি লেবির বংশ গণনা করিবা না এবং
য়িশ্রাএলের সন্তানেরদের মধ্যে তাহারদের
সংখ্যা লইবা না। [৫০] কিন্তু তুমি সাক্ষ্যাবা
সোপরি ও তাহার সকল পাত্রোপরি ও তাহার
সমস্ত দ্রব্যোপরি লৈবেরদিগকে নিযুক্ত করিবা
তাহারা আবাস ও তাহার সমস্ত পাত্র বহিবে
এবং তাহারা তাহার সেবা করিবে ও আবাসের
চারি দিগে ছাউনি করিবে। [৫১] এবং আবাস
যখন প্রস্থান করে তখন লৈবেরা তাহা ভাঙ্গিয়া
লইবে ও যখন আবাস খাড়া করা যায় তখন
লৈবেরা তাহা খাড়া করিবে এবং যে বিদেশী
তাহার নিকটে যায় সে মারা যাইবে। [৫২]
এবং আপন২ সৈন্যের সর্ব্বত্র য়িশ্রাএলের সন্তা
নেরা প্রত্যেকে আপন২ ছাউনির নিকটে আপ
ন২ ধ্বজসমীপে আপন২ তাম্বু খাড়া করিবে।
[৫৩] কিন্তু য়িশ্রাএলের সন্তানেরদের মণ্ডল্যু
পরি ক্রোধ না হয় এ নিমিত্তে লৈবেরা সাক্ষ্যা
বাসের চতুর্দ্দিগে ছাউনি করিবে এবং লৈবেরা
সাক্ষ্যাবাসের পালনীয় পালন করিবে। [৫৪]
এবং য়িহুহ যেমন মোশহ্কে আজ্ঞা করিয়াছি
লেন তেমন য়িশ্রাএলের সন্তানেরা সমস্ত করিল
তাহারা তদ্রূপেই করিল।

## ২ পর্ব্ব।

[১] অনন্তর য়িহুহ মোশহ্কে ও আহরোণ
কে কহিলেন। [২] য়িশ্রাএলের সন্তানেরদের
প্রত্যেক জন আপন২ ধ্বজসমীপে আপন২ বং
শের পতাকানুসারে ছাউনি করিবে তাহারা মণ্ড
ল্যাবাসের চতুর্দ্দিগে দূরে ছাউনি করিবে।

[৩] অপর পূর্ব্বদিগে অর্থাৎ সূর্য্যোদয়দিগে
য়িহুদাহের ছাউনির ধ্বজাধঃস্থ লোকেরা আপ
ন২ সৈন্যানুসারে ছাউনি করিবে এবং অমীন
দাবের পুত্র নখশোন য়িহুদাহের সন্তানেরদের
অধ্যক্ষ হইবে। [৪] এবং তাহার সৈন্য এবং
তাহারদের মধ্যে যাহারা গণিত হইল তাহার
দের সংখ্যা চৌহত্তরি হাজার ছয় শত। [৫]
এবং তাহার পরে য়িশাকরের সন্তানেরা ছাউ
নি করিবে ও সূআরের পুত্র নতনিএল য়িশাক
রের সন্তানেরদের অধ্যক্ষ। [৬] এবং তাহার
সৈন্য এবং তাহারদের মধ্যে যাহারা ছিল তা
হারদের গণিতসংখ্যা চৌয়ান্ন হাজার চারি
শত। [৭] তাহার পরে জিবূলুনের বংশ এবং
খেলোনের পুত্র এলীআব জিবূলুনের সন্তানের
দের অধ্যক্ষ [৮] এবং তাহার সৈন্য ও তাহার
দের মধ্যে যাহারা ছিল তাহারদের গণিত সং
খ্যা সাতান্ন হাজার চারি শত। [৯] য়িহুদাহের
ছাউনিতে যে সকল গণিত হইল তাহারদের সং
খ্যা স্বস্বসৈন্যের সর্ব্বত্র একলক্ষ ছেয়াশী হাজার
চারি শত ইহারা প্রথমতঃ অগ্রসর হইবে।

[১০] রিউবেণের ছাউনির ধ্বজ তাহারদের সৈ
ন্যানুসারে দক্ষিণ দিগে এবং শিদেউরের পুত্র এ
লীসূর রিউবেণের সন্তানেরদের অধ্যক্ষ। [১১]
তাহার সৈন্য এবং তাহারদের মধ্যে যাহারা
গণিত ছিল তাহারদের সংখ্যা ছেচল্লিশহাজার
পাঁচ শত। [১২] তাহার পরে শিমিওনের বংশ
তাহার নিকটে ছাউনি করিবে এবং সূরীশাদা
ঈর পুত্র শিলুমীএল শিমিওনের সন্তানেরদের
অধ্যক্ষ। [১৩] এবং তাহার সৈন্য ও তাহারদের
মধ্যে যাহারা গণিত হইল তাহারদের সংখ্যা
উনষাটি হাজার তিন শত। [১৪] পরে গাদের
বংশ এবং দিউএলের পুত্র এলিয়াসাফ গাদের
পুত্রেরদের অধ্যক্ষ [১৫] এবং তাহার সৈন্য
এবং তাহারদের মধ্যে যাহারা গণিত হইল তা
হারদের সংখ্যা পঁয়তাল্লিশহাজার ছয় শত প
ঞ্চাশ। [১৬] আপন সৈন্যানুসারে রিউবেণের
ছাউনিতে যে সকল গণিত হইল তাহারদের
সংখ্যা একলক্ষ একান্নহাজার চারি শত পঞ্চাশ
এবং তাহারা দ্বিতীয় পংক্তিতে অগ্রসর হইবে।

[১৭] অপর মণ্ডল্যাবাস লৈবেরদের ছাউনির
সহিত ছাউনির মধ্যবর্ত্তী হইয়া অগ্রসর হইবে
তাহারা যেমন ছাউনি ফেলে তেমনি প্রত্যেকে স্ব
স্বস্থানে আপন২ ধ্বজনিকটবর্ত্তী হইয়া অগ্রসর
হইবে।

[১৮] আপনারদের সৈন্যানুসারে এফ্রয়িমের

ছাউনির ধ্বজ পশ্চিম দিগে এবং অমীহূদের পুত্র
এলীশামত্মা এফরয়িমের সন্তানেরদের প্রধান।
[১৯] এবং তাহার সৈন্য অর্থাৎ তাহারদের
মধ্যে যাহারা গণিত হইল তাহারদের সঙ্খ্যা চ
ল্লিশ হাজার পাঁচ শত। [২০] এবং তৎসমীপে
মনশেহের বংশ এবং পিদাহ্সূরের পুত্র গমলী
এল মনশেহের সন্তানেরদের অধ্যক্ষ। [২১]
এবং তাহার সৈন্য অর্থাৎ তাহারদের মধ্যে গণি
তেরদের সংখ্যা বত্রিশ হাজার দুই শত। [২২]
তৎপরে বেন্যামিনের বংশ এবং গিদিওনির
পুত্র অবীদান বেন্যামিনের সন্তানেরদের অ
ধ্যক্ষ [২৩] এবং তাহার সৈন্য ও তাহার মধ্যে
গণিতেরদের সংখ্যা পঁয়ত্রিশহাজার চারি শত।
[২৪] আপন২ সৈন্যানুসারে এফরয়িমের ছাউ
নিতে গণিত সকলে এক লক্ষ আটহাজার এক
শত এবং তাহারা তৃতীয় পংক্তিতে অগ্রসর হই
বে।

[২৫] দানের ছাউনির ধ্বজ আপনারদের সৈ
ন্যানুসারে উত্তর দিগে এবং অমীশদাঈর পুত্র
আখীএজের দানের সন্তানেরদের অধ্যক্ষ [২৬]
এবং তাহার সৈন্য অর্থাৎ তাহারদের মধ্যে
গণিতেরদের সংখ্যা বাষট্টিহাজার সাত শত
[২৭] এবং আশেরের বংশ তৎসমীপে ছাউনি
করিবে এবং ওক্রাণের পুত্র পগঈএল আশে
রের সন্তানেরদের অধ্যক্ষ। [২৮] এবং তাহার
সৈন্য অর্থাৎ তাহারদের মধ্যে গণিতেরদের
সংখ্যা একচল্লিশহাজার পাঁচ শত। [২৯] তৎ
পরে নপ্তালির বংশ এবং এনানের পুত্র আ
খীরা নপ্তালির সন্তানেরদের অধ্যক্ষ। [৩০]
এবং তাহার সৈন্য অর্থাৎ তাহারদের মধ্যে
গণিতেরদের সংখ্যা তিপ্পান্ন হাজার চারি শত।
[৩১] দানের ছাউনিতে গণিত সকলে এক লক্ষ
সাতান্নহাজার ছয় শত জন তাহারা আপন২
ধ্বজের সহিত পশ্চাদ্বর্ত্তী হইয়া অগ্রসর হইবে।
[৩২] আপন২ পিতৃবংশানুসারে য়িশ্রাএলের
সন্তানেরদের মধ্যে যাহারা গণিত তাহারা এই২
সৈন্যের সর্ব্বত্র আপন২ বংশানুসারে ছাউনিতে
যে সকল গণিত হইল তাহারা ছয়লক্ষ তিনহা
জার সাড়েপাঁচ শত। [৩৩] কিন্তু য়িহুহ মোশহ্
কে যেমন আজ্ঞা করিয়াছিলেন তেমন য়িশ্রা
এলের সন্তানেরদের মধ্যে লৈবেরা গণিত হইল
না [৩৪] এবং য়িহুহ মোশহ্কে সর্ব্ব বিষয়ে যে
মন আজ্ঞা করিয়াছিলেন তেমন য়িশ্রাএলের
সন্তানেরা করিল তেমন তাহারা আপন২ ধ্বজা
নুসারে ছাউনি করিল ও সেমন প্রত্যেকে আ
পন২ কুলানুসারে ও আপন২ পিতৃবংশানুসা
রে অগ্রসর হইল।

## ৩ পর্ব্ব।

[১] সীনাই পর্ব্বতে য়িহুহ মোশহের সহিত
যে দিবসে কথা কহিলেন সে দিবসে ইহারা আহ
রোণের ও মোশহের বংশাবলি এবং এই২ আ
হরোণের পুত্রেরদের নাম [২] প্রথমজাত নাদা
ব এবং আবিহু ও এলিএজের ও ইতামার [৩]
এই২ আহরোণের সন্তানেরদের মধ্যে অভিষি
ক্ত যাজকেরদের নাম অর্থাৎ যাজকপদে সেব
নার্থে যাহারদিগকে সে পদার্পণ করিল।

[৪] এবং নাদাব ও আবিহু যখন সীনাই
অরণ্যে য়িহুহের উদ্দেশে অন্য অগ্নি নিবেদন ক
রিল তখন তাহারা য়িহুহের সম্মুখে মরিল এবং
তাহারদের সন্তান ছিল না তাহাতে এলিএজের
ও ইতামার আপন পিতা আহরোণের সম্মুখে
যাজকতা করিল।

[৫] অপর য়িহুহ মোশহ্কে কহিলেন [৬]
লেবির বংশ আনিয়া আহরোণযাজকের উপ
কারার্থে তাহারদিগকে তাহার সম্মুখে উপস্থিত
কর। [৭] এবং আবাসের সেবার্থে তাহারা
মণ্ডল্যাবাসের সম্মুখে তাহার পালনীয় ও সমস্ত
মণ্ডলীর পালনীয় পালন করিবে। [৮] এবং
আবাসের সেবার্থে তাহারা মণ্ডল্যাবাসের সমস্ত
পাত্র ও য়িশ্রাএলের সন্তানেরদের রক্ষণীয়
রক্ষা করিবে। [৯] এবং আহরোণের ও তা
হার পুত্রেরদের হাতে তুমি লৈবেরদিগকে অ
র্পণ করিবা য়িশ্রাএলের সন্তানেরদের মধ্যহই
তে তাহারা তাহার প্রতি সর্ব্বতোভাবে দত্ত হই
য়াছে। [১০] এবং তুমি আহরোণকে ও তা
হার পুত্রেরদিগকে পদার্পণ করিবা এবং তাহা
রা আপনারদের যাজকপদে থাকিয়া সেবা ক
রিবে কিন্তু যে বিদেশী নিকটবর্ত্তী হয় সে মারা
যাইবে।

[১১] অপর য়িহুহ মোশহ্কে কহিলেন
[১২] আমি দেখ আমি য়িশ্রাএলের সন্তানের
দের মধ্যে জরায়ুমোচক সমস্ত প্রথমজাতের পরি
বর্ত্তে য়িশ্রাএলের সন্তানেরদের মধ্যহইতে লৈ
বেরদিগকে গ্রহণ করিয়াছি অতএব লৈবেরাই
আমার হইবে। [১৩] যেহেতুক সমস্ত প্রথম জা
তই আমার যে দিনে মিস্রদেশে আমি সমস্ত
প্রথমজাতেরদিগকে প্রহার করিলাম সে দিনে ম
নুষ্যাবধি পশুপর্য্যন্ত য়িশ্রাএলের সমস্ত প্রথম
জাতেরদিগকে আমি পবিত্র করিলাম তৎপ্রযুক্ত
তাহারা আমারি হইবে আমি য়িহুহ।

[১৪] তদনন্তর সীনাই অরণ্যে য়িহুহ মোশহ্
কে কহিলেন [১৫] আপন২ পিতৃবংশানুসারে
আপন২ কুলানুসারে লেবির সন্তানেরদিগকে
গণনা কর একমাসবয়স্কোর্দ্ধ সমস্ত পুরুষেরদিগ

কে তুমি গণনা করিবা। [১৬] তাহাতে মোশহ্
যেমন আজ্ঞা পাইয়াছিল য়িহুহের বাক্যানুসা
রে সে তাহারদিগকে গণনা করিল। [১৭] এবং
আপন২ নামানুসারে ইহারা লেবির সন্তান গে
রশোন ও কিহাত ও মিরারি। [১৮] এবং আপ
ন২ কুলানুসারে এই২ গেরশোনের সন্তানের
দের নাম লিবনী ও শিমিঈ। [১৯] এবং আ
পন২ বংশানুসারে কিহাতের পুত্র অমরাম ও
য়িস্হার ও খেবরোণ ও উজিএল [২০] এবং
আপন২ বংশানুসারে মিরারির পুত্র মখ্লি ও
মুশি আপন২ পিতৃকুলানুসারে ইহারা লৈবের
দের বংশ।

[২১] গেরশোনহইতে লিবনীরদের কুল এবং
শিমিঈদের কুল উৎপন্ন হইল ইহারা গেরশো
নের বংশ। [২২] একমাসবয়স্কাবধি করিয়া
আপন২ সমস্ত পুরুষসংখ্যানুসারে যাহারা গ
ণিত হইল অর্থাৎ তাহারদের মধ্যে যাহারা গণিত
হইল তাহারদের সংখ্যা সাত হাজার পাঁচ শত।
[২৩] গেরশোনের বংশেরা পশ্চিম দিগে আ
বাসের পশ্চাদ্ভাগে ছাউনি করিবে। [২৪] এবং
লাএলের পুত্র এলিয়াসাফ গেরশোনের পিতৃ
বংশের প্রধান। [২৫] এবং মণ্ডল্যাবাসেতে গে
রশোনের সন্তানেরদের রক্ষণীয় আবাস ও
তাম্বু ও তদাচ্ছাদক ও মণ্ডল্যাবাসের দ্বারের
পরদা। [২৬] এবং উঠানের পরদা এবং আ
বাসের ও বেদির নিকটে চতুর্দ্দিক্স্থ উঠানের দ্বা
রের পরদা ও তাহার তাবৎ সেবার্থক রসি।

[২৭] অপর কিহাতহইতে অমরামীয়েরদের
কুল ও য়িস্হারীয়েরদের কুল ও খেবরোণীয়ের
দের কুল ও উজিএলীয়েরদের কুল উৎপন্ন হইল
ইহারা কিহাতীয়েরদের বংশ। [২৮] একমাস
বয়স্কাবধি করিয়া সমস্ত পুরুষসংখ্যাতে আট
হাজার ছয় শত জন পবিত্র স্থানের রক্ষণীয় র
ক্ষক হইল। [২৯] কিহাতের সন্তানেরদের বংশ
দক্ষিণ দিগে আবাসের পার্শ্বে ছাউনি করিবে
[৩০] এবং উজিএলের পুত্র এলীসাফান কিহা
তের গোষ্ঠীর পিতৃবংশের প্রধান। [৩১] এবং
সিন্দুক ও মেজ ও দীপগাছা ও বেদি ও সেবার্থক
পবিত্র স্থানের পাত্র ও পরদা ও তাহার সমস্ত
সেবা তাহারদের রক্ষণীয়া। [৩২] এবং আহ
রোণ যাজকের পুত্র এলিএজের লৈবেরদের প্র
ধানেরদের মধ্যে অধ্যক্ষ হইয়া পবিত্রস্থানরক্ষ
কেরদের প্রভুত্ব পাইবে।

[৩৩] মিরারিহইতে মখ্লীয়েরদের কুল ও
মুশীয়েরদের কুল ইহারা মিরারির বংশ। [৩৪]
এবং একমাসবয়স্কাবধি করিয়া তাহারদের তা
বৎ পুরুষসংখ্যানুসারে যাহারা গণিত হইল
তাহারা ছয়হাজার দুই শত। [৩৫] এবং আবি
খয়িলের পুত্র সূরীএল মিরারিগোষ্ঠীর পিতৃবং
শের প্রধান ইহারা আবাসের পার্শ্বে উত্তর দিগে
ছাউনি করিবে। [৩৬] এবং মিরারির পুত্রের
দের রক্ষণীয় এই২ সমর্পিত হইবে আবাসের
তক্তা ও তাহার বাতা ও তাহার থাম ও তাহার
চুঙ্গি ও তাহার সমস্ত পাত্র ও তৎসেবার্থক স
মস্ত দ্রব্য। [৩৭] এবং উঠানের চতুর্দ্দিক্স্থ থাম
ও তাহারদের চুঙ্গি ও তাহারদের খুঁটা ও তাহার
দের রসারসি।

[৩৮] কিন্তু পূর্ব্বদিগে আবাসের সম্মুখে অ
র্থাৎ মণ্ডল্যাবাসের সম্মুখে পূর্ব্ব দিগে যাহারা
ছাউনি করে তাহারা য়িশ্রাএলের সন্তানেরদের
রক্ষণীয় রক্ষানিমিত্তে পবিত্র স্থানের রক্ষণীয়ের
রক্ষক মোশহ্ ও আহরোণ ও তাহার পুত্রেরা
এবং নিকটগামি বিদেশী মারা যাইবে [৩৯]
লৈবেরদের মধ্যে একমাসবয়স্কাবধি করিয়া যে
সকল পুরুষ মোশহ্ ও আহরোণ য়িহুহের আ
জ্ঞাতে তাহারদের কুলানুসারে গণনা করিল তা
হারা বাইশ হাজার।

[৪০] অপর য়িহুহ মোশহ্কে কহিলেন এক
মাসবয়স্কাবধি করিয়া য়িশ্রাএলের সন্তানের
দের সমস্ত প্রথমজাত পুরুষেরদিগকে গণনা কর
ও তাহারদের নামসংখ্যা লও। [৪১] এবং
য়িশ্রাএলের সন্তানেরদের সমস্ত প্রথমজাতের
দের পরীবর্ত্তে তুমি আমার অর্থে লৈবেরদি
গকে গ্রহণ করিবা আমিই য়িহুহ এবং য়িশ্রাএ
এলের সন্তানেরদের পশুরদের সমস্ত প্রথমজা
তের পরীবর্ত্তে তুমি লৈবেরদের পশুরদিগকে
লইবা। [৪২] তাহাতে য়িহুহ মোশহ্কে যে
মন আজ্ঞা করিয়াছিলেন তেমন সে য়িশ্রাএ
লের সন্তানেরদের সমস্ত প্রথমজাতেরদিগকে গণ
না করিল। [৪৩] এবং নামের সংখ্যানুসারে
এক মাসবয়স্কাবধি করিয়া যে সমস্ত প্রথমজাত
পুরুষ তাহারদের মধ্যে গণিত হইল তাহারা বা
ইশ হাজার দুই শত তেহত্তর।

[৪৪] অপর য়িহুহ মোশহ্কে কহিলেন
[৪৫] য়িশ্রাএলের সন্তানেরদের সকল প্রথম
জাতেরদের পরীবর্ত্তে লৈবেরদিগকে ও তা
হারদের পশুর পরীবর্ত্তে লৈবেরদের পশুরদিগ
কে লও এবং লৈবেরা আমারই হইবে আমিই
য়িহুহ। [৪৬] এবং লৈবেরদিগহইতে অধিক
হওয়াপ্রযুক্ত মোক্তব্য য়িশ্রাএলের সন্তানের
দের প্রথম জাতেরদের দুই শত তেহত্তর পুরুষ
[৪৭] তাহারদের এক২ জনের পরীবর্ত্তে তুমি
তাহারদের মস্তকানুযায়ি পবিত্র শেকেলানুসারে
পাঁচ শেকেল লইবা বিংশতি গেরাহ্ই এক শে

কেল। [৪৮] এবং তাহারদের মধ্যে রূপা
দ্বারা মোক্তব্য অধিক জনের মুল্য তুমি আহরো
ণ ও তাহার পুত্ত্রেরদিগকে দিবা [৪৯] তাহাতে
লৈবেরদের দ্বারা মুক্ত লোকেরদের ঐ অধিক
জনেরদের মুক্তির রূপা মোশহ্ লইল। [৫০]
য়িশ্রাএলের সন্তানেরদের প্রথমজাতেরদিগহই
তে পবিত্র শেকেলানুসারে তাহা এক হাজার
তিন শত পঁয়ষট্টি শেকেল লইল। [৫১] এবং
য়িহুহ যেমন মোশহ্‌কে আজ্ঞা করিয়াছিলেন তে
মন মোশহ্ য়িহুহের বাক্যানুসারে মুক্ত লোকের
দের রূপা লইয়া আহরোণকে ও তাহার পু
ত্ত্রেরদিগকে দিল।

৪ পর্ব্ব।

[১] অনন্তর য়িহুহ মোশহ্‌কে ও আহরোণকে
কহিলেন [২] কিহাতের সন্তানেরদের কুলানু
সারে ও তাহারদের পিতৃবংশানুসারে [৩] ত্রিশ
বৎসরবয়স্কাবধি করিয়া পঞ্চাশবৎসরবয়স্কপ
র্য্যন্ত যাহারা মণ্ডল্যাবাসে কর্ম্মকরণার্থে সৈন্যের
মধ্যে প্রবেশ করে তাহারদের সংখ্যা লেবির স
ন্তানেরদের মধ্যহইতে লও। [৪] অতিপবিত্র
বস্তুবিষয়ে মণ্ডল্যাবাসেতে কিহাতের সন্তানের
দের সেবন এইং।

[৫] এবং ছাউনি অগ্রসর হইলে আহরোণ
ও তাহার পুত্ত্রেরা আসিয়া আবরণার্থক পরদা
নামাইবে ও তাহাতে সাক্ষ্যরূপ সিন্দুক ঢাকিবে।
[৬] এবং তদুপরি তখসচর্ম্মের আচ্ছাদন দিবে
এবং তদুপরি সমুদায় নীলবর্ণের এক বস্ত্র আ
চ্ছাদন করিবে ও তাহাতে সাইঙ্গ পরাইবে।
[৭] এবং দৃষ্টিভোগরুটির মেজোপরি তাহারা
এক নীলবস্ত্র পাতিবে এবং তাহার উপরে থাল
ও চমশ ও বাটী ও ঢাকনার্থক ঢাকনি সাজাইবে
এবং নিত্য দৃষ্টিভোগরুটি তদুপরি থাকিবে। [৮]
এবং তাহারা তদুপরি রক্তবর্ণ এক বস্ত্র বিছাইবে
এবং তাহা তখসচর্ম্মের এক আচ্ছাদন দিয়া ঢা
কিবে এবং তাহার সাইঙ্গ পরাইবে। [৯] অপর
তাহারা এক নীলবস্ত্র লইয়া দীপার্থক দীপগাছা
ও তৎসেবনার্থক তাহার দীপ ও গুলদান ও গুলত
রাস ও তাহার সমস্ত তৈলপাত্র ঢাকিবে। [১০]
এবং তাহারা তাহা ও তাহার সমস্ত পাত্র তখস
চর্ম্মের এক আচ্ছাদনেতে রাখিয়া সাইঙ্গের উ
পরে দিবে। [১১] অপর স্বর্ণময় বেদ্যুপরি তা
হারা নীলবস্ত্র বিছাইবে ও তাহা তখসচর্ম্মের
আচ্ছাদন দিয়া ঢাকিবে ও তাহার সাইঙ্গ তাহা
তে লাগাইবে। [১২] অপর পবিত্র স্থানে যাহা
দিয়া সেবা করে সে সমস্ত সেবনার্থ পাত্র তাহা
রা লইয়া নীলবর্ণ বস্ত্রেতে থুইবে এবং তখস
চর্ম্মের আচ্ছাদন দিয়া সে সকল ঢাকিয়া সাই
ঙ্গের উপরে দিবে। [১৩] এবং তাহারা বেদি
হইতে ভস্ম লইয়া তদুপরি বাগুনীয় বস্ত্র বিছা
ইবে। [১৪] এবং তাহারা তদুপরি তৎকার্য্যে
সেবনার্থ তাহার সমস্ত পাত্র অর্থাৎ ধুনচি ও ত্রি
শূল ও হাতা ও কুণ্ড ও বেদির সমস্ত পাত্র দিবে
পরে তাহারা তদুপরি তখসচর্ম্মের আচ্ছাদন বি
ছাইয়া তাহাতে তাহার সাইঙ্গ লাগাইবে [১৫]
অপর ছাউনির অগ্রসরণসময়ে আহরোণ ও
তাহার পুত্ত্রেরা পবিত্র স্থান ও পবিত্র স্থানের
সমস্ত পাত্র ঢাকনে সমাপন করিলে কিহাতের
সন্তানেরা তাহা বহিতে আসিবে কিন্তু তাহারা
পবিত্র বস্তু স্পর্শ করিবে না যে না মরে মণ্ডল্যা
বাসেতে কিহাতের সন্তানেরদের ভার এইং।

[১৬] অপর আহরোণযাজকের পুত্ত্র এলি
এজেরের পদের এইং ভার দীপার্থ তৈল ও
সুগন্ধি ও আহ্নিকোপকরণ ও অভিষেকার্থ তৈল
এবং আবাসের ও তাহার মধ্যস্থিত সকলের
অর্থাৎ পবিত্র স্থানে স্থিত ও তাহার পাত্রস্থিত
সকলের প্রদর্শন।

[১৭] অপর য়িহুহ মোশহ্‌কে ও আহরোণকে
কহিলেন [১৮] লৈবেরদের মধ্যহইতে তোমরা
কিহাতীয়েরদের বংশ উচ্ছিন্ন করিও না [১৯]
কিন্তু তাহারদের প্রতি এমত কর যে তাহারা যখন
পবিত্র স্থানের নিকটবর্ত্তী হয় তখন বাঁচে ও না
মরে আহরোণ ও তাহার পুত্ত্রেরা অভ্যন্তরে যা
ইয়া তাহারদের প্রত্যেক জনকে তাহারদের সে
বাতে ও তাহারদের ভারেতে নিযুক্ত করিবে।
[২০] কিন্তু পবিত্র বস্তু যখন ঢাকা যায় তখন
তাহা দেখিতে তাহারা ভিতরে যাইবে না পাছে
মরে।

[২১] অপর য়িহুহ মোশহ্‌কে কহিলেন
[২২] গেরশোনের সন্তানেরদের পিতৃবংশানু
সারে ও তাহারদের কুলানুসারে তাহারদের
সংখ্যা লও। [২৩] ত্রিংশৎবৎসরবয়স্কাবধি করি
য়া পঞ্চাশবৎসরবয়স্কপর্য্যন্ত মণ্ডল্যাবাসের সে
বার্থ যাহারা প্রবেশ করে তাহারদিগকে তুমি গণ
না করিবা। [২৪] সেবন ও বহন ইহা গেরশো
নীয় বংশ্যেরদের কার্য্য। [২৫] এবং তাহারা
আবাসের পরদা ও মণ্ডল্যাবাস ও তাহার আ
চ্ছাদন ও তদুপরিস্থিত তখসচর্ম্মের আচ্ছাদন ও
মণ্ডল্যাবাসের দ্বারের পরদা [২৬] ও উঠানের
পরদা ও আবাস ও বেদির সন্নিহিত চতুর্দ্দিক্‌স্থিত
উঠানের দ্বারের আচ্ছাদন ও তাহার রসি ও তা
হার সেবনার্থ সমস্ত পাত্র ও তদর্থে যাহাং নি
র্ম্মিত হইয়াছে সে সকল তাহারা বহিবে এত
দ্রূপ তাহারা সেবা করিবে [২৭] গেরশোনের
সন্তানেরদের সমস্ত কার্য্য তাহারদের সমস্ত সে

বানুসারে ও তাহারদের সমস্ত ভারানুসারে আ
হরোণের ও তাহার পুত্রেরদের অর্পণানুসারে
হইবে এবং তোমরা তাহারদের সমস্ত ভারে তা
হারদিগকে নিযুক্ত করিবা। [২৮] মণ্ডল্যাবাসে
তে ইহা গেরশোনের সন্তানেরদের কুলের সেবা
এবং তাহারদের ভার আহরোণ যাজকের পুত্র
ইতামারের হস্তগত।

[২৯] অপর আপন২ কুলানুসারে ও আপ
ন২ পিতৃবংশানুসারে তুমি মিরারির সন্তানের
দের সংখ্যা লইবা। [৩০] ত্রিংশৎবৎসরবয়স্কা
বধি করিয়া পঞ্চাশবৎসরবয়স্কপর্য্যন্ত মণ্ডল্যাবা
সেতে সেবনার্থে প্রবেশকারি প্রত্যেক জনের
গণনা তুমি করিবা। [৩১] এবং মণ্ডল্যাবাসেতে
তাহারদের সমস্ত সেবানুসারে তাহারদের রক্ষ
ণীয় ভার এইং আবাসের তক্তা ও তাহার বাতা
ও তাহার থাম ও তাহার চুঙ্গি। [৩২] এবং উঠা
নের চতুর্দ্দিক্স্থ থাম ও তাহার চুঙ্গি ও তাহার
গোঁজ ও তাহার রসি ইত্যাদি করিয়া তাহার
সমস্ত পাত্র ও তাহার সমস্ত সেবা এবং তাহা
রদের ভারের রক্ষণীয় পাত্রসমস্ত তোমরা নাম
ধরিয়া গণনা করিবা। [৩৩] আহরোণ যাজ
কের পুত্র ইতামারের হস্তগত মণ্ডল্যাবাসেতে স
মস্ত সেবানুসারে মিরারির সন্তানেরদের বং
শ্যেরদের সেবা এই।

[৩৪] অপর মোশহ্ ও আহরোণ ও মণ্ডলীর
অধ্যক্ষেরা আপনারদের কুলানুসারে ও আপ
নারদের পিতৃবংশানুসারে [৩৫] ত্রিংশৎবৎ
সরবয়স্কাবধি করিয়া পঞ্চাশবৎসরবয়স্কপর্য্যন্ত
সেবার্থে মণ্ডল্যাবাসেতে প্রবেশকারি কিহাতের
প্রত্যেক সন্তানেরদের গণনা করিল। [৩৬] এ
বং তাহারদের কুলানুসারে যাহারা গণিত হইল
তাহারা দুইহাজার সাত শত পঞ্চাশ। [৩৭]
মোশহের দ্বারা অর্পিত য়িহুহের আজ্ঞাতে কি
হাতের বংশ্যেরদের মধ্যে মণ্ডল্যাবাসেতে সে
বনসমর্থ যাহারদিগকে মোশহ্ ও আহরোণ
গণনা করিল তাহারা এইং। [৩৮] এবং আ
পন২ কুলানুসারে ও আপন২ পিতৃবংশানুসারে
গেরশোনের সন্তানেরদের মধ্যে [৩৯] ত্রিংশৎ
বৎসরবয়স্কাবধি করিয়া পঞ্চাশবর্ষবয়স্কপর্য্যন্ত
যাহারা গণিত হইল অর্থাৎ মণ্ডল্যাবাসের সে
বাতে যে প্রত্যেক জন প্রবেশ করিল [৪০] তাহার
দের মধ্যে যাহারা গণিত হইল তাহারা আপন২
কুলানুসারে আপন২ পিতৃবংশানুসারে দুইহা
জার ছয় শত ত্রিংশৎ ছিল। [৪১] গেরশো
নের সন্তানেরদের বংশের মধ্যে মণ্ডল্যাবাসে
সেবনযোগ্য য়িহুহের আজ্ঞাতে মোশহ্ ও আহ
রোণ যাহারদিগকে গণনা করিল তাহারা এইং।

[৪২] অপর আপন২ কুলানুসারে আপন২
পিতৃবংশানুসারে [৪৩] ত্রিংশৎবৎসরবয়স্কাবধি
করিয়া পঞ্চাশবৎসরবয়স্কপর্য্যন্ত সেবনার্থে মণ্ড
ল্যাবাসেতে প্রবেশকারি মিরারির সন্তানেরদের
বংশের মধ্যে যাহারা গণ্য গেল [৪৪] অর্থাৎ
আপন২ কুলানুসারে যাহারা গণিত হইল
তাহারদের সংখ্যা তিনহাজার দুই শত ছিল।
[৪৫] মোশহের দ্বারা অর্পিত য়িহুহের আ
জ্ঞানুসারে মিরারির সন্তানেরদের মধ্যে যাহার
দিগকে মোশহ্ ও আহরোণ গণনা করিল তা
হারা এইং। [৪৬] মোশহ্ ও আহরোণ ও
য়িশ্রাএলের অধ্যক্ষেরা আপন২ কুলানুসারে
ও আপন২ পিতৃবংশানুসারে [৪৭] ত্রিংশৎবৎ
সরবয়স্কারধি করিয়া পঞ্চাশবৎসরবয়স্কপর্য্যন্ত
সেবনার্থ কার্য্য করিতে ও মণ্ডল্যাবাসের ভারবি
ষয়ে সেবার্থে প্রবেশকারি যেং লৈবেরদিগকে
গণনা করিল [৪৮] অর্থাৎ তাহারদের মধ্যে যা
হারা গণিত হইল তাহারা আটহাজার পাঁচ শত
আশী ছিল। [৪৯] য়িহুহের আজ্ঞানুসারে তা
হারা প্রত্যেকে আপন২ সেবানুসারে ও আপ
ন২ পদানুসারে মোশহের দ্বারা গণিত হইল
এতদ্রূপে যেমন য়িহুহ মোশহ্কে আজ্ঞা করি
য়াছিলেন তেমন তাহারা তদ্দ্বারা গণ্য গেল।

৫ পর্ব্ব।

[১] অনন্তর য়িহুহ মোশহ্কে কহিলেন [২]
য়িশ্রাএলের সন্তানেরদিগকে আজ্ঞা কর যে তা
হারা প্রত্যেক কুষ্ঠিকে ও প্রত্যেক প্রমেহিকে ও
মরাপ্রযুক্ত অপবিত্র সমস্ত প্রাণিকে ছাউনিহইতে
বাহির করে। [৩] পুরুষ ও স্ত্রী তোমরা বাহির
করিবা ছাউনির বাহিরে তাহারদিগকে বাহির ক
রিয়া দিবা যে যন্মধ্যে আমি বাস করি এমন
যে তাহারদের ছাউনি তাহারা তাহা অশুদ্ধ না
করে। [৪] তাহাতে য়িশ্রাএলের সন্তানেরা
এতদ্রূপ করিয়া তাহারদিগকে ছাউনির বাহির
করিয়া দিল য়িহুহ যেমন মোশহ্কে আজ্ঞা
করিয়াছিলেন য়িশ্রাএলের সন্তানেরা তেমনি
করিল।

[৫] অপর য়িহুহ মোশহ্কে কহিলেন [৬]
য়িশ্রাএলের সন্তানেরদিগকে কহ পুরুষ কিম্বা
স্ত্রী যদি য়িহুহের প্রতিকূলে আজ্ঞালঙ্ঘন করিয়া
মনুষ্যোতে করণীয় কোন পাপ করে ও সে প্রাণী
অপরাধী হয় [৭] তবে তাহারা আত্মকৃত পা
পের স্বীকার করিবে ও আপন অপরাধপ্রযুক্ত
তন্মূল দ্রব্যও তাহার উপরে আরো পঞ্চমাংশের
দানদ্বারা নিশা করিয়া যাহার প্রতিকূলে অপ
রাধ করা গিয়াছে তাহাকে দিবে। [৮] কিন্তু যা
হার নিকটে অপরাধ নিশা করণোচিত এমত তা

হার যদি কোন পরিজন না থাকে তবে যদ্দ্বারা তা
হার কারণ প্রায়শ্চিত্ত করা যায় এমত প্রায়শ্চি
ত্তার্থ মেষভিন্ন সে য়িহুহের নিকটে অর্থাৎ যাজ
কের নিকটে অপরাধের নিশা করিবে। [৯] এবং
য়িশ্রাএলের সন্তানেরদের সমস্ত পবিত্র বস্তুহই
তে যে প্রত্যেক নৈবেদ্য তাহারা যাজকের নিকটে
আনে তাহা তাহার হইবে। [১০] এবং প্রত্যেক
জনের পবিত্র বস্তু তাহার হইবে এবং মনুষ্য যে
কোন দ্রব্য যাজককে দেয় তাহা তাহার হইবে।
[১১] অপর য়িহুহ মোশহ্কে কহিলেন [১২]
য়িশ্রাএলের সন্তানেরদিগকে কহ ও তাহারদিগ
কে বল কোন মনুষ্যের স্ত্রী কুলাচারাতিক্রম করি
য়া যদি তাহার প্রতিকূলে অপরাধিনী হয় [১৩]
এবং কোন পুরুষ তাহার সহিত সংসর্গ করে ও
তাহার স্বামির দৃষ্টিহইতে তাহা গুপ্ত রাখা যায়
ও সে অপবিত্রা হয় এবং তাহার বিপক্ষে সাক্ষী
না থাকে ও সে ধরা না পড়ে। [১৪] এবং তা
হার উপরে সন্তপ্ত মন আইসে তাহাতে সে আ
পন ভার্য্যাবিষয়ে সন্তপ্তমনা হয় এবং সে অশু
দ্ধা হইয়া থাকে কিম্বা তাহার উপরে সন্তপ্ত মন
আইসে তাহাতে সে আপন ভার্য্যার বিষয়ে স
ন্তপ্তমনা হয় কিন্তু সে অশুদ্ধা নয়। [১৫] তবে
সে পুরুষ আপন ভার্য্যাকে যাজকের নিকটে
আনিবে এবং সে তাহার কারণ তাহার নৈবেদ্য
অর্থাৎ এফাহের দশমাংশ যবের সুজি আনি
বে সে তাহার উপরে তৈল ঢালিবে না ও তা
হার উপরে কুন্দুরু দিবে না যেহেতুক তাহা স
ন্তপ্ত মনহেতুক নৈবেদ্য অর্থাৎ অতিক্রমস্মারক
নৈবেদ্য। [১৬] পরে যাজক তাহাকে নিকটে
আনিয়া য়িহুহের সম্মুখে তাহাকে বসাইবে।
[১৭] এবং যাজক মৃৎপাত্রে করিয়া পবিত্র জল
এবং আবাসের মাঝিয়ার ধূলা গ্রহণ করিয়া তা
হা জলে দিবে। [১৮] পরে যাজক ঐ স্ত্রীকে য়ি
হুহের সম্মুখে বসাইবে এবং সে স্ত্রীর মস্তক অ
নাবৃত করিয়া স্মারকার্থোপকরণ অর্থাৎ সন্তপ্ত
মনহেতুক উপকরণ তাহার হস্তে দিবে এবং শাপ
দায়ক তিক্ত জল যাজক স্বহস্তে রাখিবে। [১৯]
এবং যাজক তাহাকে দিব্য করাইয়া ঐ স্ত্রীকে ক
হিবে তোমার সহিত যদি কোন পুরুষ সংসর্গ না
করিয়া থাকে এবং আপন স্বামিব্যতিরিক্ত যদি
তুমি অন্যের সহিত ব্যভিচার না করিয়া থাক
তবে এই শাপদায়ক তিক্ত জলহইতে তুমি মুক্তা
হও। [২০] কিন্তু যদি তুমি আপন স্বামিব্যতি
রিক্ত অন্যের সহিত অতিক্রম করিয়া থাক ও অ
শুদ্ধা হইয়া থাক ও তোমার স্বামিবিনা অন্য পু
রুষ যদি তোমার সহিত সংসর্গ করিয়া থাকে
[২১] তবে যাজক শাপবিষয়ক দিব্যেতে সে স্ত্রী
কে দিব্য করাইবে এবং যাজক সে স্ত্রীকে কহিবে
য়িহুহ যখন তোমার উরু পচাইবেন ও তোমার
পেট ফুলাইবেন তখন তিনি তোমার লোকেরদের
মধ্যে তোমাকে শাপের ও দিব্যের বিষয় করুন।
[২২] এবং এই শাপদায়ক জল তোমার পেট ফু
লানার্থে ও তোমার উরু পচানার্থে তোমার উদ
রে প্রবেশ করিবে তাহাতে সে স্ত্রী বলিবে আমিন
আমিন। [২৩] এবং যাজক এই শাপসকল পুস্ত
কে লিখিবে এবং সে তিক্ত জলেতে সে সকল
মুছিয়া ফেলিবে। [২৪] এবং সে ঐ শাপদায়
ক তিক্ত জল সে স্ত্রীকে পান করাইবে এবং শাপ
দায়ক সে জল তাহার উদরমধ্যে তিক্তরূপে প্রবি
ষ্ট হইবে। [২৫] পরে যাজক সে স্ত্রীর হস্তহইতে
সে সন্তপ্ত মনহেতুক উপকরণ লইয়া য়িহুহের স
ম্মুখে আন্দোলন করিয়া বেদ্যুপরি তাহা নিবেদ
ন করিবে। [২৬] পরে যাজক সে উপকরণের এক
মুষ্টি অর্থাৎ তৎস্মারকাংশ গ্রহণ করিয়া বেদির
উপরে পোড়াইয়া ঐ স্ত্রীকে সে জল পান করাই
বে। [২৭] অপর ঐ স্ত্রীকে সে জলপানকরণা
নন্তর এমত হইবে সে যদি অশুদ্ধা হইয়া থাকে
ও আপন স্বামির প্রতিকূলে অতিক্রম করিয়া
থাকে তবে শাপদায়ক সে জল তাহার মধ্যে তি
ক্তরূপে প্রবিষ্ট হইবে এবং তাহার উদর স্ফীত
হইবে ও তাহার উরু পচিয়া যাইবে এবং ঐ স্ত্রী
আপন লোকেরদের মধ্যে শাপবিষয় হইবে।
[২৮] এবং যদি সে স্ত্রী অশুদ্ধা না হয় কিন্তু নি
র্দোষা হয় তবে সে মুক্তা হইবে ও গর্ভধারণ
করিবে। [২৯] স্ত্রী আপন স্বামিভিন্ন অন্যের
সহিত অতিক্রম করিয়া অশুদ্ধা হইলে তৎসন্তা
পের এই ব্যবস্থা। [৩০] কিম্বা সন্তপ্ত মন আক্র
মণ করণেতে সে আপন ভার্য্যাবিষয়ে সন্তপ্ত
হইয়া য়িহুহের সম্মুখে সে স্ত্রীকে উপস্থিত করে
এবং যাজক তদ্বিষয়ে এই সমস্ত ব্যবস্থা নিরূপণ
করে তবে পুরুষ পাপহইতে নির্দোষী হইবে
কিন্তু ঐ স্ত্রী আপন অতিক্রমভোগ করিবে।

## ৬ পর্ব্ব।

[১] অনন্তর য়িহুহ মোশহ্কে কহিলেন [২]
য়িশ্রাএলের সন্তানেরদিগকে কহ ও তাহারদিগ
কে বল য়িহুহের উদ্দেশে ভিন্নহওনার্থে কোন
পুরুষ কিম্বা স্ত্রী নাজীরব্রতকরণের জন্যে আপ
নারদিগকে যখন ভিন্ন করে [৩] তখন সে দ্রাক্ষা
রসহইতে ও সুরাহইতে আপনাকে পৃথক্ করি
বে এবং দ্রাক্ষারসের শির্কা কিম্বা সুরার শির্কা
পান করিবে না সে দ্রাক্ষারসহইতে উৎপন্ন কোন
পানীয় পান করিবে না এবং কাঁচা কিম্বা শুষ্ক
দ্রাক্ষাফল খাইবে না। [৪] তাহার পৃথক্হও
য়ার সমস্ত দিবস সে দ্রাক্ষালতার বীজাবধি খো

সাপর্য্যন্ত কিছুই খাইবে না। [৫] বুতের কারণ
পৃথক হওয়ার সমস্ত দিবস তাহার মস্তকোপরি
ক্ষুর আসিবে না য়িহুহের উদ্দেশে আপনাকে
পৃথক্ করণদিবস বিধি তাহা সম্পূর্ণ হওয়াপর্য্যন্ত
সে পবিত্র হইবে ও আপন কেশের গুচ্ছা বৃদ্ধি
পাইতে দিবে। [৬] য়িহুহের উদ্দেশে তাহার পৃ
থক্‌হওয়ার সমস্ত দিবস সে কোন শবের নিক
টে যাইবে না। [৭] আপন পিতৃপ্রযুক্ত কিম্বা আ
পন মাতৃপ্রযুক্ত কিম্বা আপন ভ্রাতৃপ্রযুক্ত কিম্বা
আপন ভগিনীপ্রযুক্ত তাহারা মরিলে সে আপনা
কে অপবিত্র করিবে না যেহেতুক আপন ঈশ্বর
বিষয়ক শৌচত্ত্ব তাহার মস্তকোপরি আছে। [৮]
তাহার পৃথক্‌হওয়ার সমস্ত দিবস সেই য়িহুহের
উদ্দেশে পবিত্র। [৯] এবং যদি কোন মনুষ্য
তাহার নিকটে অকস্মাৎ মরাতে সে আপনার
ভিন্নাবস্থার মস্তক অপবিত্র করে তবে সে পবি
ত্রহওনদিবসে আপন মস্তকমুণ্ডন করিবে অর্থাৎ
সপ্তম দিবসে তাহা মুণ্ডন করিবে। [১০] এবং
অষ্টম দিবসে সে দুই ঘুঘু কিম্বা দুই কবুতরের
বাচ্চা মণ্ডল্যাবাসদ্বারের সমীপে যাজকের নিক
টে আনিবে। [১১] এবং যাজক তাহার একটা
পাপনাশনিমিত্তে ও অন্য একটা হোমনিমিত্তে
নিবেদন করিয়া মরাদ্বারা তাহার জাত পাপপ্র
যুক্ত তাহার কারণ প্রায়শ্চিত্ত করিবে এবং তদ্দি
বসে তাহার মস্তক পবিত্র করিবে। [১২] পরে
সে আপনার পৃথক্‌হওনাবস্থার দিবস য়িহুহের
উদ্দেশে পবিত্র করিবে এবং প্রথমবর্ষীয় এক
মেষের বাচ্চা অপরাধনাশার্থে আনিবে কিন্তু
পূর্ব্বের যত দিবস সে সকল বৃথা হইবে যেহেতুক
তাহার ভিন্নতা অশুচি হইয়াছিল।

[১৩] অপর পৃথক্‌হওনের দিবস সম্পূর্ণ হওনা
নন্তর নাজীরের ব্যবস্থা এইং সে মণ্ডল্যাবাসের
দ্বারের নিকটে আনীত হইবে [১৪] এবং হো
মের কারণ প্রথমবর্ষীয় এক নিখুঁত মেষের বাচ্চা
ও পাপনাশনিমিত্তে নিখুঁত প্রথমবর্ষীয় এক মে
ষের স্ত্রী বাচ্চা ও স্বস্ত্যয়নের কারণ নিখুঁত এক
মেষ [১৫] এবং তৈলমিশ্রিত এক টুকরি বেখমির
সূক্ষ্ম সুজির পিষ্টক এবং তৈলাক্ত বেখমির রু
টির পাতলা পিষ্টক ও তদুপকরণ ও তৎপানীয়
দ্রব্য এইং নৈবেদ্য সে য়িহুহের উদ্দেশে নিবেদন
করিবে। [১৬] এবং যাজক সে সকল য়িহুহের
সম্মুখে আনিয়া তাহার পাপনাশনিমিত্তে নৈ
বেদ্য ও তাহার হোমীয় নিবেদন করিবে। [১৭]
এবং বেখমির রুটির টুকরির সহিত সে স্বস্ত্যয়ন
বলির ঐ মেষ য়িহুহের উদ্দেশে হোমরূপে নিবে
দন করিবে পরে যাজক তাহার উপকরণ ও তা
হার পানীয় নৈবেদ্য নিবেদন করিবে। [১৮]
এবং ঐ নাজীর মণ্ডল্যাবাসদ্বারের সমীপে আ
পন ভিন্নহওয়াবস্থার মস্তকের কেশ লইয়া সে
স্বস্ত্যয়ন বল্যাধঃস্থিত অগ্নিতে দিবে। [১৯] পরে
যাজক মেষের জলসিদ্ধ স্কন্ধ ও টুকরিহইতে বে
খমির একটা রুটি ও বেখমির এক পিষ্টক লইয়া
নাজীরের ভিন্নাবস্থার কেশমুণ্ডনের পরে তাহার
হাতের উপরে থুইবে। [২০] এবং যাজক সে
সকল য়িহুহের উদ্দেশে আন্দোলনীয় নিবেদ
নার্থে দোলাইবে আন্দোলনীয় বুকের ও উত্তো
লনীয় স্কন্ধের সহিত তাহাই যাজকের কারণ প
বিত্র পরে ঐ নাজীর দ্রাক্ষারস পান করিতে পা
রে। [২১] য়িহুহের উদ্দেশে মানতকারি নাজী
রের এবং তাহার হাত যাহা পাইতে পারে তদ্ব্য
তিরেকে য়িহুহের উদ্দেশে তাহার ভিন্নাবস্থার্থ
নৈবেদ্যের এই ব্যবস্থা সে যে মানত করিয়াছিল
তদনুযায়ি তাহার ভিন্নাবস্থা ব্যবস্থানুসারে তা
হার করিতে হইবে।

[২২] অপর য়িহুহ মোশহ্‌কে কহিলেন [২৩]
আহরোণকে ও তাহার পুত্রেরদিগকে কহ তো
মরা য়িশ্‌রাএলের সন্তানেরদিগকে এই প্রকার
বাক্য কহিয়া আশীর্ব্বাদ করিবা [২৪] য়িহুহ
তোমাকে আশীর্ব্বাদ করুন ও তোমাকে রক্ষা ক
রুন। [২৫] য়িহুহ তোমার প্রতি আপন মুখ
প্রসন্ন করুন ও তোমার প্রতি দয়া করুন। [২৬]
য়িহুহ তোমার প্রতি আপন মুখ উদিত করুন ও
তোমাকে শান্তি দিউন। [২৭] এবং তাহারা য়িশ্
রাএলের সন্তানেরদের উপরে আমার নাম দি
বে ও আমি তাহারদিগকে আশীর্ব্বাদ করিব।

## ৭ পর্ব্ব।

[১] অনন্তর এমত হইল মোশহ্ আবাস
খাড়া করিয়া সমাপ্ত করিলে ও তাহা অভিষেক
করিলে ও তাহা পবিত্র করিলে ও তাহার সকল
পাত্র অর্থাৎ বেদি ও তাহার সকল পাত্র অভি
ষেক করিয়া পবিত্র করিলে [২] সে দিবসে য়িশ্
রাএলের অধ্যক্ষ আপনং পিতৃবংশের প্রধানে
রা অর্থাৎ গণিতেরদের উপরে নিযুক্ত মনুষ্যেরা
বংশের প্রধানেরাই নৈবেদ্য করিল। [৩] বিশে
ষতঃ তাহারা য়িহুহের উদ্দেশে আচ্ছাদিত ছয়
শকট এবং দ্বাদশ বলদ অর্থাৎ দুইং অধ্যক্ষের
নিমিত্তে একং শকট ও একং জনের নিমিত্তে এ
কং বলদ নৈবেদ্য আনিল [৪] এবং তাহারা
তাহারদিগকে আবাসসম্মুখে উপস্থিত করিল।

[৫] তাহাতে য়িহুহ মোশহ্‌কে কহিলেন তা
হারদিগহইতে তাহা লও যে সে সকল মণ্ডল্যা
বাসের কর্ম্মকরণের নিমিত্তে হয় এবং তুমি সে স
কল লৈবেরদিগকে দিবা অর্থাৎ একং জনকে আ
পনং সেবানুসারে দিবা। [৬] পরে মোশহ্ সে

শকট ও বলদ লইয়া লৈবেরদিগকে দিল। [৭]
গেরশোনের সন্তানেরদিগকে তাহারদের সেবা
নুসারে সে দুই শকট ও চারি বলদ দিল। [৮]
এবং আহরোণ যাজকের পুত্র ইতামারের অধী
নীকৃত সেবানুসারে সে মিরারির সন্তানেরদিগকে
চারি শকট এবং আট বলদ দিল। [৯] কিন্তু
কিহাতের সন্তানেরদিগকে সে কিছুই দিল না
যেহেতুক পবিত্র স্থানে তাহারদের এই সেবা যে
তাহারা স্কন্ধে করিয়া বহন করে।

[১০] অপর বেদ্যভিষেকদিবসে তৎপবিত্রা
র্থে অধ্যক্ষেরা স্বস্বনৈবেদ্য বেদির সম্মুখে নিবে
দন করিল। [১১] এবং য়িহুহ মোশহ্কে কহি
লেন বেদিপবিত্রকরণার্থে এক২ অধ্যক্ষ স্বস্বদিব
সে আপন২ নৈবেদ্য নিবেদন করুক।

[১২] এবং প্রথম দিবসে যে আপন নৈবেদ্য
নিবেদন করিল সে য়িহুদাহ্বংশজাত অমীনা
দাবের পুত্র নখ্শোন। [১৩] তাহার নৈবেদ্য এক
শতত্রিশশেকেলপরিমাণে একখান রূপার থাল
ও পবিত্র স্থানের শেকেলানুসারে সত্তরি শেকেল
পরিমাণে এক কটোরা ঐ দুই পাত্র উপকরণার্থক
তৈলমিশ্রিত সূক্ষ্ম সুজিতে পূর্ণ। [১৪] ধূপেতে
পরিপূর্ণ দশশেকেলপরিমাণ এক সোণার চমস
[১৫] এবং হোমের কারণ এক বাছুর ও এক
মেষ ও প্রথমবর্ষীয় এক মেষের বাচ্চা [১৬] এবং
পাপনাশের নিমিত্তে এক ছাগলবাচ্চা [১৭]
এবং সস্ত্যয়নবলির কারণ দুই গরু পাঁচ মেষ
পাঁচ পাঁঠা ও প্রথমবর্ষীয় পাঁচ মেষের বাচ্চা
ইহা অমীনাদাবের পুত্র নখ্শোনের নৈবেদ্য।

[১৮] দ্বিতীয় দিবসে য়িশাকরের অধ্যক্ষ সুআ
রের পুত্র নিতনিএল নিবেদন করিল। [১৯] সে
একশতত্রিশশেকেলপরিমাণে এক রূপার থাল
ও পবিত্রশেকেলানুসারে সত্তরিশেকেলপরিমা
ণে এক কটোরা নৈবেদ্য আনিল সে দুইটা উপ
করণার্থে তৈলমিশ্রিত সূক্ষ্ম সুজিতে পূর্ণ। [২০]
ধূপেতে পূর্ণ দশশেকেলপরিমাণে স্বর্ণের এক
চমস। [২১] ও হোমের কারণ এক বৎস ও এক
মেষ ও প্রথমবর্ষীয় এক মেষের বাচ্চা [২২] ও
পাপনাশনিমিত্তে এক ছাগলের বাচ্চা। [২৩]
এবং স্বস্ত্যয়নবলির কারণ দুই গরু ও পাঁচ মেষ
ও পাঁচ পাঠা ও প্রথমবর্ষীয় পাঁচ মেষের বাচ্চা
এই সুআরের পুত্র নিতনিএলের নৈবেদ্য।

[২৪] তৃতীয় দিবসে জিবূলুনের সন্তানেরদের
অধ্যক্ষ খেলোনের পুত্র এলীআব। [২৫] তা
হার নৈবেদ্য একশতত্রিশশেকেলপরিমাণে রূ
পার এক থাল ও পবিত্র স্থানের শেকেলানুসারে
সত্তরি শেকেলপারমাণে এক কটোরা এই দুই উ
পকরণার্থ তৈলমিশ্রিত সূক্ষ্ম সুজিতে পূর্ণ। [২৬]
ধূপেতে পূর্ণ দশশেকেলপরিমাণে স্বর্ণের এক
চমস। [২৭] হোমের কারণ এক বাছুর ও এক
মেষ ও প্রথমবর্ষীয় এক মেষের বাচ্চা। [২৮]
পাপনাশনিমিত্তে এক ছাগলের বাচ্চা। [২৯]
ও স্বস্ত্যয়নবলির কারণ দুই গরু পাঁচ পাঁঠা ও
প্রথমবর্ষীয় পাঁচ মেষের বাচ্চা এই খেলোনের
পুত্র এলীআবের নৈবেদ্য।

[৩০] চতুর্থ দিবসে রিউবেণের সন্তানের দের প্র
ধান শিদেউরের পুত্র এলীসূর। [৩১] তাহার নৈ
বেদ্য একশতত্রিশশেকেল পরিমাণে রূপার এক
থাল ও পবিত্র স্থানের শেকেলানুসারে সত্তরি
শেকেলপরিমাণে রূপার এক কটোরা এই দুই
উপকরণার্থ তৈলমিশ্রিত সূক্ষ্ম সুজিতে পূর্ণ। [৩২]
ধূপেতে পূর্ণ দশশেকেলপরিমাণে স্বর্ণের এক
চমস। [৩৩] হোমের কারণ এক বাছুর ও এক
মেষ ও প্রথমবর্ষীয় এক মেষের বাচ্চা। [৩৪]
পাপনাশনিমিত্তে এক ছাগলবাচ্চা। [৩৫] এবং
স্বস্ত্যয়ন বলির কারণ দুই গরু ও পাঁচ মেষ ও
পাঁচ পাঁঠা ও প্রথমবর্ষীয় পাঁচ মেষের বাচ্চা
শিদেউরের পুত্র এলীসূরের নৈবেদ্য এই।

[৩৬] পঞ্চম দিবসে শিমিওনের সন্তানেরদের
অধ্যক্ষ সুরিশাদ্দাঈর পুত্র শিলুমীএল। [৩৭] তা
হার নৈবেদ্য একশতত্রিশশেকেলপরিমাণে রূ
পার এক থাল ও পবিত্র স্থানের শেকেলানুসা
রে সত্তরিশেকেলপরিমাণে এক কটোরা এই দুই
উপকরণার্থে তৈলমিশ্রিত সূক্ষ্ম সুজিতে পূর্ণ।
[৩৮] ধূপেতে পূর্ণ দশশেকেলপরিমাণে স্বর্ণের
এক চমস। [৩৯] হোমের কারণ এক বাছুর ও
এক মেষ ও প্রথমবর্ষীয় এক মেষের বাচ্চা [৪০]
ও পাপনাশার্থ এক ছাগলবাচ্চা। [৪১] ও
স্বস্ত্যয়নবলির কারণ দুই গরু ও পাঁচ মেষ ও
পাঁচ পাঁঠা ও প্রথমবর্ষীয় পাঁচ মেষের বাচ্চা এই
সূরীশাদ্দাঈর পুত্র শিলুমীএলের নৈবেদ্য।

[৪২] ষষ্ঠ দিবসে গাদের সন্তানেরদের অধ্যক্ষ
দিউএলের পুত্র এলিয়াসাফ। [৪৩] তাহার
নৈবেদ্য একশতত্রিশশেকেলপরিমাণে রূপার
এক থাল ও পবিত্র স্থানের শেকেলানুসারে সত্ত
রিশেকেলপরিমাণে রূপার এক কটোরা এই
দুই উপকরণার্থ তৈল মিশ্রিত সূক্ষ্ম সুজিতে পূর্ণ।
[৪৪] ধূপেতে পূর্ণ দশশেকেলপরিমাণে স্বর্ণের
এক চমস। [৪৫] হোমার্থে এক বাছুর ও এক
মেষ ও প্রথমবর্ষীয় এক মেষের বাচ্চা। [৪৬]
পাপনাশনিমিত্তে এক ছাগলবাচ্চা [৪৭] ও স্বস্ত্য
য়নবল্যর্থে দুই গরু ও পাঁচ মেষ ও পাঁচ পাঁঠা
ও প্রথমবর্ষীয় পাঁচ মেষের বাচ্চা এই দিউএ
লের পুত্র এলিয়াসাফের নৈবেদ্য

[৪৮] সপ্তম দিবসে এফরয়িমের সন্তানেরদের

অধ্যক্ষ অমীহুদের পুত্র এলীশামঅ্যা। [৪৯]
তাহার নৈবেদ্য একশতত্রিশশেকেলপরিমাণে
রূপার এক থাল এবং পবিত্র স্থানের শেকেলানু
সারে সত্তরিশেকেলপরিমাণে রূপার এক কটো
রা এই দুই উপকরণার্থ তৈলাক্ত সূক্ষ্ম সুজিতে
পূর্ণ। [৫০] ধূপেতে পূর্ণ দশশেকেলপরিমা
ণে স্বর্ণের এক চমস। [৫১] হোমার্থে এক বা
ছুর ও এক মেষ ও প্রথমবর্ষীয় এক মেষের বা
চ্চা। [৫২] পাপনাশনিমিত্তে এক ছাগলবাচ্চা।
[৫৩] ও স্বস্ত্যয়নবল্যর্থে দুই গরু ও পাচ মেষ
ও পাঁচ পাঁঠা ও প্রথমবর্ষীয় পাঁচ মেষের বাচ্চা
এই অমীহূদের পুত্র এলীশামঅ্যার নৈবেদ্য।

[৫৪] অষ্টম দিবসে মনশেহের সন্তানেরদের
অধ্যক্ষ পিদাহ্সুরের পুত্র গমলীএল। [৫৫]
তাহার নৈবেদ্য একশত ত্রিশশেকেলপরিমাণে রূ
পার এক থাল ও পবিত্র স্থানের শেকেলানুসারে
সত্তরি শেকেলপরিমাণে রূপার এক কটোরা এই
দুই উপকরণার্থ তৈলাক্ত সূক্ষ্ম সুজিতে পূর্ণ।
[৫৬] ধূপেতে পূর্ণ দশশেকেলপরিমাণে স্ব
র্ণের এক চমস। [৫৭] হোমের কারণ এক বা
ছুর ও এক মেষ ও প্রথমবর্ষীয় এক মেষের
বাচ্চা। [৫৮] পাপনাশনিমিত্তে এক ছাগলবা
চ্চা। [৫৯] এবং স্বস্ত্যয়নবলির কারণ দুই গরু
ও পাঁচ মেষ ও পাঁচ পাঁঠা ও প্রথমবর্ষীয় পাঁচ
মেষের বাচ্চা এই পিদাহ্সূরের পুত্র গমলীএ
লের নৈবেদ্য।

[৬০] নবম দিবসে বেন্যামিনের সন্তানেরদের
অধ্যক্ষ গিদিওনির পুত্র অবীদান। [৬১] তাহার
নৈবেদ্য একশতত্রিশশেকেলপরিমাণে রূপার এক
থাল ও পবিত্র স্থানের শেকেলানুসারে সত্তরিশে
কেলপরিমাণে রূপার এক কটোরা এই দুই উপ
করণার্থ তৈলমিশ্রিত সূক্ষ্ম সুজিতে পূর্ণ। [৬২]
ধূপেতে পূর্ণ দশশেকেলপরিমাণে স্বর্ণের এক
চমস। [৬৩] হোমের কারণ এক বাছুর ও এক
মেষ ও প্রথমবর্ষীয় এক মেষের বাচ্চা। [৬৪]
পাপনাশনিমিত্তে এক ছাগলবাচ্চা। [৬৫]
এবং স্বস্ত্যয়ন বলির কারণ দুই গরু ও পাচ মেষ
ও পাঁচ পাঁঠা ও প্রথমবর্ষীয় পাঁচ মেষের বাচ্চা
এই গিদিওনির পুত্র অবীদানের নৈবেদ্য।

[৬৬] দশম দিবসে দানের সন্তানেরদের অ
ধ্যক্ষ অমীশদাঈর পুত্র আখিএজের। [৬৭] তা
হার নৈবেদ্য একশতত্রিশশেকেলপরিমাণে রূ
পার এক থাল ও পবিত্র স্থানের শেকেলানুসারে
সত্তরিশেকেলপরিমাণে রূপার এক কটোরা এই
দুই উপকরণার্থে তৈলমিশ্রিত সূক্ষ্ম সুজিতে পূর্ণ।
[৬৮] ধূপেতে পূর্ণ দশশেকেলপরিমাণে স্বর্ণের
এক চমস। [৬৯] হোমের কারণ এক বাছুর ও
এক মেষ ও প্রথমবর্ষীয় এক মেষের বাচ্চা [৭০]
পাপনাশনিমিত্তে এক ছাগলবাচ্চা। [৭১] ও
স্বস্ত্যয়নবলির কারণ দুই গরু ও পাঁচ মেষ ও
পাঁচ পাঁঠা ও প্রথমবর্ষীয় পাঁচ মেষের বাচ্চা
এই অমীশদাঈর পুত্র আখিএজেরের নৈবেদ্য।

[৭২] একাদশ দিবসে আশেরের সন্তানের
দের অধ্যক্ষ ওকরাণের পুত্র পগঈএল। [৭৩]
তাহার নৈবেদ্য একশতত্রিশশেকেলপরিমাণে রূ
পার এক থাল ও পবিত্র স্থানের শেকেলানুসারে
সত্তরিশেকেলপরিমাণে রূপার এক কটোরা এই
দুই উপকরণার্থ তৈলমিশ্রিত সূক্ষ্ম সুজিতে পূর্ণ।
[৭৪] ধূপেতে পূর্ণ দশশেকেলপরিমাণে স্ব
র্ণের এক চমস। [৭৫] হোমের কারণ এক বা
ছুর ও এক মেষ ও প্রথমবর্ষীয় এক মেষের
বাচ্চা। [৭৬] পাপনাশনিমিত্তে এক ছাগলবা
চ্চা। [৭৭] এবং স্বস্ত্যয়নবলির কারণ দুই গরু
ও পাঁচ মেষ ও পাঁচ পাঁঠা ও প্রথমবর্ষীয় পাঁচ
মেষের বাচ্চা এই ওকরাণের পুত্র পগঈএলের
নৈবেদ্য।

[৭৮] দ্বাদশ দিবসে নপ্তালির সন্তানেরদের
অধ্যক্ষ এনানের পুত্র আখীরা। [৭৯] তাহার
নৈবেদ্য একশতত্রিশশেকেলপরিমাণে রূপার এক
থাল ও পবিত্র স্থানের শেকেলানুসারে সত্তরিশে
কেলপরিমাণে রূপার এক কটোরা এই দুই উপ
করণার্থ তৈলাক্ত সূক্ষ্ম সুজিতে পূর্ণ। [৮০]
ধূপেতে পূর্ণ দশশেকেলপরিমাণে স্বর্ণের এক
চমস। [৮১] হোমের কারণ এক বাছুর ও এক
মেষ ও প্রথমবর্ষীয় এক মেষের বাচ্চা। [৮২]
পাপনাশনিমিত্তে এক ছাগলবাচ্চা [৮৩] ও স্বস্ত্য
য়ন বলির কারণ দুই গরু ও পাঁচ মেষ ও পাঁচ
পাঁঠা ও প্রথমবর্ষীয় পাঁচ মেষের বাচ্চা এই এ
নানের পুত্র আখীরার নৈবেদ্য। [৮৪] য়িশ্
রাএলের অধ্যক্ষকর্ত্তৃক বেদ্যভিষেকদিবসে ইহা
তাহার প্রতিষ্ঠাকরণ। রূপার দ্বাদশ থাল ও
রূপার দ্বাদশ কটোরা ও স্বর্ণের দ্বাদশ চমস।
[৮৫] প্রত্যেক থাল পরিমাণে একশতত্রিশ শে
কেল ও প্রত্যেক কটোরা পরিমাণে সত্তরি শে
কেল ছিল পবিত্র স্থানের শেকেলানুসারে সমস্ত
রূপ্যময় পাত্রের পরিমাণ দুই সহস্র চারিশত শে
কেল। [৮৬] ধূপেতে পূর্ণ স্বর্ণের দ্বাদশ চমস
পবিত্র স্থানের শেকেলানুসারে প্রত্যেক চমস
পরিমাণে দশ শেকেল ছিল চমসের সমস্ত স্বর্ণে
র পরিমাণ একশতবিংশতি শেকেল। [৮৭] হো
মার্থ সমস্ত গরু দ্বাদশ ও মেষ দ্বাদশ ও তাহার
দের উপকরণের সহিত প্রথমবর্ষীয় মেষের বা
চ্চা দ্বাদশ ও পাপনাশনিমিত্তে দ্বাদশ ছাগলবা
চ্চা। [৮৮] এবং স্বস্ত্যয়নবলির কারণ সমস্ত বা

ছুর চব্বিশ মেষ যাইট পাঁঠা যাইট প্রথমবর্ষীয়
মেষের বাচ্চা যাইট বেদ্যভিষেকানন্তর এই তা
হার প্রতিষ্ঠাকরণ।

[৮৯] পরে যখন তাহার সহিত কথা কহিতে
মোশহ্ মণ্ডল্যাবাসেতে প্রবেশ করিল তখন সে
সাক্ষ্যসিন্দুকোপরিস্থিত আবরণোপরিস্থিত দুই
কিরুবের মধ্যহইতে বাক্যবাদি এক জনের শব্দ
শুনিল তাহাতে সে তাঁহাকে কহিল।

## ৮ পর্ব্ব।

[১] অনন্তর য়িহুহ মোশহ্কে কহিলেন [২]
আহরোণকে কহ ও তাহাকে বল যখন তুমি প্র
দীপ জ্বাল তখন সাত প্রদীপ দীপগাছার সম্মু
খে জ্বলিবে। [৩] তাহাতে আহরোণ তদ্রূপ
করিল যেমন য়িহুহ মোশহ্কে আজ্ঞা করিয়াছি
লেন তেমন সে দ্বীপগাছার সম্মুখে সে প্রদীপ
জ্বালিল। [৪] এবং ঐ দ্বীপগাছার কার্য্য পি
টান স্বর্ণেতে নির্ম্মিত তাহার গুঁড়িঅবধি তাহার
পুষ্পপর্য্যন্ত তাহাই পিটান কার্য্য যে নমুনা
য়িহুহ মোশহকে দেখাইয়াছিলেন তদ্রূপে সে
ঐ দ্বীপগাছা নির্ম্মাণ করিল।

[৫] অপর য়িহুহ মোশহ্কে কহিলেন [৬]
য়িশ্রাএলের সন্তানেরদের মধ্যহইতে লৈবেরদি
গকে লইয়া পবিত্র কর। [৭] এবং তাহার
দের পবিত্রার্থে তাহারদের প্রতি এমত কর তা
হারদের উপরে পবিত্রকারি জল প্রক্ষেপ কর
এবং তাহারা আপনারদের তাবচ্ছরীর মুণ্ডন
করুক ও আপনারদের বস্ত্র ধুইয়া আপনারদি
গকে পবিত্র করুক। [৮] পরে তাহারা এক
বাছুর ও তাহার উপকরণ অর্থাৎ তৈলেতে মি
শ্রিত সূক্ষ্ম সুজি লউক এবং পাপনাশনিমিত্তে
তুমি অন্য এক বাছুর গ্রহণ কর। [৯] এবং
তুমি লৈবেরদিগকে মণ্ডল্যাবাসের সম্মুখে আনি
বা এবং তুমি য়িশ্রাএলের সন্তানেরদের তাবৎ
মণ্ডলীকে একত্র করিবা। [১০] এবং তুমি লৈ
বেরদিগকে য়িহুহের সম্মুখে আনিবা এবং য়িশ্
রাএলের সন্তানেরা লৈবেরদের উপরে আপ
ন২ হাত অর্পণ করিবে। [১১] পরে য়িশ্রাএ
লের সন্তানেরদের নৈবেদ্য হওনার্থে আহরোণ
য়িহুহের সম্মুখে লৈবেরদিগকে নিবেদন করিবে
যে তাহারা য়িহুহের সেবাসাধন করে। [১২]
এবং লৈবেরা বাছুরের মস্তকোপরি স্বস্বহস্ত অ
র্পণ করিবে এবং তুমি য়িহুহের উদ্দেশে লৈবের
দের প্রায়শ্চিত্তের নিমিত্তে তাহার একটা পাপনা
শার্থে ও অন্য একটা হব্যার্থে নিবেদন করিবা।
[১৩] এবং তুমি আহরোণের সম্মুখে ও তা
হার পুত্রেরদের সম্মুখে লৈবেরদিগকে উপস্থিত
করিয়া য়িহুহের উদ্দেশে নৈবদ্যার্থে তাহারদিগ
কে নিবেদন করিবা। [১৪] এতদ্রূপ তুমি য়িশ্
রাএলের সন্তানেরদের মধ্যহইতে লৈবেরদিগ
কে বিভিন্ন করিবা তাহাতে লৈবেরা আমার হই
বে। [১৫] তার পরে লৈবেরা মণ্ডল্যাবাসের
সেবাকরণার্থে প্রবেশ করিবে ও তুমি তাহারদি
গকে পবিত্র করিয়া তাহারদিগকে নৈবেদ্যরূপে
নিবেদন করিবা [১৬] যেহেতুক য়িশ্রাএলের স
ন্তানেরদের মধ্যহইতে তাহারা সর্ব্বতোভাবে
আমার উদ্দেশে দত্ত হইয়াছে প্রত্যেক জরায়ু
মোচকের অর্থাৎ তাবৎ য়িশ্রাএলের প্রথম
জাতেরদের পরিবর্ত্তে আমি আপনার কারণ
তাহারদিগকে গ্রহণ করিয়াছি [১৭] যেহেতুক
মনুষ্য হউক কিম্বা পশু হউক য়িশ্রাএলের সন্তা
নেরদের সমস্ত প্রথমজাত আমার যে দিবসে আ
মি মিসরদেশে সমস্ত প্রথমজাতেরদিগকে নষ্ট
করিলাম সে দিবসে আমি আপনার কারণ তা
হারদিগকে পবিত্র করিলাম। [১৮] এবং য়িশ্
রাএলের সন্তানেরদের সমস্ত প্রথমজাতেরদের
পরিবর্ত্তে আমি লৈবেরদিগকে গ্রহণ করিয়াছি।
[১৯] এবং মণ্ডল্যাবাসেতে য়িশ্রাএলের সন্তা
নেরদের পরীবর্ত্তে সেবা করিতে ও য়িশ্রাএ
লের সন্তানেরদের পরীবর্ত্তে প্রায়শ্চিত্ত করিতে
য়িশ্রাএলের সন্তানেরদের মধ্যহইতে আমি
লৈবেরদিগকে আহরোণকে ও তাহার পুত্রের
দিগকে দানস্বরূপ দিয়াছি যে য়িশ্রাএলের সন্তা
নেরা যখন পবিত্র স্থানের নিকটে আইসে তখন
য়িশ্রাএলের সন্তানেরদের মধ্যে মরক না হয়।
[২০] তাহাতে লৈবেরদের বিষয়ে য়িহুহ যেমন
মোশহ্কে যে সকল আজ্ঞা করিয়াছিলেন তেমন
মোশহ্ ও আহরোণ ও য়িশ্রাএলের সন্তানের
দের তাবৎ মণ্ডলী তাহারদের প্রতি করিল য়িশ্
রাএলের সন্তানেরা তাহারদের প্রতি তেমনি ক
রিল। [২১] পরে লৈবেরা পবিত্রীকৃত হইল ও
তাহারা আপনারদের বস্ত্র ধুইল। [২২] এবং
আহরোণ তাহারদিগকে নৈবেদ্যস্বরূপ য়িহুহের
উদ্দেশে নিবেদন করিল এবং আহরোণ তাহার
দের পবিত্রহওনার্থে তাহারদের নিমিত্তে প্রায়
শ্চিত্ত করিল তাহার পর লৈবেরা আহরোণের
সম্মুখে ও তাহার পুত্রেরদের সম্মুখে স্বস্বসেবা
কার্য্যকরণার্থে মণ্ডল্যাবাসেতে প্রবেশ করিল লৈ
বেরদের বিষয়ে য়িহুহ মোশহ্কে যেমন আজ্ঞা
করিয়াছিলেন তেমনি তাহারা তাহারদের প্রতি
করিল।

[২৩] অপর য়িহুহ মোশহ্কে কহিলেন [২৪]
লৈবেরদের বিষয়ে এই২ পঁচিশবৎসরবয়স্কাবধি
করিয়া তাহারা মণ্ডল্যাবাসের কার্য্য করিতে প্রবে
শ করিবে। [২৫] এবং পঞ্চাশবৎসরবয়স্কাবধি

করিয়া তাহারা সেবাকরণে নিবৃত্ত হইয়া আর
সেবা করিবে না। [২৬] কিন্তু রক্ষণীয় রক্ষা করিতে
তাহারা আপন২ ভ্রাতারদের সহিত মণ্ডল্যাবাসে
তে সেবা করিবে এবং আর সেবা করিবে না
লৈবেরদের রক্ষণীয় বিষয়ে তাহারদের প্রতি তুমি
এতদ্রূপ করিবা।

৯ পর্ব্ব।

[১] অনন্তর মিসরদেশহইতে তাহারা বাহির
হইয়া আইলে দ্বিতীয় বৎসরের প্রথম মাসে সীনা
ই অরণ্যে য়িহুহ মোশহ্‌কে কহিলেন। [২] য়িশ্
রাএলের সন্তানেরা নিরূপিত কালে পেসাখ্‌প
র্ব্বও পালন করুক। [৩] এই মাসের চতুর্দ্দশ দিব
সে সন্ধ্যাকালে তাহার নিরূপিত সময়ে তোমরা
তাহা পালন করিবা তাহার সমস্ত বিধ্যনুসারে
ও তাহার সমস্ত ব্যবহারানুসারে তাহা পালন
করিবা। [৪] তাহাতে পেসাখপর্ব্বপালনের
কারণ মোশহ্ য়িশ্‌রাএলের সন্তানেরদিগকে
কহিল। [৫] এবং তাহারা প্রথম মাসের চতুর্দ্দশ
দিবসে সন্ধ্যাসময়ে সীনাই অরণ্যে পেসাখ্‌পা
লন করিল য়িহুহ মোশহ্‌কে যে সমস্ত আজ্ঞা
করিয়াছিলেন তদনুসারে য়িশ্‌রাএলের সন্তানে
রা করিল।

[৬] এবং মরাস্পর্শকরণেতে অপবিত্রপ্রযুক্ত
পেসাখ্‌পর্ব্ব পালন করিতে পারিল না এমত
কতক লোক ছিল এবং তাহারা সে দিবসে মোশ
হের ও আহরোণের নিকটে আইল। [৭] এবং
সে মনুষ্যেরা তাহাকে বলিল আমরা মনুষ্যশব
স্পর্শনেতে অপবিত্র হইয়াছি য়িশ্‌রাএলের সন্তা
নেরদের মধ্যে নিরূপিত কালে য়িহুহের নৈবেদ্য
নিবেদনবিষয়ে আমরা কেন নিবারিত হই [৮]
তাহাতে মোশহ্ তাহারদিগকে কহিল তোমরা
দাঁড়াও এবং তোমারদের বিষয়ে য়িহুহ যে আ
জ্ঞা করেন তাহা আমি শুনিব।

[৯] পরে য়িহুহ মোশহ্‌কে কহিলেন [১০]
য়িশ্‌রাএলের সন্তানেরদিগকে কহ তোমারদের
মধ্যে কিম্বা তোমারদের পুরুষপরম্পরাতে যদি
কোন কেহ মরাদ্বারা অশুদ্ধ হয় কিম্বা দূরদেশে
পথিক হয় তবেও সে য়িহুহের পেসাখ্‌পালন
করিবে। [১১] দ্বিতীয় মাসের চতুর্দ্দশ দিবসে
সন্ধ্যাকালে তাহারা তাহা পালন করিবে এবং
বেখমির রুটির ও তিক্ত শাকের সহিত তাহা
ভক্ষণ করিবে। [১২] তাহারা তদবশিষ্ট কিছুই
প্রাতঃকালপর্য্যন্ত রাখিবে না ও তাহার কোন
অস্থি ভাঙ্গিবে না পেসাখের সমস্ত বিধ্যনুসারে
তাহারা তাহা পালন করিবে। [১৩] কিন্তু যে
মনুষ্য শুচি হয় ও পথিক না হয় ও পেসাখ্‌পা
লন করিতে চেষ্টা করে না সে আপন লোকহই
তে উচ্ছিন্ন হইবে যেহেতুক সে তন্নিরূপিত কা
লে য়িহুহের নৈবেদ্য আনিল না সে জন আপন
পাপভোগ করিবে। [১৪] এবং যদি বিদেশী
তোমারদের মধ্যে প্রবাস করে ও পেসাখের বি
ধ্যনুসারে ও তাহার ধারানুসারে য়িহুহের উ
দ্দেশে পেসাখ্‌পালন করিতে চাহে তবে সে
তদ্রূপ করিবে বিদেশীয়ের জন্যে এবং দেশজা
তের জন্যে তোমারদের একই বিধি হইবে।

[১৫] অপর যে দিবসে আবাস খাড়া করা
গেল সে দিবসে মেঘ ঐ আবাসকে অর্থাৎ সা
ক্ষ্যের তাম্বুকে আচ্ছন্ন করিল এবং সন্ধ্যাকালাব
ধি প্রাতঃকালপর্য্যন্ত আবাসোপরি অগ্ন্যাকারের
মত ছিল। [১৬] এতদ্রূপে নিত্য ছিল দিবসে
মেঘ ও রাত্রিতে অগ্ন্যাকার তাহা ঢাকিল [১৭]
এবং আবাসের উপরহইতে মেঘ ঊর্দ্ধে নীত হই
লে য়িশ্‌রাএলের সন্তানেরা যাত্রা করিল এবং
যে স্থানে মেঘ অবস্থিতি করিল সেস্থানে য়িশ্‌রা
এলের সন্তানেরা ছাউনি ফেলিল। [১৮] য়িহু
হের আজ্ঞানুসারে য়িশ্‌রাএলের সন্তানেরা যা
ত্রা করিল এবং য়িহুহের আজ্ঞানুসারে তাহারা
ছাউনি করিল যে সমস্ত সময়ে মেঘ আবাসো
পরি অবস্থিতি করিল সে তাবৎ সময়ে তাহারা
স্বস্বতাম্বুতে বিশ্রাম করিল। [১৯] এবং যখন
মেঘ আবাসোপরি বহু দিবস অবস্থিতি করিল
তখন য়িশ্‌রাএলের সন্তানেরা য়িহুহের রক্ষণীয়
রক্ষা করিল ও যাত্রা করিল না। [২০] এবং এ
মত হইল যখন মেঘ আবাসোপরি অল্প দিবস
রহিল তখন য়িহুহের আজ্ঞানুসারে তাহারা স্বস্ব
তাম্বুতে বাস করিল এবং য়িহুহের আজ্ঞানুসা
রে তাহারা যাত্রা করিল। [২১] এবং এমত হ
ইল যখন মেঘ সন্ধ্যাবধি প্রাতঃকালপর্য্যন্ত রহি
ল পরে প্রাতঃকালে সে মেঘ ঊর্দ্ধে নীত হইল
তখন তাহারা যাত্রা করিল দিবসে কিম্বা রাত্রি
তে মেঘ উত্থাপিত হইলে তাহারা যাত্রা করিল।
[২২] এবং দুই দিবস কিম্বা এক মাস কিম্বা স
ম্বৎসর আবাসোপরি মেঘ অবস্থিতি করিয়া তা
হার উপরে থাকিলে তত্তদ্দিবস য়িশ্‌রাএলের
সন্তানেরা স্বস্বতাম্বুতে বাস করিল ও যাত্রা করিল
না কিন্তু তাহা উত্থাপিত হইলে তাহারা যাত্রা
করিল। [২৩] য়িহুহের আজ্ঞানুসারে তাহারা
তাম্বুতে বিশ্রাম করিল ও য়িহুহের আজ্ঞাতে তা
হারা যাত্রা করিল মোশহ্‌দ্বারা য়িহুহের আজ্ঞা
নুসারে তাহারা য়িহুহের রক্ষণীয় রক্ষা করিল।

১০ পর্ব্ব।

[১] অনন্তর য়িহুহ মোশহ্‌কে কহিলেন [২]
রূপার দুই তূরী নির্ম্মাণ কর একই থানেতে তুমি
তাহা নির্ম্মাণ করিবা যে মণ্ডলীর আহ্বানার্থে ও

ছাউনিসকলের যাত্রার্থে তুমি তাহার ব্যবহার
কর [৩] এবং যখন তাহারা তাহা দিয়া বাজাই
বে তখন মণ্ডল্যাবাসের দ্বারের সমীপে তোমার
নিকটে সমস্ত মণ্ডলী একত্র হইবে। [৪] এবং যদি
তাহারা একটা দিয়া বাজায় তবে অধ্যক্ষেরা অ
র্থাৎ য়িশ্রায়েলের সহস্রেরদের প্রধানেরা তো
মার নিকটে একত্র হইবে। [৫] এবং যখন
তোমরা ঘনধ্বনি বাজাইবা তখন পূর্ব্বদিক্স্থ ছা
উনিসকল অগ্রসর হইবে [৬] যখন তোমরা
দ্বিতীয়বার ঘনধ্বনি বাজাইবা তখন দক্ষিণদিক্স্থ
ছাউনিসকল যাত্রা করিবে তাহারদের যাত্রাবিষ
য়ে তাহারা ঘনধ্বনি বাজাইবে। [৭] কিন্তু যখন
মণ্ডলী একত্র করিতে হয় তখন বাজাইবা কিন্তু
ঘনধ্বনি বাজাইবা না। [৮] এবং আহরোণের
পুত্র যাজকেরা তূরী দিয়া বাজাইবে এবং তাহা
তোমারদের পুরুষানুক্রমে তোমারদের প্রতি নি
ত্য বিধি হইবে। [৯] এবং যদি তোমরা তোমার
দের দেশে তোমারদের ক্লেশদায়ি শত্রুরদের প্রতি
কূলে যুদ্ধ করিতে যাও তবে তোমরা সে তূরী
দিয়া ঘনধ্বনি বাজাইবা ও তাহাতে তোমারদের
ঈশ্বর য়িহুহের সম্মুখে তোমরা স্মৃত হইবা ও
তোমারদের শত্রুরদিগহইতে তোমরা রক্ষা পাই
বা। [১০] এবং তোমারদের আহ্লাদোৎসব
দিনেতে ও তোমারদের মান্য পর্ব্বেতে ও তোমা
রদের মাসারম্ভেতে তোমরা আপনারদের হো
মোপরি ও আপনারদের স্বস্ত্যয়নবল্যুপরি তূরী
বাজাইবা যে তাহা তোমারদের ঈশ্বরের উদ্দেশে
তোমারদের জন্যে স্মারক হয় তোমারদের ঈশ্বর
য়িহুহ আমিই।

[১১] তদন্তর এমত হইল দ্বিতীয় বৎসরের দ্বি
তীয় মাসের বিংশতি দিবসে সাক্ষ্যাবাসের ঊর্দ্ধ
হইতে মেঘ নীত হইল। [১২] এবং য়িশ্রাএ
লের সন্তানেরা সীনাই অরণ্যহইতে যাত্রা করিল
এবং মেঘ পারাণারণ্যেতে অবস্থিতি করিল।
[১৩] এবং মোশহ্দ্বারা য়িহুহের আজ্ঞানুসারে
তাহারা প্রথমতো যাত্রা করিল।

[১৪] প্রথমতঃ স্বস্বসৈন্যানুসারে য়িহুদাহের
সন্তানেরদের ছাউনির ধ্বজ চলিল এবং তাহার
সৈন্যের সেনাপতি অমীনাদাবের পুত্র নখ্
শোন। [১৫] এবং য়িশ্শাকরের সন্তানেরদের
বংশের সৈন্যের সেনাপতি সূআরের পুত্র নিত
নিএল। [১৬] এবং জিবূলুনের সন্তানেরদের
বংশের সৈন্যের সেনাপতি খেলোনের পুত্র এ
লীআব। [১৭] এবং আবাস ভাঙ্গিয়া লইয়া
গেল তাহাতে গেরশোনের সন্তানেরা ও মিরা
রির সন্তানেরা আবাস বহত অগ্রসর হইল।

[১৮] অপর আপন২ সৈন্যানুসারে রিউবে
ণের ছাউনির ধ্বজ অগ্রসর হইল এবং তাহার
সৈন্যের সেনাপতি শিদেউরের পুত্র এলীসূর।
[১৯] এবং শিমিওনের সন্তানের বংশের সৈ
ন্যের সেনাপতি সূরীশাদ্দাঈর পুত্র শিলুমীএল।
[২০] এবং গাদের সন্তানেরদের বংশের সৈ
ন্যের সেনাপতি দিউএলের পুত্র এলিয়াসাফ।
[২১] এবং কিহাতীয়েরা পবিত্র তাম্বু বহত অগ্র
সর হইল এবং তাহারদের আগমনাপেক্ষায় তা
হারা আবাস খাড়া করিল।

[২২] অপর আপন২ সৈন্যানুসারে এফরয়ি
মের সন্তানেরদের ছাউনির ধ্বজ অগ্রসর হইল
এবং তাহার সৈন্যের সেনাপতি অমীহূদের পুত্র
এলীশামআ। [২৩] এবং মনশেহের সন্তানের
বংশের সৈন্যের সেনাপতি পিদাহ্সূরের পুত্র
গমলীএল [২৪] এবং বেন্যামিনের সন্তানের
বংশের সৈন্যের সেনাপতি গিদিওনির পুত্র অবী
দান।

[২৫] অপর তাবৎ সৈন্যের মধ্যে সকল ছাউ
নির পশ্চাৎস্থ দানের সন্তানেরদের ছাউনির ধ্বজ
অগ্রসর হইল এবং তাহার সৈন্যের সেনাপতি
অমীশাদ্দাঈর পুত্র আখিএজের [২৬] এবং আ
শেরের সন্তানেরদের বংশের সেনাপতি ওকরা
ণের পুত্র পগঈএল। [২৭] এবং নপ্তালির সন্তা
নেরদের বংশের সৈন্যের সেনাপতি এনানের
পুত্র আখীরা। [২৮] য়িশ্রাএলের সন্তানের
দের অগ্রসরসময়ে এতদ্রূপে স্বস্বসৈন্যানুসারে
তাহারদের যাত্রা ছিল।

[২৯] অপর মোশহের শ্বশুর রিউএলের পুত্র
মিদিয়ানীয় খোবাবকে মোশহ্ কহিল যে স্থা
নের বিষয়ে য়িহুহ কহিয়াছিলেন যে আমি তাহা
তোমারদিগকে দিব সে স্থানে আমরা যাত্রা করি
তেছি তুমি আমারদের সহিত আইস এবং আ
মরা তোমার মঙ্গল করিব যেহেতুক য়িহুহ য়িশ্
রাএলের বিষয়ে মঙ্গল কহিয়াছেন। [৩০] তা
হাতে সে তাহাকে কহিল আমি যাইব না কিন্তু
আমি আপন দেশে ও আপন জ্ঞাতির নিকটে
যাইব। [৩১] পরে সে কহিল আমি এই প্রা
র্থনা করি যে আমারদিগকে ছাড়িয়া যাইবা না
যেহেতুক অরণ্যে আমারদিগের ছাউনি যে করি
তে হইবে ইহা তুমি জান এবং তুমি আমারদের
প্রতি চক্ষুর প্রতিনিধি হইতে পারিবা। [৩২]
এবং তুমি যদি আমারদের সহিত যাও তবে এ
মত হইবে য়িহুহ আমারদের প্রতি যে মঙ্গল ক
রেন তদনুসারে আমরা তোমার মঙ্গল করিব।

[৩৩] এবং তাহারা য়িহুহের পর্ব্বতহইতে
তিন দিবসের পথ গেল এবং ঐ তিন দিনের পথ
য়িহুহের সাক্ষ্যসিন্দুক তাহারদের বিশ্রামস্থানা

ন্বেষণার্থে অগ্রে২ চলিল। [৩৪] এবং তাহারা
ছাউনির বাহিরে গেলে দিনমানে য়িহুহের মেঘ
তাহারদের উপরে ছিল। [৩৫] অপর এমত
হইল যখন সিন্দুক অগ্রসর হইল তখন মোশহ্
কহিল হে য়িহুহ উঠুন তোমার শত্রুরা ছড়িয়া প
ড়ুক এবং যাহারা তোমাকে ঘৃণা করে তাহারা
তোমার সম্মুখে পলায়ন করুক। [৩৬] এবং
যখন তাহা বিশ্রাম করিল তখন সে বলিল হে
য়িহুহ য়িশ্রাএলের সহস্রেরদের প্রতি ফিরিয়া
আইসুন।

১১ পর্ব্ব।

[১] এবং লোকেরদের বিসম্বাদকরাতে তাহা
য়িহুহের গোচরে অতুষ্টিকর হইল এবং য়িহুহ
শুনিলেন এবং তাঁহার ক্রোধ প্রজ্বলিত হইল
এবং য়িহুহের অগ্নি তাহারদের মধ্যে প্রজ্বলিত
হইয়া ছাউনির সীমাতে সংহার করিতে লাগি
ল। [২] তাহাতে লোকেরা মোশহের নিকটে
কাকুতি করিতে লাগিল এবং মোশহ্ য়িহুহের
নিকটে প্রার্থনা করিলে অগ্নি নিবৃত্ত হইল। [৩]
এবং সে ঐ স্থানের নাম তবএরাহ্ রাখিল যে
হেতুক তাহারদের মধ্যে য়িহুহের অগ্নি প্রজ্ব
লিত হইল।

[৪] অপর তাহারদের মধ্যে মিশ্রিত লোকে
রা কামাক্রান্ত হইতে লাগিল তাহাতে য়িশ্রাএ
এলের সন্তানেরা পুনর্ব্বার ক্রন্দন করিয়া কহিল
ভক্ষণার্থে আমারদিগকে কে মাংস দিবে। [৫]
মিস্রদেশে আমরা যেং মৎস্য ও সশা ও খর
মুজ ও পরু ও পেয়াজ ও রশুন পরিতোষপূর্ব্বক
খাইয়াছিলাম তাহা এখন স্মরণে আইসে [৬]
কিন্তু এখন আমারদের প্রাণ শুষ্ক হইয়া গিয়া
ছে আমারদের দৃষ্টিতে এ মান্নাব্যতিরেকে কি
ছুই নাই। [৭] এবং ঐ মান্না ধনিয়ার মত
ছিল ও তাহার বর্ণ গুগ্গুলুর বর্ণের মত। [৮]
লোকেরা যাইয়া তাহা সংগ্রহ করিয়া জাঁতাতে
পিষিত বা গড়েতে তাহা চূর্ণ করিয়া তাওয়াতে
পাক করিয়া তদ্দ্বারা পিষ্টক করিত এবং তাহার
আস্বাদ সাজতৈলের আস্বাদের ন্যায় ছিল। [৯]
এবং যখন ছাউনির উপরে শিশির পড়িল ত
খন রাত্রিতে মান্না তদুপরি পড়িল।

[১০] অপর আপনং তাম্বুদ্বারনিকটে আ
পনং বংশের সর্ব্বত্র মোশহ্ প্রত্যেক লোকের
রোদন শুনিল এবং য়িহুহের ক্রোধ অতিশয়
প্রজ্বলিত হইয়াছিল মোশহ্ও অতুষ্ট হইল।
[১১] তাহাতে মোশহ্ য়িহুহকে কহিল কি
জন্যে তুমি আপন দাসকে ব্যামোহ দিয়াছ
কি নিমিত্তে বা আমি তোমার দৃষ্টিতে অনু
গ্রহ পাই নাই যে তমি এ সকল লোকের
ভার আমার উপরে দিতেছ। [১২] আমি কি
এ সকল লোকেরদিগকে গর্ভে ধারণ করিয়াছি
আমি কি তাহারদিগকে জন্মাইয়াছি যে তুমি
আমাকে কহিতেছ ধাতৃপিতা যেমন দুগ্ধপোষ্য
বালককে বহে তেমন তুমি তাহারদিগকে আপন
বক্ষঃস্থলে করিয়া যে দেশের বিষয়ে তাহারদের
পিতারদের প্রতি তুমি দিব্য করিয়াছ সে দেশে
বহিয়া লইয়া যাও। [১৩] এ সমস্ত লোকের
দিগকে দেওনার্থে আমি কোথাহইতে মাংস
পাইব কেননা তাহারা এই কথা কহিয়া আমার
নিকটে রোদন করিতেছে যে আমারদিগকে মাং
স দেও যে আমরা ভক্ষণ করি। [১৪] আমি এ
কাকী এ সকল লোকের ভার সহিতে পারি না
কেননা তাহা আমার শক্ত্যপেক্ষা অধিক ভার।
[১৫] এবং তুমি যদি আমার প্রতি এমত কর
তবে তোমার দৃষ্টিতে আমি যদি অনুগ্রহ পাই
য়া থাকি তবে আমি এই প্রার্থনা করি যে আ
মাকে একেবারে মারিয়া ফেল যে আমি আপ
নার দুর্গতি না দেখি।

[১৬] অপর য়িহুহ মোশহ্কে কহিলেন যা
হারদিগকে লোকেরদের প্রাচীন ও অধ্যক্ষরূপে
জান এমত য়িশ্রাএলের প্রাচীন সত্তরি জনকে
তুমি আমার নিকটে একত্র কর এবং মণ্ডল্যাবাস
দ্বারের নিকটে তাহারদিগকে আন যে তাহারা
তোমার সহিত সেস্থানে দাঁড়ায়। [১৭] এবং
আমি উত্তীর্ণ হইয়া তোমার সহিত সে স্থানে
কথা কহিব এবং তোমার উপরে যে আত্মা
আছে তাহার কিছু তোমাহইতে লইয়া আমি
তাহারদের উপরে দিব এবং তাহারা তোমার
সহিত লোকেরদের ভার বহিবে যে তুমি একাকী
তাহা না বহ। [১৮] এবং লোকেরদিগকে কহ
কল্যের নিমিত্তে তোমরা আপনারদিগকে পবিত্র
কর এবং তোমরা মাংসভক্ষণ করিবা যেহেতুক
তোমরা য়িহুহের শ্রবণেতে ইহা কহিয়া ক্রন্দন
করিয়াছ যে আমারদের ভক্ষণার্থে কে আমার
দিগকে মাংস দিবে কেননা মিস্রে থাকাতে আ
মারদের মঙ্গল ছিল অতএব য়িহুহ তোমারদিগ
কে মাংস দিবেন ও তোমরা খাইবা। [১৯] তো
মরা কেবল এক দিবস কি দুই দিবস কি পাঁচ দি
বস কি বিংশতি দিবস খাইবা না [২০] কিন্তু
যাবৎ তোমারদের নাসিকাহইতে তাহা নির্গত
না হয় ও তোমারদের প্রতি গর্হণীয় না হয় স
ম্পূর্ণ এক মাসপর্য্যন্তই তাহা খাইবা যেহেতুক
তোমরা তোমারদের মধ্যবর্ত্তি য়িহুহকে তুচ্ছ
করিয়াছ ও তাঁহার সম্মুখে এই কথা কহিয়া রো
দন করিয়াছ যে কেন আমরা মিস্রদেশহইতে
বাহির হইয়া আসিয়াছি।

[২১] অপর মোশহ্ কহিল যে লোকেরদের
মধ্যে আমি আছি তাহারা ছয়লক্ষ পদাতিক
লোক এবং তুমি কহিয়াছ আমি তাহারদিগকে
মাংস দিব যে তাহারা সম্পূর্ণ এক মাস তাহা
ভক্ষণ করে। [২২] তাহারদের তৃপ্ত্যর্থে তাহার
দের কারণ কি পশু এবং গরুপাল মারা যাইবে
কিম্বা তাহারদের তৃপ্ত্যর্থে কি সমুদ্রের তাবন্মৎ
স্য একত্র করা যাইবে [২৩] তাহাতে য়িহুহ মো
শহ্কে কহিলেন য়িহুহের হস্ত কি সঙ্কীর্ণ হইয়া
ছে তোমার প্রতি আমার বাক্য পূর্ণ হয় কি
না ইহা তুমি এইক্ষণে দেখিবা। [২৪] অপর
মোশহ্ বাহিরে যাইয়া লোকেরদিগকে য়িহু
হের বাক্য জানাইল এবং ঐ সত্তরি প্রাচীন লো
কেরদিগকে একত্র করিয়া আবাসের চতুঃপার্শ্বে
তাহারদিগকে রাখিল। [২৫] পরে য়িহুহ মে
ঘে উত্তীর্ণ হইলেন ও তাহার সহিত কথা কহি
লেন ও তাহাতে ছিল যে আত্মা তাহা লইয়া
সে সত্তরি প্রাচীন লোকেরদিগকে দিলেন তাহা
তে এমত হইল তাহারদের উপরে আত্মা অব
স্থিতি করিলে পর তাহারা আচার্য্যবাক্য কহিল
ও বিরত হইল না। [২৬] কিন্তু দুই মানুষ ছা
উনিতে রহিল তাহার একের নাম এলদাদ অ
ন্যের নাম মীদাদ এবং তাহারদের উপরে আ
ত্মা অবস্থিতি করিল এবং তাহারা লিখিতের
দের মধ্যে ছিল কিন্তু বাহির হইয়া আবাসনিক
টে গেল না এবং তাহারা ছাউনিতে আচার্য্য
বাক্য কহিল। [২৭] তাহাতে এক যুবা মনুষ্য
দৌড়িয়া মোশহ্কে জানাইয়া কহিল এলদাদ ও
মীদাদ ছাউনিতে আচার্য্যবাক্য কহিতেছে।
[২৮] এবং মোশহের এক জন যুবা সেবক নুনের
পুত্র য়িহোশুআ প্রত্যুত্তর করিয়া বলিল হে আ
মার প্রভু মোশহ্ তাহারদিগকে নিষেধ কর।
[২৯] পরে মোশহ্ তাহাকে বলিল তুমি কি
আমার হেতুতে জ্বলিতেছ ঈশ্বর করুন যে য়িহু
হের তাবল্লোক আচার্য্য হয় এবং য়িহুহ তাহার
দের উপরে আপন আত্মা রাখেন। [৩০]
পরে মোশহ্ ও য়িশ্রাএলের প্রাচীনেরা ছাউ
নিতে প্রবেশ করিল।

[৩১] অপর য়িহুহের নিকটহইতে এক বায়ু
নির্গত হইয়া সমুদ্রহইতে ভাঁটইপক্ষী আনিয়া
ছাউনিসমীপে ফেলিল তাহা ছাউনির এপার্শ্বে
এবং ওপার্শ্বে এক দিবসের পথপর্য্যন্ত ছাউনির
চতুর্দ্দিগে ভূম্যুপরি দুই হস্ত ঊর্দ্ধ থাকিল। [৩২]
তাহাতে লোকেরা সে দিবস ও সমস্ত রাত্রি ও
তার পর সমস্ত দিবস দাঁড়াইয়া রহিল এবং সে
ভাঁটইরদিগকে একত্র করিল এবং তাহারা স্বম্বনি
মিষ্টে সে সকল ছাউনির চতুর্দ্দিগে ছড়াইয়া রা
খিল। [৩৩] এবং মাংস তাহারদের দন্তের
মধ্যে থাকিতে চর্ব্বণপূর্ব্বেই য়িহুহের ক্রোধ লো
কেরদের প্রতি প্রজ্বলিত হইল তাহাতে য়িহুহ
মহাঘাতেতে লোকেরদিগকে প্রহার করিলেন।
[৩৪] এবং সে সেই স্থানের নাম কিবরোতহাত
আবাহ্ রাখিল যেহেতুক সেই স্থানে তাহারা
লোভিরদিগকে কবর দিল। [৩৫] পরে লোকে
রা কিবরোতহাতআবাহ্হইতে খৎসেরোতে যাত্রা
করিল ও খৎসেরোতে অবস্থিতি করিল।

১২ পর্ব্ব।

[১] অনন্তর মোশহ্ যে কূশীয়া স্ত্রীকে বিবাহ
করিয়াছিল তৎপ্রযুক্ত মিরিয়াম ও আহোরোণ
তাহার বিপরীত বাক্য কহিল কেননা সে কূশীয়া
স্ত্রীকে বিবাহ করিয়াছিল। [২] এবং তাহারা
কহিল য়িহুহ কি মোশহ্দ্বারামাত্র বাক্য কহিয়া
ছেন তিনি কি আমারদেরও দ্বারা কহেন নাই
তাহাতে য়িহুহ শুনিলেন। [৩] ঐ মনুষ্য মোশহ্
পৃথিব্যুপরিবাসিসমস্ত লোকহইতে অতিনম্র।
[৪] এবং য়িহুহ অকস্মাৎ মোশহ্কে ও আহ
রোণকে ও মিরিয়ামকে কহিলেন তোমরা তিন
জন বাহির হইয়া মণ্ডল্যাবাসনিকটে আইস
তাহাতে তাহারা তিন জনেই বাহির হইয়া আ
ইল। [৫] পরে য়িহুহ মেঘস্তম্ভেতে উত্তীর্ণ হইয়া
আবাসদ্বারে দাঁড়াইলেন এবং আহরোণকে ও
মিরিয়ামকে ডাকিলেন তাহাতে তাহারা দুইজনে
বাহির হইল। [৬] এবং তিনি কহিলেন এইক্ষণে
আমার কথা শুন তোমারদের মধ্যে যদি আচা
র্য্য থাকে তবে আমিই য়িহুহ দর্শনেতে তাহার
নিকটে আপনাকে প্রকাশ করিব এবং স্বপ্নেতে
তাহার সহিত কথা কহিব। [৭] আমার দাস মো
শহ্ তেমন নয় সে আমার সকল ঘরে বিশ্বাস্য
[৮] আমি তাহার সহিত মুখামুখি কথা কহিব
অর্থাৎ প্রত্যক্ষরূপে এবং গূঢ় বচনেতে নয়
এবং সে য়িহুহের আকার দেখিবে অতএব আ
মার দাস মোশহের প্রতিকূলে কথা কহিতে তোম
রা কেন ভীত হইলা না। [৯] এবং য়িহুহের
ক্রোধ তাহারদের প্রতিকূলে প্রজ্বলিত হইল
পরে তিনি প্রস্থান করিলেন।

[১০] অপর আবাসোপরিহইতে মেঘ উঠি
য়া গেল এবং দেখ মিরিয়াম বরফের মত কুষ্ঠ
গ্রস্তা হইল তাহাতে আহরোণ মিরিয়ামকে দেখি
ল ও দেখ সে কুষ্ঠগ্রস্তা। [১১] পরে আহরোণ
মোশহ্কে কহিল হায় আমার প্রভু আমরা
যদ্বিষয়ে উন্মত্ত কর্ম্ম করিয়াছি ও যদ্বিষয়ে আ
মরা পাপ করিয়াছি এমত যে আমারদের পাপ
তাহা আমারদের উপরে ফেলিও না। [১২]
আপন মাতৃজরায়ুহইতে নির্গমকালে যাহার

মাংস অর্দ্ধক্ষয় পাইয়াছে এমত কোন মৃত লো
কের মত সে না হউক। [১৩] তাহাতে মোশহ্
য়িহুহের প্রতি প্রার্থনা করিয়া কহিল হে ঈশ্বর
আমি এই বিনতি করি তাহাকে সুস্থা কর।

[১৪] পরে য়িহুহ মোশহ্কে কহিলেন তাহার
পিতা যদি তাহার মুখে থুথু ফেলিত তবে সে
কি সাত দিবস লজ্জা পাইত না সে সাত দিবস
ছাউনির বাহিরে থাকুক পরে ছাউনিতে সে গৃহী
তা হউক। [১৫] তাহাতে মিরিয়াম সাত দিবস
ছাউনিহইতে বহিষ্কৃতা হইল এবং যাবৎ মিরি
য়াম পুনর্গৃহীতা না হইল তাবৎ লোকেরা যাত্রা
করিল না। পরে লোকেরা খৃসেরোতহইতে
প্রস্থান করিয়া পারাণারণ্যেতে ছাউনি করিল।

## ১৩ পর্ব্ব।

[১] পরে য়িহুহ মোশহ্কে কহিলেন [২]
আমি যে দেশ য়িশ্রাএলের সন্তানেরদিগকে দি
সে কনআন দেশানুসন্ধানার্থে তুমি মনুষ্যেরদি
গকে প্রেরণ কর তাহারদের প্রত্যেক পিতৃবংশহই
তে তোমরা এক২ জনকে প্রেরণ করিবা সে এক২
জন তাহারদের মধ্যে অধ্যক্ষ। [৩] পরে য়িহু
হের আজ্ঞানুসারে মোশহ্ তাহারদিগকে পারা
ণারণ্যহইতে প্রেরণ করিল সে সকল মনুষ্য য়িশ্
রাএলের সন্তানেরদের অধ্যক্ষ। [৪] এবং তা
হারদের নাম এই২ রিউবেণবংশের জক্কুরের
পুত্র শেমূআ [৫] এবং শিমিওনের বংশের খো
রির পুত্র শাফাট। [৬] য়িহুদাহ্বংশের য়িফু
নেহের পুত্র কালেব। [৭] য়িশশাকরের বংশের
যুসফের পুত্র য়িগাল [৮] এফরায়িমের বংশের
নূনের পুত্র হোশেআ। [৯] বেন্যামিনবংশের
রাফূআর পুত্র পালটী। [১০] জিবূলুনের
বংশের সোদির পুত্র গদীএল। [১১] যুসফের
বংশের অর্থাৎ মনশেহের বংশের সূসীর পুত্র
গদী। [১২] দানের বংশের গিমলীর পুত্র
অম্মীএল। [১৩] আশেরের বংশের মিকাএ
লের পুত্র সিতূর। [১৪] নপ্তালির বংশের ব
প্সীর পুত্র নখ্বী। [১৫] গাদের বংশের মা
কীর পুত্র গিউএল। [১৬] যাহারদিগকে মোশহ্
দেশানুসন্ধানার্থে প্রেরণ করিল সে মনুষ্যেরদের
নাম এই২। এবং মোশহ্ নূনের পুত্র হোশে
আর নাম য়িহোশুআ রাখিল।

[১৭] অপর মোশহ্ কনআন দেশানুসন্ধা
নার্থে তাহারদিগকে প্রেরণ করিল ও তাহারদিগ
কে কহিল দক্ষিণদিগ হইয়া পর্ব্বতে আরোহণ
কর। [১৮] এবং দেশ দেখ তাহা কেমন এবং
তাহাতে বাসকারি লোকেরদিগকে দেখ তাহারা
বলবান কি দুর্ব্বল এবং অল্প কি অনেক। [১৯]
এবং তাহারা যে দেশে বাস করে সে দেশ কে
মন তাহা ভাল কি মন্দ ও তাহারা যেং নগরে
বাস করে সেং নগর কি প্রকার তাহারা তাম্বুতে
কি গড়েতে বাস করে। [২০] এবং তাহারদের
নিবাসভূমি কি প্রকার উর্ব্বরা কি মরু তাহাতে
বৃক্ষ আছে কি না এবং তোমরা বহুসাহসবান্
হও ও দেশের ফল সঙ্গে করিয়া আন সেই সময়
প্রথমদ্রাক্ষার সময় ছিল।

[২১] তাহাতে তাহারা যাইয়া সিন অরণ্যহই
তে খমাতের প্রবেশস্থানে স্থিত রিখোবপর্য্যন্ত
দেশানুসন্ধান করিল। [২২] পরে দক্ষিণদিগ
হইয়া উঠিয়া যাইয়া খেবরোণে উপস্থিত হইল
সে স্থানে আনাকের সন্তান অখীমন ও শেশই
ও তলমই ছিল মিসরস্থ সোআনের সাত বৎসর
পূর্ব্বে খেবরোণ গ্রন্থিত হইয়াছিল। [২৩] পরে
তাহারা এশকোল নদীতে পঁহুছিয়া সে স্থানে
একটি থোকাযুক্ত এক দ্রাক্ষাশাখা কাটিল এবং
তাহা দুই লোকে সাইঙ্গেতে বহিল এবং তাহা
রা কতক দাড়িম ও উড়ুম্বর সঙ্গে লইল। [২৪]
য়িশ্রাএলের সন্তানেরা যে দ্রাক্ষাথোকা সে
স্থানহইতে কাটিয়া লইয়াছিল তদ্ধেতুক সেস্থান
এশকোলতল ভূমি নামে প্রসিদ্ধ ছিল [২৫]
চল্লিশ দিবসের পর তাহারা দেশানুসন্ধানহইতে
ফিরিয়া আইল।

[২৬] এবং তাহারা মোশহের ও আহরো
ণের ও য়িশ্রাএলের সমস্ত মণ্ডলীর নিকটে পা
রাণারণ্যস্থ কাদেশে পঁহুছিয়া তাহারদিগকে ও
সমস্ত মণ্ডলীকে সম্বাদ কহিয়া তাহারদিগকে দে
শের ফল দেখাইল। [২৭] এবং তাহারা বর্ণনা
করিয়া তাহাকে কহিল তুমি যে দেশে আমারদি
গকে প্রেরণ করিয়াছিলা আমরা সে দেশে গিয়া
ছিলাম এবং নিশ্চয় সে দেশ দুগ্ধমধুপ্রবাহী
এবং এই তাহার ফল। [২৮] কিন্তু সে দেশবা
সি লোকেরা বলবান এবং সে নগর প্রাচীরবে
ষ্টিত এবং অতিবৃহৎ আরও আমরা সে স্থানে
আনাকের সন্তানেরদিগকে দেখিলাম। [২৯]
দক্ষিণ দেশে অমালেকীয়েরা বসতি করে এবং
খিতীয়েরা ও য়িবুসীয়েরা ও অমোরীয়েরা প
র্ব্বতে বাস করে এবং কনআনীয়েরা সমুদ্রনি
কটে ও য়রদনতীরে বাস করে। [৩০] কালেব
মোশহের সাক্ষাৎ লোকেরদিগকে নিবৃত্ত করিয়া
কহিল আমরা একেবারে উঠিয়া তাহা অধিকার
করি কেননা তাহারদিগকে পরাস্তকরণে আমার
দের যথেষ্ট সামর্থ্য আছে। [৩১] কিন্তু যেং লো
কেরা তাহার সহিত গেল তাহারা কহিল যে সে
লোকেরদের বিরুদ্ধে আমরা উঠিয়া যাইতে পা
রি না কেননা তাহারা আমারদের অপেক্ষা বল
বান। [৩২] এবং তাহারা যে দেশানুসন্ধানার্থে

গিয়াছিল তাহার অখ্যাতিকর সম্বাদ য়িশ্রাএ
লের সন্তানেরদের নিকটে আনিয়া কহিল যে
দেশানুসন্ধানার্থে আমরা গিয়াছিলাম সে দেশ
আপনাতে বাসকারি প্রজারদিগকে খাইয়া ফে
লে এবং যে সকল লোকেরদিগকে আমরা তা
হাতে দেখিয়াছিলাম তাহারা বৃহৎকায় মনুষ্য।
[৩৩] এবং সেস্থানে আমরা দানবজাত আনা
কের সন্তান দানবেরদিগকে দেখিলাম এবং
আমরা আপনারদের দৃষ্টিতে ফড়িঙ্গের মত
ছিলাম এবং তাহারদের দৃষ্টিতে আমরা তদ্রূপ
ছিলাম।

## ১৪ পর্ব্ব

[১] অপর সমস্ত মণ্ডলী উচ্চৈঃস্বর করিয়া নিনাদ
করিল এবং লোকেরা সে রাত্রি রোদন করিল।
[২] এবং য়িশ্রাএলের সমস্ত সন্তানেরা মোশ
হের বিপরীতে ও আহরোণের বিপরীতে কচ
কচি করিল এবং সমস্ত মণ্ডলী তাহারদিগকে ব
লিল হায় যদি আমরা মিস্রদেশে মরিতাম হায়
যদি আমরা এ অরণ্যে বা মরিতাম [৩] এবং আ
মারদের স্ত্রী ও আমারদের সন্তান লুটহওনের
নিমিত্তে তলোয়ারের ধারেতে পতনার্থে য়িহুহ
কেন আমারদিগকে এদেশে আনিলেন মিস্র
দেশে ফিরিয়া যাওন কি আমারদের অধিক
ভাল নয়। [৪] পরে তাহারা পরস্পর বলিল
আমরা এক জনকে সেনাপতি করি ও মিস্রদে
শে ফিরিয়া যাই। [৫] অপর মোশহ্ ও আহ
রোণ য়িশ্রাএলের সমস্ত মণ্ডলীর সম্মুখে উবুড়
হইয়া পড়িল।

[৬] এবং দেশানুসন্ধায়িরদের মধ্যে নূনের
পুত্র য়িহোশুআ ও য়িফুনেহের পুত্র কালেব
আপন২ বস্ত্র ফাড়িল। [৭] এবং য়িশ্রাএলের
সন্তানেরদের তাবৎ সমূহকে কহিল যে দেশানু
সন্ধানার্থে আমরা গিয়াছিলাম সে দেশ অত্যু
ত্তম। [৮] যদি য়িহুহ আমারদিগেতে সন্তুষ্ট হন
তবে তিনি আমারদিগকে সে দেশে আনিবেন
ও তাহা আমারদিগকে দিবেন অর্থাৎ দুগ্ধমধু
প্রবাহি দেশ। [৯] কেবল তোমরা য়িহুহের
প্রতি বিরুদ্ধাচারী হইও না এবং তোমরা সে
দেশের লোকেরদিগকে ভয় করিও না কেননা
তাহারা আমারদের ভক্ষ্য তাহারদের আশ্রয়
তাহারদিগকে ত্যাগ করিয়া গিয়াছে এবং য়িহু
হ আমারদের সহিত আছেন তাহারদিগকে ভয়
করিও না। [১০] কিন্তু সমস্ত মণ্ডলী কহিল যে
তাহারদিগকে পাথরেতে মার এবং য়িশ্রাএ
লের সমস্ত সন্তানেরদের সম্মুখে মণ্ডল্যাবাসে
তে য়িহুহের মাহাত্ম্যের দর্শন দিল।

[১১] পরে য়িহুহ মোশহ্কে কহিলেন এ
লোক কত কাল আমাকে ক্রুদ্ধ করিবে এবং আ
মি তাহারদের মধ্যে যেং সমস্ত চিহ্ন দেখাই
য়াছি তৎপ্রযুক্ত যে ইহারা আমাকে প্রত্যয় করে
ইহা কত কাল হইবে। [১২] আমি তাহারদি
গকে মড়কেতে প্রহার করিব ও তাহারদিগকে নি
রধিকার করিয়া তাহারদের অপেক্ষা তোমাকে
বৃহৎ অথচ বলবজ্জাতি করিব।

[১৩] তাহাতে মোশহ্ য়িহুহকে কহিল তখন
মিস্রীয়েরা শুনিবে কেননা তুমি স্বপ্রভাবদ্বারা
এ লোকেরদিগকে তাহারদের মধ্যহইতে আ
নিয়াছ। [১৪] এবং তাহারা এদেশবাসিরদিগ
কে কহিবে যেহেতুক তাহারা শুনিয়াছে যে তুমি
হে য়িহুহ এ লোকেরদের মধ্যবর্ত্তী এবং তুমি
হে য়িহুহ সম্মুখাসম্মুখি দৃষ্ট হইতেছ এবং
তোমার মেঘ তাহারদের ঊর্দ্ধে স্থিতি করে এবং
তুমি দিবসে মেঘস্তম্ভেতে ও রাত্রিতে অগ্নিস্তম্ভেতে
তাহারদের অগ্রে২ গমন করিতেছ [১৫] এখন
যদি এক মনুষ্যের ন্যায় এ লোকেরদিগকে তুমি
মারিয়া ফেল তবে যাহারা তোমার কীর্ত্তিবাক্য
শুনিয়াছে সে জাতীয়েরা কহিবে [১৬] য়িহুহ
যে দেশবিষয়ে এ লোকেরদের প্রতি দিব্য করি
য়াছেন সে দেশে তাহারদিগকে আনয়নে অসা
মর্থ্যহওয়াপ্রযুক্ত তিনি তাহারদিগকে অরণ্যে মা
রিয়া ফেলিয়াছেন। [১৭] এখন আমি এই নি
বেদন করি [১৮] যে য়িহুহ বহুকাল ক্ষমাবান
ও অতিদয়ালু এবং অধর্ম্ম ও আজ্ঞালঙ্ঘন
ক্ষমাকারী এবং কোন প্রকারে অপরাধ্যমুক্তক
রী ও তৃতীয় ও চতুর্থ পুরুষপর্য্যন্ত পিতার অপ
রাধ সন্তানেরদের উপরে দণ্ডদায়ী এ২ কথা যে
মত তুমি কহিয়াছ সেমত আমার ঈশ্বরের প্রভাব
মহৎ হউক। [১৯] আমি বিনতি করি যে আ
পন দয়ার বাহুল্যানুসারে এবং মিস্রহইতে এ
পর্য্যন্ত এলোকেরদের প্রতি যেমন আপনি ক্ষমা
করিয়াছেন তদনুসারে এলোকের অপরাধ ক্ষমা
করুন। [২০] তাহাতে য়িহুহ কহিলেন তো
মার বাক্যানুসারে আমি ক্ষমা করিয়াছি। [২১]
কিন্তু আমি যদি বাঁচি তবে সকল পৃথিবী নিশ্চয়
য়িহুহের মাহাত্ম্যেতে পরিপূর্ণা হইবে। [২২]
যেহেতুক মিস্রেতে এবং অরণ্যেতে কৃত আ
মার মাহাত্ম্য ও আমার আশ্চর্য্যক্রিয়া যে সকল
মনুষ্য দেখিয়াছে তাহারা এ দশবার আমার প
রীক্ষা করিয়াছে ও আমার কথায় অবধান করে
নাই [২৩] যেহেতুক আমি যে দেশবিষয়ে তাহা
রদের পিতারদের প্রতি দিব্য করিয়াছি তাহারা
নিশ্চয় সে দেশ দেখিবে না ও যাহারা আমাকে
ক্রুদ্ধ করিয়াছে তাহারদের মধ্যে কেহ তাহা দে
খিবে না। [২৪] কিন্তু আমার দাস কালেবের

অন্য আত্মাহওয়াপ্রযুক্ত এবং সম্পূর্ণরূপে আ
মার অনুগতওহয়াপ্রযুক্ত যে দেশে সে গিয়া
ছিল সে দেশে আমি তাহাকে আনাইব এবং
তাহার বংশ তাহা অধিকার করিবে। [২৫] ঐ
সময়ে আমালেকীয়েরা ও কনআনীয়েরা ভূমি
তে বাস করিল কল্য তোমরা ফিরিয়া সুফার্ণবের
পথ হইয়া অরণ্যে গমন কর।

[২৬] অপর য়িহুহ মোশহ্কে ও আহরোণকে
কহিলেন [২৭] আমার প্রতিকূলে বিসম্বাদকারি
এ দুষ্ট মণ্ডলীর কর্ম্ম আমি কত কাল সহিব আ
মার প্রতিকূলে বিসম্বাদকারি য়িশ্রাএলের সন্তা
নেরদের বিসম্বাদ আমি শুনিয়াছি। [২৮] তা
হারদিগকে কহ যে য়িহুহ কহেন আমি জীবধারণ
করিলে আমার শ্রবণে তোমরা যেমন কহিয়াছ
তেমন আমি তোমারদের প্রতি করিব। [২৯]
তোমারদের সম্পূর্ণ সংখ্যানুসারে বিংশতিবৎসর
বয়স্কাবধি করিয়া আমার বিপরীতে বিসম্বাদ
কারি তোমারদের মধ্যে গণিত সকলের অর্থাৎ
তোমারদের সকলের শব এই অরণ্যেতে পড়িবে
[৩০] আমি যে দেশে তোমারদিগকে বাস করা
ওণার্থে শপথ করিয়াছিলাম সে দেশে য়িফুনে
হের পুত্র কালেব ও নূনের পুত্র য়িহোশুআব্যতি
রেকে তোমরা নিশ্চয় প্রবেশ করিবা না। [৩১]
কিন্তু যাহারদের বিষয়ে তোমরা কহিলা যে তাহা
রা লুঠস্বরূপ হইবে এমন যে তোমারদের বাল
কেরা তাহারদিগকে আমি প্রবেশ করাইব এবং
তোমরা যে দেশ তুচ্ছ করিয়াছ তাহা তাহারা
জানিবে। [৩২] কিন্তু তোমরাই অর্থাৎ তোমার
দের শব এ অরণ্যে পড়িবে। [৩৩] এবং তোমার
দের সন্তানেরা চল্লিশ বৎসর অরণ্যে ভ্রমণ করিবে
এবং অরণ্যে তোমারদের শবের নাশ নাহওয়া
পর্য্যন্ত তোমারদের ব্যভিচারভোগ করিবে [৩৪]
দেশানুসন্ধান তোমারদের দিবসানুসারে অ
র্থাৎ চল্লিশ দিবস এক২ দিবসই এক২ বৎসর অ
র্থাৎ চল্লিশ বৎসর তোমরা আপনারদের অয
থার্থ ভোগ করিবা এবং তোমরা আজ্ঞালঙ্ঘন
ফলজ্ঞ হইবা [৩৫] আমি য়িহুহ তাহা কহিয়াছি
আমার বিপরীতে সম্মিলিত এ সমস্ত দুষ্ট মণ্ডলীর
প্রতি আমি ইহা অবশ্য করিব এ অরণ্যেতে তাহা
রা বিনষ্ট হইবে ও সে স্থানে তাহারা মরিবে।

[৩৬] পরে মোশহ্ যাহারদিগকে দেশানুসন্ধা
নার্থে পাঠাইয়াছিল তাহারদের মধ্যে যাহারা
ফিরিয়া আসিয়া ঐ দেশের অখ্যাতি আনয়নদ্বা
রা তাহার প্রতিকূলে সমস্ত মণ্ডলীকে বিসম্বাদ ক
রাইল [৩৭] দেশের অখ্যাতিকারি সে মনুষ্যেরা
য়িহুহের সম্মুখে মড়কেতে মরিল। [৩৮] কিন্তু
দেশানুসন্ধায়িরদের মধ্যে কেবল নূনের পুত্র
য়িহোশুআ ও য়িফুনেহের পুত্র কালেব জীবৎ
রহিল। [৩৯] এবং মোশহ্ য়িশ্রাএলের সমস্ত
সন্তানেরদিগকে এই২ বাক্য কহিল তাহাতে লো
কেরা অতিশয় বিলাপ করিল।

[৪০] অপর তাহারা প্রাতঃকালে পর্ব্বতের
উপরে উঠিয়া কহিল দেখ আমরা প্রস্তুত আছি
যে স্থানবিষয়ে য়িহুহ অঙ্গীকার করিয়াছেন সে
স্থানে যাইব কেননা আমরা পাপ করিয়াছি।
[৪১] তাহাতে মোশহ্ কহিল এইক্ষণে তোমরা
কেন য়িহুহের আজ্ঞালংঘন কর কিন্তু ইহাতে
তোমারদের কল্যাণ হইবে না। [৪২] উঠিয়া
যাইও না কেননা য়িহুহ তোমারদের মধ্যে নন
যে তোমরা আপনারদের শত্রুসম্মুখে হত না
হও। [৪৩] যেহেতুক অমালেকীয়েরা ও কন
আনীয়েরা সে স্থানে তোমারদের পূর্ব্বে আ
ছে এবং তোমরা তলোয়ারেতে পড়িবা যেহে
তুক তোমরা য়িহুহহইতে পরাবৃত্ত হইয়াছ তৎ
প্রযুক্ত য়িহুহ তোমারদের সহবর্ত্তী হইবেন না।
[৪৪] কিন্তু তাহারা গর্ব্বপূর্ব্বক পর্ব্বতশৃঙ্গে উঠি
য়া গেল তথাপি য়িহুহের সাক্ষ্যসিন্দুক এবং
মোশহ্ ছাউনিহইতে নির্গত হইল না। [৪৫]
সে সময়ে তৎপর্ব্বতবাসি অমালেকীয়েরা ও কন
আনীয়েরা নামিয়া আসিয়া তাহারদিগকে আ
ঘাত করিল ও খরমাহ্পর্য্যন্ত তাহারদিগকে ছিন্ন
ভিন্ন করিল।

## ১৫ পর্ব্ব।

[১] অনন্তর য়িহুহ মোশহ্কে কহিলেন [২]
য়িশ্রাএলের সন্তানেরদিগকে কহ ও তাহারদিগ
কে বল মৎকর্ত্তৃক দত্ত তোমারদের অধিকারদে
শে যখন তোমরা প্রবেশ কর [৩] এবং মানত
পূর্ণকরণবিষয়ে কিম্বা স্বেচ্ছাপূর্ব্বক নৈবেদ্যবিষ
য়ে কিম্বা তোমারদের উৎসবেতে গরুর পালহই
তে কিম্বা মেষপালহইতে য়িহুহের উদ্দেশে সুগ
ন্ধিকরণার্থে অগ্নিদ্বারা নৈবেদ্য বিশেষতঃ হোম
কিম্বা বলি য়িহুহের উদ্দেশে কর [৪] তখন নৈ
বেদ্য নিবেদনকর্ত্তা য়িহুহের উদ্দেশে এক হিনের
চতুর্থাংশ তৈলেতে মিশ্রিত দশমাংশ সুজি উপ
করণ আনিবে। [৫] এবং এক মেষের বাচ্চার
কারণ হব্যের সহিত কিম্বা বলির সহিত পানীয়
নৈবেদ্যার্থে তুমি এক হিন দ্রাক্ষারসের চতুর্থাং
শ প্রস্তুত করিবা [৬] কিম্বা মেষের কারণ তুমি
এক হিনের তৃতীয়াংশ তৈলেতে মিশ্রিত সুজির
দুই দশমাংশরূপ উপকরণ প্রস্তুত করিবা। [৭]
এবং পানীয় নৈবেদ্যের কারণ য়িহুহের উদ্দেশে
সুগন্ধ্যার্থে তুমি এক হিনের তৃতীয়াংশ দ্রাক্ষারস
নিবেদন করিবা। [৮] এবং মানত পূর্ণকরণবি
ষয়ে কিম্বা য়িহুহের উদ্দেশে স্বস্ত্যয়নবিষয়ে য

খন তুমি হোমার্থে অথবা বল্যর্থে বাছুর প্রস্তুত
কর [৯] তখন সে এক বাছুরের সহিত অর্দ্ধহিন
তৈলেতে মিশ্রিত তিন দশমাংশ সুজিরূপ উপক
রণ আনিবে। [১০] এবং পানীয় নৈবেদ্যের
কারণ য়িহুহের উদ্দেশে অগ্নিকৃত সুগন্ধিকর নৈ
বেদ্যার্থে তুমি অর্দ্ধহিন দ্রাক্ষারস আনিবা।
[১১] এক গরুর কিম্বা এক মেষের কিম্বা এক মে
ষের বাচ্চার কিম্বা এক ছাগলের বাচ্চার কারণ
এতদ্রূপ করা যাইবে। [১২] তোমরা যৎসং
খ্যানুসারে প্রস্তুত কর তদনুসারে প্রত্যেকের প্রতি
তাহার সংখ্যানুযায়ি করিবা। [১৩] য়িহুহের
উদ্দেশে সুগন্ধিকর অগ্নিকৃত নৈবেদ্য নিবেদন
করণেতে দেশজাত সকলে এতদ্ব্যবস্থানুসারে
এইং কার্য্য করিবে।

[১৪] এবং তোমারদের সহিত প্রবাসকারি
বিদেশী কিম্বা তোমারদের পুরুষপরম্পরাতে
তোমারদের মধ্যে জাত কেহ যদি য়িহুহের উদ্দে
শে অগ্নিকৃত সুগন্ধিকর নৈবেদ্য নিবেদন করিতে
চাহে তবে তোমরা যেমত কর সেমত সে করি
বে। [১৫] মণ্ডলীস্থ তোমারদের ও তোমারদের
মধ্যবাসি বিদেশিরদের একই বিধি তোমারদের
পুরুষপরম্পরাতে তাহা নিত্য বিধি য়িহুহের
সম্মুখে যেমন তোমরা তেমন বিদেশী। [১৬]
তোমারদের ও তোমারদের সহিত বাসকারি বি
দেশীয়েরদের একই ব্যবস্থা ও একই মত হইবে।

[১৭] অপর য়িহুহ মোশহ্কে কহিলেন [১৮]
য়িশ্রাএলের সন্তানেরদিগকে কহ ও তাহারদি
গকে বল আমি যে দেশে তোমারদিগকে আনি
সে দেশে যখন তোমরা প্রবেশ কর তখন এমত
হইবে [১৯] তোমরা যখন সে দেশের অন্ন ভ
ক্ষণ করিবা তখন য়িহুহের উদ্দেশে উত্তোলনীয়
নৈবেদ্য নিবেদন করিবা। [২০] তোমারদের
প্রথমছানা সুজির এক পিষ্টক তোমরা উত্তোল
নীয়ার্থে নিবেদন করিবা যেমন খামারের উত্তো
লনীয় নৈবেদ্য তেমন তোমরা তাহা উত্তোলন
করিবা। [২১] তোমারদের পুরুষপরম্পরাতে
আপনারদের প্রথমছানা সুজিহইতে তোমরা
য়িহুহের উদ্দেশে এক উত্তোলনীয় দিবা।

[২২] অপর যদি তোমরা ভ্রম করিয়া থাক
এবং যেং আজ্ঞা য়িহুহ মোশহ্কে কহিয়াছেন
[২৩] অর্থাৎ য়িহুহ যে দিনে আজ্ঞা করিলেন
সে দিনাবধি করিয়া য়িহুহ মোশহের দ্বারা তো
মারদিগকে যেং আজ্ঞা করিয়াছেন এবং ইহার
পরেও তোমারদের পুরুষানুক্রমে আজ্ঞা করি
বেন সে সকল আজ্ঞা যদি না মানিয়া থাক
[২৪] তবে এমত হইবে যদি মণ্ডলীর জ্ঞানাগো
চরে অজ্ঞানতঃ কোন ক্রিয়া করা গিয়া থাকে
তবে তাবন্মণ্ডলী য়িহুহের উদ্দেশে সুগন্ধার্থে তদ্ব্য
স্থানুসারে তদুপকরণের সহিত এবং তৎপানীয়
নৈবেদ্যের সহিত হোমার্থে এক বাছুর এবং পা
পনাশননিমিত্তে ছাগলের এক বাচ্চা নিবেদন করি
বে। [২৫] এবং যাজক য়িশ্রাএলের সন্তানের
দের সমস্ত মণ্ডলীর কারণ প্রায়শ্চিত্ত করিবে তা
হাতে তাহা তাহারদের প্রতি ক্ষমা করা যাইবে
যেহেতুক তাহাই অজ্ঞান এবং তাহারদের অজ্ঞা
নপ্রযুক্ত তাহারা য়িহুহের উদ্দেশে তাহারদের
অগ্নিকৃত নৈবেদ্য এবং তাহারদের পাপনাশা
র্থক নৈবেদ্য য়িহুহের সম্মুখে আনিবে [২৬]
তাহাতে য়িশ্রাএলের সন্তানেরদের সকল মণ্ড
লীর প্রতি ও তাহারদের মধ্যে প্রবাসকারি বি
দেশীয়েরদের প্রতি তাহা ক্ষমা করা যাইবে যে
হেতুক সমস্ত লোক অজ্ঞান।

[২৭] অপর যদি কোন প্রাণী অজ্ঞানতঃ পাপ
করে তবে সে পাপনাশননিমিত্তে প্রথমবর্ষীয় এক
ছাগী আনিবে [২৮] এবং সে অজ্ঞানতঃ য়িহু
হের সাক্ষাৎ পাপ করিলে যাজক সে অজ্ঞানতঃ
পাপকারি প্রাণির কারণ প্রায়শ্চিত্তার্থে প্রায়শ্চি
ত্ত করিবে তাহাতে তাহা তাহার প্রতি ক্ষমা করা
যাইবে। [২৯] য়িশ্রাএলের সন্তানেরদের
মধ্যে জাতেরদের কিম্বা তাহারদের মধ্যে প্রবাস
কারি বিদেশীয়েরদের মধ্যে অজ্ঞানতঃ পাপকা
রির নিমিত্তে তোমারদের একই ব্যবস্থা হইবে।

[৩০] কিন্তু দেশজাত কিম্বা বিদেশীয় হউক যে
প্রাণী নির্ভয় হইয়া পাপ করে সেই প্রাণী য়িহু
হের নিন্দা করে এবং সে প্রাণী আপন লোকহই
তে উচ্ছিন্ন হইবে [৩১] যেহেতুক সে য়িহুহের
বাক্য তুচ্ছ করিয়াছে এবং তাঁহার আজ্ঞাভঞ্জন
করিয়াছে সে প্রাণী নিতান্ত উচ্ছিন্ন করা যাইবে
তাহার দোষ তাহারি উপরে হইবে।

[৩২] অপর য়িশ্রাএলের সন্তানেরা অরণ্যে
থাকাতে শাবত দিনে কাষ্ঠ কুড়াইতেছে এমত
এক মনুষ্যকে পাইল। [৩৩] পরে যে কাষ্ঠ কুড়া
নিয়া ব্যক্তিকে তাহারা পাইয়াছিল তাহারা তা
হাকে মোশহের ও আহরোণের ও সমস্ত মণ্ডলীর
নিকটে আনিল। [৩৪] এবং তাহাকে কারাশা
লায় রাখিল যেহেতুক তাহার প্রতি যাহা করা
যাইবে তাহা প্রকাশ হয় নাই। [৩৫] অপর
য়িহুহ মোশহ্কে কহিলেন সে মনুষ্য নিতান্ত মা
রা যাইবে ছাউনির বাহিরে সমস্ত মণ্ডলী তাহা
কে পাথরেতে মারিয়া ফেলিবে। [৩৬] পরে
য়িহুহ মোশহ্কে যেমন আজ্ঞা করিয়াছিলেন
তেমন মণ্ডলীর সকলে তাহাকে ছাউনির বাহিরে
আনিল ও পাথরেতে তাহাকে মারিল তাহাতে
সে মরিল।

[৩৭] পরে য়িহুহ মোশহ্কে কহিলেন [৩৮] য়িশ্রাএলের সন্তানেরদিগকে কহ ও তাহারদিগকে আজ্ঞা কর যে তাহারা তাহারদের পুরুষপরম্পরাতে আপনারদের বস্ত্রের আঁচলাতে দশা দেয় এবং আঁচলাস্থ ঐ দশাতে নীল ফীতা দেয় [৩৯] এবং সে তোমারদের প্রতি দশাস্বরূপ হইবে যে তোমরা তাহা দেখিয়া য়িহুহের সমস্ত আজ্ঞা স্মরণ করিয়া তাহা কর এবং তোমরা যাহারদের পশ্চাৎ ব্যভিচার করিয়া ফিরিয়াছিলা এমত যে তোমারদের অন্তঃকরণ ও তোমারদের দৃষ্টি তদনুসারে চেষ্টা না কর। [৪০] যে তোমরা আমার সমস্ত আজ্ঞা স্মরণ করিয়া তাহা কর এবং আপনারদের ঈশ্বরের উদ্দেশে পবিত্র হও। [৪১] তোমারদের ঈশ্বর হইবার কারণ তোমারদিগকে মিসরদেশহইতে বাহির করিয়া আনিয়াছেন তোমারদের ঈশ্বর য়িহুহ আমি আমিই তোমারদের ঈশ্বর য়িহুহ।

## ১৬ পর্ব্ব।

[১] অনন্তর লেবির পুত্র কিহাতের পুত্র য়িস্হারের পুত্র কোরখ্ এবং রিউবেণবংশীয় এলীআবের পুত্র দাতান ও অবীরাম এবং পেলেতের পুত্র ওন লোক গ্রহণ করিয়া [২] মণ্ডলীতে নামলব্ধ খ্যাত্যাপন্ন মনুষ্য মণ্ডলীর অধ্যক্ষ দুই শতপঞ্চাশ লোক য়িশ্রাএলের সন্তানেরদের সহিত মোশহের সম্মুখে খাড়া হইল। [৩] এবং তাহারা মোশহের ও আহরোণের বিরুদ্ধে একত্র হইয়া তাহারদিগকে কহিল তোমরা অতিশয় পদগ্রাহী হইয়াছ কেননা সমস্ত মণ্ডলী পবিত্র অর্থাৎ তাহারদের প্রত্যেক জনই এবং য়িহুহ তাহারদের মধ্যে আছেন অতএব তোমরা কেন য়িহুহের সমস্ত মণ্ডলীর উপর আপনারদিগকে বাড়াইতেছ। [৪] এবং মোশহ্ তাহা শুনিয়া উবুড় হইয়া পড়িল। [৫] এবং সে কোরখ্কে ও তাহার সমস্ত মণ্ডলীকে কহিল যাহারা তাঁহার ও যাহারা পবিত্র ইহা য়িহুহ কল্য জানাইবেন এবং তাহাকে আপন নিকটে আনাইবেন অর্থাৎ যাহাকে তিনি পসন্দ করিয়াছেন তাহাকে আপনার নিকটে আনাইবেন। [৬] হে কোরখ্ ও তাহার সমস্ত সহায়েরা তোমরা ইহা কর ধূনচি লইয়া তাহাতে অগ্নি দেও [৭] এবং কল্য য়িহুহের সম্মুখে তাহাতে ধূপ চড়াও তাহাতে এমত হইবে য়িহুহ যাহাকে পসন্দ করিবেন সেই পবিত্র হে লেবির সন্তানেরা তোমরা অতিশয়পদগ্রাহী হইয়াছ। [৮] পরে মোশহ্ কোরখ্কে কহিল হে লেবিসন্তানেরা আমার কথা শুন। [৯] য়িহুহের আবাসের সেবা করণার্থে ও মণ্ডলীর সম্মুখে দাঁড়াইয়া তন্মধ্যবর্ত্তি লোকেরদের সেবা করিবার কারণ তোমারদিগকে আপন নিকটে আনিতে য়িশ্রাএলের মণ্ডলী হইতে য়িশ্রাএলের ঈশ্বর যে তোমারদিগকে ভিন্ন করিয়াছেন [১০] এবং তোমাকে ও তোমার সহিত লেবির সন্তান তোমার ভ্রাতারদিগকে যে আপন নিকটে লইয়াছেন এ কি তোমারদের প্রতি ক্ষুদ্র বিষয় [১১] এবং যদর্থে তুমি ও তোমার সকল সহায় য়িহুহের প্রতিকূলে একত্র হইয়াছ এমন যে যাজকপদ তোমরা কি তাহাও চেষ্টা কর এবং আহরোণ কেটা যে তোমরা তাহার প্রতিকূলে বিসম্বাদ করিতেছ।

[১২] পরে মোশহ্ এলীআবের পুত্র দাতানকে ও অবীরামকে ডাকিতে লোক পাঠাইল তাহাতে তাহারা কহিল আমরা যাইব না। [১৩] তুমি আপনাকে আমারদের উপরে সর্ব্বতোভাবে অধ্যক্ষ করণব্যতিরিক্ত অন্য অভিপ্রায়ে যে আমারদিগকে অরণ্যে মারিবার কারণ দুগ্ধমধুপ্রবাহি দেশহইতে আনিয়াছ এ কি ক্ষুদ্র বিষয়। [১৪] আরো দুগ্ধমধুপ্রবাহি দেশেতে তুমি আমারদিগকে আন নাই এবং শস্যক্ষেত্রের ও দ্রাক্ষাক্ষেত্রের অধিকার আমারদিগকে দেও নাই তুমি কি এ লোকেরদের চক্ষু মুদিবা আমরা যাইব না। [১৫] তাহাতে মোশহ্ অতিশয় ক্রুদ্ধ হইয়া য়িহুহকে কহিল আপনি তাহারদের নৈবেদ্য আদর না করুন আমি তাহারদিগহইতে এক গাধাও লই নাই তাহারদের এক জনেরও হিংসা করি নাই।

[১৬] পরে মোশহ্ কোরখ্কে কহিল তুমি ও তোমার তাবৎ সহায় কল্য য়িহুহের সম্মুখে উপস্থিত হও অর্থাৎ তুমি ও তাহারা [১৭] এবং আহরোণ এবং তোমরা প্রত্যেক জন আপন২ ধূনচি লও ও তাহার উপরে ধূপ দিয়া প্রত্যেক জনে য়িহুহের সম্মুখে আপন২ ধূপপাত্র উপস্থিত কর অর্থাৎ দুই শত পঞ্চাশ ধূনচি তুমি এবং আহরোণ ও প্রত্যেকে আপন২ ধূনচি লও। [১৮] অপর তাহারা প্রত্যেক জনে আপন২ ধূনচি লইল এবং তাহাতে অগ্নি দিয়া তাহার উপরে ধূপ ধরিয়া মোশহের ও আহরোণের সহিত মণ্ডল্যাবাসের দ্বারে দাঁড়াইল। [১৯] এবং কোরখ্ মণ্ডল্যাবাসদ্বার নিকটে তাহারদের প্রতিকূলে সমস্ত মণ্ডলী একত্র করিল এবং সমস্ত মণ্ডলীর সাক্ষাৎ য়িহুহের মাহাত্ম্যদর্শন দিল।

[২০] পরে য়িহুহ মোশহ্কে ও আহরোণকে কহিলেন [২১] এই মণ্ডলীর মধ্যহইতে তোমরা আপনারদিগকে পৃথক্ কর যে আমি তাহারদিগকে এক নিমিষে সংহার করি। [২২] তাহাতে

তাহারা উবুড় হইয়া পড়িয়া কহিল হে ঈশ্বর হে সমস্ত প্রাণির ঈশ্বর এক জন পাপ করিলে তোমার ক্রোধ কি সমস্ত মণ্ডলীর উপরে প্রজ্বলিত হইবে।

[২৩] পরে য়িহুহ মোশহ্কে কহিলেন [২৪] মণ্ডলীকে কহ তোমরা কোরখের ও দাতানের ও অবীরামের তাম্বুর সমীপহইতে উঠিয়া যাও। [২৫] এবং মোশহ্ উঠিয়া দাতানের এবং অবীরামের নিকটে গেল এবং য়িশ্রাএলের প্রাচীনেরা তাহার পশ্চাৎ গেল। [২৬] পরে সে মণ্ডলীকে কহিল আমি ইহা বিনতি করি তোমরা এ দুষ্ট মনুষ্যেরদের তাম্বুর নিকটহইতে উঠিয়া যাও তাহারদের কিছুই স্পর্শ করিও না পাছে তোমরা তাহারদের সমস্ত পাপেতে বিনষ্ট হও। [২৭] তাহাতে তাহারা চতুর্দ্দিগে কোরখের ও দাতানের ও অবীরামের তাম্বুর নিকটহইতে উঠিয়া গেল এবং দাতান ও অবীরাম বাহির হইয়া আপন২ স্ত্রীরদের সহিত ও আপন২ পুত্রেরদের সহিত ও আপন২ বালকেরদের সহিত আপন২ তাম্বুর দ্বারে দাঁড়াইয়া রহিল। [২৮] পরে মোশহ্ কহিল ইহাতেই তোমরা জানিবা যে য়িহুহ এ সমস্ত কার্য্য করিবার নিমিত্তে আমাকে পাঠাইয়াছেন যেহেতুক আমি আপন মনহইতে তাহা করি নাই। [২৯] যদি এ মনুষ্যেরা সর্ব্ব প্রাণির ন্যায় সামান্য মরণেতে মরে কিম্বা সর্ব্ব মনুষ্যের ঘটনানুসারে এ লোকেরদের প্রতি ঘটে তবে য়িহুহ আমাকে পাঠান নাই। [৩০] কিন্তু য়িহুহ যদি নূতন বিষয় সৃষ্টি করেন এবং পৃথিবী আপন মুখবিস্তার করিয়া তাহারদিগকে ও তাহারদের সর্ব্বস্ব গ্রাস করে তাহাতে তাহারা ত্বরায় অধোলোকগত হয় তবে তোমরা জানিবা যে এ মনুষ্যেরা য়িহুহকে ক্রুদ্ধ করিয়াছে।

[৩১] পরে এমত হইল সে ঐ সমস্ত বাক্য সমাপ্ত করিবামাত্র তাহারদের নীচস্থ ভূমি ফাটিল [৩২] এবং পৃথিবী আপন মুখবিস্তার করিয়া তাহারদিগকে ও তাহারদের গৃহ ও কোরখের সমস্ত লোককে ও তাহারদের সমস্ত সম্পত্তি গ্রাস করিল। [৩৩] তাহারা এবং তাহারদের সর্ব্বস্ব জীবদবস্থাতে অধোলোকগত হইল এবং পৃথিবী তাহারদের উপরে চাপিয়া পড়িল তাহাতে তাহারা মণ্ডলীর মধ্যহইতে বিনষ্ট হইল। [৩৪] এবং তাহারদের শব্দেতে তাহারদের চতুর্দ্দিক্স্থ সমস্ত য়িশ্রাএলীয় পলায়ন করিল কেননা তাহারা কহিল পাছে পৃথিবী আমারদিগকেও গ্রাস করে। [৩৫] পরে য়িহুহহইতে এক অগ্নি নির্গত হইয়া ধূপনিবেদনকারি সে দুই শত পঞ্চাশ মনুষ্যেরদিগকে সংহার করিল।

[৩৬] অপর য়িহুহ মোশহ্কে কহিলেন [৩৭] আহরোণের পুত্র এলিএজের যাজককে কহ যে সে অগ্নিহইতে ঐ ধূনচিসকল উঠায় কেননা সে সকল পবিত্র এবং তুমি সে স্থানে অগ্নি ছড়াইয়া ফেল। [৩৮] স্বস্বপ্রাণের প্রতিকূলে এই পাপকারিরদের ধূনচি লইয়া তাহারা বেদ্যাচ্ছাদনার্থে প্রশস্ত পাত করুক যেহেতুক তাহারা সে সকল য়িহুহের উদ্দেশে নিবেদন করিয়াছে অতএব সে সকল পবিত্র এবং য়িশ্রাএলের সন্তানেরদের প্রতি চিহ্ন হইবে। [৩৯] পরে যে পিত্তলের ধূনচিতে সে দগ্ধ লোক নিবেদন করিয়াছিল এলিএজের যাজক সে সকল গ্রহণ করিল এবং য়িশ্রাএলের সন্তানেরদের প্রতি বেদ্যাচ্ছাদন নিমিত্তে এতৎস্মারকার্থে সে সকল বিস্তারিত হইল। [৪০] যে য়িহুহ মোশহের দ্বারা তাহাকে যেমন কহিয়াছিলেন তেমন আহরোণের বংশ্যভিন্ন অন্য কোন মনুষ্য য়িহুহের সম্মুখে ধূপ চড়াওনার্থে নিকটে না যায় এবং কোরখের মত ও তাহার মণ্ডলীর মত না হয়।

[৪১] কিন্তু পর দিবসে য়িশ্রাএলের সমস্ত মণ্ডলী মোশহের ও আহরোণের প্রতিকূলে বিসম্বাদ করিয়া কহিল তোমরা য়িহুহের লোকেরদিগকে মারিয়া ফেলিয়াছ। [৪২] অপর এমত হইল মণ্ডলী মোশহের ও আহরোণের প্রতিকূলে একত্র হইলে তাহারা মণ্ডল্যাবাসের প্রতি দৃষ্টি করিল ও দেখ মেঘ তাহা আচ্ছাদন করিল এবং য়িহুহের মাহাত্ম্য দৃষ্ট হইল। [৪৩] পরে মোশহ্ ও আহরোণ মণ্ডল্যাবাসদ্বারের সম্মুখে আইল।

[৪৪] এবং য়িহুহ মোশহ্কে কহিলেন [৪৫] তুমি এ মণ্ডলীর মধ্যহইতে উঠিয়া যাও যে আমি এক নিমিষে তাহারদিগকে সংহার করি তাহাতে তাহারা উবুড় হইয়া পড়িল।

[৪৬] পরে মোশহ্ আহরোণকে কহিল তুমি এক ধূনচি লইয়া বেদির উপরহইতে অগ্নি লইয়া তাহাতে দেও এবং তাহাতে ধূপ চড়াইয়া মণ্ডলীর নিকটে শীঘ্র যাইয়া তাহারদের কারণ প্রায়শ্চিত্ত কর যেহেতুক য়িহুহের সম্মুখহইতে ক্রোধ নির্গত হইয়াছে আঘাত আরব্ধ হইয়াছে। [৪৭] পরে মোশহ্ যেমন আজ্ঞা করিয়াছিল তেমন আহরোণ লইয়া মণ্ডলীর মধ্যে দৌড়িয়া গেল কিন্তু দেখ লোকেরদের মধ্যে আঘাত আরব্ধ হইয়াছে তাহাতে সে ধূপ চড়াইয়া লোকেরদের কারণ প্রায়শ্চিত্ত করিল। [৪৮] এবং মৃতেরদের ও জীবিতেরদের মধ্যস্থলে দাঁড়াইল তাহাতে আঘাতনিবৃত্ত হইল। [৪৯] এবং কোরখের বিষয়ে যাহারা মরিল তদ্ব্যতিরেকে

চৌদ্দ হাজার সাত শত মনুষ্য সে আঘাতেতে
মরিল। [৫০] পরে আহরোণ মণ্ডল্যাবাস দ্বা
রের নিকটে মোশহের নিকটে ফিরিয়া আইল
এবং আঘাতনিবৃত্তি হইল।

১৭ পর্ব্ব।

[১] অনন্তর য়িহুহ মোশহকে কহিলেন [২]
য়িশ্রাএলের সন্তানেরদিগকে কহ এবং তাহার
দের পিতৃবংশানুসারে তাহারদের প্রত্যেক জন
হইতে এক২ যষ্টিগ্রহণ কর অর্থাৎ তাহারদের
পিতৃবংশানুসারে তাহারদের সমস্ত অধ্যক্ষের
দিগহইতে বার যষ্টি এবং প্রতিজনের নাম আ
পন২ যষ্টিতে লিখ। [৩] এবং লেবির যষ্টির উ
পরে তুমি আহরোণের নাম লিখিবা যেহেতুক
তাহারদের পিতৃবংশাধ্যক্ষেরদের নিমিত্তে এক২
যষ্টি হইবে। [৪] এবং যে স্থানে আমি তো
মার সহিত সাক্ষাৎ করিব এমত যে মণ্ডল্যাবাস
তাহাতে সাক্ষ্যসম্মুখে তুমি সে সকল তুলিয়া
রাখিবা। [৫] এবং এমত হইলে যে লোকের
যষ্টি আমি পসন্দ করিব তাহার যষ্টি পুষ্প ধরি
বে এবং য়িশ্রাএলের সন্তানেরা তোমার প্রতি
কূলে যে২ বিসম্বাদদ্বারা কচ্‌কচি করে সে২ বিস
ম্বাদ আমি আমার নিকটহইতে নিবৃত্ত করিব।

[৬] অপর মোশহ য়িশ্রাএলের সন্তানেরদিগ
কে কহিল তাহাতে তাহারদের প্রত্যেক অধ্যক্ষ
তাহাকে এক২ যষ্টি তাহারদের পিতৃবংশানু
সারে এক২ অধ্যক্ষের কারণ এক২ যষ্টি অর্থাৎ
বার যষ্টি দিল এবং আহরোণের যষ্টি তাহার
দের যষ্টির মধ্যে ছিল। [৭] এবং মোশহ য়ি
হুহের সম্মুখে সাক্ষ্যাবাসে সে যষ্টিসকল তুলি
য়া রাখিল। [৮] পরে এমত হইল পর দিব
সে মোশহ সাক্ষ্যাবাসেতে গেল এবং দেখ লে
বিবংশের কারণ আহরোণের যষ্টি অঙ্কুরিত
হইয়া মুকুল ধরিল এবং পুষ্পবতী হইয়া বা
দাম ফলিল। [৯] পরে মোশহ য়িশ্রাএলের
সমস্ত সন্তানেরদের গোচরে য়িহুহের সম্মুখহই
তে সমস্ত যষ্টি বাহির করিয়া আনিল তাহাতে
তাহারা দৃষ্টি করিয়া প্রত্যেকে আপন২ যষ্টি
গ্রহণ করিল।

[১০] পরে য়িহুহ মোশহকে কহিলেন আজ্ঞা
তিক্রমকারিরদের প্রতিকূলে চিহ্নের জন্যে রক্ষা
র্থে আহরোণের যষ্টি পুনর্ব্বার সাক্ষ্যসম্মুখে
আন এবং তুমি আমার নিকটহইতে তাহার
দের বিসম্বাদ নিঃশেষরূপে নিবৃত্ত করিবা যে
তাহারা না মরে। [১১] তাহাতে মোশহ তাহা
করিল য়িহুহ যেমন তাহাকে আজ্ঞা করিয়াছি
লেন তেমনি সে করিল। [১২] পরে য়িশ্রাএ
লের সন্তানেরা মোশহকে কহিল দেখ আমরা
মরি আমরা বিনষ্ট হই আমরা সকলে বিনষ্ট
হই। [১৩] যে কেহ য়িহুহের আবাসের নিক
টে যৎকিঞ্চিৎ যায় সে মরিবে আমরা কি মরণ
দ্বারা বিনষ্ট হইব।

১৮ পর্ব্ব।

[১] অনন্তর য়িহুহ আহরোণকে কহিলেন
তুমি ও তোমার সহিত তোমার পুত্রেরা ও তো
মার পিতৃবংশ পবিত্র স্থানের অপরাধভোগ
করিবা এবং তুমি ও তোমার সহিত তোমার স
ন্তানেরা যাজকতার অপরাধভোগ করিবা।
[২] এবং লৈববংশীয় তোমার ভ্রাতারদিগকেও
অর্থাৎ তোমার পিতৃবংশ্যেরদিগকে সঙ্গে করি
য়া আনিবা যে তাহারা তোমার সহিত মিলিয়া
তোমার সেবা করে কিন্তু তুমি ও তোমার সহিত
তোমার সন্তানেরা সাক্ষ্যাবাসের সম্মুখে সেবা
করিবা। [৩] এবং তাহারা তোমার রক্ষণীয় ও
আবাসের সমস্ত রক্ষণীয় রক্ষা করিবে কিন্তু প
বিত্র স্থানের পাত্রের এবং বেদির নিকটে তাহা
রা যাইবে না যে তাহারা এবং তুমিও না মর।
[৪] এবং তাহারা তোমার সহিত সম্মিলিত হই
য়া আবাসের সমস্ত সেবার্থে মণ্ডল্যাবাসের রক্ষ
ণীয় রক্ষা করিবে এবং বিদেশীয় তোমারদের নি
কটে যাইবে না [৫] এবং য়িশ্রাএলের সন্তানের
দের উপরে আর ক্রোধ না আইসে এ নিমিত্তে
তোমরা পবিত্র স্থানের রক্ষণীয় ও বেদির রক্ষ
ণীয় রক্ষা করিবা। [৬] এবং আমি দেখ আমিই
য়িশ্রাএলের সন্তানেরদের মধহইতে তোমার
দের ভ্রাতৃগণ লৈবেরদিগকে গ্রহণ করিয়াছি তা
হারা মণ্ডল্যাবাসের সেবানিমিত্তে য়িহুহের কা
রণ দানস্বরূপ তোমার প্রতি দত্ত হইয়াছে। [৭]
অতএব তুমি ও তোমার সহিত তোমার সন্তা
নেরা বেদির এবং পরদার মধ্যবর্ত্তি সর্ব্ববিষয়ের
নিমিত্তে আপন যাজকপদ রক্ষা করিবা এবং তো
মরা সেবা করিবা তোমারদের যাজকপদ আমি
দানরূপ সেবানুযায়ি দান করিয়াছি এবং যে
বিদেশী নিকটবর্ত্তী হয় সে মরিবে।

[৮] অপর য়িহুহ আহরোণকে কহিলেন
দেখ য়িশ্রাএলের সন্তানেরদের সমস্ত পবিত্রী
কৃত দ্রব্যহইতে নীত আমার উত্তোলনীয় নৈবে
দ্যের ভার আমি তোমাকে দিয়াছি অভিষেকপ্র
যুক্ত নিত্য বিধিতে আমি তোমাকে ও তোমার
সন্তানেরদিগকে সে সকল দিয়াছি। [৯] অগ্নিহ
ইতে অবশিষ্ট অতিপবিত্র বস্তুর মধ্যে ইহা তো
মার হইবে বিশেষতঃ আমার উদ্দেশে নিবেদিত
তাহারদের প্রত্যেক নৈবেদ্য ও তাহারদের প্র
ত্যেক উপকরণ ও তাহারদের প্রত্যেক পাপনিমি
ত্তক নিবেদন ও তাহারদের লঙ্ঘনাপরাধনিমি

ষুক প্রত্যেক নিবেদন তোমার প্রতি এবং তোমার
সন্তানেরদের প্রতি অতিপবিত্র। [১০] অতিপ
বিত্রস্থানে তুমি তাহা ভক্ষণ করিবা প্রত্যেক পু
রুষ তাহা ভক্ষণ করিবে তাহা তোমার প্রতি প
বিত্র হইবে। [১১] এবং ইহা তোমার বিশেষতঃ
য়িশ্রাএলের সন্তানেরদের সমস্ত আন্দোলনীয়
নৈবেদ্যের সহিত তাহারদের দানের উত্তোল
নীয় নৈবেদ্য সে সকল আমি তোমাকে ও তো
মার সহিত তোমার পুত্রেরদিগকে ও তোমার
কন্যারদিগকে নিত্য বিধির দ্বারা দিয়াছি তোমার
গৃহস্থ প্রত্যেক শুচি লোক তাহা ভক্ষণ করিবে।
[১২] যে প্রথম ফল তাহারা য়িহুহের উদ্দেশে
নিবেদন করে এমত যে তৈলের উত্তমতা এবং
দ্রাক্ষারসের এবং গোমের সমস্ত উত্তমতা সে
সকল আমি তোমাকে দিয়াছি। [১৩] য়িহুহের
উদ্দেশে দানীয় দ্রব্যের মধ্যে দেশেতে যাহা
প্রথম পক্ব হয় তাহা তোমার হইবে তোমার গৃহ
মধ্যে প্রত্যেক শুচিজন তাহা ভক্ষণ করিবে। [১৪]
য়িশ্রাএলেতে নিবেদিত সমস্ত বস্তু তোমারই হ
ইবে। [১৫] মনুষ্যমধ্যহইতে হউক বা পশু
মধ্যহইতে হউক য়িহুহের উদ্দেশে তাহারদের ক
র্তৃক আনীত জরায়ুমোচক সমস্ত প্রাণী তোমারি
হইবে কিন্তু মনুষ্যের প্রথমজাতকে তুমি অবশ্য
মুক্ত করিবা এবং অপবিত্র পশুর প্রথমজাতকে
তুমি মুক্ত করিবা। [১৬] এবং একমাসবয়স্কাব
ধি করিয়া মোচনীয় সকলকে তোমার নিরূপিত
মূল্যেতে বিংশতি গেরাহ্ পরিমিত পবিত্র স্থানের
শেকেলানুসারে পাঁচ শেকেল রূপ্যেতে তুমি
মুক্ত করিবা। [১৭] কিন্তু গরুর প্রথমজাতকে
কিম্বা মেষের প্রথমজাতকে কিম্বা ছাগলের প্রথম
জাতকে তুমি মুক্ত করিবা না তাহারাই পবিত্র
তাহারদের রক্ত তুমি বেদ্যুপরি প্রোক্ষণ করিবা
এবং অগ্নিকৃত নৈবেদ্যরূপ য়িহুহের উদ্দেশে
সুগন্ধিকর হওয়ার নিমিত্তে তাহারদের চরবি পো
ড়াইবা। [১৮] এবং আন্দোলনীয় বক্ষ এবং
দক্ষিণ স্কন্ধ যেমত তোমার সেমত তাহারদের
মাংস তোমারি হইবে। [১৯] পবিত্র বস্তুহইতে
যে সমস্ত উত্তোলনীয় নৈবেদ্য য়িশ্রাএলের
সন্তানেরা য়িহুহের উদ্দেশে নিবেদন করে সে
সকল আমি তোমাকে এবং তোমার সহিত তো
মার পুত্রেরদিগকে ও তোমার কন্যারদিগকে
নিত্য বিধিতে দিয়াছি তাহাই তোমার প্রতি ও
তোমার সহিত তোমার বংশের প্রতি য়িহুহের উ
দ্দেশে লবণ নিত্য নিয়ম।

[২০] পরে য়িহুহ আহরোণকে কহিলেন তা
হারদের দেশে তোমার কোন অধিকার হইবে
না এবং তাহারদের মধ্যে তোমার কোন অংশ
হইবে না য়িশ্রাএলের সন্তানেরদের মধ্যে আ
মিই তোমার অংশ ও তোমার অধিকার।

[২১] এবং দেখ লেবির সন্তানেরদের সেবা
প্রযুক্ত অর্থাৎ তাহারা মণ্ডল্যাবাসে যে সেবা ক
রে ঐ সেবাপ্রযুক্ত আমি য়িশ্রাএলের তাবদ্দশ
মাংশ অধিকারার্থে তাহারদিগকে দিয়াছি।
[২২] এবং এইঅবধি করিয়া য়িশ্রাএলের সন্তা
নেরা মণ্ডল্যাবাসের নিকটবর্ত্তী না হউক পাছে
তাহারা পাপভোগ করে এবং মরে। [২৩]
কিন্তু লৈবেরা মণ্ডল্যাবাসের সেবা করিবে এবং
তাহারা আপনারদের অপরাধভোগ করিবে
তোমারদের পুরুষানুক্রমেতে এই এক নিত্য বিধি
যে তাহারা য়িশ্রাএলের সন্তানেরদের মধ্যে
কোন অধিকার না পায় [২৪] কিন্তু য়িশ্রাএ
লের সন্তানেরা উত্তোলনীয় নৈবেদ্যরূপে য়িহু
হের উদ্দেশ যাহা নিবেদন করে তাহারদের সে
দশমাংশ আমি লৈবেরদিগকে অধিকারার্থে
দিয়াছি অতএব আমি তাহারদিগকে কহিয়াছি
যে য়িশ্রাএলের সন্তানেরদের মধ্যে তাহারা
কোন অধিকার পাইবে না।

[২৫] অপর য়িহুহ মোশহ্কে কহিলেন [২৬]
লৈবেরদিগকে এতদ্রূপে কহিবা ও তাহারদিগকে
বলিবা তোমারদের অধিকারার্থে তাহারদিগ্হ
ইতে লইয়া আমি যে দশমাংশ তোমারদিগকে
দিয়াছি তাহা যখন তোমরা য়িশ্রাএলের সন্তা
নেরদেরহইতে গ্রহণ কর তখন সে দশমাংশের
দশমাংশ তোমরা উত্তোলনীয় নৈবেদ্যার্থে য়ি
হুহের উদ্দেশে নিবেদন করিবা। [২৭] এবং
তোমারদের এই উত্তোলনীয় নৈবেদ্য খামারের
শস্যের মত ও দ্রাক্ষাযন্ত্রের পূর্ণতার মত তো
মারদের প্রতি গণ্য হইবে। [২৮] এতদ্রূপেও
তোমরা য়িশ্রাএলের সন্তানেরদেরহইতে যে
সমস্ত দশমাংশ গ্রহণ কর সে সকলহইতে তো
মরা এক উত্তোলনীয় নৈবেদ্য য়িহুহের উদ্দেশে
নিবেদন করিবা এবং তাহাহইতে তোমরা য়িহু
হার্থে উত্তোলনীয় নৈবেদ্য লইয়া আহরোণ
যাজককে দিবা। [২৯] তোমারদের সমস্ত দানহ
ইতে নীত তাহার সমস্ত উত্তমতাহইতে অর্থাৎ
তাহাহইতে নীত তৎপবিত্রাংশহইতে তোমরা
য়িহুহের প্রত্যেক উত্তোলনীয় নৈবেদ্য নিবেদন
করিবা। [৩০] অতএব তুমি তাহারদিগকে কহি
বা তোমরা যখন তাহাহইতে তাহার উত্তমতা
উত্তোলন করিয়াছ তখন তাহা খামারের বাহু
ল্যানুযায়ি ও দ্রাক্ষাযন্ত্রের বাহুল্যানুযায়ি লৈবে
রদের প্রতি গণিত হইবে। [৩১] এবং তোমরা
ও তোমারদের পরিজনেরা সর্ব্বত্র তাহা ভক্ষণ
করিবা যেহেতুক তাহা মণ্ডল্যাবাসেতে তোমার

দের সেবানিমিত্তক ফল। [৩২] এবং তাহাহই
তে তাহার উত্তমতা উত্তোলন করিলে তোমরা তৎ
প্রযুক্ত কোন পাপভোগ করিবা না এবং য়িশ্
রাএলের সন্তানেরদের পবিত্র বস্তু তোমরা অ
পবিত্র করিবা না পাছে মর।

## ১৯ পর্ব্ব।

[১] অনন্তর য়িহুহ মোশহ্কে ও আহরোণকে
কহিলেন [২] ব্যবস্থার যে বিধি য়িহুহ আজ্ঞা
করিয়াছেন তাহা এই য়িশ্রাএলের সন্তানেরদিগ
কে কহ যে তাহারা নির্দ্দোষ ও নিখুঁত ও যাহার
উপরে যোঁয়ালি দেওয়া যায় নাই এমত রাঙ্গা
এক বকনা তোমার নিকটে আনে [৩] এবং
তোমরা তাহা এলিএজেরযাজককে দিবা যে সে
তাহাকে ছাউনির বাহিরে আনে এবং অন্য
কেহ তাহাকে তাহার সম্মুখে মারিবে। [৪]
এবং এলিএজেরযাজক তাহার রক্তের কিঞ্চিৎ
আপন অঙ্গুলিতে লইয়া তাহার রক্ত মণ্ডল্যাবা
সের নিজসম্মুখে সাতবার প্রক্ষেপ করিবে। [৫]
এবং এক জন সে বকনাকে তাহার দৃষ্টিতে
পোড়াইবে তাহার গোময়ের সহিত তাহার চর্ম্ম
ও তাহার মাংস ও তাহার রক্ত সে পোড়াইবে।
[৬] এবং যাজক আরেজকাষ্ঠ ও এজোব ও সি
ন্দূরবর্ণ লোম লইয়া ঐ বকনার দাহমধ্যে ফে
লিয়া দিবে। [৭] অনন্তর যাজক আপন বস্ত্র
প্রক্ষালন করিবে এবং আপন শরীর জলেতে ধু
ইবে পরে ছাউনিতে প্রবেশ করিবে এবং যাজক
সন্ধ্যাপর্য্যন্ত অপবিত্র রহিবে। [৮] এবং যে জন
তাহাকে দাহ করিল সে আপন বস্ত্র জলেতে প্র
ক্ষালন করিবে এবং আপন গাত্র জলে ধুইয়া
সন্ধ্যাপর্য্যন্ত অপবিত্র থাকিবে। [৯] এবং এক
পবিত্র লোক সে বকনার ভস্ম একত্র করিয়া ছাউ
নির বাহিরে পবিত্র স্থানে যত্ন করিয়া রাখিবে
এবং ভিন্নার্থজলনিমিত্তে তাহা য়িশ্রাএলের
সন্তানেরদের মণ্ডলীর কারণ রাখা যাইবে সে
পাপনিমিত্তক শোধন। [১০] এবং যে জন ঐ
বকনার ভস্ম একত্র করে সে আপন বস্ত্র ধুইয়া
সন্ধ্যাপর্য্যন্ত অপবিত্র রহিবে এবং তাহা য়িশ্রা
এলের সন্তানেরদের প্রতি ও তাহারদের মধ্যে
প্রবাসকারিরদের প্রতি নিত্য বিধির জন্যে হইবে।
[১১] যে কেহ কোন মনুষ্যের শবস্পর্শ
করে সে সাত দিবস অপবিত্র হইবে। [১২] সে
তৃতীয় দিবসে তাহা দিয়া আপনাকে পবিত্র
করিবে এবং সপ্তম দিবসে সে পবিত্র হইবে কিন্তু
যদি তৃতীয় দিবসে আপনাকে পবিত্র না করে
তবে সপ্তম দিবসে সে পবিত্র হইবে না। [১৩]
যে কেহ কোন মৃত মনুষ্যের শবস্পর্শ করে এবং
আপনাকে পবিত্র না করে সে য়িহুহের আবাস
অপবিত্র করে এবং সে প্রাণী য়িশ্রাএলহইতে
উচ্ছিন্ন হইবে তদুপরি ভিন্নার্থ জল ছিটান যায়
নাই তৎপ্রযুক্ত সে অপবিত্র হইবে তাহার অপ
বিত্রতা এখনও তাহাতে আছে। [১৪] তাম্বুতে
মনুষ্য মরিলে তাহার এই ব্যবস্থা সে তাম্বুতে যে
কেহ প্রবেশ করে ও সে তাম্বুস্থিত যে কিছু তা
হা সাত দিবস ব্যাপিয়া অপবিত্র হইবে। [১৫]
এবং যদুপরি ঢাকনি বন্ধ নাই এমত সমস্ত অনা
বৃত পাত্রই অপবিত্র। [১৬] এবং মাঠে তলো
য়ারেতে হত কোন কাহাকে কিম্বা অন্য কোন
শবকে কিম্বা মনুষ্যের অস্থি কিম্বা কবর যে কেহ
স্পর্শ করে সে সাত দিবস অপবিত্র হইবে। [১৭]
এবং অপবিত্রের কারণ তাহারা পাপপ্রযুক্ত শো
ধনার্থক ঐ দগ্ধ বকনার ভস্মহইতে কিছু লইয়া
পাত্রে করিয়া তদুপরি প্রবাহি জল দিবে। [১৮]
পরে পবিত্র এক মানুষ এজোব লইয়া জলে চুব
ড়াইয়া ঐ তাম্বুর উপরে ও সমস্ত পাত্রের উপ
রে ও তৎস্থানস্থ সমস্ত লোকোপরি এবং অস্থি
কিম্বা হত কিম্বা মৃত কিম্বা কবরস্পর্শকারির উপ
রে তাহা প্রক্ষেপ করিবে। [১৯] এবং ঐ
পবিত্র লোক তৃতীয় দিবসে এবং সপ্তম দিবসে
অপবিত্রের উপরে প্রক্ষেপ করিবে পরে সপ্তম
দিবসে সে আপনাকে পবিত্র করিবে এবং আ
পন বস্ত্র ধুইবে ও জলেতে স্নান করিবে পরে
সন্ধ্যাকালে পবিত্র হইবে। [২০] কিন্তু যে মা
নুষ অশুচি হইয়া আপনাকে পবিত্র না করে সে
জন মণ্ডলীর মধ্যহইতে উচ্ছিন্ন হইবে যেহেতুক
সে য়িহুহের পবিত্র স্থান অশুদ্ধ করিয়াছে ভিন্না
র্থ জল তাহার উপরে প্রক্ষিপ্ত হয় নাই সেই অপ
বিত্র। [২১] এবং তাহারদের প্রতি ইহা নিত্য
বিধি হইবে যে ভিন্নার্থজল যে জন প্রক্ষেপ করে
সে আপন বস্ত্র ধুইবে এবং ভিন্নার্থজল যে
স্পর্শ করে সে সন্ধ্যাপর্য্যন্ত অপবিত্র রহিবে।
[২২] এবং ঐ অশুচি যাহা স্পর্শ করে তাহা অ
শুচি হইবে এবং যে প্রাণী তাহা স্পর্শ করে সে
সন্ধ্যাপর্য্যন্ত অপবিত্র থাকিবে।

## ২০ পর্ব্ব।

[১] অনন্তর য়িশ্রাএলের সন্তানেরা অর্থাৎ
সমস্ত মণ্ডলী প্রথম মাসে সিনারণ্যে পঁহুছিল
এবং লোকেরা কাদেশেতে বাস করিল এবং মি
রিয়াম সেস্থানে মরিল ও সেস্থানে তাহার কবর
হইল।
[২] সেস্থানে মণ্ডলীর কারণ জল ছিল না তা
হাতে তাহারা মোশহের ও আহরোণের প্রতি
কুলে একত্র হইল। [৩] এবং লোকেরা মোশ
হের সহিত বিসম্বাদ করিয়া কহিল হায় আমার
দের ভ্রাতারা যখন য়িহুহের সম্মুখে মরিল তখন

যদি আমারদের মরণ হইত। [৪] এবং আমা
রদের ও আমারদের পশুরদের এই স্থানে মর
ণের কারণ তোমরা কেন য়িহুহের মণ্ডলীকে এ
অরণ্যে আনিয়াছ। [৫] এবং এ কুৎসিত স্থানে
আমারদিগকে আনিতে তোমরা কেন আমারদি
গকে মিস্রহইতে বাহির করিয়া আনিয়াছ এই
স্থান বীজের কিম্বা উডুম্বরের কিম্বা দ্রাক্ষার
কিম্বা দাড়িমের স্থান নয় এবং পানার্থ জলও
নাই। [৬] পরে মোশহ্ ও আহরোণ সভাসম্মু
খহইতে মণ্ডল্যাবাসের দ্বারেতে যাইয়া উবুড়
হইয়া পড়িল এবং য়িহুহের মাহাত্ম্য তাহার
দের নিকটে দৃষ্ট হইল।

[৭] অপর য়িহুহ মোশহ্‌কে কহিলেন [৮]
তুমি ও তোমার ভ্রাতা আহরোণ যষ্টিগ্রহণ কর
এবং মণ্ডলীকে একত্র কর এবং তাহারদের গো
চরে পর্ব্বতকে কহ তাহাতে সে আপন জল নিঃ
সরণ করিবে এবং তুমি তাহারদের কারণ পর্ব্বত
হইতে জল বাহির করিবা এই রূপে তুমি মণ্ডলী
কে ও তাহারদের পশুরদিগকে পানীয় দিবা।
[৯] পরে যেমন তিনি তাহাকে আজ্ঞা করিয়া
ছিলেন তেমন মোশহ্ য়িহুহের সম্মুখহইতে
যষ্টিগ্রহণ করিল। [১০] এবং মোশহ্ ও আ
হরোণ পর্ব্বতসম্মুখে মণ্ডলীকে একত্র করিয়া
তাহারদিগকে কহিল হে অতিক্রামকেরা এই
ক্ষণে অবধান কর তোমারদের কারণ কি আমা
রদের এই পর্ব্বতহইতে জল বাহির করিতে হই
বে। [১১] এবং মোশহ্ আপন হস্ত উঠাইয়া
আপন যষ্টি দিয়া দুইবার পর্ব্বতে আঘাত করি
ল তাহাতে জল অতিশয়রূপে নির্গত হইল এবং
মণ্ডলী ও তাহারদের পশুরা পান করিল।

[১২] অপর য়িহুহ মোশহ্‌কে ও আহরোণ
কে কহিলেন যেহেতুক য়িশ্‌রাএলের সন্তানের
দের দৃষ্টিতে আমাকে পবিত্রকরণার্থে তোমরা
আমার কথাতে প্রত্যয় করিলা না সেইহেতুক যে
দেশ আমি তাহারদিগকে দিয়াছি সে দেশেতে
তোমরা এই মণ্ডলীকে আনিবা না। [১৩] ইহা
মিরীবাহ্ জল যেহেতুক য়িশ্‌রাএলের সন্তানেরা
য়িহুহের সহিত বিসম্বাদ করিল ও তিনি তাহার
দিগেতে পবিত্রীকৃত হইলেন।

[১৪] অপর মোশহ্ কাদেশহইতে এদোমের
রাজার নিকটে ইহা কহিয়া লোক প্রেরণ করিল
তোমার ভ্রাতা য়িশ্‌রাএল ইহা কহে যে সমস্ত
ক্লেশ আমারদিগকে ঘটিয়াছে তাহা তুমি জ্ঞাত
আছ [১৫] বিশেষতঃ আমারদের পিতারা যে
মিস্রেতে গিয়াছিল এবং আমরা মিস্রে
অনেক দিবস বাস করিয়াছি এবং মিস্রীয়েরা
আমারদিগকে এবং আমারদের পিতারদিগকে
ক্লেশ দিয়াছে। [১৬] এবং যখন আমরা য়ি
হুহের নিকট প্রার্থনা করিলাম তখন তিনি আ
মারদের রব শুনিলেন এবং দূত প্রেরণ করিয়া
মিস্রহইতে আমারদিগকে বাহির করিয়া আ
নিলেন ও দেখ আমরা তোমার সীমাস্থ কা
দেশনগরেতে আছি। [১৭] আমি এই নিবেদ
ন করি আমারদিগকে তোমার দেশ হইয়া যাই
তে দেও আমরা ক্ষেত্রমধ্য কিম্বা দ্রাক্ষাক্ষেত্রম
ধ্য দিয়া যাইব না এবং কূপের জলও পান করি
ব না আমরা রাজমার্গ হইয়া যাইব যাবৎ তো
মার সীমা পার না হই তাবৎ আমরা দক্ষিণে
কিম্বা বামে ফিরিব না। [১৮] তাহাতে এদোম
তাহাকে কহিল তুমি আমার দেশ হইয়া যাইবা
না গেলে আমি তলোয়ার লইয়া তোমার বিরু
দ্ধে বাহির হইয়া আসিব। [১৯] পরে য়িশ্‌রা
এলের সন্তানেরা তাহাকে কহিল আমরা রাজ
পথ হইয়া যাইব এবং আমি ও আমার পশু
যদি তোমার জলপান করে তবে আমি তাহার
মুল্য দিব অন্য কিছু করণব্যতিরেকে আমি কে
বল পায়ে গতি করিয়া পার হইয়া যাইব।
[২০] তাহাতে সে কহিল তুমি দেশমধ্য হইয়া
যাইবা না পরে এদোম অনেক লোক সঙ্গে ক
রিয়া ও প্রবলহস্ত হইয়া তাহার বিপরীতে বা
হির হইয়া আইল। [২১] এতদ্রূপ এদোম আ
পন সীমা হইয়া যাওনে য়িশ্‌রাএলের পথনি
বারণ করিল অতএব য়িশ্‌রাএল তাহার সমীপ
হইতে ফিরিয়া গেল।

[২২] অপর য়িশ্‌রাএলের সন্তানেরা অর্থাৎ
তাবন্মণ্ডলী কাদেশহইতে প্রস্থান করিয়া হোর
পর্ব্বতে পঁহুছিল। [২৩] পরে এদোমদেশের
সীমানিকটস্থ হোরপর্ব্বতে য়িহুহ মোশহ্‌কে ও
আহরোণকে কহিলেন ২৪] আহরোণ আপন
লোকেরদের নিকটে সংগৃহীত হইবে যেহে
তুক য়িশ্‌রাএলের সন্তানেরদিগকে আমি যে
দেশ দিয়াছি সে দেশে সে প্রবেশ করিবে না কে
ননা মিরীবাহজলনিকটে তোমরা আমার বা
ক্যাতিক্রম করিলা। [২৫] আহরোণকে ও তা
হার পুত্র এলিএজেরকে লও এবং তাহারদিগ
কে হোরপর্ব্বতে আন। [২৬] এবং আহরোণ
কে বিবস্ত্র করিয়া সে বস্ত্র তাহার পুত্র এলিএ
জেরকে পরাও পরে আহরোণ সংগৃহীত হইয়া
সেস্থানে মরিবে। [২৭] অপর য়িহুহ যেমন
আজ্ঞা করিয়াছিলেন তেমন মোশহ্ করিল।
এবং তাহারা সমস্ত মণ্ডলীর দৃষ্টিতে হোরপর্ব্ব
তে উঠিয়া গেল। [২৮] এবং মোশহ্ আহরোণ
কে বিবস্ত্র করিল ও সে বস্ত্র তাহার পুত্র এলিএ
জেরকে পরাইল এবং আহরোণ সেস্থানে পর্ব্ব

তের শৃঙ্গে মরিল পরে মোশহ্ ও এলিএজের প
র্ব্বতহইতে নামিয়া আইল। [২৯] অপর যখন
সমস্ত মণ্ডলী দেখিল যে আহরোণ মরিয়াছে
তখন তাহারা অর্থাৎ য়িশ্রাএলের সমস্ত
বংশ ত্রিংশদ্দিবস আহরোণের নিমিত্তে শোক
করিল।

২১ পর্ব্ব।

[১] অনন্তর দক্ষিণদেশবাসী কনআনীয় আ
রাদরাজ যখন শুনিল যে য়িশ্রাএল চরেরদের
পথ হইয়া আসিতেছে তখন সে য়িশ্রাএলের
প্রতিকূলে যুদ্ধ করিল ও তাহারদের কতক বন্দী
করিল। [২] তাহাতে য়িশ্রাএল য়িহুহের উদ্দে
শে মানত করিয়া কহিল যদি আপনি এ লোকের
দিগকে আমার হস্তে নিতান্তই অর্পণ করিবেন
তবে আমি নিঃশেষরূপে তাহারদের নগর বিনা
শ করিব। [৩] তাহাতে য়িহুহ য়িশ্রাএলের
বাক্যে কর্ণ দিয়া কনআনীয়েরদিগকে তাহার
দের হস্তগত করিলেন এবং তাহারা তাহারদিগ
কে ও তাহারদের নগর নিশেষঃরূপে সংহার
করিল এবং সে সেই স্থানের নাম থারমাহ্
রাখিল।

[৪] অপর এদোমদেশ প্রদক্ষিণার্থে তাহারা
সূফার্ণবের পথ হইয়া হোরপর্ব্বতহইতে প্রস্থান
করিল এবং পথপ্রযুক্ত লোকেরদের প্রাণ অতি
শয় ক্লিষ্ট ছিল। [৫] তাহাতে লোকেরা ঈশ্ব
রের প্রতিকূলে ও মোশহের প্রতিকূলে কহিতে
লাগিল যে অরণ্যেতে মারিবার কারণ তোমরা
আমারদিগকে মিস্রহইতে কেন বাহির করিয়া
আনিলা যেহেতুক অন্ন নাই ও জল নাই এবং
আমারদের প্রাণ এই লঘু অন্ন ঘৃণা করে। [৬]
তাহাতে য়িহুহ লোকেরদের মধ্যে বিষধর সর্প
প্রেরণ করিলেন এবং তাহারা লোকেরদিগকে
দংশন করিল তাহাতে য়িশ্রাএলের অনেক
লোক মরিল।

[৭] তৎপ্রযুক্ত লোকেরা মোশহের নিকটে
আসিয়া কহিল আমরা পাপ করিয়াছি কেন
না আমরা য়িহুহের প্রতিকূলে ও তোমার প্রতি
কূলে কথা কহিয়াছি য়িহুহকে প্রার্থনা কর যে
তিনি আমারদের নিকটহইতে এই সর্পেরদিগ
কে লইয়া যান তাহাতে মোশহ্ লোকেরদের কা
রণ প্রার্থনা করিল। [৮] পরে য়িহুহ মোশহ্
কে কহিলেন তুমি এক বিষধর সর্প নির্ম্মাণ করি
য়া তাহা এক দণ্ডাগ্রে রাখ তাহাতে এমত হইবে
সর্পদষ্ট প্রত্যেক জন তাহার প্রতি দৃষ্টি করিলে
বাঁচিবে। [৯] পরে মোশহ্ পিত্তলের এক সর্প
নির্ম্মাণ করিয়া তাহা দণ্ডাগ্রে রাখিল তাহাতে এ
মত হইল কোন মনুষ্যকে সর্পদংশনান্তর সে
সেই পিত্তলের সর্পের প্রতি দৃষ্টি করিলে বাঁ
চিল।

[১০] অপর য়িশ্রাএলের সন্তানেরা প্রস্থান
করিয়া ওবোতে ছাউনি করিল। [১১] পরে
তাহারা ওবোতহইতে প্রস্থান করিয়া সূর্য্যোদয়
দিগে মোআবের সম্মুখস্থিত অরণ্যেতে ইয়ীঅবা
রীমে ছাউনি করিল। [১২] পরে সে স্থানহই
তে প্রস্থান করিয়া জারেদমাঠে ছাউনি করিল।
[১৩] পরে সেস্থানহইতে প্রস্থান করিয়া তাহারা
আমোরীয়েরদের সীমানির্গত অরণ্যস্থিত আর
ণোনের অন্য পারে ছাউনি করিল কেননা আর
ণোন মোআবের ও আমোরীয়েরদের মধ্যবর্ত্তী
মোআবের সীম.। [১৪] অতএব সূফার্ণবে ও
আরণোননদীতীরে [১৫] ও মোআবপ্রান্তস্থ
আরনিবাসাভিগামি নদীর স্রোতের নিকটে য়ি
হুহ যাহা২ করিলেন ইহা য়িহুহের যুদ্ধপুস্তকে
কথিত আছে। [১৬] অপর সেস্থানহইতে বিএ
রে গেল যে কূপবিষয়ে য়িহুহ মোশহ্কে কহিয়া
ছিলেন যে লোকেরদিগকে একত্র কর আমি তা
হারদিগকে জল দিব তাহা সে। [১৭] তখন
য়িশ্রাএল এ গীত গান করিল হে কূপ উচ্ছ
লিত হও তোমরা তাহার প্রতি গান কর। [১৮]
অধ্যক্ষেরা সে কূপ খুদিল লোকেরদের কুলীনে
রা স্বস্বযষ্টি লইয়া ব্যবস্থাপকের আজ্ঞাতে তা
হা খনন করিল। [১৯] পরে অরণ্যহইতে মা
তানাহে এবং মাতানাহ্হইতে নখলীএলে এবং
নখলীএলহইতে বামোতে। [২০] এবং মো
আব দেশস্থ তলভূমিস্থিত বামোতহইতে য়িশি
মোনাভিমুখ পিস্গাহ্পর্ব্বতের শৃঙ্গে গেল।

[২১] অপর য়িশ্রাএল আমোরীয়েরদের
রাজা সীখোনের নিকটে ইহা কহিয়া দূতপ্রেরণ
করিল [২২] তোমার দেশমধ্য হইয়া আমাকে
যাইতে দেহ আমরা ক্ষেত্রেতে কিম্বা দ্রাক্ষাক্ষে
ত্রেতে প্রবেশ করিব না ও কূপের জলপান করিব
না যাবৎ তোমার সীমা পার না হই তাবৎ আ
মরা রাজপথ হইয়া গমন করিব। [২৩] এবং
সীখোন আপন সীমা দিয়া য়িশ্রাএলকে যাই
তে দিল না। কিন্তু সীখোন আপনার সমস্ত
লোক সমারোহ করিয়া য়িশ্রাএলের সহিত যুদ্ধ
করিতে অরণ্যে বাহির হইয়া গেল এবং য়হস্
হেতে উপস্থিত হইয়া য়িশ্রাএলের সহিত যুদ্ধ
করিল। [২৪] এবং য়িশ্রাএল তলোয়ারের ধা
রেতে তাহাকে মারিয়া আরণোনহইতে যাবো
কপর্য্যন্ত অর্থাৎ আমোনের সন্তানপর্য্যন্ত তাহার
দেশাধিকার করিল কেননা আমোনের সন্তা
নেরদের সীমা দৃঢ় ছিল। [২৫] এবং য়িশ্রা
এল সে সমস্ত শহর আক্রমণ করিল এবং য়িশ্

রাএল আমোরীয়েরদের সমস্ত শহরে ও খেস
বোনে ও তাহার সমস্ত নগরে বসতি করিল।
[২৬] যেহেতুক খেসবোন আমোরীয়েরদের
রাজা সীখোনের শহর সে মোআবের পূর্ব্ব রা
জার প্রতিকূলে যুদ্ধ করিয়া আরণোনপর্য্যন্ত তা
হার সমস্ত দেশ তাহার হস্তহইতে আক্রমণ করি
য়া লইয়াছিল। [২৭] অতএব কবিরা কহে
যে খেসবোনেতে আইস সীখোনের নগর গাঁথা
ন যাউক ও প্রস্তুত করা যাউক। [২৮] যেহেতুক
খেসবোনহইতে অগ্নি ও সীখোনের শহরহইতে
অগ্নিশিখা নির্গত হইয়াছে তাহা মোআবের
আর এবং আরণোনস্থ দেবস্থানের অধ্যক্ষের
দিগকে খাইয়া ফেলিয়াছে। [২৯] হে মো
আব তোমার সন্তাপ হে কিমোশের লোক তো
মরা বহিয়া গিয়াছ তাহার যে পুত্র ও কন্যা প
লাইয়া বাঁচিয়াছিল তাহারদিগকে সে বন্দীত্বে
তে আমোরীয়েরদের রাজা সীখোনকে দিয়া
ছে। [৩০] আমরা তাহারদের প্রতি বাণক্ষেপ
করিয়াছি দীবোনপর্য্যন্তই খেসবোন নষ্ট হইয়া
ছে এবং মীদিবআস্পর্শী নোফাখপর্য্যন্ত আমরা
সে সকলকে অরণ্য করিয়াছি।

[৩১] এতদ্রূপে য়িশ্রাএল আমোরীয়েরদের
দেশে বাস করিল। [৩২] অপর মোশহ্ য়অ্যা
জের অনুসন্ধানার্থে লোক প্রেরণ করিল তাহা
তে তাহারা তাহার নগর আক্রমণ করিয়া তৎ
স্থানস্থ আমোরীয়েরদিগকে তাড়িয়া বাহির করি
য়া দিল।

[৩৩] অপর তাহারা ফিরিয়া বাশানের পথ
হইয়া উঠিয়া গেল এবং বাশানের রাজা ওগ ও
তাহার সমস্ত লোক বাহির হইয়া তাহারদের
প্রতিকূলে যুদ্ধ করিতে এদরেঈতে যুদ্ধার্থে গেল।
[৩৪] এবং য়িহুহ মোশহ্কে কহিলেন তুমি তা
হাতে ভীত হইও না যেহেতুক আমি তাহাকে
ও তাহার সমস্ত লোককে ও তাহার দেশ তো
মার হস্তে অর্পণ করিয়াছি এবং তুমি খেসবোন
বাসি আমোরীয়েরদের রাজা সীখোনের প্রতি
যেমন করিলা তেমন তাহার প্রতি করিবা। [৩৫]
তাহাতে যাবৎ তাহার কেহই অবশিষ্ট না রহিল
তাবৎ তাহারা তাহাকে ও তাহার পুত্রেরদিগ
কে ও তাহার সকল লোকেরদিগকে আঘাত ক
রিল এবং তাহারা তাহার দেশাধিকার করি
য়া লইল।

## ২২ পর্ব্ব।

[১] অনন্তর য়িশ্রাএলের সন্তানেরা প্রস্থান
করিয়া য়িরিখুনিকটস্থিত য়রদনের এপারে মো
আবের মাঠে ছাউনি করিল।

[২] এবং আমোরীয়েরদের প্রতি য়িশ্রাএল
যে সকল করিয়াছিল তাহা সিপোরের পুত্র বা
লাক দেখিল। [৩] এবং লোকেরদের বহুঅগ্র
যুক্ত মোআব অতিশয় ভীত হইল এবং য়িশ্রা
এলের সন্তানহেতুক মোআব বিপদ্গ্রস্ত হইল।
[৪] পরে মোআব মিদিয়ানের প্রাচীনেরদিগকে
কহিল গরু যেমন ক্ষেত্রের ঘাস চাটিয়া খায় তে
মন এই সমূহ আমারদের চতুর্দ্দিক্স্থ সকলকে
এখন চাটিয়া খাইবে এবং সিপোরের পুত্র
বালাক তৎকালে মোআবীয়েরদের রাজা ছিল।
[৫] অতএব সে তাহার লোকেরদের সন্তানের
দের দেশের নদীসমীপস্থ পিতোরে বিওরের
পুত্র বিলআমের নিকটে তাহাকে ডাকিতে ইহা
কহিয়া দূত প্রেরণ করিল যে দেখ এক জনতা মি
সরহইতে বাহির হইয়া আসিয়াছে দেখ তাহা
রা দেশের মুখাচ্ছন্ন করিয়া আছে এবং তাহা
রা আমার সম্মুখে স্থিতি করে। [৬] অতএব
তোমাকে নিবেদন করি এখন আসিয়া আমার
কারণ এই লোকেরদিগকে শাপ দেও কেননা
তাহারা আমাহইতে বলবান কি জানি যে আ
মি জয়ী হইয়া তাহারদের হনন করিতে ও দেশ
হইতে তাহারদিগকে দূর করিতে পারি যেহেতুক
আমি জানি যে তুমি যাহারে আশীর্ব্বাদ দেও
সে আশীঃপ্রাপ্ত এবং যাহারে তুমি শাপ দেও
সে শপ্ত। [৭] পরে মোআবের প্রাচীনেরা
ও মিদিয়ানের প্রাচীনেরা গণনের উপঢৌকন
হাতে করিয়া প্রস্থান করিল এবং তাহারা বিল
আমের নিকটে পঁহুছিয়া বালাকের কথা তাহা
কে জানাইল। [৮] তাহাতে সে তাহারদিগকে
কহিল তোমরা অদ্য রাত্রি এস্থানে প্রবাস কর
পরে য়িহুহ যাহা আমাকে কহিবেন তদনু
সারে তোমারদের নিকটে আমি পুনর্ব্বার
সম্বাদ আনিব এবং মোআবের অধ্যক্ষেরা বি
লআমের সহিত প্রবাস করিল। [৯] অপর
ঈশ্বর বিলআমের নিকটে উপস্থিত হইয়া তাহা
কে কহিলেন তোমার সহবর্ত্তি ইহারা কে। [১০]
তাহাতে বিলআম ঈশ্বরকে কহিল মোআবের
রাজা সিপোরের পুত্র বালাক ইহা কহিয়া আ
মার নিকটে লোক পাঠাইয়াছে [১১] যে দেখ
দেশের মুখাচ্ছাদক এক জনতা মিসরহইতে বা
হির হইয়া আসিয়াছে অতএব এখন আইস আ
মার কারণ তাহারদিগকে শাপ দেও কি জানি
যে আমি তাহারদিগকে পরাস্ত করিয়া তাহারদি
গকে বাহির করিয়া দূর করিতে পারি। [১২] তা
হাতে ঈশ্বর বিলআমকে কহিলেন তুমি তাহার
দের সহিত যাইবা না সে লোকেরদিগকে তুমি
শাপ দিবা না কেননা তাহারা আশীঃপ্রাপ্ত।
[১৩] পরে বিলআম প্রাতঃকালে উঠিয়া বালা

কের অধ্যক্ষেরদিগকে কহিল তোমরা আপন দেশে যাও যেহেতুক তোমারদের সহিত আমার গমনেতে য়িহুহ অসম্মত আছেন। [১৪] তাহাতে মোআবের অধ্যক্ষেরা উঠিয়া বালাকের নিকটে যাইয়া কহিল আমারদের সহিত আসিতে বিলআম অসম্মত আছে।

[১৫] পুনশ্চ বালাক তাহারদিগহইতে অনেক এবং বহুমান্য অন্য অধ্যক্ষেরদিগকে প্রেরণ করিল। [১৬] তাহাতে তাহারা বিলআমের নিকটে আসিয়া তাহাকে বলিল সিপ্পোরের পুত্র বালাক এমত কহে আমি নিবেদন করি আমার নিকটে আগমনে তোমার বাধা কিছুই না জন্মাউক। [১৭] যেহেতুক আমি তোমাকে পুরস্কার করিয়া অতিশয় সম্মানবিশিষ্ট করিব এবং তুমি আমাকে যাহা২ কহিবা তাহাই আমি করিব অতএব আমি নিবেদন করি যে আসিয়া আমার কারণ এ জনতারদিগকে শাপ দেও। [১৮] তাহাতে বিলআম প্রত্যুত্তর করিয়া বালাকের দাসেরদিগকে কহিল বালাক রূপাতে ও স্বর্ণেতে পরিপূর্ণ আপনার ঘর আমাকে দিলেও ন্যূনাধিক করণবিষয়ে আমি আপন ঈশ্বর য়িহুহের বাক্যের উল্লংঘন করিতে পারি না। [১৯] অতএব এইক্ষণে আমি এ নিবেদন করি তোমরা এ রাত্রিও এস্থানে প্রবাস কর যে য়িহুহ আমাকে আর যাহা কহিবেন তাহা জানি। [২০] পরে ঈশ্বর রাত্রিতে বিলআমের নিকটে উপস্থিত হইয়া তাহাকে কহিলেন সে লোকেরা যদি তোমাকে ডাকিতে আসিয়াছে তবে উঠিয়া তাহারদের সহিত যাও তথাপি আমি যে কথা তোমাকে কহিব তাহাই তুমি কহিবা। [২১] তাহাতে বিলআম প্রাতঃকালে উঠিয়া আপনার গর্দ্দভকে সাজাইয়া মোআবের অধ্যক্ষেরদের সহিত চলিল।

[২২] অপর তাহার যাওয়াতে ঈশ্বরের ক্রোধ প্রজ্বলিত হইল এবং য়িহুহের দূত তাহার প্রতিকূলে শত্রুস্বরূপ পথেতে দাঁড়াইল ইত্যবসরে সে আপন গর্দ্দভের উপরে আরোহণ করিয়া যাইতেছিল এবং তাহার দুই দাস তাহার সহিত। [২৩] এবং পথে দণ্ডায়মান হস্তে খোলা তলোয়ারধারি য়িহুহের দূতকে সে গর্দ্দভ দেখিল তাহাতে ঐ গর্দ্দভ পথপার্শ্ব হইয়া ক্ষেত্রে গেল পরে পথে ফিরিয়া আনিবার কারণ বিলআম ঐ গর্দ্দভকে প্রহার করিল। [২৪] কিন্তু এদিগে ওদিগে প্রাচীরবিশিষ্ট দ্রাক্ষাক্ষেত্রের এক পথে য়িহুহের দূত দাঁড়াইয়া রহিল [২৫] তাহাতে য়িহুহের দূতকে দেখিয়া গর্দ্দভ প্রাচীরের নিকট গাত্র ঘেঁসিয়া প্রাচীরেতে বিলআমের পদমর্দ্দন করিল তাহাতে সে আরবার তাহাকে আঘাত করিল। [২৬] পরে য়িহুহের দূত আর কিছু অগ্রসর হইয়া দক্ষিণে কিম্বা বামে ফিরিবার পথ নাই এমত এক আঁটো স্থানে দাঁড়াইল। [২৭] এবং গর্দ্দভ য়িহুহের দূতকে দেখিয়া বিলআমকে লইয়া বসিয়া গেল তাহাতে বিলআম ক্রুদ্ধ হইয়া যষ্টিতে গর্দ্দভকে আঘাত করিল। [২৮] পরে য়িহুহ গর্দ্দভের মুখ ব্যাদান করিলেন তাহাতে সে বিলআমকে বলিল আমি তোমার প্রতি কি করিয়াছি যে তুমি এই তিনবার আমাকে প্রহার করিলা। [২৯] তাহাতে বিলআম গর্দ্দভকে কহিল তুমি আমাকে পরিহাস করিয়াছ এই জন্যে হায় আমার হস্তে যদি তলোয়ার থাকিত তবে এইক্ষণে আমি তোমাকে মারিয়া ফেলিতাম। [৩০] পরে গর্দ্দভ বিলআমকে কহিল তোমার হওয়াঅবধি করিয়া এ দিবসপর্য্যন্ত যাহার উপরে তুমি আরোহণ করিয়াছ সে তোমার গর্দ্দভ কি আমি নহি আমি কি এমত কখনো করিয়াছি তাহাতে সে বলিল না। [৩১] তখন য়িহুহ বিলআমের চক্ষু খুলিলেন তাহাতে খোলা তলোয়ার হাতে করিয়া পথে দণ্ডায়মান য়িহুহের দূতকে সে দেখিল তাহাতে সে বন্দনা করিয়া ভূমিতে উবুড় হইয়া পড়িল। [৩২] পরে য়িহুহের দূত তাহাকে কহিল তুমি আপন গর্দ্দভকে এই তিনবার কেন প্রহার করিয়াছ দেখ আমি তোমার নিবারণার্থে বাহির হইলাম কেননা তোমার পথ আমার সাক্ষাৎ বিপরীত হইয়াছে। [৩৩] এবং গর্দ্দভ আমাকে দেখিয়া আমার সম্মুখহইতে এই তিনবার ফিরিয়াছে আমার সম্মুখহইতে যদি সে না ফিরিত তবে এইক্ষণে আমি নিতান্তই তোমাকে মারিতাম এবং তাহাকে বাঁচাইয়া রাখিতাম। [৩৪] তাহাতে বিলআম য়িহুহের দূতকে কহিল আমি অপরাধ করিয়াছি যেহেতুক আমি জানি নাই যে তুমি আমার বিপরীতে পথে দাঁড়াইয়া রহিয়াছ অতএব এইক্ষণে যদি ইহাতে তোমার অসন্তোষ হয় তবে আমি ফিরিয়া যাই। [৩৫] তাহাতে য়িহুহের দূত বিলআমকে কহিল সে মনুষ্যেরদের সহিত যাও কিন্তু যে কথা আমি তোমাকে কহিব তুমি কেবল তাহা কহিবা তাহাতে বিলআম বালাকের অধ্যক্ষেরদের সহিত গেল।

[৩৬] পরে যখন বালাক শুনিল যে বিলআম আসিয়াছে তখন সে দেশসীমার প্রান্তঃস্থিত আর্ণোনসীমাস্থ মোআবের এক নগরে তাহার সহিত মিলিবার জন্যে গেল। [৩৭] এবং বালাক বিলআমকে কহিল তোমাকে ডাকিতে আমি কি

অতিযত্নপূর্ব্বক লোক প্রেরণ করি নাই অতএব
তুমি আমার নিকটে কেন আইলা না আমি কি
তোমাকে সম্মানিত করিতে পারি না। [৩৮]
তাহাতে বিলআম বালাককে কহিল দেখ আমি
তোমার নিকটে আসিয়াছি কোন কথা কহিতে
আমার এখনও কি কোন শক্তি আছে ঈশ্বর
আমার মুখে যে বাক্য দেন তাহা আমি কহিব।
[৩৯] পরে বিলআম বালাকের সহিত গেল
এবং তাহারা কির্য্যৎখুসোতে আইল। [৪০]
এবং বালাক গরু ও মেষ নিবেদন করিল এবং
বিলআমের নিকটে ও তাহার সহবর্ত্তি অধ্যক্ষে
রদের নিকটে পাঠাইল। [৪১] পরে এমত হ
ইল পরদিবসে বালাক বিলআমকে সঙ্গে লইয়া
বাঅলের উচ্চবেদিস্থলের উপরে আরোহণ করা
ইল যে সে সে স্থানহইতে লোকেরদের পরিসীমা
দেখে।

## ২৩ পর্ব্ব।

[১] অনন্তর বিলআম বালাককে কহিল এ
স্থানে আমার কারণ সাতটা বেদি নির্ম্মাণ কর
এবং এই স্থানে আমার কারণ সাত বাছুর ও
সাত মেষ প্রস্তুত কর। [২] তাহাতে বিলআম
যেমন কহিল বালাক তেমন করিল এবং বালাক
ও বিলআম এক২ বেদিতে এক২ বাছুর ও এক২
মেষ নিবেদন করিল। [৩] পরে বিলআম বা
লাককে কহিল তুমি আপন নৈবেদ্যের নিকটে
দাঁড়াও এবং আমি যাই কি জানি য়িহুহ আমার
সহিত মিলিতে আসিবেন এবং তিনি আমাকে
যাহা জানান তাহা আমি তোমাকে কহিব পরে
সে একাকী উচ্চ স্থানে গেল। [৪] এবং ঈশ্বর
বিলআমের সহিত সাক্ষাৎ করিলেন তাহাতে
সে তাঁহাকে বলিল আমি সাত বেদি প্রস্তুত করি
য়াছি ও এক২ বেদিতে এক২ বাছুর ও এক২ মেষ
নিবেদন করিয়াছি। [৫] এবং য়িহুহ বিলআ
মের মুখে এক বাক্য দিয়া তাহাকে কহিলেন বা
লাকের নিকটে ফিরিয়া যাইয়া তুমি এইরূপ
কহ। [৬] তাহাতে সে তাহার নিকটে ফিরিয়া
গেল ও দেখ সে আপন হোমের নিকটে দাঁড়া
ইয়া আছে অর্থাৎ সে ও মোআবের সমস্ত অ
ধ্যক্ষ। [৭] অপর সে আপন উপদেশগ্রহণ
করিয়া কহিল যে মোআবের বালাক রাজ এ
কথা কহিয়া পূর্ব্বদিক্স্থ পর্ব্বতবর্ত্তি আরামহই
তে আমাকে আনিয়াছে যে আইস আমার কা
রণ য়অাকুবকে শাপ দেও এবং আইস য়িশ্রা
এলের প্রতি আস্পর্দ্ধা কর। [৮] যাহাকে ঈশ্বর
শাপ দেন নাই তাহাকে আমি কিরূপে শাপ
দিতে পারি বা যাহার প্রতি য়িহুহ আস্পর্দ্ধা ক
রেন নাই তাহার প্রতি আমি কিরূপে আস্প
র্দ্ধা করিব। [৯] কেননা পর্ব্বতের শৃঙ্গহইতে
আমি তাঁহাকে দেখিতে পাই এবং গিরিহইতে
আমি তাঁহার দর্শন পাইয়াছি দেখ ঐ জনতা এ
কাকী বাস করিবে এবং জাতিরদের মধ্যে গণিত
হইবে না। [১০] য়অাকুবের ধূলি ও য়িশ্রাএ
লের চতুর্থাংশের সংখ্যা কে গণনা করিতে পা
রে ধার্ম্মিকের মরণই আমার মরণ হউক এবং
আমার শেষদশা তাহার শেষ দশার তুল্য হ
উক। [১১] পরে বালাক বিলআমকে কহিল
তুমি আমার প্রতি কি করিয়াছ আমার শত্রুরদিগ
কে শাপ দিতে আমি তোমাকে আনিলাম এবং
দেখ তুমি তাহারদিগকে সর্ব্বতোভাবে আশী
র্ব্বাদ দিয়াছ। [১২] তাহাতে সে প্রত্যুত্তর করিয়া
কহিল য়িহুহ আমার মুখে যাহা দিয়াছেন তা
হা কহিতে কি আমার মনোযোগ কর্ত্তব্য নহে
[১৩] অপর বালাক তাহাকে কহিল আমি নিবে
দন করি যে স্থানহইতে তুমি তাহারদিগকে দে
খিতে পাইবা এমত অন্য এক স্থানে আমার স
হিত আইস তুমি কেবল তাহারদের প্রান্তভাগ
দেখিবা কিন্তু সকল দেখিবা না এবং সেই স্থান
হইতে আমার কারণ তাহারদিগকে শাপ দেও।
[১৪] তাহাতে সে তাহাকে সোফীমমাঠে পিস্
গাহের শৃঙ্গেতে আনিয়া সাত বেদি নির্ম্মাণ ক
রিল এবং প্রত্যেক বেদিতে এক২ বাছুর ও এক২
মেষ নিবেদন করিল। [১৫] পরে সে বালাককে
কহিল আমি যাবৎ ঐ স্থানে ঈশ্বরের সহিত না
মিলি তাবৎ এ স্থানে আপন হোমের নিকটে দাঁ
ড়াও। [১৬] এবং য়িহুহ বিলআমের সহিত সা
ক্ষাৎ করিয়া তাহার মুখে এক বাক্য দিয়া কহি
লেন বালাকের নিকটে পুনর্ব্বার যাইয়া এতদ্রূ
পে কহ। [১৭] পরে সে তাহার নিকটে আইলে
দেখ সে আপন হোমের নিকটে দাঁড়াইয়া আ
ছে এবং মোআবের অধ্যক্ষেরা তাহার সহিত
এবং বালাক তাহাকে কহিল য়িহুহ কি কহিয়া
ছেন। [১৮] পরে সে আপন উপদেশগ্র
হণ করিয়া কহিল হে বালাক উঠিয়া শ্রবণ কর
হে সিপোরের পুত্র আমার প্রতি অবধান কর।
[১৯] ঈশ্বরই মনুষ্য নহেন যে তিনি মিথ্যা কথা
কহিবেন এবং মনুষ্যের সন্তানও নহেন যে
তিনি পরামনন করিবেন তিনি বলিয়াও কি করি
বেন না কিম্বা তিনি কহিয়াও কি তাহা সিদ্ধ করি
বেন না। [২০] দেখ আমি আশীর্ব্বাদ করি
তে আজ্ঞা পাইয়াছি তিনিও আশীর্ব্বাদ করিয়া
ছেন এবং আমি তাহা খণ্ডাইতে পারি না।
[২১] তিনি য়অাকুবে অধর্ম্ম দেখেন নাই
এবং য়িশ্রাএলেতে তিনি বিপথগামিতা দে
খেন নাই তাহার ঈশ্বর য়িহুহ তাহার সহিত আ

ছেন এবং রাজার ধ্বনি তাহারদের মধ্যে আ
ছে। [২২] ঈশ্বর তাহারদিগকে মিসরহইতে বা
হির করিয়া আনিয়াছেন গণ্ডারের বলের মত
তাহার বল। [২৩] নিশ্চয়ে য়অ্যাকুবের প্রতি
কূলে কোন মায়া চলে না এবং য়িশ্রাএলের
প্রতিকূলে কোন গণনা নাই একালানুসারে য়িশ্
রাএলের এবং য়অ্যাকুবের বিষয়ে কহা যাইবে
যে ঈশ্বর কিবা করিয়াছেন। [২৪] দেখ জনতা
বৃহৎ সিংহের মত উঠিবে এবং যুবাসিংহের
মত আপনাকে দাঁড় করাইবে যেপর্য্যন্ত শীকার
না খায় ও হতেরদের রক্ত পান না করে সেপ
র্য্যন্ত সে শয়ন করিবে না।

[২৫] পরে বালাক বিলআমকে কহিল তা
হারদিগকে কোন শাপ দিও না এবং কোন আ
শীর্ব্বাদ করিও না। [২৬] তাহাতে বিলআম
বালাককে উত্তর করিয়া কহিল আমি কি তোমা
কে ইহা বলিয়া কহি নাই য়িহুহ যে সমস্ত কহি
বেন তাহা আমাকে করিতে হইবে।

[২৭] পরে বালাক বিলআমকে কহিল আমি
তোমাকে বিনতি করি আইস আমি তোমাকে
অন্য এক স্থানে লইয়া যাইব কি জানি ঈশ্বরের
সন্তোষ হয় যে তুমি আমার কারণ তাহারদিগ
কে সেস্থানহইতে শাপ দেও। [২৮] পরে বা
লাক য়িশীমোনাভিমুখ পিওরের শৃঙ্গে বিলআ
মকে আনিল। [২৯] এবং বিলআম বালাককে
কহিল এস্থানে সাত বেদি নির্ম্মাণ কর ও আমার
কারণ এ স্থানে সাত বাছুর ও সাত মেষ প্রস্তুত
কর। [৩০] এবং বিলআম যেমন কহিল বা
লাক তেমন করিয়া প্রত্যেক বেদিতে এক২ বাছুর
ও এক২ মেষ নিবেদন করিল।

২৪ পর্ব্ব।

[১] অপর যখন বিলআম দেখিল যে য়িশ্
রাএলকে আশীর্ব্বাদদেওনে য়িহুহের সন্তোষ
ছিল তখন সে পূর্ব্বের মত মায়ান্বেষণে গেল
না কিন্তু অরণ্যের দিগে মুখ করিল [২] এবং বি
লআম আপন চক্ষু তুলিয়া আপন২ বংশানুসা
রে বাসকারি য়িশ্রাএলকে দেখিল এবং ঈশ্ব
রের আত্মা তাহার উপরে আইলেন। [৩]
তাহাতে সে আপন উপদেশগ্রহণ করিয়া কহি
ল বিওরের পুত্র বিলআম কহিয়াছে এবং উন্মী
লিত চক্ষু যাহার সে কহিয়াছে। [৪] পরমে
শ্বরের বাক্য যে শুনিয়াছে এবং সর্ব্বশক্তিমানের
দর্শন যে পাইয়াছে সে পতত উন্মীলিতচক্ষু হই
য়া কহিয়াছে। [৫] হে য়অ্যাকুব তোমার তাম্বু
কি বা সুন্দর হে য়িশ্রাএল তোমার আবাস।
[৬] তলাভূমির ন্যায় নদীনিকটস্থিত উদ্যানের
ন্যায় য়িহুহকর্ত্তৃক রোপিত অগুরুবৃক্ষের ন্যায়
জলনিকটস্থিত আরেজবৃক্ষের ন্যায় সে সকল
নিস্তীর্ণ হইয়াছে। [৭] সে আপন কলসহইতে
জল ঢালিবে এবং তাহার বীজ অনেক জলেতে
হইবে এবং তাহার রাজা আগগঅপেক্ষা
বর্দ্ধমান এবং তাহার রাজ্য বর্দ্ধিত হইবে। [৮]
পরমেশ্বর তাহাকে মিসরহইতে বাহির করিয়া
আনিয়াছেন তাহার বল গণ্ডারের বলের মত
সে আপন শত্রুজাতিরদিগকে খাইয়া ফেলিবে
এবং তাহারদের হাড় ভাঙ্গিয়া ফেলিবে ও আ
পন বাণ দিয়া এপার ওপার বিদীর্ণ করিবে।
[৯] সে গুড়ি মারিল সে সিংহের ন্যায় ও বড়
সিংহের ন্যায় নত হইয়া শয়ন করিল তাহাকে
কে সরাইবে তোমাকে আশীর্ব্বাদদায়ী আশীঃ
প্রাপ্ত এবং তোমাকে শাপদায়ী শপ্ত।

[১০] এবং বালাকের ক্রোধ বিলআমের
প্রতি প্রজ্বলিত হইল তাহাতে সে আপন হা
তে২ আঘাত করিল এবং বালাক বিলআমকে
কহিল আমি শত্রুরদিগকে শাপ দিতে তোমাকে
ডাকিয়াছিলাম এবং দেখ তুমি এ তিনবার সর্ব্ব
তোভাবে আশীর্ব্বাদ করিয়াছ। [১১] অতএব
তুমি এখন আপন স্থানে পলায়ন কর আমি
ভাবিয়াছিলাম যে তোমাকে অতিসম্মানিত করি
ব কিন্তু দেখ য়িহুহ তোমার সম্মানের ব্যাঘাত
করিয়াছেন। [১২] তাহাতে বিলআম বালা
ককে কহিল আমার নিকটে প্রেরিত তোমার দূ
তেরদিগকেও আমি কি কহি নাই [১৩] যে
বালাক স্বর্ণেতে ও রূপ্যেতে পরিপূর্ণ আপন
ঘর আমাকে দিলেও আমি আপন ইচ্ছাতে
ভাল কিম্বা মন্দ করিতে য়িহুহের বাক্যলংঘন
করিতে পারি না য়িহুহ যাহা বলিবেন আমি
তাহা কহিব। [১৪] এবং দেখ এখন আমি
আপন লোকেরদের নিকটে যাই আইস শেষ
দিনেতে এ লোকেরা তোমার লোকের প্রতি যা
হা করিবে তাহা আমি তোমাকে জানাই।

[১৫] অপর সে আপন উপদেশগ্রহণ করিয়া
বলিল যে বিওরের পুত্র বিলআম কহিয়াছে
এবং উন্মীলিত চক্ষু যাহার সে কহিয়াছে। [১৬]
ঈশ্বরের বাক্য শুনিয়াছে যে এবং সর্ব্বাধ্যক্ষবিষ
য়ক জ্ঞানপ্রাপ্ত হইয়াছে যে এবং সর্ব্বশক্তিমা
নের দর্শন পাইয়াছে যে সে পতত উন্মীলিত
চক্ষু হইয়া কহিয়াছে। [১৭] আমি তাঁহাকে
দেখিব কিন্তু এইক্ষণ নয় আমি তাঁহার দর্শন পা
ইব কিন্তু নিকটে নয় য়অ্যাকুবহইতে এক তারা
নির্গত হইবে ও য়িশ্রাএলহইতে এক রাজদণ্ড
উৎপন্ন হইয়া মোআবের কোণেতে আঘাত ক
রিবে এবং শেতের সমস্ত সন্তানেরদিগকে সং
হার করিবে। [১৮] এবং এদোম অধিকার

হইবে শেইর ও আপন শত্রুরদের অধিকার হই
বে এবং য়িশ্রাএল বলবদ্রূপে আচরণ করিবে।
[১৯] প্রভুঅগ্রহণ করিয়া নগরের অবশিষ্ট লো
কেরদিগকে নষ্ট করিবেন যিনি তিনি য়আকুব
হইতে উৎপন্ন হইবেন। [২০] পরে যখন সে
অমালেকের প্রতি দৃষ্টি করিল তখন সে আপন
উপদেশগ্রহণ করিয়া কহিল যে জাতিরদের মধ্যে
অমালেক প্রধান বটে কিন্তু তাহার শেষদশা এই
যে তাহার সর্ব্বথা নাশ হয়। [২১] অপর সে
কেনীয়েরদের প্রতি দৃষ্টি করিয়া আপন উপদে
শগ্রহণ করিয়া কহিল তোমার নিবাস দৃঢ় এবং
তুমি পর্ব্বতে আপন বাসা করিতেছ [২২] তথা
পি আশূর তোমাকে বন্দী করিয়া লইয়া না যা
ওনপর্য্যন্ত কেনীয়েরা ক্ষয়প্রাপ্ত হইবে। [২৩]
পরে সে আপন উপদেশগ্রহণ করিয়া কহিল
যে হায় যখন ঈশ্বর ইহা করিবেন তখন কে বাঁ
চিবে। [২৪] এবং কিত্তীমের তটহইতে জাহাজ
আসিয়া আশূরকে ক্লেশ দিবে এবং এবেরকে
ক্লেশ দিবে এবং সেও সর্ব্বথা বিনষ্ট হইবে।
[২৫] পরে বিলআম উঠিয়া প্রস্থান করিয়া স্বস্থা
নে ফিরিয়া গেল এবং বালাকও স্বপথে গেল।

২৫ পর্ব্ব।

[১] অনন্তর য়িশ্রাএল শিটীমে বাস করিল
এবং লোকেরা মোআবের কন্যারদের সহিত
ব্যভিচার আরম্ভ করিল। [২] এবং তাহারা
আপন দেবপূজায় লোকেরদিগকে নিমন্ত্রণ করি
ল এবং লোকেরা ভোজন করিল ও তাহারদের
দেবতারদের সাক্ষাৎ প্রণাম করিল। [৩] এবং
য়িশ্রাএল আপনাকে বাআলপিওরের সহিত
সংযুক্ত করিল তাহাতে য়িহুহের ক্রোধ য়িশ্রা
এলের প্রতি প্রজ্বলিত হইল। [৪] এবং য়ি
হুহ মোশহ্‌কে কহিলেন লোকেরদের সমস্ত অ
ধ্যক্ষেরদিগকে লও এবং য়িহুহের সম্মুখে সূর্য্যা
ভিমুখ করিয়া তাহারদিগকে লটকাইয়া দেও
যে য়িশ্রাএলহইতে য়িহুহের প্রচণ্ড কোপ নিবৃত্ত
হয়। [৫] তাহাতে মোশহ্‌ য়িশ্রাএলের বি
চারকেরদিগকে কহিল যাহারা বাআলপিওরের
সহিত মিলিয়াছে এমত আপনারদের লোকের
দিগকে তোমরা প্রত্যেকে মার।

[৬] অপর দেখ মণ্ডল্যাবাসনিকট রোদনকা
রি মোশহের ও য়িশ্রাএলের সন্তানেরদের তাব
মণ্ডলীর গোচরে য়িশ্রাএলের সন্তানেরদের এক
জন আসিয়া আপন ভ্রাতারদের নিকটে মিদি
য়ানীয়া এক স্ত্রীকে আনিল [৭] এবং আহরো
ণযাজকের পুত্র এলিএজেরের পুত্র ফিনিখাস
তাহা দেখিয়া মণ্ডলীর মধ্যহইতে উঠিয়া আপন
হাতে শল্যগ্রহণ করিল। [৮] এবং সে য়িশ্রা
এলীয় পুরুষের পশ্চাৎ২ তাম্বুতে প্রবেশ করিয়া
ঐ দুই জনকে এপার ওপার বিদীর্ণ করিল অ
র্থাৎ সে য়িশ্রাএলীয় পুরুষের এবং সে স্ত্রীর
পেট এপার ওপার বিদীর্ণ করিল এমত য়িশ্রা
এলের সন্তানেরদিগহইতে সে আঘাত নিবৃত্ত হ
ইল। [৯] এবং যাহারা সে আঘাতেতে মরিল
তাহারা চব্বিশ হাজার লোক।

[১০] পরে য়িহুহ মোশহ্‌কে কহিলেন [১১]
আহরোণযাজকের পুত্র এলিএজেরের পুত্র
ফিনিখাস তাহারদের মধ্যে আমার বিষয়ে
জ্বলিত হওয়াতে য়িশ্রাএলের সন্তানেরদিগহই
তে আমার ক্রোধ ফিরাইয়াছে তাহাতে আমার
জ্বলনেতে আমি য়িশ্রাএলের সন্তানেরদিগকে
নষ্ট করি নাই। [১২] অতএব কহ দেখ আমি
আপন শান্তিকর নিয়ম তাহাকে দি। [১৩]
এবং সে ও তাহার পর তাহার সন্তানেরা তাহা
পাইবে অর্থাৎ নিত্য যাজকতার নিয়ম যেহেতুক
সে আপন ঈশ্বরের বিষয়ে জ্বলিত ছিল ও য়িশ্
রাএলের সন্তানেরদের কারণ প্রায়শ্চিত্ত করিয়া
ছে। [১৪] এবং য়িশ্রাএলীয় যে পুরুষ মারা
পড়িয়াছিল অর্থাৎ মিদিয়ানীয়া স্ত্রীর সহিত যে
মারা গিয়াছিল তাহার নাম সিমরী সে শিনিওনী
য়েরদের মধ্যে এক প্রধান বংশের অধ্যক্ষ সালু
আর পুত্র। [১৫] এবং মিদিয়ানীয়া যে স্ত্রী মারা
পড়িল সে কোজবী সে সূরের কন্যা সে মিদিয়া
নের এক প্রধান বংশেতে লোকেরদের অধ্যক্ষ।

[১৬] অপর য়িহুহ মোশহ্‌কে কহিলেন
[১৭] মিদিয়ানীয়েরদিগকে ক্লেশ দেও ও তাহার
দিগকে প্রহার কর। [১৮] যেহেতুক পিওরের বি
ষয়ে এবং আঘাতদিবসে পিওরের কারণে হতা
যে তাহারদের ভগিনী মিদিয়ানাধ্যক্ষের কন্যা
কোজবীর বিষয়ে তাহারা যে২ মায়াতে তোমার
দিগকে মোহবিশিষ্ট করিল সে মায়াতে তাহারা
তোমারদিগকে ক্লেশ দেয়।

২৬ পর্ব্ব।

[১] আঘাতের পরে এমত হইল য়িহুহ মো
শহ্‌কে ও আহরোণযাজকের পুত্র এলিএজের
কে কহিলেন [২] বিংশতি বৎসরবয়স্কাবধি করি
য়া স্বস্বপিতৃবংশের সর্ব্বত্র য়িশ্রাএলে যুদ্ধগমনে
সমর্থ য়িশ্রাএলের সন্তানেরদের সমস্ত মণ্ডলীর
সংখ্যা লও। [৩] এবং মোশহ্‌ এলিএজের যা
জক য়িরিখুনিকটস্থিত য়রদনসমীপে মোআবা
রণ্যে তাহারদিগকে এ কথা কহিল। [৪] য়িহুহ
মোশহ্‌কে ও মিসরদেশহইতে বহিরাগত য়িশ্রা
এলের সন্তানেরদিগকে যেমত আজ্ঞা করিলেন
সেমত বিংশতি বৎসরবয়স্কাবধি করিয়া লোকের
দের সংখ্যা লও।

[৫] য়িশ্রাএলের জ্যেষ্ঠ পুত্র রিউবেণ রিউবেণের সন্তান খনোক তাহাহইতে খনোকীয়েরদের বংশ পলূহইতে পলূঈয়েরদের বংশ [৬] খেস্রোণহইতে খেস্রোণীয়েরদের বংশ করমিহইতে করমীয়েরদের বংশ। [৭] ইহারা রিউবেণীয়েরদের বংশ এবং তাহারদের মধ্যে যাহারা গণিত হইল তাহারদের সংখ্যা তেতাল্লিশ হাজার সাত শত ত্রিশ ছিল। [৮] এবং পলূর পুত্র এলিআব। [৯] এবং এলিআবের সন্তান নিমূএল ও দাতান ও অবীরাম য়িহুহের প্রতিকূলে বিবাদসময়ে কোরখের মণ্ডলীতে মোশহের ও আহরোণের সহিত বিবাদকারি মণ্ডলীতে খ্যাত্যাপন্ন দাতান ও অবীরাম এই। [১০] এবং যে সময় অগ্নি আড়াই শত লোককে সংহার করিল সে মণ্ডলীর মরণকালে পৃথিবী স্বমুখ ব্যাদান করিয়া কোরখের সহিত তাহারদিগকে গ্রাস করিল সে সময়ে তাহারা চিহ্নস্বরূপ হইল [১১] কিন্তু কোরখের সন্তানেরা মরিল না।

[১২] আপন২ বংশানুসারে শিমিওনের সন্তান নিমূএলহইতে নিমূএলীয়েরদের বংশ য়ামীনহইতে য়ামীনীয়েরদের বংশ য়াকীনহইতে য়াকীনীয়েরদের বংশ [১৩] জেরখ্হইতে জেরখীয়েরদের বংশ শাউলহইতে শাউলীয়েরদের বংশ। [১৪] শিমিওনীয়েরদের বংশ্য এই২ বাইশ হাজার দুই শত জন।

[১৫] আপন২ বংশানুসারে গাদের সন্তান সিফোনহইতে সিফোনীয়েরদের বংশ খগীহইতে খগীয়েরদের বংশ শূনিহইতে শূনীয়েরদের বংশ। [১৬] আজনিহইতে আজনীয়েরদের বংশ এরিহইতে এরীয়েরদের বংশ। [১৭] আরোদিহইতে আরোদীয়েরদের বংশ অরএলিহইতে অরএলীয়েরদের বংশ। [১৮] গাদের সন্তানেরদের মধ্যে যাহারা গণিত ছিল তাহারদের বংশ এই২ তাহারা চল্লিশ হাজার পাঁচ শত জন।

[১৯] য়িহুদাহের পুত্রেরা এর ও ওনান অপর এর ও ওনান কনআনদেশে মরিল। [২০] এবং য়িহুদাহের সন্তানেরা আপন২ বংশানুসারে এই২ ছিল শেলাহ্হইতে শেলাহীয়েরদের বংশ ও ফেরেস্হইতে ফেরেসীয়েরদের বংশ ও জেরখ্হইতে জেরখীয়েরদের বংশ। [২১] এবং ফেরেসের সন্তানেরা এই২ খেস্রোণহইতে খেস্রোণীয়েরদের বংশ খামূলহইতে খামূলীয়েরদের বংশ। [২২] য়িহুদাহ্বংশেতে গণিতেরদের সংখ্যানুসারে তাহারদের বংশ এই২ ছেহত্তরি হাজার পাঁচ শত জন।

[২৩] আপন২ বংশানুসারে য়িশ্শাকরের সন্তানেরা তোলাহইতে তোলাঈয়েরদের বংশ ও পুআহ্হইতে পুআহীরদের বংশ। [২৪] য়াশূবহইতে য়াশূবীয়েরদের বংশ ও শিমরোণহইতে শিমরোণীয়েরদের বংশ। [২৫] আপন২ গণিতেরদের সংখ্যানুসারে য়িশ্শাকরের বংশ্য চৌষট্টি হাজার তিনশত জন।

[২৬] আপন২ বংশানুসারে জিবূলুনের সন্তান সেরেদহইতে সেরেদীয়েরদের বংশ এলোনহইতে এলোনীয়েরদের বংশ য়খ্লীএলহইতে য়খ্লীএলীয়েরদের বংশ। [২৭] আপন২ গণিতেরদের সংখ্যানুসারে জিবূলুনীয়েরদের বংশ্য এই২ ষাটি হাজার পাঁচ শত জন।

[২৮] আপন২ বংশানুসারে যুসফের পুত্র মনশেহ্ ও এফরয়িম [২৯] মনশেহের সন্তান হইতে বিশেষতঃ মাখিরহইতে মাখিরীয়েরদের বংশ এবং মাখির গিলিআদকে জন্ম দিল গিলিআদহইতে গিলিআদীয়েরদের বংশ। [৩০] গিলিআদের সন্তান এই২ য়িএজেরহইতে য়িএজেরীয়েরদের বংশ ও খেলেকহইতে খেলেকীয়েরদের বংশ। [৩১] এবং আশ্রীএলহইতে আশ্রীএলীয়েরদের বংশ ও শেকেমহইতে শেকেমীয়েরদের বংশ। [৩২] এবং শিমীদআহ্হইতে শিমীদআহীয়েরদের বংশ ও খেফেরহইতে খেফেরীয়েরদের বংশ।

[৩৩] এবং খেফেরের পুত্র সিলোফেখাদের পুত্র ছিল না কেবল কন্যা এবং সিলোফেখাদের কন্যারদের নাম মাখ্লাহ্ ও নোআহ্ ও খোগলাহ্ ও মিলকাহ্ ও তিরসাহ্। [৩৪] এই২ মনশেহের বংশ এবং তাহারদের মধ্যে যাহারা গণিত ছিল তাহারা বাওয়ান্ন হাজার সাত শত জন।

[৩৫] আপন২ বংশানুসারে এফরয়িমের সন্তান এই২ শুতেলাখ্হইতে শুতেলাখীয়েরদের বংশ বেকেরহইতে বেকেরীয়েরদের বংশ [৩৬] তাখানহইতে তাখানীয়েরদের বংশ এবং ইহারা শুতেলাখের সন্তান এরাণহইতে এরাণীয়েরদের বংশ। [৩৭] এফরয়িমের সন্তানেরদের মধ্যে যাহারা গণিত ছিল তৎসংখ্যানুসারে এই২ তাহারদের বংশ বত্রিশ হাজার পাঁচ শত জন তাহারদের বংশানুসারে ইহারা যুসফের সন্তান।

[৩৮] আপন২ বংশানুসারে বেন্যামিনের সন্তান বেলআহইতে বেলআঈয়েরদের বংশ ও আশবেলহইতে আশবেলীয়েরদের বংশ ও আখীরামহইতে আখীরামীয়েরদের বংশ। [৩৯] শূফামহইতে শূফামীয়েরদের বংশ ও খূফামহইতে খূফামীয়েরদের বংশ। [৪০] এবং

বেলআর সন্তান আরদ ও নঅমান আরদহইতে আরদীয়েরদের বংশ নঅমানহইতে নঅমানীয়েরদের বংশ [৪১] স্বস্ববংশানুসারে ইহারা বেন্যামিনের সন্তান এবং তাহারদের মধ্যে যাহারা গণিত ছিল তাহারা পঁয়তাল্লিশ হাজার ছয় শত জন।

[৪২] আপন২ বংশানুসারে ইহারা দানের সন্তান শূখামহইতে শূখামীয়েরদের বংশ আপন২ বংশানুসারে ইহারা দানের বংশ। [৪৩] শূখামীয়েরদের বংশের মধ্যে যাহারা গণিত ছিল তৎসংখ্যানুসারে তাহারদের তাবদ্বংশ্য চৌষট্টি হাজার চারি শত জন।

[৪৪] আপন২ বংশানুসারে আশেরের সন্তান য়িমনাহ্‌হইতে য়িমনাহীয়েরদের বংশ এবং য়িশুঈহইতে য়িশুঈয়েরদের বংশ বিরিআহ্‌হইতে বিরিআহীয়েরদের বংশ [৪৫] বিরিআহের সন্তানহইতে বিশেষতঃ খেবেরহইতে খেবেরীয়েরদের বংশ মলখীএলহইতে মলখীএলীয়েরদের বংশ। [৪৬] এবং আশেরের কন্যার নাম শারখ্। [৪৭] আশেরের সন্তানেরদের মধ্যে যাহারা গণিত ছিল তৎসংখ্যানুসারে এইং তাহারদের বংশ্য তিপ্পান্ন হাজার চারিশত জন।

[৪৮] আপন২ বংশানুসারে নপ্তালির সন্তান য়িখ্‌সিএলহইতে য়িখ্‌সিএলীয়েরদের বংশ গুনিহইতে গুনীয়েরদের বংশ। [৪৯] য়েসেরহইতে য়েসেরীয়েরদের বংশ শিলেমহইতে শিলেমীয়েরদের বংশ। [৫০] আপন২ বংশানুসারে ইহারা নপ্তালির বংশ্য তাহারদের মধ্যে যাহারা গণিত ছিল তাহারা পঁয়তাল্লিশ হাজার চারি শত জন। [৫১] য়িশ্রাএলের সন্তানেরদের মধ্যে ইহারা গণিত ছয় লক্ষ এক হাজার সাত শত ত্রিশ জন।

[৫২] অপর য়িহুহ মোশহ্‌কে কহিলেন [৫৩] নামের সংখ্যানুসারে অধিকারার্থে ইহারদের প্রতি দেশ বিভক্ত হইবে। [৫৪] অধিককে অধিক অধিকার দিবা এবং অল্পকে তুমি অল্প অধিকার দিবা এক২ জনের গণিতেরদের সংখ্যানুসারে তাহারদের অধিকার দেওয়া যাইবে। [৫৫] কিন্তু দেশ গুলিবাঁটদ্বারা বিভক্ত হইবে আপন২ পিতৃবংশের নামানুসারে তাহারা অধিকার করিবে [৫৬] অধিকের কিম্বা অল্পের মধ্যে তত্তৎগুলিবাঁটানুসারে তত্তদধিকার বিভক্ত হইবে।

[৫৭] এবং আপন২ বংশানুসারে লৈবেরদের মধ্যে যাহারা গণিত হইল তাহারা এইং গেরশোনহইতে গেরশোনীয়েরদের বংশ ও কিহাতহইতে কিহাতীয়েরদের বংশ ও মিরারিহইতে মিরারীয়েরদের বংশ। [৫৮] লৈবেরদের বংশ এইং লিবনীয়েরদের বংশ খেবরোণীয়েরদের বংশ মাখলীয়েরদের বংশ ও মূশীয়েরদের বংশ ও কোরাখীয়েরদের বংশ এবং কিহাত অমরামকে জন্ম দিল। [৫৯] এবং অমরামের ভার্য্যার নাম য়োকেবেদ সেই লেবির ঔরসে মিসরেতে জাতা লেবির কন্যা এবং সে অমরামের কারণ আহরোণকে ও মোশহ্‌কে ও তাহারদের ভগিনী মিরিআমকে প্রসবিল। [৬০] এবং আহরোণের ঔরসে নাদাব ও আবিহু ও এলিএজের ও ইতামার জন্মিল। [৬১] এবং নাদাব ও আবিহু যখন য়িহুহের সম্মুখে অন্যাগ্নি নিবেদন করিল তখন তাহারা মরিল। [৬২] এবং তাহারদের মধ্যে যাহারা গণিত ছিল তাহারা তেইশ হাজার সকলে এক মাস এবং তদধিকবয়স্ক পুরুষ সন্তান যেহেতুক য়িশ্রাএলের সন্তানেরদের মধ্যে তাহারদের কোন অধিকার দত্ত না হওয়াপ্রযুক্ত তাহারা য়িশ্রাএলের সন্তানেরদের মধ্যে গণিত ছিল না।

[৬৩] য়িরিখুর নিকটস্থ য়র্দনসমীপে মোআবের মাঠে য়িশ্রাএলের সন্তানেরদের গণনাকারি মোশহ্ ও এলিএজেরযাজককর্ত্তৃক যাহারা গণিত ছিল তাহারা এইং। [৬৪] কিন্তু সীনাই অরণ্যে য়িশ্রাএলের সন্তানগণনাকারি মোশহ্ ও আহরোণ যাজককর্ত্তৃক গণিতেরদের এক জন ইহারদের মধ্যে ছিল না। [৬৫] যেহেতুক য়িহুহ তাহারদের বিষয়ে কহিয়াছিলেন যে তাহারা নিশ্চয়ে এই অরণ্যে মরিবে তাহাতে য়িফুন্নেহের পুত্র কালেব ও নূনের পুত্র য়িহোশুঅ ব্যতিরেকে তাহারদের মধ্যে এক জনও অবশিষ্ট রহিবে না।

## ২৭ পর্ব্ব।

[১] তদনন্তর য়ুসফের পুত্র মনশেহের বংশেরদের মধ্যে মনশেহের পুত্র মাকীরের পুত্র গিলিআদের পুত্র খেফেরের সন্তান সিলোফিখাদের কন্যারা আইল এবং তাহার কন্যারদের এইং নাম মখ্‌লাহ্ ও নোআহ্ ও খোগলাহ্ ও মিলকাহ্ ও তিরসাহ্। [২] এবং তাহারা মোশহের সম্মুখে এবং এলিএজেরযাজকের সম্মুখে ও অধ্যক্ষেরদের এবং সমস্ত মণ্ডলীর সম্মুখে মণ্ডল্যাবাসের দ্বারনিকটে ইহা কহত দাঁড়াইল। [৩] আমারদের পিতা অরণ্যেতে মরিলেন এবং কোরখের মণ্ডলীতে য়িহুহের প্রতিকূলে বিরোধকারিরদের মণ্ডলীর মধ্যে তিনি ছিলেন না কিন্তু তিনি আপন পাপে মরিলেন ও তাহার পুত্রসন্তান ছিল না। [৪] পুত্রসন্তান না থাকাপ্রযুক্ত আমারদের পিতার নাম

তাহার বংশমধ্যহইতে কেন লোপ পাইবে অত
এব আমারদের পিতৃবংশীয় ভ্রাতারদের মধ্যে
আমারদিগকে অধিকার দেও। [৫] এবং মো
শহ্ তাহারদের বিষয় য়িহুহের সম্মুখে উপ
স্থিত করিল।

[৬] অপর য়িহুহ মোশহ্‌কে কহিলেন [৭]
সিলোফিথাদের কন্যারা যথার্থ কহিয়াছে তা
হারদের পিতৃব্যেরদের মধ্যে তুমি অবশ্য তাহার
দিগকে ভূম্যধিকার দিবা এবং তাহারদের পি
তার অধিকার তুমি তাহারদিগেতে উপগত করা
ইবা। [৮] এবং তুমি য়িশ্‌রাএলের সন্তানের
দিগকে কহিবা যদি কোন মানুষ মরে ও তাহার
পুত্র না থাকে তবে তোমরা তাহার অধিকার
তাহার কন্যাকে দিবা। [৯] এবং তাহার কন্যা
যদি না থাকে তবে তোমরা তাহার অধিকার তা
হার ভ্রাতারদিগকে দিবা। [১০] এবং যদি তা
হার ভ্রাতা না থাকে তবে তোমরা তাহার অধি
কার তাহার পিতৃব্যেরদিগকে দিবা। [১১] এবং
তাহার পিতৃব্য যদি না থাকে তবে তাহার অধি
কার তাহার বংশে তন্নিকটস্থ জ্ঞাতিকে দিবা
এবং সে তাহার অধিকার করিবে এবং য়িহুহ
মোশহ্‌কে যেমন আজ্ঞা করিলেন তেমন ইহা
য়িশ্‌রাএলের সন্তানেরদের প্রতি এক বিধি হই
বে।

[১২] অপর য়িহুহ মোশহ্‌কে কহিলেন তুমি
এই অবারিমপর্ব্বতে আরোহণ কর এবং য়িশ্
রাএলের সন্তানেরদিগকে আমি যে দেশ দিয়া
ছি তাহা দেখ। [১৩] এবং তাহা দেখিলে
পর তোমার ভ্রাতা আহরোণের মত তুমি আ
পন লোকেরদের নিকটে সংগৃহীত হইবা।
[১৪] যেহেতুক সিনারণ্যে মণ্ডলীর গোচরে জল
নিকটে আমাকে পবিত্র করণবিষয়ে তাহারদের
বিসম্বাদেতে তোমরা আমার বিপরীতাচার ক
রিলা তাহাই সিনারণ্যে স্থিত কাদেশস্থ মিরীবাহ্
জল।

[১৫] অপর মোশহ্ য়িহুহকে কহিল [১৬]
হে সর্ব্ব প্রাণিরদের আত্মার ঈশ্বর য়িহুহ তা
হারদের অগ্রগামী হইয়া বাহির হয় ও তাহার
দের অগ্রগামী হইয়া প্রবেশ করে এবং তাহার
দিগকে বাহিরে লইয়া যায় ও তাহারদিগকে প্র
বেশ করায় [১৭] এমত এক মনুষ্য মণ্ডলীর উপ
রে নিযুক্ত করুন যে য়িহুহের মণ্ডলী রক্ষকহীন
মেষের মত না হয়।

[১৮] অপর য়িহুহ মোশহ্‌কে কহিলেন যা
হার মধ্যে আত্মা আছে এমত যে নূনের পুত্র
য়িহোশুআ তাহাকে লইয়া তুমি তাহার উপরে
আপন হাত অর্পণ কর। [১৯] এবং তাহাকে
এলিএজেরযাজকের সম্মুখে ও সমস্ত মণ্ডলীর
সম্মুখে উপস্থিত করিয়া তাহারদের গোচরে তা
হাকে আজ্ঞা কর। [২০] এবং তুমি আপন স
ম্মান যৎকিঞ্চিৎ লইয়া তাহার উপরে দিবা যে
য়িশ্‌রাএলের সন্তানেরদের সমস্ত মণ্ডলী মানে
[২১] এবং য়িহুহের সম্মুখে উরিমের বিচারানু
সারে তদর্থে জিজ্ঞাসাকারি এলিএজের যাজ
কের সম্মুখে সে দাঁড়াইবে তাহার বাক্যে তাহা
রা বাহির হইবে এবং তাহার বাক্যে তাহারা প্র
বেশ করিবে বিশেষতঃ সে ও তাহার সহিত য়িশ্
রাএলের সন্তানেরা অর্থাৎ সমস্ত মণ্ডলী। [২২]
এবং য়িহুহ মোশহ্‌কে যেমন আজ্ঞা করিলেন
তেমন সে করিল এবং সে য়িহোশুআকে লই
য়া এলিএজেরযাজকের সম্মুখে ও সমস্ত মণ্ড
লীর সম্মুখে তাহাকে খাড়া করিল। [২৩]
এবং সে তাহার উপরে আপন হাত অর্পণ ক
রিল এবং য়িহুহ মোশহ্‌দ্বারা যেমন আজ্ঞা ক
রিলেন তেমন সে আজ্ঞা করিল।

## ২৮ পর্ব্ব।

[১] অনন্তর য়িহুহ মোশহ্‌কে কহিলেন [২]
য়িশ্‌রাএলের সন্তানেরদিগকে আজ্ঞা কর ও তা
হারদিগকে কহ আমার উদ্দেশে সুগন্ধার্থে অগ্নি
কৃত আমার হব্যার্থক নৈবেদ্য অর্থাৎ আমার
রুটি তোমরা তন্নিরূপিত কালে আমার উদ্দেশে
নিবেদন করিবা।

[৩] এবং তুমি তাহারদিগকে কহিবা য়িহু
হের উদ্দেশে অগ্নিকৃত যে নৈবেদ্য তোমরা নি
বেদন করিবা তাহা এই নিত্য হোমার্থে প্রতিদি
বস প্রথমবর্ষীয় নিখুঁত দুই মেষের বাচ্চা। [৪]
মেষের এক বাচ্চা তুমি প্রাতঃকালে হোম করি
বা এবং মেষের অন্য বাচ্চা তুমি সন্ধ্যাকালে
হোম করিবা। [৫] এবং উপকরণার্থে হিনের
চতুর্থাংশ আলোড়িত তৈলেতে মিশ্রিত এফা
হের দশমাংশ সুজি। [৬] তাহাই য়িহুহের উ
দ্দেশে সুগন্ধার্থক অগ্নিকৃত হব্যার্থে সীনাই প
র্ব্বতে নিরূপিত নিত্য হোম। [৭] এবং তাহার
এক মেষের বাচ্চার নিমিত্তে তৎপানীয় নৈবেদ্য
হিনের চতুর্থাংশ হইবে পানীয় নৈবেদ্যার্থে
পবিত্র স্থানে তুমি য়িহুহের উদ্দেশে মদিরা ঢালা
ইবা। [৮] এবং অন্য মেষের বাচ্চা তুমি স
ন্ধ্যাকালে নিবেদন করিবা প্রাতঃকালের উপক
রণ যে মত এবং তৎপানীয় নৈবেদ্য যেমত সে
মত তুমি তাহা য়িহুহের উদ্দেশে অগ্নিদ্বারা কৃত
সুগন্ধিকর হব্যরূপ নিবেদন করিবা।

[৯] এবং শাবত দিনে উপকরণার্থে প্রথমব
র্ষীয় দুই নিখুঁত মেষের বাচ্চা এবং তৈলেতে মি
শ্রিত দুই দশমাংশ সুজি এবং তৎপানীয় নৈ

[illegible]। [১০] নিত্যহোমব্যতিরেকে ও তৎপা
নীয়ব্যতিরেকে প্রতিশাবতের হোম এই।
[১১] এবং তোমারদের মাসের আরম্ভে যি
হুহের উদ্দেশে অগ্নিকৃত সুগন্ধিকর হব্যার্থে
তোমরা যিহুহের উদ্দেশে দুই আঁড়িয়াবাছুর
এবং এক মেষ এবং প্রথমবর্ষীয় নিখুঁত সাত মে
ষের বাচ্চা হোমরূপ নিবেদন করিবা। [১২]
এক বাছুরের নিমিত্তে উপকরণার্থে তৈলেতে মি
শ্রিত তিন দশমাংশ সুজি এবং উপকরণার্থে এক
মেষের সহিত তৈলেতে মিশ্রিত দুই দশমাংশ
সুজি। [১৩] এবং উপকরণার্থে এক মেষের বা
চ্চার সহিত তৈলেতে মিশ্রিত এক দশমাংশ
সুজি। [১৪] এবং এক বাছুরের কারণ তৎপা
নীয় নৈবেদ্যার্থে অর্দ্ধহিন দ্রাক্ষারস এবং এক
মেষের কারণ হিনের তৃতীয়াংশ এবং এক মে
ষের বাচ্চার কারণ হিনের চতুর্থাংশ সম্বৎসরে
প্রতিমাসের কর্ত্তব্য মাসিক হোম এই। [১৫]
এবং নিত্য হোমব্যতিরেকে ও তৎপানীয়ব্যতিরে
কে যিহুহের উদ্দেশে পাপনিমিত্তক এক ছাগল
বাচ্চা নিবেদিত হইবে।

[১৬] অপর প্রথম মাসের চতুর্দ্দশ দিবসেতে
যিহুহের পেসাখ্ পর্ব্ব [১৭] এবং সেই মাসের
পঞ্চদশ দিবসে উৎসব সাত দিবস বেখমির রুটি
খাওয়া যাইবে। [১৮] প্রথম দিবসে পবিত্র স
মাহ্বান তাহাতে তোমরা কোন মজুরি কর্ম্ম করি
বা না। [১৯] কিন্তু যিহুহের উদ্দেশে হোমার্থে
তোমরা অগ্নিকৃত এক নৈবেদ্য নিবেদন করিবা
বিশেষতঃ দুই আঁড়িয়াবাছুর ও এক মেষ ও
প্রথমবর্ষীয় সাত মেষের বাচ্চা তাহারা তোমার
দের অর্থে নিখুঁত হইবে। [২০] এবং তদুপক
রণ তৈলেতে মিশ্রিত সুজিতে হইবে বিশেষতঃ
এক বাছুরের কারণ তিন দশমাংশ এবং এক মে
ষের কারণ তোমরা দুই দশমাংশ নিবেদন করি
বা। [২১] এবং সাত মেষের বাচ্চার সর্ব্বত্র এক২
মেষের বাচ্চার কারণ এক২ দশমাংশ [২২]
এবং আপনার কারণ প্রায়শ্চিত্ত করিতে পাপনি
মিত্তক এক ছাগল নিবেদন করিবা। [২৩] প্রাতঃ
কালের হব্যার্থে নিত্য হোমব্যতিরেকে তোমরা
এই সকল নিবেদন করিবা। [২৪] এই বিধানু
সারে সে সাত দিবস ব্যাপিয়া প্রতিদিবস তোম
রা যিহুহের উদ্দেশে অগ্নিকৃত সুগন্ধিকর হব্য
অন্ন নিবেদন করিবা নিত্য হোম এবং তৎপা
নীয়ব্যতিরেকে তাহা নিবেদিত হইবে। [২৫]
এবং সপ্তম দিবসে তোমারদের পবিত্র সমা
হ্বান হইবে তোমরা কোন মজুরি কার্য্য করিবা
না।

[২৬] অপর প্রথম ফলের দিবসে যখন তোম
রা যিহুহের উদ্দেশে নূতন উপকরণ আন তখন
তোমারদের সপ্তাহের পরে তোমারদের এক প
বিত্র সমাহ্বান হইবে তাহাতে তোমরা কোন ম
জুরি কর্ম্ম করিবা না। [২৭] কিন্তু যিহুহের উদ্দে
শে সুগন্ধার্থে তোমরা হোমীয় দুই আঁড়িয়াবা
ছুর ও এক মেষ ও প্রথমবর্ষীয় সাত মেষের বা
চ্চা নিবেদন করিবা। [২৮] এবং তদুপকরণ তৈ
লেতে মিশ্রিত সুজি বিশেষতঃ এক বাছুরের কা
রণ তিন দশমাংশ এবং এক মেষের কারণ দুই
দশমাংশ। [২৯] সাত মেষের মধ্যে এক২ মে
ষের বাচ্চার কারণ এক২ দশমাংশ। [৩০]
এবং তোমারদের কারণ প্রায়শ্চিত্তার্থে এক ছা
গলবাচ্চা। [৩১] নিত্য হোম ও তদুপকরণ ও
তত্তৎপানীয় নৈবেদ্যব্যতিরেকে তোমরা এই স
মস্ত নিবেদন করিবা সে সকল তোমারদের কা
রণ নিখুঁত হইবে।

## ২৯ পর্ব্ব।

[১] অপর সপ্তম মাসে মাসের প্রথমে তো
মারদের পবিত্র সমাহ্বান হইবে তোমরা কোন
মজুরি কার্য্য করিবা না তাহাই তোমারদের প্রতি
তূরী বাজাইবার দিবস। [২] এবং যিহুহের
উদ্দেশে সুগন্ধার্থে তোমরা এক হব্য নিবেদন
করিবা বিশেষতঃ এক আঁড়িয়াবাছুর ও এক
মেষ ও প্রথমবর্ষীয় মেষের সাত নিখুঁত বাচ্চা
[৩] এবং তত্তদুপকরণ তৈলেতে মিশ্রিত সুজি
বিশেষতঃ এক বাছুরের কারণ তিন দশমাংশ ও
এক মেষের কারণ দুই দশমাংশ। [৪] এবং
সাত মেষের বাচ্চার সর্ব্বত্র এক২ মেষের বাচ্চার
কারণ এক২ দশমাংশ। [৫] এবং যিহুহের উদ্দে
শে অগ্নিকৃত সুগন্ধিকর হোমার্থক মাসিক হোম
ও তদুপকরণ ও নিত্য হোম ও তদুপকরণ [৬]
এবং তত্তৎপানীয় নৈবেদ্যব্যতিরেকে স্বস্ববিধানু
সারে তোমারদের কারণ প্রায়শ্চিত্তার্থে পাপনি
মিত্তক এক ছাগলের বাচ্চা।

[৭] এবং এই সপ্তম মাসের দশমে তোমার
দের পবিত্র সমাহ্বান হইবে এবং তোমরা আপ
নারদের প্রাণেতে ক্লেশ দিবা তোমরা কোন ম
জুরি কর্ম্ম করিবা না। [৮] কিন্তু যিহুহের উদ্দে
শে সুগন্ধার্থে তোমরা এক হব্য নিবেদন করিবা।
বিশেষতঃ এক আঁড়িয়াবাছুর ও এক মেষ ও প্র
থমবর্ষীয় সাত মেষের বাচ্চা সে সকল তোমার
দের প্রতি নিখুঁত হইবে। [৯] এবং তাহারদের
উপকরণ এক বাছুরের কারণ তৈলেতে মিশ্রিত
তিন দশমাংশ এবং এক মেষের কারণ দুই দশ
মাংশ সুজি। [১০] সাত মেষের বাচ্চার সর্ব্বত্র
এক২ মেষের বাচ্চার কারণ এক২ দশমাংশ
[১১] প্রায়শ্চিত্তার্থে পাপনিমিত্তক নৈবেদ্য ও

নিত্য হোম ও তদুপকরণ ও তৎপানীয় নৈবেদ্যব্যতিরেকে পাপনিমিত্তক এক ছাগলবাচ্চা।

[১২] এবং সপ্তম মাসের পঞ্চদশ দিবসে তোমার এক পবিত্র সমাস্থান হইবে তোমরা কোন মজুরি কর্ম্ম করিবা না এবং তোমরা সাত দিবস ব্যাপিয়া য়িহুহের উদ্দেশে উৎসবপালন করিবা। [১৩] এবং তোমরা য়িহুহের উদ্দেশে অগ্নিকৃত সুগন্ধিকর হব্য নিবেদন করিবা বিশেষতঃ তের আঁড়িয়াবাছুর ও দুই মেষ ও প্রথমবর্ষীয় চৌদ্দ মেষের বাচ্চা সে সকলই নিখুঁত হইবে। [১৪] এবং তদুপকরণ তৈলেতে মিশ্রিত সুজি অর্থাৎ তের বাছুরের প্রত্যেক বাছুরের কারণ তিন দশমাংশ এবং দুই মেষের এক২ মেষের কারণ দুই২ দশমাংশ। [১৫] এবং চৌদ্দ মেষের বাচ্চার প্রত্যেক বাচ্চার কারণ এক২ দশমাংশ। [১৬] এবং নিত্য হোম ও তদুপকরণ ও তৎপানীয় নৈবেদ্যব্যতিরেকে পাপনিমিত্তক এক ছাগলবাচ্চা।

[১৭] এবং দ্বিতীয় দিবসে বার আঁড়িয়াবাছুর ও দুই মেষ ও প্রথমবর্ষীয় নিখুঁত চৌদ্দ মেষের বাচ্চা [১৮] এবং বাছুরের কারণ ও মেষের কারণ ও মেষবাচ্চার কারণ তাহারদের উপকরণ ও তাহারদের পানীয় নৈবেদ্য তৎসংখ্যানুসারে বিধানুযায়ি। [১৯] এবং নিত্য হোম ও তদুপকরণ ও তৎপানীয় নৈবেদ্যব্যতিরেকে পাপনিমিত্তক এক ছাগল বাচ্চা।

[২০] এবং তৃতীয় দিবসে এগার বাছুর ও দুই মেষ ও প্রথমবর্ষীয় নিখুঁত চৌদ্দ মেষবাচ্চা। [২১] এবং বাছুরের ও মেষের ও মেষবাচ্চার কারণ তত্তৎসংখ্যানুসারে বিধানুযায়ি তদুপকরণ ও তত্তৎপানীয় নৈবেদ্য [২২] এবং নিত্য হোম এবং তদুপকরণ এবং তৎপানীয়ব্যতিরেকে পাপনিমিত্তক এক ছাগলবাচ্চা।

[২৩] এবং চতুর্থ দিবসে দশ বাছুর ও দুই মেষ ও প্রথমবর্ষীয় চৌদ্দ নিখুঁত মেষবাচ্চা। [২৪] বাছুরের ও মেষের ও মেষবাচ্চার কারণ তত্তৎসংখ্যানুসারে বিধানুযায়ি তাহারদের উপকরণ ও তাহারদের পানীয় নৈবেদ্য। [২৫] এবং নিত্য হোম ও তদুপকরণ ও তৎপানীয় নৈবেদ্যব্যতিরেকে পাপনিমিত্তক এক ছাগলবাচ্চা।

[২৬] এবং পঞ্চম দিবসে নয় বাছুর ও দুই মেষ ও প্রথমবর্ষীয় চৌদ্দ নিখুঁত মেষবাচ্চা। [২৭] এবং বাছুরের ও মেষের ও মেষবাচ্চার কারণ তত্তৎসংখ্যানুসারে বিধানুযায়ি তাহারদের উপকরণ ও তাহারদের পানীয় নৈবেদ্য। [২৮] এবং নিত্য হোম ও তদুপকরণ ও তৎপানীয় নৈবেদ্যব্যতিরেকে পাপনিমিত্তক এক ছাগল।

[২৯] এবং ষষ্ঠ দিবসে আট বাছুর ও দুই মেষ ও প্রথমবর্ষীয় চৌদ্দ নিখুঁত মেষবাচ্চা। [৩০] এবং বাছুরের ও মেষের ও মেষবাচ্চার কারণ তত্তৎসংখ্যানুসারে বিধানুযায়ি তাহারদের উপকরণ এবং তাহারদের পানীয় নৈবেদ্য [৩১] এবং নিত্য হোম ও তদুপকরণ ও তৎপানীয় নৈবেদ্যব্যতিরেকে পাপনিমিত্তক এক ছাগল।

[৩২] এবং সপ্তম দিবসে সাত বাছুর ও দুই মেষ ও প্রথমবর্ষীয় নিখুঁত চৌদ্দ মেষবাচ্চা। [৩৩] এবং বাছুরের ও মেষের ও মেষবাচ্চার কারণ তত্তৎসংখ্যানুসারে বিধানুযায়ি তাহারদের উপকরণ ও তাহারদের পানীয় নৈবেদ্য। [৩৪] এবং নিত্য হোম ও তদুপকরণ ও তৎপানীয় নৈবেদ্যব্যতিরেকে পাপনিমিত্তক এক ছাগল।

[৩৫] এবং অষ্টম দিবসে তোমারদের মান্যোৎসব হইবে তোমরা কোন মজুরি কর্ম্ম করিবা না। [৩৬] কিন্তু তোমরা য়িহুহের উদ্দেশে অগ্নিকৃত সুগন্ধিকর হব্য নিবেদন করিবা বিশেষতঃ এক বাছুর এক মেষ প্রথমবর্ষীয় সাত নিখুঁত মেষবাচ্চা। [৩৭] বাছুরের ও মেষের ও মেষবাচ্চার কারণ তত্তৎসংখ্যানুসারে বিধানুযায়ি তাহারদের উপকরণ ও তাহারদের পানীয় নৈবেদ্য। [৩৮] এবং নিত্য হোম ও তদুপকরণ ও তৎপানীয় নৈবেদ্যব্যতিরেকে পাপনিমিত্তক এক ছাগল। [৩৯] তোমারদের ব্রত ও তোমারদের স্বেচ্ছাপূর্ব্বক নৈবেদ্যব্যতিরেকে তোমারদের হোমের ও তোমারদের উপকরণের ও তোমারদের পানীয় নৈবেদ্যের ও তোমারদের স্বস্ত্যয়ননৈবেদ্যের কারণ তোমারদের নিরূপিত পর্ব্বেতে য়িহুহের উদ্দেশে তোমরা এই২ সকল করিবা [৪০] পরে য়িহুহ মোশহ্‌কে যে সকল আজ্ঞা করিয়াছিলেন তদনুসারে মোশহ্ য়িশ্রাএলের সন্তানেরদিগকে কহিল।

## ৩০ পর্ব্ব।

[১] অপর য়িশ্রাএলের সন্তানেরদের বিষয়ে বংশের প্রধানেরদিগকে মোশহ্ কহিল য়িহুহ যাহা আজ্ঞা করিয়াছেন তাহা এই। [২] যদি কোন মনুষ্য য়িহুহের উদ্দেশে ব্রত করিতে মানত করে কিম্বা আপন প্রাণ বন্ধনদ্বারা বদ্ধ করিতে দিব্য করে তবে সে আপন বাক্য ব্যর্থ করিবে না তাহার মুখহইতে যে সকল নির্গত হইয়াছে সে তদনুসারে তাহা করিবে।

[৩] যদি কোন স্ত্রী কুমার্য্যবস্থাতে আপন পিতৃগৃহে বাসসময়ে য়িহুহের উদ্দেশে মানত করে এবং আপনাকে বন্ধনদ্বারা বদ্ধা করে। [৪]

এবং তাহার পিতা তাহার মানত ও সে যদ্দ্বারা
আপন প্রাণকে বদ্ধ করিয়াছে সে বন্ধনবাক্য
শুনে এবং তাহার পিতা তাহাকে কিছু না কহে
তবে তাহার সকল মানত দৃঢ় হইবে এবং সে য
দ্দ্বারা আপন প্রাণকে বদ্ধ করিয়াছে সে সমস্ত
বন্ধন স্থির হইবে। [৫] কিন্তু শ্রবণদিবসে যদি
তাহার পিতা তাহাকে নিষেধ করে তবে তাহার
কোন মানত ও সে যদ্দ্বারা আপন প্রাণকে বদ্ধ
করিয়াছিল সে বন্ধনের কোন এক বন্ধন স্থির হ
ইবে না এবং য়িহুহ তাহা ক্ষমা করিবেন যেহে
তুক তাহার পিতা তাহাকে নিষেধ করিল। [৬]
এবং সে যখন মানত করিল তখন যদি তাহার
স্বামী থাকে কিম্বা যদ্দ্বারা সে আপন প্রাণকে
বদ্ধ করিল এমন কোন বাক্য যদি মুখ দিয়া প্রকা
শ করে। [৭] এবং তাহার স্বামী তাহা শুনিয়া
থাকে এবং শ্রবণদিবসে কিছু না কহিয়া থাকে
তবে তাহার মানত স্থির হইবে এবং সে যদ্দ্বারা
আপন প্রাণকে বদ্ধ বরিয়াছিল সে বন্ধনও স্থির
হইবে। [৮] কিন্তু শুবণদিবসে যদি তাহার স্বা
মী তাহাকে নিষেধ করিয়া থাকে তবে সে যে
মানত করিয়াছিল এবং সে যদ্দ্বারা আপন প্রাণ
কে বদ্ধ করিয়াছিল এমত যে তাহার মুখের বা
ক্য তাহা বৃথা করিবে তাহাতে য়িহুহ তাহা ক্ষমা
করিবেন।

[৯] কিন্তু বিধবা এবং স্বামিকর্ত্তৃক ত্যক্তা স্ত্রী
যদ্দ্বারা আপনার প্রাণ বদ্ধ করে এমত তাহার
দের প্রত্যেক মানত স্থির হইবে। [১০] এবং
আপন স্বামির ঘরে থাকিয়া যদি সে মানত ক
রিয়া থাকে কিম্বা দিব্যেতে আপন প্রাণকে বন্ধন
দ্বারা বদ্ধ করিয়া থাকে। [১১] এবং তাহার
স্বামী শুনিয়া তুষ্ণীভূত হইয়া তাহাকে নিষেধ
না করিয়া থাকে তবে তাহার সমস্ত মানত স্থির
হইবে এবং সে যদ্দ্বারা আপন প্রাণকে বদ্ধ করি
য়াছে সে সমস্ত বন্ধন স্থির হইবে। [১২] কিন্তু
শুবণদিবসে তাহার স্বামী সে সকল যদি নিতান্ত
বৃথা করিয়া থাকে তবে তাহার মানতবিষয়ে ও
তাহার প্রাণের বন্ধনবিষয়ে তাহার মুখহইতে
নির্গত বাক্য স্থির হইবে না তাহার স্বামী তাহা
ব্যর্থ করিয়াছে এবং য়িহুহ তাহা ক্ষমা করিবেন।
[১৩] তাহার প্রত্যেক মানত ও তাহার প্রাণে
ক্লেশদায়ক প্রত্যেক বন্ধনরূপ দিব্য তাহার স্বামী
স্থির করিতে পারে ও তাহার স্বামী তাহা ব্যর্থ
করিতে পারে। [১৪] কিন্তু তাহার স্বামী যদি
দিনে২ সর্ব্বপ্রকারে তুষ্ণীভূত হইয়া থাকে তবে
সে তাহার সমস্ত মানত কিম্বা তদুপরিস্থিত তা
হার সমস্ত বন্ধন স্থির করে সে সে সকল স্থির
করে যেহেতুক শুবণদিবসে সে চুপ করিয়াছিল।
[১৫] কিন্তু শুনিলে পরে যদি সে কোন প্রকারে
সে সকল ব্যর্থ করে তবে তাহার দোষ সে আপ
নি ভোগ করিবে। [১৬] পুরুষ ও তাহার স্ত্রীর
বিষয়ে এবং পিতা ও তাহার গৃহস্থিত অবিবাহি
তা কন্যার বিষয়ে য়িহুহ মোশহ্কে যে আজ্ঞা
করিলেন তাহা এই।

## ৩১ পর্ব্ব।

[১] অনন্তর য়িহুহ মোশহ্কে কহিলেন [২]
য়িশ্রাএলের সন্তানেরদের বিষয়ে মিদিয়ানীয়ে
রদের প্রতিকার কর পরে তুমি আপন লোকের
দের নিকটে সংগৃহীত হইবা। [৩] তাহাতে
মোশহ্ লোকেরদিগকে কহিল যুদ্ধার্থে তোমার
দের কতক লোকেরদিগকে সসজ্জ কর এবং তা
হারা য়িহুহনিমিত্তক মিদিয়ানীয়েরদের প্রতী
কার করিতে মিদিয়ানীয়েরদের প্রতিকূলে যুদ্ধ ক
রিতে যাউক। [৪] য়িশ্রাএলের সমস্ত বংশের
সর্ব্বত্র তোমরা প্রত্যেক বংশহইতে এক২ সহস্র
জনকে যুদ্ধেতে প্রেরণ করিবা। [৫] তাহাতে য়িশ্
রাএলের সহস্র২হইতে এক২ বংশের এক২ সহস্র
জন অর্পিত হইল অর্থাৎ যুদ্ধার্থে বারসহস্র স
জ্জিত লোক। [৬] এবং মোশহ্ তাহারদিগকে
এক২ বংশের এক২ সহস্রকে যুদ্ধেতে প্রেরণ ক
রিল অর্থাৎ তাহারদিগকে এবং যুদ্ধেতে পবিত্র
পাত্র সঙ্গে করিয়া ও বাজাইবার কারণ তুরী হা
তে করিয়া এলিএজেরযাজকের পুত্র ফিনিখা
সকে। [৭] এবং য়িহুহ মোশহ্কে যেমন আ
জ্ঞা করিয়াছিলেন তেমন তাহারা মিদিয়ানী
য়েরদের প্রতিকূলে যুদ্ধ করিয়া সমস্ত পুরুষেরদি
গকে মারিয়া ফেলিল। [৮] এবং যাহারা মারা
পড়িল বিশেষতঃ এবি ও রেকেম ও সুর ও খুর
ও রেবআ মিদিয়ানের এ পাঁচ রাজাব্যতিরেকে
তাহারা মিদিয়ানের রাজারদিগকে মারিয়া ফে
লিল বেওরের পুত্র বিলআমকেও তাহারা তলো
আরেতে হত করিল। [৯] এবং য়িশ্রাএলের
সন্তানেরা মিদিয়ানের সমস্ত স্ত্রীরদিগকে ও তা
হারদের বালকেরদিগকে বন্দী করিল এবং তা
হারদের সমস্ত পশুরদিগকে ও তাহারদের সমস্ত
পালেরদিগকে ও তাহারদের সমস্ত সংস্থানকে
লুটিয়া লইয়া গেল। [১০] এবং তাহারদের
সমস্ত নিবাসনগর ও তাহারদের সমস্ত সুনির্ম্মিত
গড় তাহারা অগ্নিতে দগ্ধ করিল। [১১] এবং
মনুষ্য বা পশুরূপ সমস্ত লুট ও ধৃত দ্রব্য তাহারা
লইয়া গেল। [১২] এবং তাহারা বন্দীরদিগ
কে ও ধৃত দ্রব্য ও লুট মোশহের ও এলিএজের
যাজকের ও য়িশ্রাএলের সন্তানেরদের মণ্ডলীর
নিকটে য়িরিখুর নিকটস্থিত য়রদনসমীপস্থ মো
আবের মাঠে ছাউনিতে আনিল।

[১৩] এবং মোশহ্ ও এলিএজেরযাজক ও
মণ্ডলীর সমস্ত অধ্যক্ষেরা তাহারদের সহিত মিল
নার্থে ছাউনির বাহিরে গেল। [১৪] এবং যুদ্ধ
হইতে আগত সেনাপতিরদের প্রতি অর্থাৎ স
হস্রপতিরদের প্রতি ও শতপতিরদের প্রতি মো
শহ্ ক্রুদ্ধ ছিল [১৫] এবং মোশহ্ তাহারদিগ
কে কহিল তোমরা কি সমস্ত স্ত্রীরদিগকে বাঁচা
ইয়া রাখিয়াছ। [১৬] দেখ বিলআমের
পরামর্শেতে পিওরের বিষয়ে য়িহুহের প্রতি
কূলে ইহারা য়িশ্রাএলের সন্তানেরদিগকে
পাপ করাইয়াছিল তাহাতে য়িহুহের মণ্ডলীতে
মরক উপস্থিত হইল। [১৭] অতএব এখন বা
লকেরদের মধ্যে সমস্ত পুরুষবালক মারিয়া
ফেল এবং পুরুষসংসর্গেতে জ্ঞাতপুরুষা সমস্ত
স্ত্রীরদিগকে মারিয়া ফেল। [১৮] কিন্তু অজ্ঞাত
পুরুষা সমস্ত বালিকারদিগকে আপনারদের
কারণ বাঁচাইয়া রাখ। [১৯] এবং তোমরা
ছাউনির বাহিরে সাত দিবস বাস কর এবং যে
কেহ কোন কাহাকে হত্যা করিয়াছে ও যে কেহ
কোন মরা স্পর্শ করিয়াছে তোমরা আপনা
রদিগকে ও আপনার বন্দীরদিগকে তৃতীয় দিবসে
এবং সপ্তম দিবসে পবিত্র কর। [২০] এবং
সর্ব্বপ্রকার বস্ত্র এবং চর্ম্মনির্ম্মিত সর্ব্বপ্রকার দ্রব্য
এবং ছাগলের লোমকৃত সমস্ত বস্তু এবং কাষ্ঠ
নির্ম্মিত সমস্ত পাত্র পবিত্র কর।

[২১] এবং এলিএজেরযাজক যুদ্ধেতে গমন
কারি যোদ্ধারদিগকে কহিল য়িহুহ মোশহ্কে
যে আজ্ঞা করিয়াছিলেন সে ব্যবস্থার বিধি এই।
[২২] কিন্তু সোণা ও রূপা ও পিত্তল ও লৌহ
ও রাঙ্গ ও সীসা ইত্যাদি যে সকল দ্রব্য অগ্নি
সহে সে সকল তোমরা অগ্নিতে প্রবেশ করাই
বা তাহাতে তাহা পবিত্র হইবে [২৩] তথাপি
তাহা ভিন্নার্থক জলদ্বারা শোধা যাইবে এবং
যে সকল দ্রব্য অগ্নি সহে না সে সকল তোমরা
জলমধ্যে প্রবেশ করাইবা। [২৪] এবং সপ্তম
দিবসে তোমরা আপনারদের বস্ত্র ধুইবা তাহা
তে তোমরা পবিত্র হইবা পরে ছাউনিতে প্রবেশ
করিবা।

[২৫] পরে য়িহুহ মোশহ্কে কহিলেন [২৬]
তুমি ও এলিএজেরযাজক ও মণ্ডলীর পিতৃবং
শের প্রধানেরা ধৃত দ্রব্য অর্থাৎ মনুষ্যের ও প
শুরদের সঙ্খ্যা লও। [২৭] এবং যুদ্ধার্থে গমন
কারি যোদ্ধারদের মধ্যে এবং সমস্ত মণ্ডলীর
মধ্যে ধৃত দ্রব্যের দুই অংশ কর। [২৮] এবং
যুদ্ধেতে গমনকারি যোদ্ধারদের স্থানে য়িহুহের
নিমিত্তে করগ্রহণ কর বিশেষতঃ পাচশত প্রাণির
মধ্যে এক প্রাণী অর্থাৎ মনুষ্যের ও পশুর ও
গর্দ্দভের ও মেষের। [২৯] তাহারদের অ
র্দ্ধাংশহইতে লইয়া য়িহুহের উদ্দেশে উত্তোল
নীয় নৈবেদ্যার্থে এলিএজেরযাজককে দেও।
[৩০] এবং য়িশ্রাএলের সন্তানেরদের অর্দ্ধাংশ
হইতে তুমি পঞ্চাশ অংশের মধ্যে একাংশ গ্র
হণ করিবা অর্থাৎ মনুষ্যহইতে ও গরুহইতে ও
গর্দ্দভহইতে ও মেষহইতে ও সকল প্রকার জন্তু
হইতে লইয়া সে সকল য়িহুহের আবাসরক্ষা
কারি রক্ষক লৈবেরদিগকে দিবা। [৩১] এবং
য়িহুহ মোশহ্কে যেমন আজ্ঞা করিয়াছিলেন
তেমন মোশহ্ ও এলিএজেরযাজক করিল। [৩২]
এবং ধৃত দ্রব্য অর্থাৎ যোদ্ধৃকর্ত্তৃক ধৃত অবশিষ্ট
লুট ছয়লক্ষ পঁচাত্তর হাজার মেষ [৩৩] এবং
বাহাত্তর হাজার গরু ছিল। [৩৪] এবং একা
ত্তর হাজার গর্দ্দভ। [৩৫] এবং পুরুষ সংসর্গ
দ্বারা অজ্ঞাতপুরুষা স্ত্রী সকলসুদ্ধ বত্রিশ হা
জার জন। [৩৬] এবং যুদ্ধেতে গমনকারির
দের অর্দ্ধাংশের সংখ্যা তিন লক্ষ সাঁইত্রিশ হা
জার পাঁচশত মেষ ছিল। [৩৭] এবং মেষহই
তে উৎপন্ন য়িহুহের কর ছয়শত পঁচাত্তর।
[৩৮] এবং গরু ছত্রিশ হাজার তাহার মধ্যে
য়িহুহের কর বাহাত্তর। [৩৯] এবং গর্দ্দভ ত্রিশ
হাজার পাঁচশত তাহার মধ্যে য়িহুহের কর এক
ষট্টি। [৪০] এবং মনুষ্য ষোল হাজার তাহার
মধ্যে য়িহুহের কর বত্রিশ প্রাণী। [৪১] এবং
য়িহুহ মোশহ্কে যেমন আজ্ঞা করিয়াছিলেন
তেমন মোশহ্ য়িহুহের কর অর্থাৎ উত্তোলনীয়
নৈবেদ্য এলিএজের যাজককে দিল।

[৪২] অপর মোশহ্ যে যোদ্ধারদিগহইতে
য়িশ্রাএলের সন্তানেরদের যে অর্দ্ধাংশ লইয়া
ছিল [৪৩] অর্থাৎ মণ্ডলীর অর্দ্ধাংশ তিনলক্ষ
ত্রিশ হাজার বিশেষতঃ সাত হাজার পাঁচ শত
মেষ [৪৪] ও ছত্রিশ হাজার গরু [৪৫] ও ত্রিশ
হাজার পাঁচ শত গর্দ্দভ [৪৬] ও ষোল হাজার
মনুষ্য। [৪৭] অর্থাৎ য়িশ্রাএলের সন্তানের
দের সে অর্দ্ধাংশহইতে মোশহ্ মনুষ্যের ও
পশুর পঞ্চাশ ভাগের এক ভাগ গ্রহণ করিয়া য়ি
হুহ মোশহ্কে যেমন আজ্ঞা করিয়াছিলেন তে
মন য়িহুহের আবাসের রক্ষণীয় রক্ষাকারি লৈ
বেরদিগকে দিল।

[৪৮] অপর সৈন্যেরদের সহস্রোপরি কর্ত্তৃত্ব
কারিরা অর্থাৎ সহস্রপতিরা ও শতপতিরা মোশ
হের নিকটে আইল। [৪৯] এবং তাহারা মো
শহ্কে কহিল আপনারদের হস্তগত যোদ্ধার
দের সংখ্যা তোমার দাসেরা লইয়াছে এবং তা
হারদের মধ্যে এক জন ন্যূন নাই। [৫০] অত
এব প্রতিজন যাহা২ পাইয়াছে অর্থাৎ সোণার

পাত্র ও ভিঞ্জির ও বলয় ও অঙ্গুরীয়ক ও কুণ্ডল
ও চন্দ্রহার সে সকলহইতে আমরা য়িহুহের স
ম্মুখে আপনারদের প্রাণের কারণ প্রায়শ্চিত্ত
করিতে য়িহুহের উদ্দেশে নৈবেদ্য আনিয়াছি।
[৫১] এবং মোশহ্ ও এলিএজেরযাজক তাহার
দেরহইতে সে স্বর্ণ লইল অর্থাৎ সকলই শিল্প
কৃত অলঙ্কার। [৫২] এবং য়িহুহের উদ্দেশে
নিবেদিত সহস্রপতিরদের ও শতপতিরদের নৈ
বেদ্যের সমস্ত স্বর্ণ ষোল হাজার সাতশত প
ঞ্চাশ শেকেল ছিল। [৫৩] যেহেতুক যোদ্ধারা
প্রত্যেকে আপন২ কারণ লুটগ্রহণ করিয়াছিল।
[৫৪] পরে মোশহ্ ও এলিএজেরযাজক সহস্রপ
তিরদিগহইতে ও শতপতিরদিগহইতে সে স্বর্ণ
লইয়া য়িহুহের উদ্দেশে য়িশ্রাএলের সন্তানের
দের স্মারক হওনার্থে মণ্ডল্যাবাসেতে আনিল।

৩২ পর্ব্ব।

[১] অপর রিউবেণের সন্তানেরদের এবং
গাদের সন্তানেরদের অতিবৃহৎ পশুসমূহ ছিল
পরে যখন তাহারা যইজের ও গিলিআদদেশ
দেখিল যে দেখ সে স্থান পশুর উপযুক্ত স্থান।
[২] তখন গাদের সন্তানেরা ও রিউবেণের সন্তা
নেরা আসিয়া মোশহ্কে ও এলিএজেরযাজক
কে ও মণ্ডলীর অধ্যক্ষেরদিগকে কহিল [৩] যে
অটারোত ও দীবোন ও যইজের ও নিমরাহ্ ও
খেশবোন ও এলিআলেহ্ ও শিবাম ও নিবো
ও বিওন [৪] অর্থাৎ যে দেশ য়িহুহ য়িশ্রাএ
লের সন্তানেরদের সম্মুখে প্রহার করিয়াছেন
তাহাই পশুর উপযুক্ত দেশ এবং তোমার দা
সেরদের পশু আছে। [৫] অতএব তাহারা
কহিল আমরা যদি তোমার দৃষ্টিতে অনুগ্রহ
পাইয়া থাকি তবে এই দেশ তোমার দাসের
দিগকে অধিকারের কারণ দেওয়া যাউক আ
মারদিগকে য়রদন পার লইয়া যাইও না।

[৬] পরে মোশহ্ গাদের সন্তানেরদিগকে ও
রিউবেণের সন্তানেরদিগকে কহিল তোমারদের
ভ্রাতারা কি যুদ্ধ করিতে যাইবে ও তোমরা এ
স্থানে বসিয়া থাকিবা। [৭] এবং যে দেশ য়ি
হুহ য়িশ্রাএলের সন্তানেরদিগকে দিয়াছেন সে
দেশে পার হইয়া যাওনবিষয়ে তোমরা কেন তা
হারদের মন নিরাশ কর। [৮] দেশানুসন্ধানা
র্থে যখন আমি তোমারদের পিতারদিগকে কা
দেশ বারণেআহইতে প্রেরণ করিলাম তখন তা
হারা এইরূপ করিয়াছিল। [৯] যেহেতুক যখন
তাহারা এশকালের তলভূমিপর্য্যন্ত গেল ও দেশ
দেখিল তখন তাহারা য়িশ্রাএলের সন্তানের
মন নিরাশ করিল যে য়িহুহ যে দেশ তাহারদি
গকে দিয়াছিলেন সে দেশে না যায়। [১০]
তাহাতে সে সময়ে য়িহুহের ক্রোধ প্রজ্বলিত
হইল এবং তিনি ইহা কহিয়া শপথ করিলেন
যে দেশের বিষয়ে আমি অবরাহামের ও য়িস্
খাকের ও য়আকুবের প্রতি দিব্য করিয়া ছিলাম
[১১] সম্পূর্ণরূপে আমার অনুগত কেনেজীয়
য়িফনেহের পুত্র কালেব ও নূনের পুত্র য়িহোশু
আব্যতিরেকে [১২] বিংশতি বৎসর বয়স্কাবধি
করিয়া মিসরহইতে আগত সমস্ত মনুষ্যেরদের
মধ্যে নিশ্চয়ে কোন কেহ সে দেশ দেখিবে না
কেননা কালেব ও য়িহোশুআ সম্পূর্ণরূপে য়িহু
হের অনুগত ছিল। [১৩] তাহাতে য়িশ্রাএ
লের প্রতিকূলে য়িহুহের ক্রোধ প্রজ্বলিত হইল
এবং য়িহুহের দৃষ্টিতে কুকর্ম্মকারি সমস্ত বং
শের বিনাশ না হওয়াপর্য্যন্ত তিনি তাহারদিগকে
চল্লিশবৎসর অরণ্যে ভ্রমণ করাইলেন। [১৪]
এবং দেখ য়িশ্রাএলের প্রতিকূলে য়িহুহের দৃঢ়
ক্রোধ আরো বাড়াইবার নিমিত্তে তোমরা আপ
নারদের পিতৃস্থানবর্ত্তি বর্দ্ধিত পাপিসমূহরূপে
উৎপন্ন হইয়াছ। [১৫] যেহেতুক যদি তোমরা
তাঁহার পশ্চাদ্গমনহইতে পারাবৃত্ত হও তবে
তিনি পুনরপি তাহারদিগকে অরণ্যে ত্যাগ করি
বেন এবং তোমরা এ সমস্ত লোকেরদিগকে বি
নষ্ট করিবা।

[১৬] অপর তাহারা তাহার নিকটে আসিয়া
কহিল আমরা এই স্থানে আপনারদের পশুর
কারণ মেষবাথান ও আপনারদের বালকের
দের কারণ নগর নির্ম্মাণ করিব। [১৭] কিন্তু যা
বৎ য়িশ্রাএলের সন্তানেরদিগকে স্বস্থানে না আ
নাই তাবৎ আমরা তাহারদের অগ্রে সসজ্জ
হইয়া গমন করিব এবং আমারদের বালকেরা
দেশনিবাসিপ্রযুক্ত প্রাচীরবেষ্টিত নগরেতে বাস
করিবে। [১৮] যাবৎ য়িশ্রাএলের সন্তানেরা
প্রত্যেক জনে আপন২ অধিকার না পায় তাবৎ
আমরা আপন২ ঘরে ফিরিয়া আসিব না।
[১৯] যেহেতুক য়রদনের ওপার বাতদগ্রে আ
মরা তাহারদের সহিত অধিকারগ্রহণ করিব না
কেননা য়রদনের এপারে পূর্ব্বদিগে আমারদের
অধিকার পড়িয়াছে।

[২০] অপর মোশহ্ তাহারদিগকে কহিল
তোমরা যদি এ কর্ম্ম কর অর্থাৎ তোমরা যদি স
সজ্জ হইয়া য়িহুহের অগ্রে যুদ্ধার্থে যাও। [২১]
এবং যাবৎ তিনি আপন শত্রুরদিগকে আপন
সম্মুখহইতে বাহির না করেন তাবৎ তোমরা স
কলে য়িহুহের সম্মুখে সসজ্জ হইয়া য়রদন
পার হও। [২২] এবং দেশ য়িহুহের সম্মুখে
বশীভূত হয় তবে তাহার পরে তোমরা ফিরি
য়া আসিবা এবং য়িহুহের সাক্ষাৎ ও য়িশ্রা

এলের সাক্ষাৎ নির্দ্দোষী হইবা এবং এ দেশে
য়িহুহের সম্মুখে তোমারদের অধিকার হইবে।
[২৩] কিন্তু তোমরা যদি তদ্রূপ না কর তবে
দেখ তোমরা য়িহুহের প্রতিকূলে অপরাধ করি
য়াছ এবং নিশ্চয়ে জান যে তোমারদের পাপ
তোমারদের উদ্দেশ পাইবে। [২৪] তোমরা
আপনারদের সন্তানেরদের নিমিত্তে নগর এবং
আপনারদের পশুরদের নিমিত্তে বাথান নির্ম্মাণ
কর এবং তোমারদের মুখহইতে নির্গত সমস্ত
বাক্যানুসারে কর। [২৫] পরে গাদের সন্তানে
রা এবং রিউবেণের সন্তানেরা মোশহ্কে কহিল
আমারদের প্রভু যেমন আজ্ঞা করিয়াছেন তদনু
সারে তোমার দাসেরা করিবে। [২৬] আমার
দের সন্তান ও আমারদের ভার্য্যা ও আমারদের
পাল ও আমারদের সমস্ত পশু সে স্থানে গিলি
আদের নগরেতে থাকিবে [২৭] কিন্তু আমার
প্রভু যেমন বলেন তেমন তোমার দাসেরা প্রত্যে
কে সসজ্জ হইয়া যুদ্ধ করিতে য়িহুহের সম্মুখে
পার হইয়া যাইবে। [২৮] তাহাতে মোশহ্ তা
হারদের বিষয়ে এলিএজেরযাজককে ও নূনের
পুত্র য়িহোশুআকে ও য়িশ্রাএলের সন্তানের
দের গোষ্ঠীর পিতৃপ্রধানেরদিগকে আজ্ঞা করিল।
[২৯] এবং মোশহ্ তাহারদিগকে কহিল গাদের
সন্তানেরা ও রিউবেণের সন্তানেরা যদি প্রত্যেক
জনে তোমারদের সহিত সসজ্জ হইয়া যুদ্ধ করি
তে য়িহুহের সম্মুখে য়রদন পার হয় এবং তো
মারদের সম্মুখে দেশ বশীকৃত হয় তবে তোমরা
তাহারদিগকে গিলিআদদেশ অধিকারার্থে দি
বা। [৩০] কিন্তু যদি তাহারা সসজ্জ হইয়া তো
মারদের সহিত পার না হয় তবে তাহারা তোমার
দের মধ্যে কনআনদেশে অধিকার পাইবে।
[৩১] পরে গাদের সন্তানেরা ও রিউবেণের সন্তা
নেরা প্রত্যুত্তর করিল যে য়িহুহ আপনার দাসে
রদিগকে যাহা কহিয়াছেন তদনুসারে আমরা
করিব। [৩২] আমরা য়িহুহের সম্মুখে সসজ্জ
হইয়া কনআনদেশে পার হইয়া যাইব যে য়র
দন এপারস্থ অধিকার আমারদের হয়। [৩৩]
তাহাতে মোশহ্ তাহারদিগকে অর্থাৎ গাদের
সন্তানেরদিগকে ও রিউবেণের সন্তানেরদিগকে
ও যুসফের পুত্র মনশেহের বংশের অর্দ্ধেককে
আমোরীয়েরদের রাজা সীখোনের রাজ্য ও
বাশানের রাজা ওগের রাজ্য বিশেষতঃ সে দেশ
ও তাহার সহিত তৎসীমাস্থিত নগর অর্থাৎ চতু
র্দ্দিকস্থ দেশের নগর দিল।
[৩৪] এবং গাদের সন্তানেরা দীবোন ও অটা
রোত ও অরোএর [৩৫] এবং অটরোত ও শো
ফান ও যইজের ও য়াগবিহাহ্ [৩৬] এবং বীৎ
নিমরাহ্ ও বীৎহারাণ নামে প্রাচীরবেষ্টিত নগর
ও মেষবাথান গ্রন্থন করিল। [৩৭] এবং রিউবে
ণের সন্তানেরা নামান্তরীভূত খেশবোন ও এলি
আলেহ্ ও কির্য্যাতায়িম [৩৮] এবং নিবো ও
বঅলমিওননগর এবং শিবমাহ্ গ্রন্থন করিয়া
স্বকর্তৃক গ্রন্থিত নগরের অন্য নাম রাখিল। [৩৯]
এবং মনশেহের পুত্র মাকীরের সন্তানেরা গিলি
আদে যাইয়া তাহা আক্রমণ করিল এবং তৎস্থা
নবাসি আমোরীয়েরদিগকে বিগতাধিকার করি
ল। [৪০] এবং মোশহ্ মনশেহের পুত্র মাকী
রকে গিলিআদ দিল এবং সে তাহাতে বাস করি
ল। [৪১] পরে মনশেহের পুত্র যাইর যাইয়া
তাহার ক্ষুদ্র২ গ্রাম আক্রমণ করিয়া তাহারদের
নাম খবোতয়াইর রাখিল। [৪২] এবং নোবখ্
যাইয়া কিনত ও তাহার নগর আক্রমণ করিয়া
আপন নামানুসারে তাহার নাম নোবখ্ রা
খিল।

## ৩৩ পর্ব্ব।

[১] মোশহের ও আহরোণের অধীন হইয়া
মিসরদেশহইতে স্বস্বসৈন্যানুসারে বাহির হইয়া
আইল যে য়িশ্রাএলের সন্তানেরা তাহারদের
যাত্রা এই২। [২] এবং মোশহ্ য়িহুহের আ
জ্ঞাতে তাহারদের গমনানুসারে তাহারদের যা
ত্রা লিখিয়া রাখিল এবং তাহারদের গমনানু
সারে তাহারদের যাত্রা এই২। [৩] এবং প্রথম
মাসেতে প্রথম মাসের পঞ্চদশ দিবসে তাহারা
রঅমিসেসহইতে প্রস্থান করিল অর্থাৎ পেসাখ্
পর্ব্বের পর দিবসে য়িশ্রাএলের সন্তানেরা সম
স্ত মিসরীয়েরদের গোচরে পরাক্রান্তহস্ত হইয়া
বাহির হইল। [৪] যেহেতুক তাহারদের মধ্যে
য়িহুহকর্তৃক হত প্রথমজাত সকলকে মিসরীয়ে
রা কবর দিয়াছিল এবং তাহারদের দেবেরদের
উপরেও য়িহুহ দণ্ড নিষপন্ন করিলেন। [৫]
এবং য়িশ্রাএলের সন্তানেরা রঅমিসেসহইতে
প্রস্থান করিয়া সুকোতে ছাউনি করিল। [৬]
এবং তাহারা সুকোতহইতে প্রস্থান করিয়া অর
ণ্যপ্রান্তস্থ এতামে ছাউনি করিল। [৭] এবং তা
হারা এতামহইতে উঠিয়া যাইয়া বঅলসিফো
নসম্মুখস্থিত পীহাখীরোতে পুনর্ব্বার ফিরিয়া
আইল এবং তাহারা মিগদোলসম্মুখে ছাউনি
করিল। [৮] পরে তাহারা পীহাখীরোতের
সম্মুখহইতে প্রস্থান করিয়া সমুদ্রমধ্য দিয়া অর
ণ্যে প্রবেশ করিল এবং এতামারণ্যেতে তিন দিব
সের পথ যাইয়া মারাহে ছাউনি করিল। [৯]
এবং তাহারা মারাহহইতে উঠিয়া যাইয়া এলি
মে আইল এবং এলিমে বারো জলাশয় ও সত্ত
রি খর্জ্জূরবৃক্ষ ছিল এবং তাহারা সেস্থানে ছাউনি

করিল। [১০] পরে তাহারা এলিমহইতে প্রস্থা
ন করিয়া সূফার্ণবসমীপে ছাউনি করিল। [১১]
এবং তাহারা সূফার্ণবহইতে উঠিয়া যাইয়া সী
নারণ্যেতে ছাউনি করিল। [১২] পরে তাহারা
সীনারণ্যহইতে যাত্রা করিয়া দাফকাহে ছাউনি
করিল। [১৩] এবং তাহারা দাফকাহ্হইতে
প্রস্থান করিয়া আলূশে ছাউনি করিল। [১৪]
এবং তাহারা আলূশহইতে উঠিয়া যাইয়া রেফি
দিমে ছাউনি করিল সেস্থানে লোকেরদের পা
নার্থে জল ছিল না। [১৫] এবং তাহারা রেফি
দিমহইতে প্রস্থান করিয়া সীনাই অরণ্যে ছাউনি
করিল। [১৬] পরে তাহারা সীনাই অরণ্যহই
তে উঠিয়া কিবরোতহত্তআবাহে ছাউনি করিল।
[১৭] এবং তাহারা কিবরোতহত্তআবাহ্হইতে
প্রস্থান করিয়া খ্সেরোতে ছাউনি করিল। [১৮]
এবং তাহারা খ্সেরোতহইতে প্রস্থান করিয়া
রিতমাহেতে ছাউনি করিল। [১৯] এবং তাহা
রা রিতমাহ্হইতে প্রস্থান করিয়া রিমোণপারে
সে ছাউনি করিল। [২০] এবং তাহারা রিমোণ
পারেস্হইতে প্রস্থান করিয়া লিবনাহে ছাউনি
করিল। [২১] এবং তাহারা লিবনাহ্হইতে উঠি
য়া যাইয়া রিসাহে ছাউনি করিল। [২২] এবং
তাহারা রিসাহ্হইতে যাত্রা করিয়া কিহেলাতা
হে ছাউনি করিল। [২৩] এবং তাহারা কিহে
লাতাহ্হইতে যাইয়া শাফেরপর্ব্বতে ছাউনি
করিল। [২৪] এবং তাহারা শাফেরপর্ব্বতহই
তে উঠিয়া যাইয়া খরাদাহে ছাউনি করিল।
[২৫] এবং তাহারা খরাদাহ্হইতে উঠিয়া যাই
য়া মকহেলোতে ছাউনি করিল। [২৬] এবং
তাহারা মকহেলোতহইতে উঠিয়া যাইয়া তাখ্য
তে ছাউনি করিল। [২৭] এবং তাহারা তাখ্য
তহইতে প্রস্থান করিয়া তারখে ছাউনি করিল।
[২৮] এবং তাহারা তারখহইতে উঠিয়া যাইয়া
মিত্তকাহে ছাউনি করিল। [২৯] এবং তাহা
রা মিত্তকাহ্হইতে যাইয়া খ্শমোনাহে ছাউনি
করিল। [৩০] এবং তাহারা খ্শমোনাহ্হইতে
প্রস্থান করিয়া মোসেরোতে ছাউনি করিল।
[৩১] এবং তাহারা মোসেরোতহইতে প্রস্থান
করিয়া বিনেয়অ্কানে ছাউনি করিল। [৩২]
এবং তাহারা বিনেয়অ্কানহইতে উঠিয়া যাইয়া
হোরহাগিদগাদে ছাউনি করিল। [৩৩] এবং
তাহারা হোরহাগিদগাদহইতে যাইয়া য়টবাতা
হে ছাউনি করিল। [৩৪] এবং তাহারা য়টবা
তাহ্হইতে উঠিয়া যাইয়া অবরোণাহে ছাউনি
করিল। [৩৫] এবং তাহারা অবরোণাহ্হইতে
প্রস্থান করিয়া এসিওনগাবেরেতে ছাউনি করি
ল। [৩৬] এবং তাহারা এসিওনগাবেরহইতে
উঠিয়া যাইয়া সিনারণ্যস্থ কাদেশে ছাউনি করিল
[৩৭] এবং তাহারা কাদেশহইতে উঠিয়া যাইয়া
এদোমদেশের সীমাস্থিত হোরপর্ব্বতে ছাউনি
করিল। [৩৮] এবং আহরোণযাজক য়িহুহের
বাক্যেতে হোরপর্ব্বতে উঠিয়া গেল এবং য়িশ্
রাএলের সন্তানেরদের মিসরদেশহইতে বাহির
হইয়া আইসনের চল্লিশ বৎসরের পঞ্চম মাসের
প্রথমে সেস্থানে মরিল। [৩৯] এবং আহরোণ
হোরপর্ব্বতে যখন মরিল তখন সে একশত তে
ইশবৎসরবয়স্ক ছিল। [৪০] অপর দক্ষিণ
দেশস্থ কনআনদেশবাসি কনআনীয় আরাদ
রাজা য়িশ্রাএলের সন্তানেরদের আগমনসম্বা
দ শুনিল। [৪১] পরে তাহারা হোরপর্ব্বতহই
তে প্রস্থান করিয়া সলমোনাহে ছাউনি করিল।
[৪২] এবং তাহারা সলমোনাহ্হইতে প্রস্থান
করিয়া পূনোনে ছাউনি করিল। [৪৩] এবং
তাহারা পূনোনহ্ইতে প্রস্থান করিয়া ওবোতে
ছাউনি করিল। [৪৪] এবং তাহারা ওবোতহ
ইতে প্রস্থান করিয়া মোআবপ্রান্তস্থিত ঈয়িঅবা
রিমে ছাউনি করিল। [৪৫] এবং তাহারা ঈয়ি
অবারিমহ্ইতে প্রস্থান করিয়া দীবোনগাদে ছা
উনি করিল। [৪৬] এবং তাহারা দীবোনগাদ
হইতে উঠিয়া যাইয়া অলমোনদিবলাতাইমে ছা
উনি করিল। [৪৭] এবং তাহারা অলমোনদি
বলাতাইমহইতে উঠিয়া যাইয়া নিবোসম্মুখস্থ
অবারিমপর্ব্বতে ছাউনি করিল। [৪৮] এবং
তাহারা অবারিমপর্ব্বতহইতে প্রস্থান করিয়া য়ি
রিখূনিকটস্থ য়রদনসমীপস্থিত মোআবারণ্যে
তে ছাউনি করিল। [৪৯] এবং তাহারা য়রদন
নিকটে বীৎয়িশিমোতাবধি করিয়া আবেলশি
টিমপর্য্যন্ত মোআবের মাঠেতে ছাউনি করিয়া
রহিল।

[৫০] অপর য়িহুহ য়িরিখুনিকটস্থ য়রদনস
মীপে মোআবের মাঠেতে মোশহ্কে কহিলেন
[৫১] য়িশ্রাএলের সন্তানেরদিগকে কহ ও তা
হারদিগকে বল যখন তোমরা য়রদন পার হই
য়া কনআনদেশে পঁহুছিবা [৫২] তখন তোমরা
আপনারদের সম্মুখহ্ইতে দেশবাসি সকলকে
বাহির করিয়া ফেলিবা এবং তাহারদের সমস্ত
প্রতিমা নাশ করিবা ও তাহারদের সমস্ত ছাঁচু
য়া প্রতিমা নাশ করিবা এবং তাহারদের সমস্ত
দেবপীঠ নিঃশেষরূপে ভাজিয়া ফেলিবা। [৫৩]
এবং দেশের লোকেরদিগকে নিরধিকার করিয়া
তাহাতে বাস করিবা কেননা অধিকারনিমিত্তে
আমি তোমারদিগকে সে দেশ দিয়াছি। [৫৪]
এবং তোমরা গুলিবাঁটদ্বারা স্বস্ববংশানুসারে অ
ধিকারনিমিত্তে দেশ ভাগ করিয়া লইবা অধিক

লোককে তোমরা অধিক অধিকার দিবা এবং
অল্পকে তোমরা অল্প অধিকার দিবা যে প্র
ত্যেক জনের বাঁট যে স্থানে পড়ে সে স্থানে যে
প্রত্যেক জনের অধিকার হইবে স্বস্বপিতৃবংশানু
সারে তোমরা অধিকার করিবা। [৫৫] কিন্তু যদি
তোমরা আপনারদের সম্মুখহইতে দেশনিবা
সিরদিগেক দূর না কর তবে এমত হইবে তাহার
দের মধ্যে যাহারদিগকে তোমরা অবশিষ্ট রাখ
তাহারা তোমারদের চক্ষুতে সূচি ও তোমারদের
কোঁকেতে কণ্টক হইবে এবং তোমরা যে দেশে
বাস কর সে দেশে তাহারা তোমারদিগকে ক্লেশ
দিবে। [৫৬] আরো এমত হইবে আমি যাহা
তাহারদের প্রতি করিতে মনে করিয়াছিলাম তদ
নুসারে তোমারদের প্রতি করিব।

৩৪ পর্ব্ব ।

[১] অনন্তর য়িহুহ মোশহ্কে কহিলেন [২]
য়িশ্রাএলের সন্তানেরদিগকে আজ্ঞা কর ও তা
হারদিগকে কহ তোমরা যখন কনআনদেশে পঁ
হুছ অধিকারার্থে যে দেশ তোমারদের ভাগে
পড়ে অর্থাৎ তাহার সীমাসুদ্ধ কনআনদেশ
এই২। [৩] তখন সিনারণ্যাবধি করিয়া এদো
মের সীমা হইয়া তোমারদের দক্ষিণাংশ হইবে
এবং পূর্ব্বদিগে লবণসমুদ্রের পার্শ্বস্থ কূল তো
মারদের দক্ষিণ সীমা হইবে। [৪] এবং তো
মারদের সীমা দক্ষিণদিগহইতে ফিরিয়া অক্রবি
মের চড়াউপথ হইয়া সিনপর্য্যন্ত যাইবে এবং
তন্নির্গমন দক্ষিণদিগহইতে আসিয়া কাদেশবার
ণেজ্ঞা এবং খসরঅদার হইয়া অসমোনের প্রতি
যাইবে। [৫] এবং ঐ সীমা অসমোনহইতে
মিসরনদীপর্য্যন্ত বেড়িয়া আসিবে এবং তন্নির্গ
মন সমুদ্রতীরে হইবে। [৬] এবং পশ্চিম
সীমা এই মহাসমুদ্র তোমারদের সীমা হইবে
ইহা তোমারদের পশ্চিম সীমা হইবে। [৭]
এবং তোমারদের উত্তর সীমা এই হইবে বিশে
ষতঃ মহাসমুদ্রহইতে তোমরা হোরপর্ব্বত নিরূ
পণ করিবা। [৮] হোরপর্ব্বতহইতে তোমরা
খমাত প্রবেশস্থান নিরূপণ করিবা তৎসীমার
নির্গমন সিদাদপর্য্যন্ত হইবে। [৯] এবং সে
সীমা জিফরোণপর্য্যন্ত যাইবে এবং তন্নির্গমন
খসরএনানে হইবে ইহা তোমারদের উত্তর সী
মা হইবে। [১০] এবং তোমরা খসরএনান
হইতে শিফামপর্য্যন্ত আপনারদের পূর্ব্বসীমা
নিরূপণ করিবা। [১১] এবং সে সীমা আই
নের পূর্ব্বদিক হইয়া শিফামহইতে উত্তরিয়া রি
বলাহ্পর্য্যন্ত যাইবে এবং সে সীমা উত্তরিয়া পূ
র্ব্বদিক্স্থ কিনেরেতার্ণবের কূলস্পর্শ করিবে। [১২]
এবং সে সীমা য়রদনপর্য্যন্ত উত্তরিয়া যাইবে
এবং তন্নির্গমন লবণসমুদ্রে হইবে তচ্চতুর্দ্দিক্স্থ
সীমানুসারে এই তোমারদের দেশ হইবে। [১৩]
অপর মোশহ্ য়িশ্রাএলের সন্তানেরদিগকে
ইহা কহিয়া আজ্ঞা করিলেন যে দেশ তোমরা
গুলিবাঁটদ্বারা অধিকার করিবা অর্থাৎ যাহা
সাড়ে নয় বংশকে দিতে য়িহুহ আজ্ঞা করিয়াছি
লেন সে দেশ এই। [১৪] যেহেতুক রিউবেণের
সন্তানেরদের বংশোরা আপন২ পিতৃবংশানু
সারে এবং গাদের সন্তানেরদের বংশোরা আ
পন২ পিতৃবংশানুসারে এবং মনশেহের অর্দ্ধ
বংশ আপন২ অধিকার পাইয়াছ। [১৫] য়র
দনের এপারে য়িরিখুনিকটে পূর্ব্বে সূর্য্যোদয়
দিগে আড়াই বংশ তাহারদের অধিকার পাই
য়াছে।

[১৬] অপর য়িহুহ মোশহ্কে কহিলেন [১৭]
বিভাগ করিয়া যাহারা দেশ তোমারদিগকে দিবে
সে মনুষ্যেরদের এই২ নাম এলিএজের যাজক ও
নূনের পুত্র য়িহোশুআ। [১৮] এবং অধিকারানু
সারে দেশবিভাগকরণার্থে তোমরা প্রত্যেক বংশ
হইতে এক২ জন অধ্যক্ষ গ্রহণ করিবা। [১৯] সে
মনুষ্যেরদের নাম এই২ য়িহুদাহ্বংশের য়িফুনে
হের পুত্র কালেব। [২০] এবং শিমিওনের সন্তা
নেরদের বংশের অমীহুদের পুত্র শেমুএল।
[২১] বেন্যামিনবংশের কিসলোনের পুত্র এ
লীদাদ। [২২] এবং দানের সন্তানেরদের বং
শের অধ্যক্ষ য়াগলির পুত্র বুকি। [২৩] মনশে
হের সন্তানেরদের বংশার্থে যুসফের সন্তানে
রদের অধ্যক্ষ এফোদের পুত্র খনীএল। [২৪]
এবং এফরয়িমের সন্তানেরদের বংশের অধ্যক্ষ
শিফটানের পুত্র কিমুএল [২৫] এবং জিবূলু
নের সন্তানেরদের বংশের অধ্যক্ষ পরণাকের
পুত্র এলীসাফান। [২৬] এবং য়িশাকরের স
ন্তানেরদের বংশের অধ্যক্ষ অজানের পুত্র পা
লটীএল। [২৭] এবং আশেরের সন্তানেরদের
বংশের অধ্যক্ষ শিলোমির পুত্র আখীহুদ।
[২৮] এবং নপ্তালির সন্তানেরদের বংশের অ
ধ্যক্ষ অমীহুদের পুত্র পিদহ্এল। [২৯] কন
আনদেশে য়িশ্রাএলের সন্তানেরদের নিমিত্তে
অধিকার বিভাগ করিয়া দিবার কারণ য়িহুহ যা
হারদিগকে আজ্ঞা করিলেন তাহারা এই২।

৩৫ পর্ব্ব ।

[১] অনন্তর য়িহুহ মোআবমাঠেতে য়িরিখু
নিকটস্থ য়রদনসমীপে মোশহ্কে কহিলেন [২]
য়িশ্রাএলের সন্তানেরদিগকে আজ্ঞা কর যে
তাহারা আপন২ ভূম্যধিকারহইতে লৈবেরদিগ
কে বসতিনগর দেয় এবং তোমরা সে চতুর্দ্দিক্স্থ
নগরের নিমিত্তে লৈবেরদিগকে শাখানগর দিবা